# বিজ্ঞাপন।

অধুনা হিন্দুসমাজে ধর্মশাস্ত্র অধ্যয়ন ও শাস্ত্রচর্চচা পূর্ববা-পেক্ষা অতি অল্লুমাত্র হওয়াতে আস্তিক সম্প্রদায়ের অনেকেই অনভিজ্ঞতা বশতঃ ক্রমশঃ ঈশ্বরের অস্তিত্ব সন্দিহান হইয়া উঠিতেছেন। এমন কি, দিন উচ্ছিন্ন প্রায় হইতেছে। এই নিমি? আরা নানাস্থানে নানা প্রকার ধর্ম-সং? করিতেছেন । এই রূপে এই নদীয়া জে ড়িতে একটী ধর্ম্মরক্ষণী সভা সংস্থাপিত সভাতে আমি ঈশ্বরের অস্তিত্ব ও ধর্ম সংত্র বক্তা করি, তৎশ্রবণে অত্ত্রত্য অনেক সকল বিষয়ের তাৎপর্য্য সকল সরল বঙ্গী কারে প্রকাশ করিতে অনুরোধ করিয়াছি সাবাশ অতি অল্প, বিশেষতঃ ইতিপূর্কে নামক একথানি ভক্তিবিষয়ক সংগীতগ্ৰ ঙ্কণ কাৰ্য্যে ব্যাপৃত থাকায় এই গ্ৰন্থ≱ নাই। তদনন্তর কিঞ্চিৎ অবকাশ পা নামে এই গ্রন্থ প্রস্তুত করিয়াছি। 🔻 অনুসারে সাংসারিক ও পারীমার্থিক ঁউপায় নির্দ্দেশ পূর্ববক গ্রন্থ চারি ভাগে বি

 <sup>\*</sup> যোগবাশিষ্ঠ গ্রন্থে আছে বে, রাজা দশরথ সভা কারিল, নাল্লেল, ন্ন্নেল, বিষাছিলেন। ইহা পূর্ব হইতে প্রচলিত আছে।

ইহার প্রথম ভাগে বিংশতি অধ্যায় ও দিতীয় ভাগে একাদশ অধ্যায় ও তৃতীয় ভাগে দ্বাবিংশতি অধ্যায় ও চতুর্থ ভাগে অফমাধ্যায় এইরূপে ভাগচতুষ্টয়ে একষ্টি বিষয় ও তদন্তর্গত অনেক বিষয়ের আলোচনা ও মীমাংসা আছে। এতাবতায় এই গ্রন্থে সাংসারিক ও পারমার্থিক প্রয়োজনীয় বিষয় সকলই সিদ্ধান্ত করা হইয়াছে, এবং ঐ সকল বিষয় শাস্ত্রীয় যুক্তি ও শাস্ত্রের তাৎপর্য্যানুসারে যে লিখিত হইয়াছে, তদ্বিষয়ে এত-দ্দেশীয় বহুতর বিজ্ঞ ও পণ্ডিত মহাশয়েরা অনুমোদন করিয়া-ছেন। এই গ্রন্থ মনোযোগ পূর্বকি পাঠ করিলে ধর্মা, অর্থ, কাম, মোক্ষ, এই চতুর্বর্গ দাধনের উপায় ও নানাবিধপদার্থ জ্ঞান হই-বেক, তাহার সন্দেহ নাই। অতএব নিবেদন, পাঠক মহোদয়-গণ ইহা মনোযোগ পূর্ব্বক একবার পাঠ করিবেন, তাহাতেই আমার পরিশ্রমের সার্থকতা হইবেক। অতঃপর ইহাও বলিতে সাহসীহইতেছি না যে. মহোদয়গণ ইহার সকল দোষভাগ পরি-ত্যাগ করিয়া গুণভাগ গ্রহণ করুন। কারণ এই ক্ষুদ্র ব্যক্তির কৃত গ্রন্থে অবশ্যই অনেক দোষ থাকিতে পারে। তাহা সমুদায় পরি-জ্যাগ করিলে পাছে গ্রন্থ থানি পরিত্যান্ত্য হইয়া পড়ে। তবে তাঁহারা ঔদার্যাগুণে ইহার গুণ গ্রহণ করেন, তাহাতে অবশ্যই কুতজ্ঞতা স্বীকার করিব। ফলতঃ ইহার আদ্যোপান্ত পাঠ कतिया यमि (कह दर्गान माय मृष्टि करतन, তবে তাহা निश्रितन ুসস্তুষ্ট ইইব। কেননা ঐ দোষ সঙ্গত হইলে পশ্চাৎ তাহার সংশোধনের উপায় বিধান করা যাইবেক।

সাঞ্চাজা। •২•এ ভাজ, ১২৮৭ সাল।

শ্ৰীজনমেজয় ঘটক্।

# সমালোচিত বিজ্ঞাপন।

এই পুস্তকের অনেক বিষয় সমালোচনা হওয়াতে কেহ কেছ বলেন যে, ইহার দ্বিতীয় ভাগের সপ্তম অধ্যায়, যাহাতে পৃথিবী বোরে না লেখা আছে, তাহা নব্য সম্পূদায়ের এবং প্রচলিত শিক্ষা বিভাগের মতের বিপরীত বিধায় পরি-ত্যাগ করা কর্ত্তব্য, কিন্তু কেহ কেহ বলেন, উহা পরিত্যাগ করা কর্ত্তব্য নহে, কেন না এই অধ্যায় পরিত্যাগ করিলে উহার অন্যবহিত পূর্ব্ব ৫ও৬ অধ্যায়, যাহাতে ধর্মশাস্ত্র সঙ্গত পৃথিবীস্থিতি ও রাশিচফের বিবরণ লেখা আছে তাহাও পরিত্যাগ করিতে হয়. নতুবা তাহা অসমাপ্ত থাকৈ এবং এই ছুই অধ্যায় সমেত পরিত্যক্ত হইলে হিন্দু শাস্ত্র মতে পৃথিবী-স্থিতি ও দিবারাত্রি প্রভৃতি কি প্রকারে হয়, তাহার বিবরণ প্রকাশ না হওয়ায় গ্রন্থে একটা প্রধান বিষয়ে অসম্পূর্ণ দোষ ঘটিয়া উঠে। এই উভয় সঙ্কট দোনের পরিহার জন্য নিবেদন এই যে, যিনি পৃথিবী ঘোরে বলিয়া বিশ্বাস করেন, তিনি ও শিক্ষাবিভাগের পক্ষে দূষ্য জ্ঞান ইইলে ঐ বিভাগের শিক্ষক এবং ছাত্রগণ মনে মনে প্রোক্ত সপ্তম অধ্যায় পরিত্যাগ করিয়া লন্যান্য অধ্যায় সকল পাঠ করিবেন, নতুবা এই উভয় সুষ্কট নিশারণের অন্য উপায় নাই, নিবেদন ইতি।

**শ্রীজনমেজ**য় ঘটক।

# সূচীপত্র।

#### প্রথম ভাগ।

বিষয়		অধাায়।	शृष्ठ्य ।
গ্রের উদ্দেশ্য নাম ও উপক্ষ	•••	>	ર
ন্যায়্যুক্তি	•••	٥	Œ
<b>শ্রমাণপ্র</b> ত্যক	•••	"	۴.
অনুমান	•••	,,	"
উপমান ও শব্দ	•••	٠,	9
নিত্যানিত্যের লক্ষণ	•••	,,	,,
মু্খানিভা	•••	,,	,,
গৌণনিত্য	***	21	ь
অনিত্য	•••	,,	,,
জগৎ কাহাকে বলে ভাহার মীমাংসা	•••	৩	৯
পদার্থের সংক্ষেপ বিবরণ	•••	<b>99</b>	,,
জগৎ গোণনিভ্য	•••	29	>•
পঞ্ভূতের মীমাংসা ✓	•••	n	99
জগতের কর্ত্তানিরূপণ	•••	8	>9
द्रेश्वटतत অश्चिष्-निर्गत्र √	•••	, ,,	28
পরমাণুর স্বরূপ	•••	¢	5.9
প্রমাণু পঞ্তন্মাত্রা হইতে উৎপন্ন 🗸	•••	,	>9
ৃষভাব নিৰ্ণয়	•••	n	. 24
,শ্বভাব স্বাধীন নহে	•••	n	" ~
জগৎকর্ত্তার নাম	•••	৬	. 29
🔁 नाम ७ अक्रेश ७ कोशीविवद्रग	•••	y <b>t</b>	,,
াহার স্বরূপ অনস্ত শক্তিমান চৈতন্য	•••	13	₹•

বিষয়		অধ্যায় ৷	্পৃষ্ঠা ।
তাঁহাৰ কাৰ্য্য স্ষ্টিস্থিতি প্ৰলয় করা	•••	৬	<b>২</b> •
শাস্ত্র সকল ঈশ্বর হইতে প্রকাশ হয়		9	>>
শান্ত্রেব নাম এবং যে শাস্ত্রে যাহা আছে	তাহার বিবর	ां ৮	२ ৫
শাস্ত্র সকল লিখিত হ ওয়ার সময় নিরূপণ		৯	৩১
গোতন প্রণীত ন্যায়-দর্শন বিলুপ্ত হওয়ার	কারণ	> 0	৩৩
প্রচলিত ন্যায়শাস্ত্রেব উৎপত্তি বিবরণ	•••	17	,,
পরমাণুও দিক কাল গগণ এবং জীব ৫	গাণ		
নিত্য থাকার মীমাংসা		<i>37</i>	৩৪
বৈশেষিক দর্শনের সহিত ন্যায় দর্শনের ও	ঐকা মীমাংস	nt "	৩৬
সাংখ্যদর্শনের সার		22	৩৭
চতুৰ্বিংশভিতত্ব নিরূপণ়		,,	n
বেদান্ত-দর্শনের সাব 🗸	•••	>5	೨৮
সাংখ্য ও বেদাস্ত-দর্শনের ঐক্য মীমাংসা		25	8 0
দর্শনশাস্ত্রের উদ্দেশ্য ও ঐক্য মীমাংসা		>8	8২
নানাশান্ত্র মতে ঈশবের স্বরূপ ও কার্য্য	নিৰ্ণয় 🇸	> @	88
ऋष्ठेतानित कावन <b>यक्तशा म</b> क्ति निर्गत्र	•	<b>&gt;</b> %	88
অনস্ত শব্দের ব্যাখ্যা	•••	**	• "
সগুণ ব্ৰহ্মনিৰ্ণয় 🗸	• • • •	<b>:</b> 9	¢5
সাকার নিরাকার মীমাংসা	•••	<b>3</b> 7	e >
প্রকৃতির স্কলপ নির্ণয় 🐧		24	<b>«</b> S
প্রকৃতি ত্রিগুণাত্মকৃ।	•••	,,	,,
অপরা ও পরা প্রাকৃতি		,,	,,
প্রবাহয়তেপ প্রকৃতি ও জগতের মনাণ্ডির	মীমাংবা	,,	8.8
জগং মতঃ নিথ্যা থাকার বিচাব		,,	,,•
- নাকাৰ ব্ৰহ্ম। বিষ্ণু শিব কালী ছগী প্ৰভৃতি	ত একই ঈশ্ব	র	
পদাৰ্ব্তীত ভিন্পণাৰ্না পাকা	गोगाःभा	52	« b

# [夏]

বিশয়		অধ্যায়।	পৃষ্ঠা।
প্রমেশ্বের সর্বব্যাপিত্ব নির্ণয়	•••	20	৬৽
ভূরীয় রক্ষা চৈতনা ঈশ্ব চৈতনা হিবণ	া <b>গ</b> র্ত্ত-চৈত্তন	J 3	
বিরাট্ চৈতনা সমষ্টি কৃটস্থ জীব ৈ	<b>চজস ও</b> বি	ষে 🍃	
চৈত্না বাষ্টির মীমাংদা		,,	;,
Company of the Control of the Contro			
দ্বি তীয়	ভাগ।		
স্টে <mark>ৰ প্ৰণালীৰ সংক্ষেপ বিৰৱণ /</mark>		2	<b>48</b>
সৃষ্টি বিষয়ক বিস্থারিত মীমাংসা		<b>ર</b>	೨૯
কৃষ্মভূত উৎপত্তি নিববণ		,,	৬৮
পঞ্চীকবণ দাবা সূল ভূত উৎপতি বিব	রণ ৴	,,	۱ ۵
স্ল দেহ উৎপত্তি বিবৰণ 🗸		•	95
পৃষ্টি বিষয়ক নানা শাস্ব মীমাংসা	•••	8.	. 8
সাকাৰ ঈগৰ দাব৷ স্পুৰি প্ৰণালী	•••	<u>.</u>	9 @
বেন্দা বিষ্ণু মহেশ্ব কি বস্থ ভাহাব সী	মা•সা	,,	,,
পৃথিব্যাদি চতুর্দশ ভ্বনেব স্থিতি কি 🧟	াকাবে আং	ছ ভাহাব	
মীসাংসা	• • •	¢	99
ম মৃদ দ্বীপ উপদ্বীপ পাতালের নাম ই	गानि	,,	93
স্বর্গের স্থান ও নাম নির্ণয়	•••	**	ь۶
বাশি-চক্রের বিবরণ	•••	•	৮২
গ্রহ নক্ষত্রগণের গতি ও দিবারাত্তি	এবং অয়ন	ও তিথিব .	
<b>মীমাং</b> সা		• ,,	<b>F8</b>
পৃথিবীর ভ্রমণ না হওয়াব বিচাব		9	. b9
পুথিবীর স্থিতিব কাল নির্ণয়	`	ь	2.5
যুগের পবিমাণ		,,,	. ১৬
श्वाग्य निर्णय	•…		27
আতান্তিক প্রাণয়	•••		59

# [জ]

বিষয়		অধ্যায়।	পৃষ্ঠা।
যুগ প্রলয় মন্তর প্রলয		5	81
रेननिक्त अनुष			৯৮
	•••	,,	
মহা প্রলয়	•••	,,	66
<b>भ</b> मार्थ विठाव	•••	>•	>0>
ঈশ্বের নিয়মেব প্রবলতা	,	3,	>>•
ঈশ্বরের পক্ষপাতিত্ব দোষ না থাকাব		>>	225
সত্তাদি তিওেণের স্বভাব ও কার্যা মীম	াংসা	,,	>>8
ঈশ্বরেব নিদ্য়তা দোষ না পাকাব মী	<b>মাং</b> গা	,,	>>>
_			•
ভূ <i>ত</i> ী	য় ভাগ।		
জীবের স্বরূপ নির্ণয় 🗸		>	>> •
পরমাত্মা ও জীবাঁত্মার পৃথকত্ব ও এক	ত্ব মীমাংসা	,,	>२२
জীবের নিত্যানিত্যতার বিচার	•••	,,	>>8
অদৃষ্ট ও কর্মানকলের খনবস্থা দোষে	রে পরিহাব	,,	,,
জীব ও ঈশ্বরের প্রভেদ ও একত্ব মীম	गंश्या ~	,,	>> ¢
স্থু ও ছ:খ কি তাহা নিরূপণ		2	<b>५२</b> ७
জীবের পবলোক গমন যে প্রকারে :	হয় তাহা নিৰ্ণয়	•	>>>
জীবস্ল দেহের গুণ স্বরূপ নাথাকা	র মীমাংসা	,,	>00
জীব পরলোকে স্বর্গ ও'নরক ভোগ হ		8	>७२
যে প্রকারে জীবের পূর্কন্ম হইয়া পা	কে তদ্বিবৰণ	C	>00
জীবের প্রথম জন্ম 🗸		"	,,
জীবেও জন্মবিষয়ক কুতর্কেব নিরাস	•••	,,	১৩৮
অদৃষ্ট ও পুরুষকার নির্ণয়	•••	•	>80
স্বাভাবিক প্রারন্ধ		,,,	,,
দৃঢ় প্ৰারক	•••	37	282.

# [ 41 ]

বিষয়		অধ্যায়।	পৃষ্ঠা।
<b>শশুনী</b> র প্রারক্ত	•••	•	385
পুরুষক(রের শ্রেষ্ঠতে;	•••	"	28€
ধর্মাধর্ম নির্ণয়		9	১৬৬
ধৰ্মাধৰ্ম শাস্ত্ৰস্লক বাতীত বুক্তিম্লক ন	<b>८</b> इ	,,	\$83
वश्वाधर्य (चष्ठाठाँदौद मर्ट श्रव्हाट न। १		4	
विधि गिर <b>ण</b> श	•••	ь	:00
উ<পত্তিবিধি, উপায়বিধি			,,
নিয়ম পরিসংখ্যা নিষেধ পণ্যুদাস বিধি	निषय	,,	262
কি কাৰ্য্যে ধন্ম ও কি কাৰ্য্যে অধন্ম হয়		,,	>৫२
রাজা ও রাজনিয়ম কি		, ~	20.0
ঈশ্বরের নির্মানুসারে ও অদৃষ্টবশতঃ লে	(কে রাজপদ		
<b>खारश्चेत्र (यांगा</b>		<b>)</b>	> 68
নানা প্রকার ধর্মের কারণ নির্ণ	• • •	3.	200
বাহ্মণ, ক্ষতিয়, বৈশ্য, শুদ্র এই চাবি জা	তি আদিম		
জাতি থাকার মীমাংশ	•••	,,	,,,
নানা প্রকাব জাতির উৎপত্তি মীমাণ্সা		,,	
ভাবতবধেবি বিশেষ ধর্ম		>>	;, ১৫৯
বুসাচ্রৌ ও বান প্রস্থেব ধ্র্ম	•••	,,	১৬৽
<b>मः</b> ना।मे¦त थय		<i>2</i> 1	১৬১
গুঙ্কেৰে ধ্যা	•••	\$2.	,,
চারি জাতিব বাবহারিক ধর্ম	•••	1 59	<b>૪</b> ৬૨
পাৰমাৰ্থিক ধক্ষ ও ধৰ্মশাক্ষেৰ পৰিহাৰ		,,	255
চারিযুগের ধর্ম নিকপণ		; 5	>5¢ "
ধম্মের পবিবর্ত্তন		,,	•
फॅलियुर्गव ভविषार जवन्य। वनन			''• ১৬৭
দেবতা নিদেশ		٠.	69.º
		-	• 1,5

## [ අ ]

বিষয়		অধ্যায় ৷	পৃষ্ঠ।।
অস্বরের উৎপত্তি	• • • •	8 🤅	>9>
বুদ্ধ অবভারের বিবরণ		"	\$98
দেবতাদিগের পূজা ও হোমের প্রয়োজ	ন	,,	39¢
পিতৃলোক নিদেশি	•••	> @	,,
পিতৃমাতৃভক্তির কারণ	• • •	,	\$99
শ্রাদ্ধের প্রয়োজন	•••	,,	396
শ্রাদের ও দেবপূজার দ্রব্যাদির নিয়ম		> %	240
স্তবের আবশ্যকতা ও তাহার ফল	•••	,,	,,
যজ্ঞাদিতে পশু হিংসার বিধি	•••	29	240
ন্ত্রীপণ্ড হিংসা নিষেধ ও তাহার কারণ	নিৰ্ণয়	,,	368
विनान विषयक विठात छ देवधहिः मात्र	(माय ना	<u> থাকা</u>	
নিৰ্ণয়	• • •	,,	,,
নানা প্রকার ধর্ম প্রচলিত থাকায় স্বধ	র্মাচরণ কর	। कर्डगु ১৮५	১৮
স্বধর্ম নির্ণয়	• • •	,,	369
পৈত্রিক ধর্ম যাজন করা কর্ত্তব্য	• · ·	,,	220
বেচ্ছাচার অহুচিত		,,	222
छोलाटक इ धर्म निर्वय	• • •	>>	>> १
পাতিব্ৰত্য ধৰ্ম নিৰ্ণয়	•••	,,	,,,
ব্যভিচার দ্যণাবহ 🕠	•••	"	৯৩
जी लारक त्र भूमर्सिवा इ निरम्		,,	:50
অহল্যা প্রভৃতির সতীত্ব বর্ণন	•••	,,	১৯৬
বালকের-ধর্ম নির্ণয়	•••	,,	724
পরমায়ুর সংখ্যানিরূপণ		,,	,, •
·ৰাক্তি ভেদে পরমায়ুর হাদ ও বৃদ্ধি <b>র</b> বি	ব্রণ	,,	724
ভক্ষ্যাভক্ষ্য বিচার না থাকায় ঐক্লপ য	টনা হওয়া		
নিণ্য		••	

# [ 7 ]

বিষয়		অধ্যায়।	পৃষ্ঠা
ঈশ্বরের অবতারের কারণ	•••	٤٥	203
অবতারের প্রকার ভেদ	• • •	,,	,,
শ্রীকৃষ্ণ ঈশ্বরের অবতার নিণ্য		२२	و ، ډ
বৃদ্ধাণ প্রভৃতি পুরাণের ব্যাথা	•••	,,	,,
ভাগৰতের বিচাব *	•••	,,	÷ • ¢
মূল শাজ্রের বিচার না করিয়া কোন বি	विश्वात (नाय		
প্রকাশ করা অকর্ত্তব্য	• • •	,,	२०२
		;	
চতুর্থ	ভাগ।		
देववारगात नक्ष	• • •	>	२১०
সংসার কেবল ছঃখনয় থাকা নির্ণয়		ঐ	,,
সংসারের স্থুখ অতি অল্পমাত্র থাকার বি	ৰচাৰ ?	,,	522
ব্ৰহ্মজানের শক্ষণ 🗸	•••	>	२५७
চারি প্রকার সামানাধি করণ্যের বিচার	<b>4</b>	,,	\$28
বেদের মহামন্ত্রের তাৎপর্য্য ব্যাখ্যা		<b>37</b>	२১७
অপরোক বক্ষজান 🗸	•••	n	२५१
ব্ৰহ্মজ্ঞানের উপায় নির্দেশ	•••	٥	२३५
উপাসনার প্রয়োজন কর্ম মীমাংসা		n	२४२
ই ক্রিয় ও রিপ্র দমনের উপায়		99	२२२
শমদম সাধন	•••	,,	२२8
যোগ অবল্মনের বিবর্ণ	• • •	**	,,
সমাধি '		,,	2 S C
জ্ঞানীর লক্ষণ ও প্রকার ভেদ	•••	8 .	३२७
ক্রি প্রকার জ্ঞানীর কর্মের প্রয়োজন	৪ সপ্রয়োজন	33 .	२२१
মৃক্তি বিচার	•••	Œ	२००
মৃক্তির প্রকার ভেদ	•••	"	ર.૭૪ *

# [ 2 ]

বিষয়		অধ্যায়	পৃষ্ঠ
কি কাৰ্য্যে কি প্ৰকার মুক্তি লাভ ২য় ত	গহার বিবরণ√	,,	২৩ <b>২</b>
কর্ত্তব্যাকর্ত্তব্য নির্ণন্ন ও শাস্ত্রবিধি মান্য	করা কর্ত্রব্য		
তাহার যুক্তি		৬	২ ១ ৩
কলির মাহায়্য বর্ণন	• • •	,,	२०७
<b>मःमात्री लाकिनिश्चिव वावहातिक कर्छवा</b>	•••	1,7	২ ৩ ৮
মদ্যপানের দেষে		,,	5.96
ভাভফ্য-ভক্ষণ ও অপেয় পান ও অগ্যায়-	গমন নিষেশ	,,	>88
भःगाती <b>७ शृ</b> ही मिरंगव मः उक्तरं भूक्ति ल	ভের যুক্তি /	,,	₹8€
স্থেচ্চারিদিগের মুক্তিশাভ না হওরার	কারণ	৬	ঽ৪৬
স্বেচ্ছাচারিরা শাজেব বিরুদ্ধ অর্থকর। হ	।সঙ্গত তাহার		49
যুক্তি	•••	,,	२ ४
গ্রন্থের উপসংহার		9	२८१
গ্রহের দোষ গুণ ব্যাখ্যা	•••	,,	,,
প্রস্থের পরিচয়	.,,	,	₹86
পরমেখনের স্থব	•••	ь	₹8৯
গ্রন্থ সমাপ্তি		••	205

# জ্ঞানতত্ত্বদর্শন।



#### প্রথম ভাগ।

#### মঙ্গলাচরণ

তুর্গাশঙ্করপাদাজ্ঞং, ভক্ত্যা নত্তা প্রকাশ্যতে।
ময়া সর্ব্বোপকারায় জ্ঞানতত্ত্বস্য দর্শনং ॥
তত্ত্র বিশ্ববিঘাতায় তথৈবাশু সমাপ্তয়ে।
অজ্ঞানধ্বান্তনাশায় সর্ব্বকল্যাণহেতবে।
সরস্বত্যৈ তথা লক্ষ্মৈ বিষ্ণবে পরমেষ্ঠিনে,
গণেশায় দিনেশায় গুরুদেবায় বৈ নমঃ॥

#### मात्रार्थ।

ছ্র্গা এবং শিবের পাদপদে ভক্তিপূর্বক নমস্কার করিয়া সকলের উপ-কারের জন্ত জ্ঞানতত্ত্বদর্শন নামক গ্রন্থ প্রকাশ করিতেছি। এই প্রস্থের বিল্ল বিনাশের ও তাহা শীঘ্র সমাপ্তি নিমিত্ত অজ্ঞানাম্বাকার-নাশক এবং সকল কল্যাণের হেতু সরস্বতী, লন্ধী, বিষ্ণু, ব্রহ্মা, গণেশ, স্থ্য এবং গুরুদেবকৈ প্রথাম করিতেছি।

#### প্রথম অধ্যায়।

#### গ্রন্থরে উদ্দেশ্য, নাম ও উপক্রম।

অধুনা চারি প্রকার মনুষ্য দেখা যায়, তন্মধ্যে কেহ কেহ ইহকালের সুখ-मरस्रागरक উপেক্ষা कतिया किवन अवकारन किसाय निमयं, क्रिका अब-লোককে বিসর্জন দিয়া ইহকালের স্থাস্থাদনে নিরত আছেন এবং কেহ त्कर डेरकांत्व स्थी नत्रन, अथवा शत्रकात्वत्र ७७ तहे। कत्रन ना ; কতকগুলি লোক ইহকাল ও পরকালের স্থথের চেষ্টায় থাকেন। এই চতু-विंध लाक्तित मर्था किह किह वर्णन (य, जिन्नेत नाहे ७ शतकाल नाहे। কেহ বলেন যে, ঈশ্বর আছেন ও পরকালও আছে। এই উভয়বিধ ব্যক্তির মধ্যে প্রথমোক্ত ব্যক্তিকে নান্তিক ও কুতর্কবাদী এবং শেষোক্ত वाक्तिक चाक्ति मस्यमारम्य लाक वना याम्र। ये चाक्तिक मस्यमारम्य লোকেরা কি জন্য ঈশর ও পরকালের অন্তিত্ব স্বীকার করেন, তাহা অনেকেই জানেন না। তাঁহারা জিজাসিত হইলে উত্তর দেন যে, পুরুষামুক্রমে সক-লেই ঈখর ও পরকাল থাকা স্বীকার করিয়া আদিতেছেন বলিয়া আমরাও মাক্ত করি। কিন্তু সময় সময় কুতর্কবাদীদিগের সংসর্গে পতিত ও তাহাদিগের কুতর্কে মৃশ্ধ হইয়া ঈশ্বর ও পরকালের অন্তিত্ব নাই বলিয়া স্থির করেন; ইহা কেবল শাস্ত্রের মর্ম অবগত না থাকাতেই ঘটিয়া থাকে। একণে ধর্মনংক্রাস্ত বিষয়ের যে, আপৎকাল উপস্থিত হইয়াছে, তাহা অনে-কেই জ্ঞাত আছেন। ফলতঃ অর্থাস্ত্র অধ্যয়ন ব্যতীত ধন উপার্জন করা ঘটে না এবং ধন ব্যতীত ও সংসার যাত্রা নির্বাহ হয় না; স্কুতরাং অর্থ-भारत निमध रहेट रह विद्या, পারমার্থিক শাস্ত্র অধ্যয়ন করা কঠিন हहे-ম্বাছে। বিশেষতঃ এতদ্দেশীয় শাস্ত্র দকল সংস্কৃত ভাষায় রচিত ও বছ বিস্তৃত থাকায়, তাহা সহজে সকলের বোধগম্যও হয় না; তজ্জন আন্তিক-দর্মাজের অনেক বিশৃত্থণতা ঘটতেছে। অতএব আন্তিকসমাজের লোকেরা गहरा थ (मगीय भारत्वत मर्च कानिया प्रेथरतत चित्र , अ कीरवत चक्न.

এবং ধর্মীধর্ম, ইহকাল, পরকালে স্থ ছ:থের কারণ জ্ঞান এবং মুক্তি ইত্যাদি প্রয়োজনীয় বিষয় সকল অবগত হইয়া, কর্ত্তবাাকর্ত্তব্য নিশ্চয় করিতে পারেন, তল্লিমিত্ত আমি অনেক মহোদয়গণের অনুরোধে সরল বঙ্গীয় ভাষায় এই গ্রন্থ প্রস্তুত করিতে প্রবৃত্ত হইলাম। কিন্তু আমাব বিদ্যা বিদ্ অতি অল বিধার, আমি একটী কুদ্র মহুষা মধ্যে পরিগণিত; জাহাতে এই বুহৎ বাপোরে প্রবর্ত্ত হইয়া কত দূর ক্রতকার্যা হইতে পারিব, তাহা জগদীশ্বর জানেন। ফলতঃ ইহাতে ঈশবের নাম স্বরূপ এবং কার্যা প্রভৃতি গুণামু-বাদু বর্ণিত থাকার গ্রন্থ থানি অবশাই সাধুসমাজে আদরণীয় হইবেক, তাহার আবার সন্দেহ নাই। আমি আবিও ভবসাকরি যে, কুতর্কবাদী মহাশরের। স্কপোলকল্পিত কুতর্ক সকল পরিত্যাগ করিয়া, মনোনিবেশপূর্বক ইংগ এক এক বার পাঠ করিলে, তাঁহাদিগকে পুনরায় কুতর্কে আক্রান্ত হইতে হইবেক না। তবে তাঁহারা অভিসন্ধিপূর্বক স্বীয় কুতর্ক বলবৎ কবিতে চেষ্টা করিলে তাহার উপায় নাই। কারণ যে ব্যক্তি যত প্রকার সিদ্ধান্তই করুন ন। কেন. বৃদ্ধিমান লোকেরা তাহার উপর পুনরায় কুতর্ক করিতে পারেন; কিন্তু চির কাল যে কুতর্ক ক্রিতেই হইবেক, ইহা বুদ্ধিমানের কার্য্য নহে। অতএব অজ ও কৃতর্কবাদীদিগের কৃতর্কাদি দোষ সকলের পরিহার এবং আন্তিক সমা-टक्स त्नाकिमिर्गत नेश्वरत अखिषामि विषया मत्मर छक्षन ও मर्वामात्रत्व উত্তম জ্ঞান লাভ হইবার উদ্দেশে এই জ্ঞানতত্ত্বদর্শন নামক গ্রন্থ প্রকাশ করি-তেছি। বেরূপ বৃহৎ পুল্পোদ্যানের মধ্যে জনৈক পুষ্পার্থী ব্যক্তি গমন করত: কতকগুলি বুক্ষ হইতে কিঞ্চিৎ কিঞ্চিৎ পূজ্প চয়ন করিয়া একটা পাত্র পরিপূর্ণ করে; তজ্রপ স্থামিও প্রাচীন শাস্ত্রকর্তাদিগের ক্লত মীমাংসার কিয়দংশ সার সকলনে প্রবুত্ত হইতেছি। ফলতঃ এই গ্রন্থে আমার স্বকপোল কল্পিড কোন ব্যাপার লিখিত ২ইবেক না; তবে শাস্ত্রের তাৎপর্য্য ব্যাখ্যা করা ঘাই-বেক; তাহাতে আমার কোন প্রকার প্রগল্ভতা আদি দোষের সম্ভাবনা নাই। অতঃপর এই গ্রন্থে বে যে বিষয়ের আলোচনা ও মীমাংসা করা যাইবেক.. জাহার উপক্রম করা গাইতেছে। এই গ্রন্থ চারি ভাগে বিভক্ত হইবেক। তাহার প্রথম ভাগের প্রথমাণ্যায়ে গ্রন্থের উদ্দেশ্য, নাম এবং উপক্রম ; দিতীয়ে নগায, 🕈 যুক্তি, প্রমাণ ও নিত্যানিত্যের লক্ষণ; তৃতীয়ে জগং কাছাকে বলে ও ত। হ।

নিত্য, কি উৎপত্তিবিনাশবিশিষ্ট; চতুর্থে জগতের কর্তা নিরূপণের দারা ঈশবের অন্তিত্বনির; পঞ্চমে পরমাণ্নির্গন্ত অভাবের মীনাংসা; ষষ্ঠে জগৎকর্ত্তার নাম, স্বরূপ ও কার্যাবিবরণ; সপ্তমে শাস্ত্র কি ও তাহা কোথা হইতে প্রকাশ হইরাছে; অষ্টমে শাস্ত্র কত প্রকার, তাহার নির্গন্ধ; নবমে শাস্ত্র কোন্ সময় লিখিত হইরাছে, তাহার বিবরণ; দশমে ন্যায় ও বৈশেষিকদর্শন শাস্ত্রের সার ও প্রক্য মীনাংসা; একাদশে সাংখ্য-দর্শন-শাস্ত্রের সার; দাদশে বেদান্ত-দর্শনের সার; তারোদশে সাংখ্য ও বেদান্ত-দর্শনের প্রক্র মীনাংসা; চতুর্দশে দর্শন শাস্ত্রের উদ্দেশ্য ও সারভাগের ক্রক্য নির্গন্ধ; পঞ্চদশে নানা শাস্ত্রের যুক্তিদারা ঈশবের স্বরূপ ও কার্য্য নির্গন্ধ; বোড়শে স্প্র্যাদির কারণস্বরূপা শক্তিনির্গন্ধ; সপ্রদশে সম্ভণ ব্রহ্মনির্গন্ধ; অষ্টাদশে প্রকৃতির স্বরূপ নির্গন্ধ; উনবিংশে সাকার প্রকৃতিপুরুষনির্গন্ধ; এবং বিংশে পরমেশ্বরের স্বর্ব্ব্যাপিত নির্গন্ধ।

দিতীয় ভাগের প্রথমাধ্যায়ে স্প্রপ্রিপালীর সংক্ষেপ বিবরণ; দ্বিতীয়ে স্প্রিবিষয়ক বিস্তারিত মীমাংসা; তৃতীয়ে স্থল দেহের উৎপত্তি বিবরণ; চতুর্থে
স্প্রিবয়ক নানা শাস্ত্র এবং নিরাকার ও সাকারের কার্য্য মীমাংসা; পঞ্চমে
পৃথিব্যাদি চতুর্দ্দশ ভূবনের স্থিতি; ষঠে রাশি চক্রের বিবরণ; সপ্তমে পৃথিবীর
আবর্ত্তন অর্থাৎ ভ্রমণবিষয়ক বিচার; অস্তমে পৃথিব্যাদিব স্থিতির কালনির্ময়;
নবমে প্রলয়নির্ময়; দশমে ঈশ্বরের নিয়মাধীন কার্য্যের প্রবলতা ও পদার্থবিচার; একাদশে ঈশ্ববের পক্ষপাতিত্ব ও নির্ময়তা দোষের পরিহার।

তৃতীয় ভাগের প্রথমাধ্যায়ে জীবের স্বরূপ নির্ণয়; বিতীয়ে স্থুখ ও ছঃখ কি; তৃতীয়ে জীবের পরলোকগমন কি প্রকারে হয়; চতুর্থে জীবের পর-লোকে স্বর্গ ও নরকভোগ কিরপে হয়; পঞ্চমে জীবের প্রজ্জন কি প্রকারে হয়; ষঠে অদৃষ্ট ও পুরুষকারনির্ণয়; সপ্তমে ধর্মাধর্মনির্ণয়; অষ্টমে কার্য্যের বিধিনির্দেশ; নবমে রাজা ও রাজনিয়ম; দশমে নানাপ্রকার ধর্মের কারণ কর্মিয়; একাদশে ভারতবর্ষের বিশেষ ধর্ম্ম, ব্রহ্মচারী, বানপ্রস্থ এবং যতি অর্থাৎ সম্মাসীর ধর্মনির্পর্শ রাদশে গৃহস্থের ধর্ম্ম; এয়োদশে যুগধর্মনির্পণ এবং কলিযুগের অবস্থা বর্ণন; চতুর্দ্ধশে দেবতা নির্দেশ ও তাঁহাদিগের পূজার, প্রয়েজন; পঞ্চরণ পিতৃলোক ও তাঁহাদিগের স্থাবন্ধ আর্

বোড়শে শ্রাদ্ধ ও দেব পূজার দ্রবাদির নিয়ম ও ন্তবের ফল; সপ্তদশে যজ্ঞাদিতে পশুহিংসার কারণ; অষ্টাদশে নানাপ্রকার ধর্ম প্রচলিতের মধ্যে স্বধর্মাচরণ করা কর্ত্তব্য ও স্বেচ্ছাচার অনৌচিত্য; উনবিংশে স্ত্রীলোকের ও বালকের ধর্মনির্ধয়; বিংশে পরমায়্র সংগা ও সদসৎ কার্যো তাহার বৃদ্ধি ও ক্ষয়নির্ণয়; এক্বিংশে ঈশ্বরের অবতারের কারণ ও প্রকার ভেদ এবং দ্বাবিংশে শ্রীক্লফ ঈশ্বরের অবতার নির্ণয়।

চতুর্থ ভার্গের প্রথমাধ্যায়ে বৈরাগ্যলক্ষণ; দিতীয়ে ব্রক্ষজ্ঞানলক্ষণ; তৃতীয়ে ব্রক্ষজ্ঞানের উপায়; চতুর্থে জ্ঞানীর লক্ষণ; পঞ্চমে মৃক্তি ও তাহার প্রকার-ভেদ; ষঠে কর্ত্তব্যাকর্ত্তব্য-নির্ণয় সপ্তমে প্রস্তের উপসংহার এবং ক্ষইমে পরমেশ্বরের ন্তব ও গ্রন্থমাপ্তি। এই সকল বিষয় এবং ইহার আরুষ্পিক জনেক বিষয়ের মীমাংসা করা যাইবেক। ফলতঃ ইহা কোন একথানি গ্রন্থের জ্ঞাবিকল অমুবাদ হইতেছে না; কারণ পূর্ব্বেক্তি মীমাংসা সকল পর্যায়ক্রমে কোন এক থানি গ্রন্থে থাকা দৃষ্ট হয় না বলিয়া, মধুমক্ষিকার মধ্-সংগ্রন্থের ন্যায় নানা শাল্রের নানা স্থান হইতে সার সঙ্কলন করা য়াইতেছে; স্থতরাং ইহাকে সারসংগ্রহগ্রন্থ বলা যাইবেক। এক্ষণে তিরময়ে অধিক বাগাড়ম্বরে ক্ষাস্ত থাকিয়া প্রকৃত বিষয়ের আলোচনা করা কর্ত্তব্য। তাহাতে ন্যায় মৃক্তি, প্রমাণ এবং নিত্যানিত্যের লক্ষণ অগ্রে মীমাংসা না করিলে কোন বিষয় সিদ্ধাক্ষ করা যায় না। অতএব ঐ সকল বিষয় মীমাংসা করা যাউক্।

# দ্বিতীয় অধ্যায়।

ন্যায় যুক্তি ও প্রমাণ এবং নিত্যানিত্যের লক্ষণ।

় উপক্রেমের লিথিত মত জগৎ নিঁতা, কি উৎপত্তিবিনাশবিশিষ্ট ইতার্মণ িষয়ের মীমাংসা করিতে হইলে ন্যায়যুক্তি ও শাস্ত্রযুক্তির দারী ব্যতীত মীমাংসিত হইতে পারে না। ঐ যুক্তি আবার ন্যায়্য তর্কের দারা থওঁন হইতে না পারিলে, সেই যুক্তি অবলম্বন করা ঘাইতে পারে। অতএব বিষয়,

সন্দেহ, পূর্বপক্ষ, প্রমাণ ও দিদ্ধান্ত এই পাঁচ প্রকারে যে যুক্তি নির্ণয় হয়, ঐ যুক্তিই গ্রহণীয়। বিষয় অর্থাৎ বিচার যোগ্য বাক্য; সন্দেহ অর্থাৎ সংশয়; পূর্ব্বপক্ষ অর্ণাৎ অসম্ভাবনা-প্রতিপাদন, যাহা সম্ভব নহে তাহা প্রতিপন্ন করণের চেষ্টা; প্রমাণ অর্থাৎ মীমাংদার পথপ্রকাশক; দিদ্ধান্ত অর্থাৎ আবোপিত দোষ নকল নিরাকরণ পূর্ব্বক সঙ্গত অর্থ নির্ণয়; কিন্তু প্রমাণ ইহার মূল কারণ, কেননা প্রমাণ ব্যতীত কোন সিদ্ধান্তই স্থির হইতে পারে না। কারণ স্বপক্ষ প্রতিপাদনে সকল পক্ষই যত্নবান্ হওয়ায়, প্রমাণ ব্যতীত कान छेलाइ नाहे। अमान, अमात कतनक वरल; अमा वर्षा खान, তাহার করণকে প্রমাণ বলা যায়। ঐ জ্ঞান হুই প্রকার অমুভৃতি অর্থাৎ অমুভব এবং স্থৃতি অর্থাৎ সংস্কার জন্ম স্থারণ। সংস্কার স্বভাবতঃ জ্ঞানেক্রিয় এবং মনের কার্য্য বশতঃ অথবা উপদেশ জন্ম হইয়া থাকে। কেহ কেহ ৰলেন যে, কথন কথন স্বপ্ন জন্ম সংসার হয়। এই হুই প্রকার প্রমা ; ইহার क्रबन ब्लाटनिक्क अ मन এवः উপক্রণ শাস্ত্রনিদর্শন, দৃষ্টান্ত, উদাহরণ, সাক্ষী লেখ্য প্রভৃতি; ইহাদিগকে প্রমাণ বলে। প্রমাণ চারি প্রকার; প্রত্যক, অহুমান, উপমান ও শব্দ। প্রত্যক্ষ প্রমাণকে সাক্ষাৎ প্রমাণ বলা যায়। তাহা ছয় প্রকার অর্থাৎ কর্ণ, ত্বক, চক্ষু, জিহ্বা, নাদিকা ও মনঃ ; ইহারা যে সময় শব্দ, স্পর্শ, রূপ, রুস, গন্ধ ও স্থু হঃথ প্রভৃতি বিষয়ের সহিত যোগ প্রাপ্ত হইয়া সাক্ষাৎ ভাবে স্ব স্ব কার্য্য সকল পৃথক পৃথক্ রূপে পরিচালন করিতে থাকে, সেই সময় তাহাদিগকে প্রত্যক্ষ প্রমাণ বলা যায়। পৃথক্ পৃণক্ রূপে বলার তাৎপর্য্য এই যে, এক ইন্দ্রিয় দারা তৎকার্য্য সাধন ব্যতীত অন্ত ইন্দ্রিরের কার্য্য হয় না; কেননা চক্ষুর দারা দর্শন ব্যতীত ছাণ হইতে পারে না ; ভ্রাণ নাসিকার কার্য্য।

অপ্রত্যক্ষ বিষয়ের নিশ্চর করণের হেতুর নাম অনুমান প্রমাণ। কিন্তু হেতু সকলের প্রত্যক্ষ দৃষ্ঠান্ত ব্যতীত লক্ষ্য বস্তুর অনুমান হয় না; যপা রন্ধন-শালায় চুলী অর্থাৎ চুলা হইতে যে রূপ অগ্নির ধ্ম নির্গত হইতে দেখা যায়, তক্ষপ ধ্ম পর্বতের গুহা হইতে নির্গত হওয়া দেখিলে, ঐ গুহাতে অগ্নি না দেখা সন্তেও, তথাক অগ্নি থাকার অনুমান হয়; কিন্তু ধ্ম দর্শন ব্যতীত্ত অগ্নির অনুমান হয় লা। কেহ কেহ বলেন যে, ইচ্ছা থাকিলে প্রত্যক্ষ

বিষয়েরও সৈহুমান হয়; কিন্ত তাহা দর্শন প্রত্যক্ষ বিষয়ে সঙ্গত নছে, তবে স্বন্যান্য প্রত্যক্ষ স্থলে ঐ রূপ হইতে পারে।

উপমান প্রমাণকে সাদৃশ্য প্রমাণ বলে; অর্থাৎ এক বস্তুর সদৃশ অস্ত বস্তু থাকার উপদেশ প্রাপ্ত হইয়া পশ্চাৎ ঐ সদৃশ বস্ত দর্শনকে সাদৃশ্য প্রমাণ বলা যায়। যথা কেহ গোকর সদৃশ গ্রুম নামে একটা জম্ভ আছে, ইহা কোন ব্যক্তির মুথে পূর্ব্বে শুনিয়া, পশ্চাৎ গবয় দর্শন করে; ইছাই উপমান প্রমাণ। শক প্রমাণ অর্থাৎ শক দারা বিষয়ের অমুভব হওয়াতে শক্তে প্রমাণ বলে। भक्, इरे अकात-स्तनााचाक ও वर्गाचक; य मकल भक् आचां चाता অথবা ুসভাব বশতঃ মূদক, মুরজাদি হইতে কেবল ধ্বনি মাত্র উৎপন্ন হয়, তাহাকে ধন্যাত্মক ও কণ্ঠ তালুর অভিঘাত দারা উচ্চারিত অকারাদি वर्ग क्रिश मंस्टिक वर्गाञ्चक वना यात्र। क्रिश् कर वर्णन (य, वर्गाञ्चक मंस्टि ধ্বন্যাত্মক শব্দ প্রমাণ নহে; কিন্তু ইহা অসঙ্গত; কারণ ধ্বন্যাত্মক শব্দ অনেক সময় স্থল বিশেষে প্রমাণ স্বরূপ ব্যবহৃত হইতে দেখা যায়। যদিচ প্রত্যক্ষ প্রমাণ সকল প্রমাণের মূল ও তাহা ব্যতীত অন্ত প্রমাণ সকল স্বাধীন নছে; কিন্তু পূর্ব্ব পূর্ব্ব মহাত্মারা লোকের স্পষ্ট রূপ বোধের নিমিত্ত ঐ চারি প্রকার প্রমাণ বর্ণন করিয়াছেন; ও তাহা সচরাচর স্থল বিশেষে পুথক রূপে ব্যবহৃত হইতে থাকায়, ঐ চারি প্রকার প্রমাণের বিব-রণ লিখিত হইল। এক্ষণে নিতা ও অনিতা কি এবং তাহা কত প্রকার, তাহার মীমাংসা করা যাউক।

নিত্য চিরস্থায়ী বস্তুকে বলে; তাহা ছই প্রকার, মুখ্য নিত্য ও গৌণ নিত্য।
যাহা অতীত এবং বর্ত্তমান ও ভবিষ্যৎ, এই কালত্রের সমভাবে থাকে;
ও যাহা ছর্ম প্রকার বিকারবর্জিত হয় অর্থাৎ যাহার জন্ম, এবং জন্মিয়া বর্ত্তমানতা, বৃদ্ধি, পরিণাম, অপক্ষয় ও বিনাশ না থাকে, তাঁহাকে মুখ্য নিত্য
বলে \*। যে বস্তু উৎপন্ন হইয়া বহুকাল স্থিতির পরে বিনাশ প্রাপ্ত হইয়া
পুনরায় ঐ রূপ স্তু স্থিত ও বিন্তু হয়; এবং প্রবাহ রূপে চিরকাল ঐ রূপ

শুরুষ উৎপত্তি। জন্মিয়া বর্ত্তমান অর্থাৎ স্থিতি, বৃদ্ধি বড় হওয়া, পরিণাম, রূপান্তর, বে য়প ছক্ষের পরিণাম দিবি স্থত। কিন্ত হ্বর্থের কুগুল, মৃত্তিকার ঘট প্রকৃত পরিণাম নহে; তাহা আরোণ পরিণাম। অপক্ষয়, (কিয়দংশ ক্ষয়) বিনাশ, এককালে ধ্বংস।

ছইতে থাকে, তাহাকে গৌণ নিত্য বলা যায়। কেহ কেহ ঐ গৌণ নিত্যকে নিত্যানিতা বলিয়া থাকেন। কেননা উৎপত্তি বিনাশের বিরাম না থাকার. তাহার প্রবাহকে নিত্য এবং বস্তুর উৎপত্তি হইয়া বিনষ্ট হওয়াতে তাহাকে অনিত্য বলা যাইতে পারে। ফলতঃ অনিত্য শব্দের অর্থ দ্বারাও ঐ রূপ মীমাংসা হইতেছে। কেননা নিত্য শব্দে নঞ যোগ করিলে অনিতা হয়; ঐ নঞের অর্থ ছয় প্রকার-সাদৃশ্য, অভাব, অনাত্ব, অল্পতা, অপ্রাশস্ত্য ও বিরোধ; এই ছয় প্রকারের মধ্যে সাদৃশ্য, অল্পতা এবং অপ্রাশস্ত্য এই তিন প্রকার অনিতাকে গৌণ নিতা অথবা নিত্যানিতা বলিয়া সিদ্ধান্ত করা যহৈতে পারে। যে হেতু নিতা সদৃশ অন্ন নিতা এবং অপ্রশস্ত নিতা বলিলে এককালীন নিত্যাভাব বুঝা যায় না; অতএব গৌণ নিত্যও তক্ষপ; নিত্যাভাব অথবা সমাক্ প্রকারে নিত্য নহে। আর যে স্থলে নিত্য রহিত অনিত্য শব্দ প্রয়োগ করা যায়, সে স্থলে অভাব, অন্যন্থ এবং বিরোধ, এই তিন প্রকার নঞার্থ গ্রহণ করা যাইতে পারে, যথা যে বস্ত উৎপন্ন হইয়া বিনাশ প্রাপ্ত হয়, পুনরায় আর উৎপন্ন হয় না, তাহাকে নিত্য বিরুদ্ধ অথবা নিত্য ভিন্ন কিম্বা নিত্যাভাব রূপ অনিত্য বলা যায়। এই সকল কারণে নিত্য শব্দে মুখ্য নিত্য অথবা গৌণ নিত্য, এবং অনিত্য শব্দে গৌণ নিত্য অথবা নিত্যাভাব বুঝায়। কিন্তু শাস্ত্রকারেরা যে যে স্থলে নিত্য অথবা অনিত্য শব্দ প্রয়োগ করিয়াছেন, তাহা বস্তুর প্রকৃতি অফুনারে खन विरमरिष युक्ति मञ्जठ अर्थ धेरन कतिराज रहेरवक। यथा भारत आहि रा. পরমেশ্বর নিতা; সেন্থলে প্রমেশ্বকে মুখ্য নিতাই বলিয়াছেন : এমত অমুমান করিতে হইবেক। এবং শাস্ত্রকারেরা জগৎ নিত্য ব্লিয়া যেস্থলে প্রয়োগ করিয়াছেন; সেষ্ঠলে জগৎকে গৌণ নিতা; এবং যে ভলে জগৎ ष्यिन वा विषया एक , जथारज्य रंगीन निष्ठा वनार मिक्का कतिरज इटेरवक । ष्यांत्र त्य श्रुटन दकान वस्त्र, त्मर धवः घठे भठामित्क श्रानिका वना रहेशाह : ভূথায় তাহা নিত্যাভাব বুঝিতে হইবেঁক। কেননা বস্তুর প্রকৃতি অফুসারেই ঐরপ অর্থ সক্ষত হইতে পারে। যদি বল যে, পরমেশ্বর মুখ্য নিত্য এবং धन (शोन निष्ण, देश कि श्रकारत वना गारेरण भारत ? जारारण वक्तवा वहे (य, चार्टा क्रगंद शमार्थ निर्गय कतिया, यमि निकां छ कता यात्र त्य, जगज्द शिख বিনাশ বিশিষ্ট, তবে তাহা গৌণ নিত্য বটে; এবং ঐরপ সিদ্ধান্ত হইলে তাহার কর্ত্তা থাকা অবশুই অনুমান হইবেক; এবং সেই কর্ত্তা পরমেশ্বর মুখ্য নিত্য পদার্থ বলিয়া সিদ্ধান্ত করা যাইতে পারিবেক। অতএব জগৎ কাহাকে বলে, তাহা নিত্য, কি উৎপত্তি বিনাশবিশিষ্ট তাহার মীমাংসা করা যাউক।

# তৃতীয় অধ্যায়।

#### জ্ঞগৎ কাহাকে বলে ও তাহা নিত্য কি উৎপত্তি-বিনাশ-বিশিষ্ট।

জগৎ কাহাকে বলে, ইছা বস্তু নির্ণয় খারা মীমাংসা করা কর্ত্তব্য। তাহাতে সংক্ষেপে দৃশ্য ও অদৃশ্য বস্তু সকলের নাম নির্দিষ্টরূপে লিখিত হই-তেছে। পৃথিবী, জল, তেজ, বায়ু এবং আকাশ এই প্রাকৃতিক স্থূলভূত পর্বাত, বুক্ষ, গুলা, লতা, মমুষ্য, পশু, পক্ষী, কীট, পতঙ্গ, জলচর, ভূচর, থেচর প্রভৃতি জন্ত সকল বৈকারিক ভুত, অর্থাৎ ভুতের বিকার হইতে উৎপন্ন। অপঞ্চীকৃত পঞ্জুত, পরমাণুও শব্দ স্পর্শ, রূপ, রুস, গন্ধ এই পঞ্তনাত্র; এবং মনের স্কাৰিস্থা অহকাৰ; ও বৃদ্ধিৰ স্কাৰিস্থা মহতত্ত্ব; এবং সভঃ ৰজ, ও তমঃ এই ত্রিভণাত্মিকা প্রকৃতি মায়া; ইহারা প্রাকৃতিক পদার্থ; অর্থাৎ প্রকৃতি হইতে উৎপন্ন। পঞ্চ কর্ম্মেক্রিয়, পঞ্চ জ্ঞানেক্রিয়, পঞ্চ প্রাণ, মন এবং বৃদ্ধি এই সপ্তদেশ অবন্ধব একত্র হইয়া স্ক্রম শরীর হয়। ইহাতে আবিভ'ত চৈতনোর নাম জীব, এবং ঐ জীবের কাম ক্রোধ লোভ মোহ মদ সাংস্থ্য প্রভৃতি শুণ সকল। এবং মন্ত্ব্যাদির ক্বত ঘট পটাদি নানা প্রকার বস্তু সকলকে জগুৎ वना यात्र। क्टर क्ट वरनन रय, बक्तारखंत मरशा शृर्खांक शमार्थ मकन থাকাতে জগৎ ব্রহ্মাণ্ড বলে। ফলত: পূর্ব্বোক্ত পদার্থ সমূহের সমষ্টির নাম জগং; ইহাব বাষ্ট অনন্ত পদার্থও তদস্তভূতি। এই জগং নিত্য কি উৎপত্তি , বিনাল বিশিষ্ট, তাহার মীমাংসা করিতে হইলে যুক্তি ব্যতীত আর কোন উপায় নাই। এবং যুক্তি অহুদারে দিদ্ধান্ত করিতে গেলে প্রমাণের

প্রয়েজন। ঐ প্রমাণ শাস্ত্র ঘটিত এবং অবস্থা ঘটিত; এই ছই প্রকার প্রমাণ ব্যতীত অন্য প্রমাণ কিছুই নাই। যদিও শাস্ত্র ঘটিত প্রমাণ বলবান বটে, কেন না শাস্ত্রের লিখিত কথা সকল বিশ্বাস করিলে অন্য কোন প্রমাণের, অথবা যুক্তির আবশুক রাথে না; কিন্তু শান্ত্র সকল সত্য কি না তিছিষয় মীনাংসা ব্যতীত শাস্ত্রের প্রমাণ অবলম্বন করা যায় না। এজনা প্রথমতঃ অবস্থা ঘটিত প্রমাণের দ্বারা জগৎ উৎপত্তিবিনাশবিশিষ্ট ও তাহার কর্ত্তার দারা উৎপত্তি হওয়া নির্ণয় করিয়া পশ্চাৎ শাস্ত্র সঞ্চল সত্য থাকা মীমাংদা পূর্ব্বক তদনস্তব শাস্ত্রীয় প্রমাণ ও যুক্তি অবলম্বন করা যাইবেক। এক্সণে অবস্থা ঘটিত অনুমান প্রমাণ অবলম্বন করিয়া জগৎ গৌণ নিত্য, এবং তাহার উৎপত্তি বিনাশ থাকার মীমাংসা করা যাইতেছে। দেখা যাইতেছে বে, ত্রিগুণাত্মিকা প্রকৃতি ও মহৎতত্ত্ব এবং অহঙ্কার মন বৃদ্ধি প্রাণ ইক্রিয় ইত্যাদি বহুতর অদৃশ্র পদার্থ সকল দৃশ্র বস্তকে অবলম্বন করিয়া অমুসান করা যায়। ঐ সকল পদার্থ কি,তাহা পশ্চাৎ মীমাংসিত হইবেক। কেন না দেহাদি দুখা বস্তু বাতীত যথন তাহার উপলব্ধি হইতেছে না, তথন দুখা বস্তুর মীমাংশা অত্যে করিলেই তাহার সঙ্গে সঙ্গে ঐ সকল বস্তুর মীমাংশা হইবেক: তাহার সন্দেহ নাই। দুখা বস্তু, পর্বত রুক্ষ ও গুলা লতা এবং মনুষ্যাদি महन लागीत (पर अ लागीत कुछ भाग मकन (य छे९भिछ विनाम विनिष्टे. ইহা প্রত্যক্ষ সিদ্ধ বটে, তদ্বিষয়ে কোন বাদীরই মতের বিভিন্নতা নাই। তবে পৃথিবী জল তেজ বায়ু আকাশ উৎপত্তি বিনাশ বিশিষ্ট কি না, তদ্বিষয়ের মীমাংসা করা যাউক। কেহ কেহ বলেন যে, আকাশ শূন্য মাত্র; তাহা কোন পদার্থ নহে। কেবল কিতি জল তেজ বায়ু এই চারিটী ভূত জগতের মূল কারণ হওয়াতে, ঐ চারি ভূতময় এই জগৎ হইতেছে। এবং জগতের সমুদায় দুখা পদার্থ এ সকল ভূত হইতে উৎপন্ন হইয়া তাহাতে লয় প্রাপ্ত इहेबा थार्क। অতএব ঐ ভুত চতু हेब मूथा निতा পদার্থ, তাহার ক্ষয় উদয় নাই। ইহাতে বক্তব্য এই যে (আকাশের বিষয় পশ্চাৎ মীমাংসা করা ষাইবেক) এক্ষণে ভুত চতুষ্টরের বিচারে দেখা যায় যে, উহা মুখ্য নিতা নতে : কেন না ভুত শব্দের অর্থ এই যে, যাহা উৎপন্ন হইয়াছে, তাহা ভুত। এবং জগং শদের অর্থ গছতি ইতি জগং; গছতি অর্থাৎ বাহা যায়; অর্থাৎ

ক্ষয় হইয়া যায় তাহাকে জগং বলে। অত এব ভূতময় দেশং উৎপত্তি বিনাশ বিশিষ্ট বস্তু বলিয়া নির্দিষ্ট করা যাইতে পারে; বিশেষতঃ ভূত চতুষ্টয়ের মধ্যে প্রধান ভূত সর্বাধারা পৃথিবী; তাহা ক্ষয়শীলা বলিয়া তাহার নাম ক্ষিতি হইয়াছে। পরস্ক বৈকারিক পদার্থ অর্থাৎ ভূতের বিকার হইতে প্রাণীর দেহ এবং রক্ষাদি, ও প্রাণী কৃত ঘট পটাদি সকল ভূত হইতে উৎপন্ন হইয়া বিনাশ প্রাপ্তে প্রনরায় ভূতত্ব প্রাপ্ত হইতে দেখা যায়। এই দৃষ্টাক্তেব দার। অমুভব হয় যে, মূল ভূত চতুষ্টয় ঐ রূপ উৎপন্ন হইয়া বিনষ্ট হইয়া থাকে। যদি বল যে, এই দৃষ্টান্ত দারা ভূত চতুষ্টয়ের উৎপত্তি হওয়া সম্ভব নহে, তাহাতে বক্তব্য এই যে, ভূত চতুষ্টয় এবং অন্যান্য দুগু বস্তু সকল পরনাণু অর্থাৎ সৃদ্ধ সৃদ্ধ বস্তার সহিত সংযুক্ত হইরা স্থল রূপে যে উংপর হইরাছে, তাহা সমস্ত পদার্থবিৎ পণ্ডিতেরা স্বীকার করিয়াছেন। এবং বিজ্ঞান দ্বাবা ও রাসায়নিক পরীক্ষা দারা তাহা নিশ্চয় রূপে জানা যাইতে পারে। এই সকল কারণে পূর্ব্বোক্ত ভূত চতুষ্টয় পরমাণু যোগে উৎপন্ন হওয়াই নিদ্ধান্ত করা যাইতেছে; স্থতরাং ভূতময় অগৎও ঐরপ, তাহাব আর সন্দেহ নাই। यिन वल रा, ज्ञमत्र क्रांप উৎপত্তিবিশিষ্ট হইলেই যে विनाभ विभिष्ठ हटेरवक, তাহার প্রমাণ কি ? তাহার প্রমাণ এই যে, জগতে যে কিছু পদার্থ দেখা ষায়, তাহার প্রত্যেক ব**ন্ধই স্**ষ্টি স্থিতি বিনাশ বিশিষ্ট। স্থতরাং এই দৃষ্টাস্থ দ্বারা সমুদায় ভূতময় জগৎ যে ঐরপ হইবেক, তাহার আর সন্দেহ নাই। পরস্ক উৎপত্তি বিশিষ্ট বস্ত মাত্রেই বিনাশী; এবং যে বস্তুর বিনাশ হয়, তাহা আবার দ্রব্যান্তরের ক্যায় ভিন্ন আকৃতি বিশিষ্ট হইয়া, পুনরায় উদ্ভ ত হইতে দেখা যায়। ইহা দারা অনুমান হয় যে, পুনঃ পুরঃ এই জগতের উৎপত্তি স্থিতি ও বিনাশ হই বা থাকে। যে হেতু পরমাণু সংযোগে বর্তমান জগছৎ-পন্ন হওয়া অমুনান করিলে, ইহার পূর্ব্বে অবশ্র প্রবন্ধা স্থীকার করিতে হয়; এবং ভাহার পূর্বেও জগৎ ছিল, বলিয়া অহুমান করা যাইতে পারে। তজ্ঞপ এই জগৎ বিনাশ প্রাপ্ত হইলেও পুনরায় স্প্ত হইতে পারে; তাহা ভাৰশুই মীমাংদা হইতেছে। ভাতএব জগৎ প্রবাহের বিরাম না থাকায়. ''তাহা প্রবাহরূপে নিতা; এবং পদার্থ দকল উৎপত্তি বিনাশ বিশিষ্ট বলিয়া তাহা অনিত্য; স্তরাং জগৎ গৌণ নিতা থাকা সিদ্ধান্ত হইতেছে ৷ , বদি

বল বে, পদার্থ সকল উৎপত্তি বিনাশ বিশিষ্ট হইলেও তাহার এক কালে ধ্বংস না হওয়ায় তৎসমূদায় অনিত্য বলিয়া কি প্রকারে সিদ্ধান্ত করা যাইতে পারে ? তাহাতে বক্তব্য এই যে, জগতের দৃশ্য পদার্থ সকলের মধ্যে পর্বত ও বৃজ্ঞাদি এবং প্রাণী বর্গের ছুল দেহ ও ঘটপটাদি বস্তু সকল একবার বিনষ্ট হইলে পুনরায় ঐ সকল বস্তুর ভৌতিকাংশ সকলকে তদ্ধপ আকৃতিবিশিষ্ট হইয়া তত্তৎ পদার্থরূপে উৎপন্ন হইতে আর কখনই দেখা যায় না। স্থতরাং তৎসমুদয় নিত্যাভাব-রূপ অনিত্য; এবং জগৎ বর্ত্তমান থাকা প্র্যাস্ত ভূত চতুষ্টয় ও তাহার বৈকারিক পদার্থ সকল এক কালে অভাব হয় না বলিয়া তাহা নিত্য সদৃশ মাত্র কথিত হয়। ফলতঃ মুখ্য-নিত্য নহে; কেন না জগৎ বিনষ্ট হইলে ভূত সকলের বিনাশ হয় বলিয়া পূর্ব্ব যুক্তি অহুসায়ে তৎ পদার্থ সকলকে অনিত্য বলা যাইতে পারে। এবং তৎকালে পূর্ব্বোক্ত প্রকৃতি ও মহৎতত্ত্ব এবং অহঙ্কার প্রভৃতি অদৃশ্র পদার্থ সকলের আবর অহুমান হয় না; বরং তাহা বিনষ্ট হইয়া পুনরায় জগতের সহিত উৎপন্ন হওয়াই অনুমান হয়; অতএব জগৎ গৌণ নিত্য অথবা নিত্যানিত্য বলিয়া যে সিদ্ধান্ত করা হইয়াছে, তাহার ব্যতিক্রম হইতেছে না। যদি বলা যায় যে,দৃশ্র ও অদৃশ্র বস্তুর বিনাশ হইলে পুনরায় কাহামারা জগৎ উৎপদ্ধ হইতে পারে ? তাহাতে বক্তব্য এই বে, সর্ব্বশক্তিমান চৈতন্য পরমেশ্বর, যিনি মুখ্য নিতা পদার্থ, তিনি জগৎকর্ত্তা; তাঁহাৰারা জগৎ উৎপন্ন হয়। যদি বল যে, জগদিন ই হইলে শক্তিমান চৈত-ন্যেরও অনুমান না হওয়ার তাঁহার অন্তিত্ব স্বীকার করা ষাইতে পারে না এবং যুক্তি অনুসারে পূর্ব্বোক্ত ভূত চতুষ্টয়ের বিনাশ হইলেও তাহার প্রমাণু সকলের বিনাশ হওয়ার সম্ভব নহে এবং স্বভাবতঃ প্রমাণু, সকলের পরস্পরের যোগ হইয়া পৃথিবী জল তেজ বায় বৃহদাকার ধারণ করে, ও তাহা হইতে বৈকারিক পদার্থ সকল স্বভাব বশতঃ উৎপন্ন হইয়া জগৎকার্য্য চলিতে থাকে। অতএব জগৎকত্তা শক্তিমান চৈতন্য প্রমেখরের অন্তিত্ব স্বীকার করার প্রয়োজন কিছুই দৃষ্ট হয় না ? ইহাতে বক্তব্য এই যে. অগৎকতা প্রমেশ্র ব্যতীত প্রমাণ্র স্বভাববশতঃ কোনক্রমেই জগতের উৎপত্তি হইতে পারে না; তলিমিত্ত জগতের কর্তা নিরূপণ দারা ঈশবের चांसिय निर्गत कता गारेराज्य ।

# চতুর্থ অধ্যায়।

#### জগতের কর্তা নিরূপণ দারা ঈশ্বরের অস্তিত্ব নির্ণয়।

এই জগতে দৃশ্য বস্তু মাত্ৰই উৎপত্তি বিনাশ বিশিষ্ট; এবং দৃশ্য বস্তুর অভাবে প্রকৃতি প্রভৃতি অদৃশ্য বস্তুর উপলব্ধি না হওয়ায় তাহা দৃশ্য বস্তুর সহিত উৎপন্ন ও বিনাশ প্রাপ্ত হওয়া অনুমান প্রমাণ দারা সিদ্ধান্ত করা হইয়াছে। কিন্ত জগতের মূলপদার্থ সকল কর্তাদারা অথবা প্রমাণু-সংযোগে স্বভাব বশতঃ উৎপন্ন হয়। তদ্বিয়ে অনেক বাদারুবাদ থাকাতে তাহার মীমাংসা করা আবশাক। তাহাতে বক্তব্য এই যে, পরিদুশ্যমান জগতের মূল পদার্থ সকল স্বভাবতঃ প্রমাণ্-সংযোগে উৎপন্ন হওয়া কোন-ক্রমেই বলা যাইতে পারে না; বরং তাহা কর্তার কার্য্য বলিয়া নিশ্চয় বিদ্ধান্ত করা যাইতে পারে। কেননা পরমাণু জড়পদার্থ'; তাহা আপনি সংযুক্ত হয় না। যেমন হইথানি প্রস্তর অথবা ছইটী লোই স্বতত্ত করিয়া রাখিলে আপনি বোগ হয় না; তজ্ঞপ পরমাণুরও যোগ হইতে পারে না। यদি ৰল যে, যেরূপ চুম্বক প্রস্তর ও লোহ পরস্পর স্বীয় স্বীয় আকর্ষণী শক্তি ক্রমে যোগ হয়; তজ্ঞপ প্রমাণুর আকর্ষণী শক্তি ক্রমে প্রস্পর প্রমাণু সকলের যোগ হইতে পারে। কিন্তু ইহা সঙ্গত নহে; কেননা চুম্বক প্রস্তর ও লৌহ ভিন্ন ভিন্ন বস্তু তাহাদিগের উভয়ের সন্নিধান বশতঃ পরস্পরের আকর্ষণী শক্তি ক্রমে মিলিত হইতে পারে। কিন্তু একঞ্চাতীয় পরমাণু স্বজাতীয় পরমাণুর সহিত যে, আকর্ষণী শক্তিক্রমে সংযুক্ত হইতে পারে, ইহা কদাচ সন্তব নহে। বিশেষতঃ চুম্বক এবং লোহ বিক্বত পার্থিব-পদার্থ; তাহাদিগের স্বতন্ত্র গুণ থাকিতে পারে; কিন্তু প্রকৃত পার্থিব পুরমাণুতে তদ্রপ গুণ যে আছে, তাহা অমুমান করিবার কোন দৃষ্টান্ত প্রমাণ নাই। পরস্ত পরমাণুর আকর্ষণী শক্তি থাকা স্বীকার করিলেও ঐ শক্তিকে কর্ত্তা বলিয়া স্থির করিতে হয়। যদি বল 'বে, ঐ শক্তিকে প্রমাণুর স্বভাব বলিব ? কিন্তু তাহা পশ্চাৎ বিচারদ্বারা খণ্ডন করা যাইবেক; আপাততঃ তর্কের নিমিত্ত তাহা স্বীকার করিলে তাহাতেও

কর্ত্তা ব্যতীত কার্য হইতে পারে না; কেননা পরমাণু সংযুক্ত হইবার পূর্ব্বে বিযুক্ত ছিল, তাহার সন্দেহ নাই। কারণ বস্তুর পৃথকত্ব না থাকিলে भररवार्ग इस ना। जनिभिन्न भन्नार्ग मकरलत मररगरित शृदर्स शृथियी, जल, তেজ এবং বায়ু ছিল না; কেবল পরমাণুময় ছিল। তবে তৎকাল পর্যান্ত বুক্ষ গুলা লতা মহুষা ও কীট পতঙ্গ কিছুই ছিল না; ফলতঃ আধার ব্যতীত কিছুই থাকিবার সম্ভব নহে। তবে ঐ সকল পুদার্থ কোঞা ইইতে কিরূপে উৎপন্ন হইল ? যদি বল যে, বৃক্ষ গুলা লতা সকল ভূমি হইতে প্ৰথম আপনি উৎপন্ন হইয়াছে ? কিন্তু তাহা হইতে পারে না; কারণ বীজ, কাণ্ড অথবা শাখা হইতে ঐ সকল পদার্থের উৎপত্তি হইতে দেখা যায়। ভিন্নমিত্ত বক্তব্য এই যে, প্রথম বীজ অথবা বৃক্ষ কিপ্রকারে উৎপন্ন হইয়া-ছিল, এবং মনুষ্য ও পশু পক্ষী ইত্যাদি জরাযুদ্ধ ও অওজ পদার্থ দকল, যাহা স্ত্রী পুরুষ মিলিত হওয়ায় স্ত্রীর গর্প্তে উৎপন্ন হইয়া থাকে, তাহার প্রথম স্ত্রী পুরুষ কি প্রকারে উৎপন্ন হইয়াছিল ? এ বিষয়ের আর কোন উত্তর না থাকার, স্থতরাং তাহা অবশুই কর্তার কার্য্য; এবং তাঁহার कोमाल উৎপন্ন হওয়া স্বীকার করিতে হইবেক। यमि वल य, পৃথিবী জল তেজ বায়ু এবং অভাভ স্থাবর জঙ্গমাদি পদার্থ সকল বর্ত্তমান অবস্থায় যেরূপ দেখা যাইতেছে, ইহা এরূপ অবস্থায় চিরকাল রহিয়াছে; ইহার আদি ও অন্ত নাই; কেবল স্বাভাবিক নিয়মামুদারে দকল কার্য্য চলিতেছে ও মমুষ্যাদির জনা মৃত্যু এবং স্থ্য ছঃখাদি হইতেছে। আর প্রমাণুর चलाव वनजः এक (मन मः रागन, अवः अनारमन विद्यान इहेटल शास्त्र। এবং নৃতন সংযোজিত পেশে মহুষ্যাদিরা বাস করে, ও পূর্ব বসতি দেশ हहेरा वीकानि नहेशा यात्र, जाहारा मृत कर्तात थाराष्ट्रन थारक ना ; किन्न हेहा मञ्जू नटह। कातन ध्वा घटना हरेवात मञ्जू नाहे, वतः धक्ती প্থিবী গোলাকার ও তাহা সর্বত্ত অথগুরূপে থাকা অনুমান হইতেছে। এমত অবস্থায় থওরপে পৃথিবীর এক দেশ বিনাশ ও অন্য দেশ বর্তমান থাকার কথা প্রত্যক্ষ ও অনুমানের বিরুদ্ধ। ফলতঃ কর্তা ব্যতীত কেবল প্রমাণুর স্বভাব বশতঃ সংযোগ ও বিয়োগ হওয়া স্বীকার করিলে, সংযোগ হইতে হইতে বিয়োগ হওয়াও সীকার করিতে হয়। তাহাতে অ'দৌ

মৃত্তিকার<sup>9</sup> অথবা গোলাকাররূপে পৃথিবীব সংস্থান হইতে পারে না। বিশেষতঃ পৃথিবীর চারি দিকে গোলাকার যে সমুদ্র বেষ্টন করিয়া রহিয়াছে, তাহাতে তাহার কোন দেশ নাশ ও কোন দেশ উৎপন্ন কি প্রকারে হইতে পারে ? यनि वन य, সমুদ্রের দ্বীপের নাায় এক দেশ সংযোগ ও আনা দেশ বিয়োগ হইতে পারে ইহা সঙ্গত নহে। কেননা মূল পৃথিবী গোলাকারের नाम अकी भाग रेहा जुलान ज्यनर्गत काना यात्र ; अवः ठारा मर्सवामी সমত বটে; কিল্প ইহার কিয়দংশ যে, এককালে পরমাণুময় হইয়াছে, তাহা কখনই শুনা যায় না। অতএব এই তর্ক নিতান্ত অকর্মণ্য। পরন্ত পরমাণুর ঐরপ স্বভাব হইলে এইক্ষণেও ঐরপ হইতে পারিত; তাহা হইলে আমাদিগের উপরিভাগে শ্ন্যমার্গে নুতন পৃথিবী উৎপন্ন হওয়া দেখিতে পাইতাম; কিন্তু তাহা এ পর্য্যন্ত <del>দেহা</del> অথবা শুনা যায় নাই। এতাবতায় কর্ত্তা ব্যতীত স্বভাব অনুসারে পরমাণু সংযোগে পৃথিবী, জল, তেজ, বায়ু, এবং প্রথম বৃক্ষ, গুলা, লতা, ও মহুষা, পশু, পক্ষী ইত্যাদি কোনক্রমে উৎপন্ন হওয়া অহুমান হইতে পারে না। বিশেষতঃ মহুষ্যাদির জনামৃত্যুর নিয়ম এবং নানা প্রকার আকৃতি ও স্থুথ হুঃখাদির কারণ এবং তাহা ভোগ হওয়া ইত্যাদি জগতের অশেষবিধ ব্যাপার ও কার্য্য সকল, মূল কর্ত্তা ব্যতীত কোনক্রমে নির্বাহ হওয়ার সম্ভব ছিল না ও নাই। অতএব এই সকল কারণে জগতের কর্তা থাকা দিদ্ধান্ত হইতেছে; এবং ঐ কর্তার নিত্য অস্তিত্বও অনুমান হইতেছে; কেননা কর্তার বিনাশ হইলে কাহাদারা তাহার উৎপত্তি হইতে পারে? (অর্থাৎ পারে না) তরিমিত্ত তাঁহাকে ভুত ভবিষ্যৎ বর্ত্তমান কালত্রয়ে নিত্য বিদ্যমান ও কর্ত্তা পরমেশ্বর বলিয়া দিদ্ধান্ত করা যাইতেছে। যদি বল, ঈশ্বর নিত্য ইইলেও পরমাণুও নিত্য বটে, এবং ঈশ্বর কেবল তাহার সংযোগ ও বিয়োগকরা ব্যতীত উৎপাদক নছে: তবে তাঁহাকে জগতের কর্তা বলিয়া কি প্রকারে সিদ্ধান্ত করা যাইতে পারে; কেননা তিনি কেবল সহকারী কারণ মাত্র; তাঁহাকে কর্তা বলা यात्र ना; जब्बना भत्रमान् निजा कि बना, अवः बना दहेतन, क्रेश्वत दहेतज উৎপন্ন কি স্বভাব বশতঃ উৎপন্ন হয় ? এই বিষয়ের মীমাংসা করা প্রয়োজন ্, হইতেছে।

## পঞ্চম অধ্যায়।

### পরমাণু নির্ণয় ও স্বভাবের মীমাংসা।

পরমাণু শব্দে পরম-অণু, অতিশয় হক্ষ পদার্থ; তাহা চক্ষ্রাদি ইক্রিয়-গ্রাহ্ম নছে। পদার্থবিৎ পণ্ডিতেরা বলেন যে, গবাক্ষার দিয়া যে হক্ষ ধ্লি পদার্থ নির্গত হইতে দেখা যায়, তাহাকে ত্রাসরেণু বলে। তাহার ষষ্ঠ আগের এক ভাগকে পরমাণু বলে। ইহা পরমাণুর স্বরূপ। ঐ পরমাণু জব্যের বিভাগে উৎপন্ন বলিয়া কলিত হইয়াছে। আকাশ, বায়ু, তেজ, জল, পৃথিবী, ইহারা জড়পদার্থ; ও দ্রব্য নামে কথিত। ঐ সকল দ্রব্যে যে গুণ আছে, তাহা প্রত্যক্ষ দিম্ন; অর্থাৎ আকাশে শব্দ, বায়ুতে স্পর্শ, তেন্ধে রূপ, জলে রস ও পৃথিবীতে গন্ধ গুণ আছে। কেহ কেহ বলেন যে, আকাশ কোন পদার্থ নহে; উহা শূন্য মাত্র। কিন্তু তাহা অসঙ্গত। কারণ শব্দ সকল আকাশ হইতে প্রকাশ ও তাহাতে বিলীন হয়। এবং পদার্থ সকলের অবকাশ আকাশ ব্যতীত হয় না; ইহা যোগীরা যোগবলে, ও স্ক্রবিজ্ঞানবিৎ পণ্ডিতেরা শাস্ত্রযুক্তিবারা অনুভব করিতে পারেন; তদ্ভিন্ন সচরাচর সকলের বোধগম্য হওয়া কঠিন। বায়ু প্রভৃতির গুণ সকল স্পষ্ট অফুভব হইয়া थांकि । त्कर त्कर तलन त्य, खन ममनात्री कांत्रन व्यर्थार खतन व्याधारी-ভুত পদার্থের নাম দ্রব্য; তাহা আপাততঃ স্থুল দৃষ্টিতে সঙ্গত বটে, কিন্তু তত্ব-বিচারে সঙ্গত হয় না; কেননা দ্রব্যের যে গুণ, তাহা তাহার সর্বাবয়ৰ-ব্যাপী; একদেশব্যাপী নছে; অর্থাৎ পৃথিবীর সমুদয় মৃত্তিকাতে গন্ধ, জলের সমুদায় অংশে রদ, তেজের সমুদায় অবয়বে রূপ, ও বায়ুর সর্কস্থানে স্পর্শ, এবং আকাশের সর্বাত্ত শব্দগুণ লক্ষিত হয়। তাহাতে তাহাদিগের ছাতি সুক্ষ স্ক্ষ অংশেও ঐ ঐ গুণ থাকা সিদ্ধান্ত হইতেছে। এমত জবস্থায় প্রমাণুর অবয়ব কল্পনা করিলেও তাহার সমুদায় স্থানে গুণ থাকা অনুমান হওয়াতে দ্ৰব্য আৰু স্বতন্ত্ৰ পদাৰ্থ বিলয়া সিদ্ধান্ত হইতে পারে না। অতএক . 🖦 শময় পদার্থ ই দ্রব্য, ইহা নির্ণয় করা হইতেছে। বেহেতু উপরি উক্ত শব্দ

স্পূর্ণ রস গন্ধ গুণ সকল জব্যুরূপে উৎপন্ন হইবার সময় ক্রমশঃ ফ্ল্ম অর্থাৎ পরমাণুরূপে উৎপন্ন হইয়া, তৎপরে তাহা সজাতীয় পরমাণু সংযোগে অপঞ্চীকৃত পঞ্চলত নামে বিখ্যাত হয়। তদনস্তর ঐ অপঞ্চীকৃত ভূতসকলের পরস্পারের সহিত পরস্পারের যোগে তাহারা স্থূল ভূতরূপে উৎপন্ন হইয়া থাকে। ইহাদারা নিণীত হয় যে, গুণসমূহের একীকরণের নাম দ্রব্য। এবং ঐ দ্রব্য বিভাগ করিলে গুণ সকল পৃথক্ পৃথক্ হওয়ায় আর দ্রব্য থাকে না। रियम नीन जनमा भार्य अर्था अल किमिया नीन रय ; जारा क जरा वना যায়; ঐ শীল গলিয়া আবার জলময় হয়। তদ্রপ গুণ দ্রব্যরূপে পরিণত হয়; পরে বিভাগ হইয়া প্রথমতঃ পরমাণু; তদনস্তর গুণময় হইযা পড়ে। অত এব পরমাণু গুণ হইতে উৎপন্ন হওয়ায় তাহাকে মুগ্য নিত্য বলা যাইতে পারে না। যদি বল যে, গুণসমূহের একীকরণকে দ্রব্য বলিলে তাহা হইতে গুরুত্ব সমত্ব প্রভৃতি গুণ কি প্রকারে উৎপন্ন হইতে পারে ? কেন না গুণে গুণ থাকেনা বলিয়া অনেকেই দিদ্ধান্ত করেন। ইহাতে বক্তব্য এই যে, গুণ সকল সংযুক্ত হইয়া দ্রব্যরূপে পরিণত হওয়ায়, তাহাতে অবাস্তর গুণ সকল যে উৎপন্ন হয়, ইহা প্রত্যক্ষদিদ। যেমন নানাপ্রকার ওষ্ধি দ্রব্য একত্র ছইলে রোগ নাশক গুণ উৎপন্ন হয়; এবং ছই থানি প্রস্তর যোগ ছইলে অধিক ভার অর্থাৎ গুরুত্ব গুণ উৎপন্ন হয়; তদ্রুপ ঈশ্বর ইচ্ছাক্রমে গন্ধ তথা-ত্ত্রের সহিত রস তথাত্ত্রের যোগ হইলে গুরুত্ব গুণ, ও তেজে তেজ সংযোগ, ও শব্দগুণে স্পর্শগুণ সংযোগ হইলে সমন্ব গুণ উৎপন্ন হয় ইহা অসম্ভব নহে। অতএব প্রমাণু নিতা নহে; তাহা জন্ত; এবং যে গুণ হইতে ঐ প্রমাণু উৎপন্ন হয় তাহাও জন্ম পদার্থ। কেন না দ্রব্যের প্রলয় অবস্থায়, অথবা উৎপত্তির পূর্বে গুণ সকল নিরাশ্রয় থাকিতে পাঁরে না; তাহা অবশুই লয় প্রাপ্ত হয় স্বতরাং তাহার উৎপত্তি হওয়া স্বীকার কর্মিতে হয়। পরস্ক ঐ সকল গুণের কার্য্য দর্শনে তাহাতে শক্তি থাকা অমুভব হওয়ায় ঐ শক্তি তাহার উপাদান কারণ হইতেছে। এবং শক্তি ঐ সকল গুণের সর্বাবয়ব-ব্যাপী বিধায় গুণকে শক্তিময় বলিয়া সিদ্ধান্ত করা যাইতে পারে।\* , এক্ষণে ঐ শক্তি কি পদার্থ তাহা দেখা যাউক্।

<sup>ে</sup> প্রত্যেক পরমাণুতে অনেক শক্তি থাকে এবং তাহা যোগযুক্ত হইলে অসংখ্য শ্ক্তিয়

শক্তি, পরমেশবের ব্যতীত অন্ত কাহারও নাই; পরমেশব শক্তিমান্ হৈত্তা; অর্থাৎ অভিন্ন শক্তিযুক্ত চৈত্তা তাঁহার শক্তিতে সকল কার্য্য হইতেছে। তিনি জ্ঞানময় শক্তিময়, এই বিষয় গশ্চাৎ পরিষ্কাররূপে মীমাংদা করা যাইবেক। আপাততঃ শ্রোক্ত গুণসকল শক্তি হইতে উৎপন্ন ও তাহা জ্লা পদার্থ বলিয়া দিদ্ধান্ত করা যাইতেছে।

যদি বল যে, স্বভাব বশতঃ গুণ সকলের উৎপত্তি হয়; এবং গুণ হইতে পরমাণু, তাহা হইতে দ্রব্য উৎপন্ন হইয়া ক্রমে ক্রমে কার্য্য কারণ সম্বন্ধে জগৎ কার্য্য চলিতে পারে; অতএব পরমেশ্বরীয় শক্তি হইতে যে গুণুর উৎপত্তি হয় ইহা কি জন্ম স্বীকার করিব 📍 ইহাতে বক্তব্য যে, স্বভাব নিত্য, বা স্বাধীন পদার্থ নহে। এবং কোন ব্যক্তি, বা বস্তুর স্বভাব ব্যতীত স্বাধীন ও নিত্য স্বভাবের অনুভব হয় না। পরস্তু স্বভাবের কারণ বস্তু বা ব্যক্তি ছওয়াতে ঐ ঐ বস্তু বা ব্যক্তির অভাবে স্বভাবের অভাব হইয়া যায়। অতএব স্বভাব স্বাধীন বা নিত্য পদার্থ না হওয়ায় কেবল স্বভাব হইতে কোন বস্তুর উৎপত্তি হইতে পারে না। যদি বলা যায় যে, স্বভাব উৎপত্তি বিনাশ বিশিষ্ট হইলেও তাহার অভাব হয় না; যেমন কার্য্যের অভাব হইলেও কারণ-রূপ স্বভাব হইতে কার্য্যের উৎপত্তি হইতে পারে। ইহা বলিতে পার না ; কেন না কারণ তিন প্রকার ; নিমিত্ত, সহকারী, ও উপাদান ; ভাহাতে নিমিত্ত ও সহকারী কারণ মহুষ্যাদি, এবং উপাদান কারণ বস্তু সকল কিন্ত এই তিন কারণই জন্য বলিয়া নিদিষ্ট করা হইয়াছে। এবং এই তিন কারণ হইতেই স্বভাবের উৎপত্তি ও বিনাশ হইতে দেখা যায়; ইহাতে ঐ তিন কারণের মূল কারণ কথনই স্বভাব হইতে পারে না। অতএব ঐ সকল কারণের মূল অন্য কোন কারণ অর্থাৎ নিরাকার কারণ স্বর্লুপ পদার্থ থাকা স্বীকার করিতে হয়। যদি এরপ তর্ক কর যে ঐ নিরাকার কাবণকে স্বভাব বলিব ? কিন্তু তাহা বলিতে পার না; কেন না স্বভাব কি বস্তু 'তাহার স্বরূপ নির্দিষ্ট না হইলে তাহাকে কারণ বলিয়া গণ্য করা যায় না। ফলতঃ যদি স্বভাব কোন বস্তু না হয়, তবে তাহা হইতে কোন বস্তুর উৎপত্তি

কার্য্য প্রকাশ হয়, হঁহা রাসায়নিক পরীক্ষা দারা সিদ্ধান্ত হইহেছে, অতএব পরমাণুর উপাদান ' শক্তি বাতীত অন্য ক্ছি হইতে পারে না।

হওয় সন্তব নহে; বিশেষতঃ কোন নৃতন বস্তব স্থি করিতে হইলে জান ও শক্তিরও প্রয়োজন আছে। যদি বল যে জান ও শক্তিমান পদার্থই স্থভাব; তাহাও সঙ্গত নহে; কেন না স্থশন্দে আত্মা, তাহার ভাবকে স্থভাব বলা যায়। তদ্যতীত স্থভাবের জ্ঞান ও শক্তি থাকা বলা যাইতে পারে না; তবে শক্তিমান চৈতন্য পদার্থের স্থভাব হইতে বস্তব উৎপত্তি হওয়া স্থীকার কর; ক্ষতি নাই। অতএব স্থভাব স্থানি কোন পদার্থ নহে। এবং পর্মাণ্ ও তাহার উৎপাদক গুণ সকল জন্য পদার্থ থাকা সিদ্ধান্ত হওয়াতে ঈশ্বর জ্ঞাতের কর্ত্তা ও তাহার অন্তিত্ব বিষয়ের বে মীমাংসা করা হইয়াছে; তাহার ব্যতিক্রম হইতেছে না। এক্ষণে ঐ কর্ত্তার নাম ও স্বরূপ এবং কার্যা কি তাহা স্পষ্ট-রূপে মীমাংসা করা যাউক্।

# ষষ্ঠ অধ্যায়।

#### জগৎকর্ত্তার নাম, স্বরূপ ও কার্য্য-বিবরণ।

জগৎকর্ত্তার নাম অনন্ত শক্তিমান চৈতন্য\*। জগৎকর্তা জগৎপাতা জগৎসংহর্তা ঈশ্বর ও পরমেশ্বর ইত্যাদি। ইহার তাৎপর্য্য এই যে, তাঁহার স্বরূপগত ও কার্য্যগত অথবা তাহার অর্থগত উপরি উক্ত নাম এবং অন্যান্য নামও ভাষান্তরে নানাপ্রকার নাম প্রচলিত আছে। ইহাদারা অনুমান হয় যে, তাঁহার স্বরূপ ও কার্য্যান্থরূপ নাম সকল প্রচলিত হইয়ছে। ফলতঃ অনস্ত শক্তিমান চৈতনাই তাহার স্বরূপ ও সৃষ্টি, স্থিতি প্রলম্ম তাঁহার কার্য্য। কেন না জগতের সমৃদায় বস্তু জন্য ও নাশ্র বিধায় তৎ উৎপত্তি ও বিনাশ শক্তিমান চৈতন্য, অর্থাৎ শক্তিযুক্ত জ্ঞান ব্যতীত অন্য কাহারও দারা হইতে পারে না। বেহেতু চৈতন্য, অর্থাৎ জ্ঞান ব্যতীত স্কৃষ্ঠালরূপে অভিমত্ক কার্য্য নির্মাহ হয় না; এবং শক্তি না থাকিলে সৃষ্টি কার্য্যে প্রয়েজনীয় বস্তু

শক্তিম কৈ তন্য শব্দ ব্যাকরণ শুদ্ধ হয় কিন্তু সকলের বোধগমা হয় না বলিয় পৃথক পদ রাথাতে শতিংমান চৈতন্য শব্দ প্রয়োগ হইতেছে। এবং উভয় পদই ব্যবহার হইবেক।

সকল প্রাথ হওয়া যায় না। তদ্রুপ ইহার স্থিতি ও বি**নাশকালেও 'জ্ঞান** শক্তির আবশুক আছে। অতএব জগৎ পদার্থ বিনষ্ট হইলে পুনঃ পুনঃ স্ষ্ট্যাদি কার্য্য অনস্ত শক্তিমান চৈতন্য দারা হওয়াই দিদ্ধান্ত হইতেছে। এবং ঐ শক্তিমান চৈত্রন্য পদার্থ ই মুখ্য নিতা ও কল্মিন্কলেও তাঁহার উৎপত্তি বিনাশ হওয়ার সম্ভাবনা নাই। যদি তাঁহাকে জন্য পদার্থ বল তবে তাঁহার জনক কে ? অর্থাৎ জনক কেহ নাই। কেন না এই জগতের উৎপত্তি, স্থিতি, বিনাশ, অনন্ত শক্তিমান চৈতন্যম্বারা নির্বাহ হওয়াতে ইহার অতীত আর কোন পদার্থ থাকা অনুমান হয় না এবং অন্য কোন পদার্থের কল্পনা করারও প্রয়োজন দেখা যায় না। অতএব যেরূপ মূলের মূল নাই; তদ্ধপ জগৎকর্ত্তা শক্তিমান চৈতন্যই সকলের মূল, তাঁহার জনক নাই। তিনি নিমিত্ত ও সহকারী এবং উপাদান কারণ রূপে সর্বত্ত সকল করেতে ও সকল কার্য্যে লক্ষিত ও অলক্ষিত ভাবে আছেন; অর্থাৎ সচেতন বস্তুতে লক্ষিত ভাবে; ও অচেতন ধূলি কৰ্দম প্ৰভৃতিতে অলক্ষিত ভাবে আছেন। যদি বল যে ধূলি কর্দম প্রভৃতি অচেতন পদার্থে যে আছেন তাহার প্রমাণ কি ? তাহার প্রমাণ এই যে, অচেতন পদার্থ দারা নানাপ্রকার রোগ শান্তি হওয়াতে অমুমান হয় যে, তাহাতে শক্তিমান চৈতন্য পদার্থ আছে; নতুবা তদ্বারা অভিমত রোগ শান্তি হইবার সম্ভব ছিল না। অতএব এই সকল কারণে শক্তিযুক্ত চৈতন্যই তাহার স্বরূপ বলিয়া নির্দিষ্ট হইতেছে। এক্ষণে তাঁহার কার্যা কি তাহার মীমাংসা করা যাউক।

স্ষ্টি স্থিতি প্রলম্ন পরমেশবের নিতা সিদ্ধ কার্য্য; কেননা জগতের সম্দার বস্তু স্টি স্থিতি প্রলম্ন বিশিষ্ট দেখা যায়। অথচ তাহা কর্ত্তা ব্যতীত হয় না; এবং তাহার মূল কর্ত্তাও পরমেশব বটেন; স্থতরাং স্টি স্থিতি প্রলম্ন তাঁহারই কার্য্য হইতেছে। যদি বল তিনি কি জন্ম ঐ কার্য্য করেন? তাহাতে বক্তব্য এই যে, অনস্তু শক্তিমান চৈতন্ত পরমেশবের স্টি স্থিতি প্রলম্ন কার্য্যর কারণ নাই ইহা তাঁহার স্বভাবসিদ্ধ কার্য্য; অর্থাৎ তাঁহার প্রকৃতিই ঐ রূপ ্রলিতে হইবেক। বিশেষতঃ যিনি স্টি, স্থিতি, প্রলম্ম করেন তিনিই প্রমেশব্য। এবং পরমেশবের কার্যাই স্টি, স্থিতি, প্রলম্ম এইরূপ সাশ্রম সাপেক ভাব জগতের সহিত তাঁহার আছে। ফলতঃ তিনি

স্ট্যাদি কাঁহ্য না করিলে কেহ তাঁহাকে পরমেশ্ব বলিয়া জানিতে, ও তাঁহার স্বরূপ অবগত হইতে পারিত না; এবং তাঁহার স্বরূপ অবস্ত শক্তিন্মান চৈত্র না হইলে তিনি জগৎ কাহ্য করিতে পারিতেন না। এতাবতায় জগৎকর্ত্তা পরমেশ্ব ও তাঁহার কাহ্য এই জগৎ। তাঁহার শক্তি অবস্ত প্রযুক্ত অবস্ত কাহ্য ও অবস্ত পদার্থ প্রকাশ হইতেছে। শক্তি ব্যক্ত হইলে জগৎ ব্যক্ত হয়; শক্তি অব্যক্ত হইলে জগৎ কাহ্য রহিত হইয়া প্রলয় অবস্থা হয়। অতএব যুক্তি অফুসারে জগৎ কর্তার নাম ধ্বরূপ ও কাহ্য এই পর্যান্ত মীমাংশা করা হইল। এই সকল বিষয় শাস্ত্রের সহিত ঐক্য আছে। বরং শাস্ত্রীয় যুক্তি অফুসারে আরও পরিকাররূপে মীমাংশা করা যাইবেক। তরিমিত্ত শাস্ত্র কি ও কোথা হইতে তাহার উৎপত্তি হইয়াছে তাহা নির্ণয় করা আবশ্রক।

#### সপ্তম অধ্যায়।

#### শাস্ত্র কি ও তাহা কোথা হইতে প্রকাশ হইয়াছে, তাহার নির্ণয়।

পরমেশ্বর আছেন ও তিনি স্টি, স্থিতি, প্রশাষ করেন তাহা অনুমান প্রমাণকে অবলম্বন করিয়া ন্থায় যুক্তি অনুসারে তাহার মীমাংসা করা হই-মাছে। এক্ষণে শাস্ত্র যে ইহার প্রত্যক্ষ মূলক প্রমাণ তাহা নির্ণয় করা যাইতেছে। শাস্ত্র সকল, জগৎকর্তার-হারা এবং ভাঁহার অভিপ্রায় মতে প্রকাশ হইরাছে, তাহা শাস্ত্র ও যুক্তি হারা সিদ্ধান্ত হইতেছে। যথা প্রথমতঃ বেদ, অগ্রে স্টিকর্ত্তা ব্রহ্মার হৃদয়ে প্রকাশ হইয়াছিল। তৎপরে বেদশক হারা তাবৎ বস্তর নাম রূপ ও কর্ম্ম সকল জ্ঞাত হইয়া ঐ প্রজাপতি ব্রহ্মা এই জগৎ রচনা করেন\*। তৎপরে ব্রহ্মা, ঋষিদিগকে বেদ অধ্যয়ন করাইয়াছিলেন। এবং শত সহস্র অধ্যায় সংযুক্ত একথানি গ্রন্থ প্রস্তুত পূর্কক.

<sup>°</sup> মতুর ১ম অধ্যায়ের ২১ লোক া

মন্থকে পড়াইয়াছিলেন; এবং মন্থ তাহা প্রজাপতিদিগকে অধ্যয়ন করাইয়াছিলেন; পরে ভ্তু ঐ গ্রন্থ সংক্ষেপ করিয়া ঋষিদিগকে উপদেশ দেন; এবং অন্থান্ত ঋষিরা বেদ হইতে, এবং ব্রহ্মার রুত ঐ গ্রন্থ হইতে সংক্ষেপ এবং সহজ করিয়া নানা গ্রন্থ প্রস্তুত করেন। এই সকল বিষয় মন্থ ও মহাভারতে আছে। শাস্ত্রে মীমাংসা করা হইয়াছে যে, সনাতন বেদ গৌণ নিতা, এবং অপৌরুষের তাহা অন্ত কাহার ঘারা রিচিত হয় নাই, কেবল ঈশর হইতে নিশাদের ন্তায় প্রকাশ হইয়াছে ও তাহা প্রতিকল্পে সমানরূপে প্রকাশ হইয়া থাকে। ইহার তাৎপর্যা এই যে, ঈশরের স্কৃষ্টি, স্থিতি, প্রলম্ম, বিষয়ক সংকর্মই বেদ। কেননা স্কৃষ্টি কি প্রণালীতে হইবেক, এবং স্কৃষ্টি কার্য্যে কি কি দ্রব্য ও ভাবের প্রয়োজন, এবং কিরপে স্থিতি হইবেক ও প্রজারা কি প্রকার আচরণ করিবেক, ও তাহাদিগের ধর্মাধর্ম প্রভৃতির নিয়ম কি হই-বেক, এবং কতকাল ইহার স্থিতি হইবেক, এবং প্রলম্মের প্রণালী কি ইত্যাদি সমুদায় ব্যাপার চিস্তা না করিয়া সৃষ্টি করা হইতে পারে না।

এইজন্ত পরমেশ্বর অগ্রে এই সকল বিষয় চিন্তা করিয়া পরে স্থান্ট করিয়াছেন। যদাপি বেদ শব্দের অর্থ জ্ঞানের করণ; কিন্তু এ স্থলে কিঞ্জিৎ লাক্ষণিক অর্থ করিতে হইবেক অর্থাৎ স্থান্ট, স্থিতি, প্রালম, বিষয়ক নিয়ম রূপ সংকল নির্ণায়ক জ্ঞানের করণকে বেদ বলা যায়। নতুবা অন্ত কোন জ্ঞানের করণ হইতে পারে না। এই বেদ হইতে মহাদি শাস্ত্র সকল প্রচাব হইয়াছে। বেদ ভিন্ন কোন কার্যাই হইবার সম্ভব ছিল না। ইহা প্রথমতঃ দৃষ্টান্ত ঘাবা মীমাংসা হইতেছে যে; সামান্ত মনুষ্য সকলে যে সকল কর্মাকরে, তাহার নির্মাহ বিষয়ক চিন্তা অত্যে না করিয়া কোন কার্যাই করিতে পারে না। যদি বল নে, ঈশ্বর সকলের শ্রেষ্ঠ তিনি অত্যে সংকল্প না করিয়াও স্থান্ট, স্থিতি, প্রলয়, সমাধা করিতে পাবেন, তাঁহার বেদ করিবার প্রয়োজন কি। ইহা হইলে উন্মন্তের প্রলাপের ন্তায় হইয়া পড়ে; কেননা কার্যাের স্থেশ্বালা কোন মতেই হইতে পারে না। হয় ত স্থান্ট করিত হইতে হইতেই প্রলয় উপস্থিত হইতে পারে; এজন্ত সংকল্প পূর্বাক কার্যা করাই সম্ভব।\* যদি বলা যায় যে, প্রচলিত বেদ ও মহাদি শাস্ত্র সকল

<sup>॰</sup> দৃষ্টান্ত কুক্ত বন্তার সহিত বৃহদ্বন্তর হইয়া থাকে।

যে ঈশবের সংকল্পরপ বেদ হইতে প্রকাশ হইয়াছে তাহার প্রমাণ কি। তাহার প্রমাণ এই যে, বেদ ও শাস্ত্র সকল আদিম পুরুষের সময় হইতে ক্রমাগত ধার। বাহিকরূপে চলিয়া আদিতেছে এবং এই সকল শাস্ত্রকে ধর্ম শাস্ত্র বলিয়া মান্ত করা হইয়াছে; ও ইহা যে কতকাল হইতে চলিয়া আসি-তেছে তাহার আর সংখ্যা নাই। এতদ্বিষয়ে অনেক দেশীয় পণ্ডিতেরা অনুসদ্ধান করিয়াও জানিতে পারেন নাই যে বেদ ও মহাদি ধর্ম শাস্ত্র কোন্ সময়ে প্রস্তুত হইয়াছে। তবে অনুমান কণি বা যিনি যাহা লিখুন না কেন তাহা কর্মণ্য নহে। কারণ আদিশাস্ত্র আর কিছুই দেখা যায় না কেবল বেদই আদি শাস্ত্র। তদনন্তর ম্বাদি শাস্ত্র প্রকাশ হইরাছে; ঐ ম্বাদি শাস্ত্রে বেদের উল্লেখ আছে এবং তদনস্তর যে সকল শাস্ত্র প্রকাশ হইয়াছে তাহা-তেও বেদ ও মহুর কথা আছে। ইহার দ্বারা নির্ণয় হয় যে বেদের পূর্বে আর কোন শাস্ত্র প্রচলিত ছিল না; ও প্রথম ধর্মশাস্ত্র মতুর গ্রন্থ যাহা ত্রহ্মার কৃত গ্রন্থ হইতে প্রকাশ হইয়াছে। ইহার রচনা দর্শনে ঐ সকল শাস্ত্র আদি শাস্ত্র বলিয়া প্রতিপন্ন হইতেছে। বিশেষতঃ ঈশ্বরের সাকার মৃতি্∗ ত্রনা আদি প্রজাপতি; তাহা হইতে বিরাট, বিরাট হইতে মন্তু ও তদনস্তর মন্তু হইতে মানব আদি স্থল সৃষ্টি সকল প্রকাশ হইয়াছে। ইহাতে একা ও মনু দারা বেদ, ধর্মশান্ত্র সকল প্রকাশ হওয়াই নিতান্ত সম্ভব। ঐ বেদ, ও ধর্ম-শাস্ত হইতে বিভাগ মতে নানা ঋষি দারা নানা শাস্ত্র যে প্রচার হইয়াছে তাহা বেদের অর্থ প্রকাশক মাত্র। ইহার আরো তাৎপর্য্য এই যে ঈশ্বর যথন প্রজা স্থষ্ট করিলেন তথন প্রজাদিগের ধর্মাধর্ম আচার ব্যবহার রাজনীতি এবং আতাত ব্যাপার সাধন জত্ত ব্যবস্থা প্রণয়ন করা নিতান্ত সম্ভব। থেমন রাজার ব্যবস্থানা থাকিলে প্রজা সঁকল স্বেচ্ছাচারী হইরা বিনষ্ট হইতে থাকে, তজ্ঞপ দয়ালু ঈশ্বর প্রজা শাসনের নিমিত্ত স্বীয় অভি-প্রায়ানুরূপ কার্য্য চলিবার জন্ম অবশ্রুই ব্যবস্থা-প্রকাশ করা সম্ভব। নতুবা প্রজাদিগের পাপ পুণ্য বোধ হইতে পারে না; এই বিষয় পশ্চাৎ আরও প্রকাশ করা যাইবেক। এক্ষণে দিদ্ধান্ত হইতেছে যে শাস্ত্রেব লিখিত 'বিষয়

 <sup>\*</sup> ঈশ্বর সাকার হইর।ই সাকারের স্ষ্টি করা সম্ভব এবং কাষ্য কারণ দর্শন তাহাই সিদ্ধান্ত
হইতে থারে কেননা সাকার জগৎ, সাকাব হইতে হইয়াছে বলিতে হইবেক।

সকল সত্য যেহেতু যাঁহারা শাস্ত্র প্রচলিত করিয়াছিলেন তাঁহাদিগের মিথ্যা কথা লেখারও কোন কারণ দৃষ্ট হয় না; কেননা তাঁহারা সামান্ত লোকের স্থায় লোভী ছিলেন না বিশেষতঃ শাস্ত্র সকল পূর্বকাল হইতে ধারাবাহিক রূপে অবিরোধে চলিয়া আসিতেছে এবং উহার রচনাতেও পক্ষপাতের লেশ মাত্রও নাই। বরং পুরাণে বেদব্যাদের স্থীয় জন্ম বৃত্তান্ত স্বয়ং লেখায় তদ্দনি তাহা বিশেষরূপে প্রতীতি হইতেছে।

আরো দেখা যায় যে, পুরাণাদি শাস্ত্রে কলির যে অবস্থা ভবিষ্যৎ উক্তিতে লেখা আছে তাহাই ঘটিয়াছে ইহা দারা বোধ হয় যে বাঁহারা শাস্ত্র প্রচার করিয়াছিলেন, তাঁহার। সামান্ত মনুষ্য নহেন। তাঁহার। ঈশ্বরের নিয়মানুসারে লোক শিক্ষার্থে শাস্ত্র প্রচার করিবার নিমিত্তই দেহ ধারণ করিয়াছিলেল। তৰ্জ্জন্ত শাস্ত্ৰ প্ৰকাশক ঋষিদিগের গ্ৰন্থই শাস্ত্ৰ বলিয়া মান্য হইয়া আসিতেছে। অক্তান্ত ব্যক্তিদিগের ক্বত গ্রন্থ কথনই শাস্ত্র বলিয়া মান্ত হইতে দেখা যায় না। কেন না ত্রিকালজ্ঞ ঋষি ব্যতীত ঈশ্বরের অভিপ্রায় জ্ঞান্ত লোকের জানিবার ও তদ্বারা ধর্মাধর্মের নিয়ম সংস্থাপন করিবার সম্ভব নহে। তবে শাস্ত্রসকল নানাপ্রকার হওয়াতে অনেকে বলেন যে ইহা ঈশ্বরের অভিপ্রায়ামুরূপ নহে। তাহা বলিতে পার না, কেন না জগতে বছতর লোক সমাজের বহু ব্যাপার নির্বাহ জন্য ও লোকের অজ্ঞতা দূর করিবার নিমিত্তে ঐশ্বরিক নিয়মানুসারে ক্রমশঃ নানা শাস্ত্র প্রচার হইয়াছে। কিন্তু তাৎপর্য্য এই যে, সকল শাস্ত্রেই ঈশ্বর তত্ত্ব নির্ণয় ও সৃষ্টি, স্থিতি, প্রেলয় মীমাংসা এবং ধর্মাধর্ম্মের ব্যবস্থা ও সৎকর্ম এবং কুকর্ম্মের ফল সকল প্রাপ্তিবিষয়ক মীমাংসা করা হইয়াছে; যদিও শাস্ত্র অনন্ত তপাপি প্রচলিত কত শাস্ত্র আছে ও তাহার মধ্যে যাহাতে যে বিষয় মীমাংসা করা হইয়াছে, তাহার সংখ্যা যত দূর জানিতে পারিয়াছি তাহা প্রকাশ করিতৈছি।

# অফ্টম অধ্যায়।

#### শাস্ত্র কত প্রকার।

শাস্ত্র কত প্রকার তাহা প্রথমতঃ সংক্ষেপে ও পরে বিস্তারিত রূপে লেখা যাইবেক। বেদ চারি প্রকাব ঋক্, যজুঃ, সাম, অথর্ম। বেদাঙ্গ ছয়, শিক্ষা, কয়, বাাকরণ, নিরুক্ত, ছল্দ এবং জ্যোতিষ। বেদের উপাঙ্গ চারি, পুরাণ, কায়, মীমাংসা, ধর্মশাস্ত্র স্থৃতি। এবং ইহাব অন্তর্ভূত অক্যান্ত্র শাস্ত্র। প্রাণের অন্তর্ভূত উপপুরাণ; স্থায়ের অন্তর্ভূত বৈশেষিক; মীমাংসা মধ্যে বেদান্তা। ধর্মশাস্ত্র মধ্যে মহাভারত, রামায়ণ, সাংখ্য, পাতঞ্জল, পাশুপত; ও বৈশুব শাস্ত্র আদি এই সম্বায় চতুর্দশ বিদ্যা। আর উপবেদ চারি প্রকার;—আয়ুর্কেদ, ধমুর্কেদ, গান্ধক্রবেদ, এবং অর্থ শাস্ত্র। এই চারি একত্র করিলে, অষ্টাদশ বিদ্যা হয়; তিদ্ধি তন্ত্রশাস্ত্র। শাস্তের এই সংক্ষেপ বিবরণ। ইহার বিস্তার এই।

বেদশাক্ত সকলের মূল। তাহা স্পষ্টরূপে জানিবার জন্ম ভগবনারায়ণের জংশাবতার বেদবাস ঋষি তাহা প্রথমতঃ তুই ভাগে বিভক্ত করিয়াছিলেন এক ভাগ মন্ত্র, অপর ভাগ রাহ্মণ। মন্ত্র চারি ভাগে বিভক্ত অর্থাৎ ঋক্, যজুঃ, সাম, অর্থর্ক, যে সকল মন্ত্র শ্লোকবৎ পাদবন্ধ এবং ছন্দো বিশিষ্ট, তাহাকে শক্ বলে। ও যে ভাগ স্বরাদি সংযোগে গীতি বিশিষ্ট, তাহাকে সাম বলে । এবং যাহা ছন্দোবিশিষ্ট পাদবন্ধ অথবা স্বরাদি সংযুক্ত গীতি-বিশিষ্ট নহে তাহাকে যজুর্কেদ বলে। অর্থর্ক বেদ কেবল শান্তিক পোষ্টিক অভিচারিক কার্য্যে প্রতিপন্ন হয়। ব্রাহ্মণ ভাগ তিন অংশে বিভক্ত। বিধি, অর্থবাদ, বেদাস্তঃ। বিধি চারি প্রকার ভাগ তিন অংশে বিভক্ত। বিধি, অর্থবাদ, বেদাস্তঃ। বিধি চারি প্রকার ভাগ তিন অংশে বিভক্ত। বিধি, অর্থবাদ, বেদাস্তঃ। বিধি চারি প্রকার হ্মণ বোধক বাকা,। যে কর্ম্মে যাহার অধিকার আছে তন্ধোধককে অধিকার বিধি বলে নাম প্রয়োগ বিধি যাগাদির কল সমন্ধ বাকা। এবং উক্ত বিধির ঐক্যের নাম প্রয়োগ বিধি।

অর্থবাদ তিন প্রকার। গুণবাদ, সহারদে, প্তার্থবাদ। যাহাতে অভ্ত প্রমাণের বিক্ষন অর্থ হয় তাহার নাম গুণবাদ। যাহা অভ্ত প্রমাণ দারা প্রাপ্ত অর্থবাধক হয় তাহার নাম অনুবাদ। ও যাহাতে এই উভয় ব্যাপার নাই তাহার নাম ভূতার্থবাদ।

বেদান্তকে উপনিষদ বলে, ইহা কেবল প্রব্রহ্মের প্রতিপাদক। অর্থাৎ ব্রহ্ম কি তাহা নির্ণয়। কেহ কেহ ইংলকে বিধি ও অর্থবাদ বলিয়া থাকেন। উক্ত মন্ত্র ও ব্রাহ্মণ এই চুই ভাগ দ্বারা কর্ম্মকাণ্ড ও ব্রহ্মকাণ্ড নির্ণয় হই-য়াছে। কর্ম্মকাণ্ড ধর্মার্থকামের সাধন। ও ব্রহ্মকাণ্ড মোক্ষ সাধন ব্লিয়া নির্ণয় আছে।

বেদাঙ্গ, শিক্ষা শাস্ত্র দারা উদাত্ত অন্তুদাত স্বর অর্থাৎ হ্রস্ব দীর্ঘ ও প্লুৎ বিশিষ্ট স্বর ও ব্যঙ্গনের স্বরূপ বর্ণ সকলের উচ্চারণের জ্ঞান হয়।

কল্পাস্ত দারা বৈদিক কর্মের অষ্ঠানের বিশেষ বিশেষ ক্রম জ্ঞান হয়।
মহেশ প্রণীত সাহেশ; এবং ঋষি প্রণীত পাণিনি ব্যাকরণ ইহা দারা
বৈদিক পদের সাধুত্ব অসাধুত্ব অর্থাৎ শুদ্ধি অশুদ্ধির জ্ঞান হয়। উপরি উক্ত ব্যাকরণ দ্বয় হইতে কলাপ, স্থপদ্ম, মুগ্ধবোধ, সারস্বত প্রভৃতি অনেক ব্যাকরণ পরে প্রচলিত হইয়াছে।

ভগবান যাস্ক ঋষি নিরুক্ত শাস্ত্র প্রণয়ন করিয়াছেন; ইহাতে বৈদিক মস্ত্র ও পদের অর্থ নিরূপণ করা হইয়াছে।

বিবৃত্তি ছন্দো নামে ছন্দো গ্রন্থ পিঙ্গল ঋষি প্রস্তুত করেন; ইহাতে বেদ মন্ত্রের ছন্দো নিরুপণ আছে।

আদিতা ও গর্গ প্রভৃতি ঋষিগণ জ্যোতিষ শাস্ত্র প্রণয়ন করেন। ইহাতে বেদোক্ত কর্মের শুভাশুর্ভ সময় নিরপণ, ও লোকের অদ্টাধীন ভূত, ভবিষাৎ, বর্ত্তমান, কালে শুভাশুভ জানিবার, এবং তিথি, নক্ষত্র, বার, যোগাদি, ও রাশিতক, এবং চক্ত, স্ব্য গ্রহণ প্রভৃতি জানিবার উপায়; এবং ঈশ্বর নিরপণ করিবার, ও নানা কার্যা ও ব্যবহার করিবার উপায় বিধান আছে। বেদের উপাক্ষ চারি প্রকারের মধ্যে পুরাণ শাস্ত্র অন্টাদশ প্রকার; ভর্মবান্ বেদব্যান ঋষ্ যে সকল পুরাণ প্রণয়ন করেন; তাহা, আগ্রেয়, ভবিষা, ত্রহ্মবৈর্ভ, লৈক্ষ, বরাহ, হৃদ্ধ, বামন, কৌর্ম, মাৎশু, গাক্কড়, ত্রহ্মাও,

ব্রহ্ম, পদ্ম, বিষ্ণু, শিব, ভাগবত,\* নারদীয়, মার্কণ্ডেয় নামে খ্যাত।
এতত্তির প্রচলিত বিংশতি উপপুবাণ আছে। যথা, সানৎকুমার, নারসিংহ,
নান্দা, শিবধর্মা, দৌর্কাস, নারদীয়, কাপিল, মানব, ঔশনস, ব্রহ্মাণ্ড, বারুণ,
কালী, বাশিষ্ঠ, লৈঙ্গ, মাহেশ্বর, সাম্ব, সৌব, পরাশর, মাবীচ, ভার্গব;
এতত্তির কল্পি, দেবীপুরাণ প্রভৃতি অনেক আছে।† পুরাণ শাস্তে প্রধানতঃ সৃষ্টি, অবান্তর সৃষ্টি, মন্তর্ম।

রাজাদির বংশি ও তাহারদিগেরে চরিত্র, এই পাঁচটি বর্ণিতি আছে। তিঙ্গি ইহাতে কর্মাকাণ্ড ও পূজা এবং ব্রহ নিয়মাদি, ও ঈখারে ভক্তি ও জ্ঞান ম্কি প্রভৃতি বহুত্র উপদেশিও আছে।

ভাষশাস্ত্র, ইহার নামান্তর আলীক্ষিকী। ইহা গোতম ঋষি এণীত; ইহাতে প্রমাণ, প্রমেয়, ইত্যাদি ষোড়শ পদার্থের তত্ত্ব নিশ্চয় হইলে মুক্তি হইবার কণা লেখা আছে। বৈশেষিক ইহার অন্তর্গত, ইহাতে দ্রবাপ্তণ প্রভৃতি ষট্ পদার্থ নিশ্চয়ে ঈশ্বর তত্ত্ব নিশ্চয় ও মুক্তিলাভ হইবার বিধান কণাদঋষি করিয়াছেন।

মীমাংসা ছই প্রকার। কর্ম মীমাংসা ও ব্রহ্ম মীমাংসা। জৈনিনি ঋষি কর্ম মীমাংসা ও সংকর্মণ কাও ও দেবতা কাও নামে তিনথানি গ্রন্থ প্রস্তুত করেন। এবং ব্রহ্ম মীমাংসা, অর্থাৎ বেদান্ত দর্শন, বেদব্যাস প্রণীত। ইহা চারি অধ্যায়। জীব ব্রহ্মের ঐক্য, প্রারন্ধ নির্ণয়, ব্রহ্মজ্ঞানের সাধন; সগুণ নিপ্রণ ব্রহ্মজ্ঞানের ফল নির্ণয়। সাজ্ঞাশান্ত কপিলদেব প্রণান করেন। ইহা ছয় অধ্যাযে বিভক্ত। বিষয় নির্পণ প্রকৃতির কার্য্য, বৈরাগ্য, উপদেশ, পরোক্ষ নির্ণয়, এবং এই সমস্ত বিষয়ে সারার্থ বিষয়ক উপসংহার।

পতঞ্জীল ঋষি প্রণীত যোগশাস্ত্র ইহা চতুম্পাদে সংস্থাপিত হয়। প্রথম সমাধি অভ্যাস, ও বিষয় বৈরাগোল ক'শা নিরপণ। দ্বিতীয়ে, যম, নিরম, আসন, প্রাণায়াম, প্রত্যাহাব, ধ্যান, ধারণা, স্বিকম্পক, ও নির্বিকম্পক,

<sup>়</sup> শ মহাভাগৰত, শীনভাগৰত, এবং দেবী ভাগৰত, এই তিন ভাগৰত লইণা কিছু বিরোধ আছে। ফলত: মহাভাগৰত এই অষ্টাদশ পুরাণেৰ অন্তৰ্গত বলিয়া বোধ হয়; কেননা তাহাতে লেখা ড়াছে যে সপ্তদশ পুরাণিস্তে ঐ গ্রন্থ প্রস্তুত হইয়াছে।

লেখা আছে যে সপ্তদশ পুরাণাস্তে ঐ গ্রন্থ প্রপ্ত হইয়াছে।

† পুশুভৃতির মধ্যে দাম্ব, পাল্ল, বায়বায়, বৃহান্ধনিকেম্বর, বৃহত্কুর্ম পুরাণ প্রভৃতি আছে। উপ
পুবাণের দুংখ্যা গণনায় নাুনাভিরেক কান্তে। অনুনানে প্রায় সকলই লেখা হইয়াছে।

সমাধি প্রভৃতি অষ্টাঙ্গ নোগ নিরূপণ। ভৃতীয়ে, যোগ বিভৃতি বর্ণন i চতুর্থে কৈবল্য মুক্তি নিরূপণ।

পাশুপত শাস্ত্র'নহাদেবের'ক্ত; এই গ্রন্থে পাঁচ অধ্যায় আছে কার্য্যরূপী জীব পশু, ও ঈশ্বর রূপ পতিতে চিত্ত সমাধান, ত্রৈকালিক স্নানদি বিধি নিরূপণ, হঃথ, ও হঃথের অন্তমোক্ষরপ প্রয়োজন।

বৈষ্ণব শাস্ত্র নারদ।দি ঋষি প্রণীত। ইহাতে বাঞ্চদেব, সন্ধর্ষণ, প্রায়া, অনিক্রদ্ধ, অর্থাৎ পরমাত্মা ও জীবাত্মা এবং মন ও অহঙ্কার এই চারিরূপে মুর্ত্তি চতুষ্টরে ভগবানের আরাধনায় মুক্তিলাভ হয়।

ধর্মণাস্ত্র স্থৃতি। মহু, অত্রি, বিষ্ণু, হারীত, যাজ্ঞবন্ধ্যা, উপনাঃ, অন্ধিরা, যম, আপত্তম্ব, সম্বর্ত্ত, কাল্যায়ন, বৃহস্পতি, পরাশর, ব্যাস, শঙ্কা, লিথিত, দক্ষ, গৌতম, শাতাতপ, বশিষ্ঠ, কশুপ, গার্গ, প্রেচেতা, মরীচি, পুলস্ত্যা ভৃত্ত, নারদ, বিশ্বামিত্র, দেবল, ঋষাশৃঙ্কা, গার্গ, বৌধায়ন, পৈঠীনসি, জাবালি, হ্মমন্ত, পারস্কর, লোকাক্ষা, কুথুমি, অগ্রি. চ্যবন, ছাগলেয়, যাতুকরণ, পিতামহ, প্রজাপতি, বুধ, শাতায়ন, সোম, ধৌম্য, আখলায়ন, দত্ত, ভাত্তরি, কাফাজিনি, এই সকল ঋষিগণ ধর্মশাস্ত্রের সংহিতা প্রস্তুত করিয়াছেন। ইহাতে কাহার কাহার, বৃদ্ধ, লঘু, বৃহৎ, নামে তিন তিন সংহিতা আছে। যথা বৃদ্ধ মহু, ও বৃহ্মানু, ও লঘু মহু।\*

এত জিন ধর্মশান্তে আরও অনেক আছে, তাহা রঘুনন্দন স্মার্ত ভট্টাচার্য্যের সংগ্রহ; অষ্টাবিংশতি তত্ত্ব দর্শনে জানা যায়, অর্থাৎ নাড়ীজজ্ঞা,
গোভিল, স্ত্র ইত্যাদি অনেক আছে কিন্তু তৎসমন্ত সংহিতা নামে খ্যাত
কিনা জানিতে পারি নাই। এত জিন বাল্মীকি ঋষি প্রাণীত রামায়ণ ও
অধ্যাত্ম রামায়ণ ও মহাভারত ও যোগবাশিষ্ঠ প্রভৃতি অনেক শাস্ত্র ও
ধর্মশাস্ত্র মধ্যে পরিগণিত হইয়াছে।

উপবেদের মধ্যে, প্রথম আয়ুর্কেদের অষ্টস্থান। স্থা, শারীর, ঐক্রিয়, চিকিৎসা, নিদান, বিমান, বিকল্প, সিদ্ধি। ব্রহ্মা প্রজাপতি আহিনীকুমার, ধহস্তবি, ইক্র, ভরদাজ, আত্রেয়, অগ্নিবেশ্য এই অষ্ট ঋষি, চরককে এই

সংখ্যা গণনা সংহিতাতে ন্যুনাতিরেক আছে তাহার ঐক্য করিয়া ছিক্লজিভাগ ভ্যাপ
করিয়া অতিরিক লওয়া হইল।

আই স্থানের উপদেশ দেন। চরক ঋষি সংক্ষেপ করিয়া চরক নামে এক গ্রন্থ প্রস্তুত করেন। পূর্বেব লা হইয়াছে যে ব্রহ্মা লক্ষ অধ্যায় যুক্ত যে গ্রন্থ প্রস্তুত করেন তাহা আবার তিনিই সংক্ষিপ্ত করেন। ঐ গ্রন্থ হইতে ধরস্তরির উপদেশ মতে স্মশ্রত নিজ নামে স্মশ্রত নামক এক গ্রন্থ প্রস্তুত করেন। তাহাতে ১ শল্যতন্ত্র।২ সালোক্য। ৩ কায়চিকিৎসা। ৪ ভূত-বিদ্যা। কোমারভত্য অথাৎ বাল্য চিকিৎসা। অগদতন্ত্র, সর্প বিষাদি চিকিৎসা; রসায়নতন্ত্র অর্থাৎ আয়ুর দ্ধি ও বলকরাদি, রাসায়নিক। বাজী-করণু তন্ত্র শুক্র, বল, পুষ্টি, করণাদি ব্যাপার; এই সকল বিষয় মীমাংসা আছে। এই হুই গ্রন্থ এবং অক্তাক্ত গ্রন্থের সার সঙ্কলন রূপে ৫ বাভট্ট একখানি গ্রন্থ প্রস্তুত করেন তাহার নাম বাভট। এবং চিকিৎসা শাস্তের অন্তর্গত কামশাস্ত্র নামে একথানি গ্রন্থ বাৎস্যায়ন ঋষি প্রস্তুত করেন। ইহাতে বৈরাগ্য উৎপাদনের উপায় নিরূপণ আছে; এই সকল শাস্তের প্রধান উদ্দেশ্য রোগ ও তাহার কারণ এবং রোগ নিবৃত্তিব উপায় পরি-জ্ঞান। দ্বিতীয় উপবেদ, ধতুর্বেদ। ইহা বিশ্বামিত ঋষি প্রণয়ন করেন। এই শাস্ত্র চারিপাদে বিভক্ত। দীক্ষাপাদ, সংগ্রহ, দিদ্ধি, ও প্রয়োগ; প্রথম পানে দীক্ষাপাদ অস্ত্রের লক্ষণ, ও অধিকারী নির্ণদ্ধ, অস্ত্র চারিভাগে বিভক্ত: मुक वर्शा ठकानि, व्यमुक वर्शा थड़नानि, मुकामुक वर्शा मनानि; যন্ত্রমূক্ত অর্থ ৎ শরাদি; দিতীয় সর্বপ্রকার শস্ত্র সংগ্রহ, ও তদিলায় পার-দুর্শী গুরুর লক্ষণ। এবং শস্ত্র গ্রহণের প্রকার নির্ণয়। তৃতীয় পাদে শস্ত্র অভ্যাদ প্রভৃতি কার্য্য নির্ণয়। চতুর্থ পাদে দৈব অন্ত্রের প্রয়োগ বিবরণ। এই শাস্ত্র দারা ক্ষত্রির জাতির রাজ্য বিষয়ক প্রজাপালনাদি ধর্ম সকল নিরূপণ হুইয়াছে। তৃতীয় উপবেদ গন্ধর্কবেদ, ভরত ঋষি এই শাস্ত্র প্রণায়ন করেন; ইনি শিবের শিষ্য ও তাঁহার নিকট অধ্যয়ন করিয়া গ্রন্থ প্রস্তুত করেন। ইহাতে নৃত্য, গীত, বাদ্য, শিক্ষার উপায়বিধান আছে। ইহা দারা দেবতা আরাধনা ও সমাধি দিদ্ধি হইতে পারে। নারদ প্রভৃতি

১ অক্ত চিকিৎসা। ২ উদ্ধানীরগত রোগ।

৩ জরাদি রোগ চিকিৎসা। ৪ দেব, গন্ধর্ব, যক্ষ, রঞ্চ, পিশালাদি উপশমনার্থে শান্তি।

৫ বাভট ঋষি নহে ও শান্ত্ৰকৰ্তা নহে।

অনেক ঋষি সংগীত শাস্ত্র প্রণয়ন করিয়াছেনে; সংগীত শাস্ত্র যেমন প্রমার্থিকি উপকারজনক তদ্রপ ব্যবহারেও অতি মনোহর পদার্থ।

চতুর্থ উপবাদ অর্থশাস্ত্র; ইহা বিবিধপ্রকার, যথা নীতিশাস্ত্র, অখশাস্ত্র, শিরশাস্ত্র, স্পকার-পাকশাস্ত্র, এবং চতুঃষ্ঠি কলাশাস্ত্র। এই সকল শাস্ত্র নানা ঋষিগণ প্রস্তুত করেন। ইহাতে লৌকিক প্রয়োজন সকল সিদ্ধ হয়।

তন্ত্র শাস্ত্র সকল, শিবের কৃত ইহাকে আগম শাস্ত্রও বলে। ইহা বছ সংখ্যক যথা। সিদ্ধীশ্ব মহাতন্ত্র, কালীতন্ত্র, কুলার্ণব, জ্ঞানার্ণব, নীলতন্ত্র, ফৈৎকারী, দেব্যাগম, উত্তরাখ্য, শ্রীক্রম, সিদ্ধিযামল, মৎশ্রস্থক, সিদ্ধিসার, সিদ্ধিসারস্বত, বারাহী, যোগিনী, গণেশমদিনী, নিত্যাতন্ত্র, শিবাগমতন্ত্র, চামুভাখ্য, মুভামালা, হংসমাহেশবতন্ত্র, নিরুত্তর, কুলপ্রকাশক, কল্ল, গান্ধ-र्वक, जि बामाब, निवसाथा, मत्यादन उद्धवाक, निन गथा, वाधा उस, मानिनी, क्रक्यामल, तुर् शक्तिम, गवाक, स्कूमूनिमी, विश्वत्वत, मालिमी विजय. সময়াচারতন্ত্র, ভৈরবী, যোগিনীহৃদয়, ভৈরব, সনৎকুমার, যোগি, নব-রত্নেশ্বর, কুলচ্ডামণি, ভাবচ্ডামণি, কামাথ্যা, কামধেরু, কুমারী, ভূতভামর, मानिनीविजय, यानन, बच्चयामन, विश्वनात महाज्य, महाकान, कुनामुछ, कूरलाज्डीम, कुलिका, मञ्जिष्ठामनि, निर्वान, महानिर्वान, महिषमिनी, काळाछिनी, कश्रालमालिनी, कालोक्लम अंश्र ब्यु, कालोविलामालि ब्यु, महा-চীনাদি তন্ত্র; এতন্তির যামল, ও ডামর ঐশ্বরকল্প, মুক্তকাখ্য, প্রপঞ্চ, সারদা, নারদ, মহার্ণব, কপিল, যোগকল্প. কপিঞ্জল, অমৃত, শুদ্ধিবীর, সিদ্ধসম্বরণ। ইচা সমস্ত তন্ত্র শাস্ত্র মধ্যে পরিগণিত। আর ঋষিদিগের ক্বত উপতন্ত্র, যথা— বশিষ্ঠ, কপিল, নারদ, গর্গ, পুলস্ত্য, ভার্গব, সিদ্ধ, যাজ্ঞবল্ক্য, ভৃগু, ওক্র, বৃহ-ম্পতি, প্রভৃতির অনেক গ্রন্থ আছে। তন্ত্রশাস্ত্র যে আবও কত আছে তাহা স্থা। করা যায় না। ভগবান ভবানীপতি বেদকে শকান্তর দ্বারা তর শাস্ত রূপে প্রস্তুত করিয়াছেন। নিগম বেদকে বলা যায়। এবং ভগবতী মহা-দেবকে যাহা বলেন. তাহাকেও নিগম শাস্ত্র বলে। এতদ্ভিন্ন সংগ্রহকার দিগের গ্রন্থে আরও কত শাস্ত্রের কথা ও নাম উল্লেখ আছে তাহার সংখ্যা নিরূপণ করা যাইতে পারে না। বিশেষতঃ মাদৃশ ক্ষুদ্র ব্যক্তির

দারা কোঁন ক্রমেট হয় না । ভবে অনুসন্ধান করতঃ নানা গ্রন্থ হটতে যে পর্যান্ত প্রাপ্ত ইয়াছি তাহা লিপি করিলাম। ফলতঃ শাস্ত্র সকল অনন্ত, তাহার সীনা নাই। কারণ পরমেশর অনন্ত ও তাঁহার কার্যাও অনন্ত, এবং অনন্তপ্রকার; মনুষ্য অনন্তপ্রকার প্রবৃত্তি, ও অনন্ত আচার, অনন্ত ব্যবহার, অনন্ত দেশ অনন্ত বস্তু সকল স্ট হইয়াছে। ইহাতে জগৎসংসারের কোন বস্তুবই অন্ত জানা বায় না। তবে আমাদিগের প্রয়োজনীয় বিষয় জানা হইলেই যাছেই হইল, এ জন্ম সনাতন ধর্মের উপযোগী শাস্ত্র সকলের নাম প্রায় লেখা হইল। এতভিন্ন অন্ত দেশীয় শাস্ত্র, ও নান্তিকদিগের শাস্ত্র সকলের নাম ও কার্য্য সকল অপ্রয়োজনবিধায় অনুসন্ধান কবা হইল না। একণে শাস্ত্র সকল কোন সময়ে লিখিত হইয়াছে তাহা নির্গায় করা যাউক।

## নবম অধ্যায়।

### শাস্ত্র দকল কোন্ সময় লিখিত হয়, তাহার নির্ণয়।

পূর্ব্বেলা হইয়াছে যে, বেদ ব্রহ্মার মনে স্বয়ং প্রকাশিত হয়। তদনন্তর ব্রহ্মা, মন্থ ও প্রজাপতিগণকে উপদেশ দেন; তাঁহারা তদন্সারে স্প্টিকার্য্য সমাধা করেন। তদনন্তর ব্রহ্মা লক্ষ অধ্যায় যুক্ত একখানি গ্রন্থ প্রস্তুত্ব করেন। তৎপরে মন্থর গ্রন্থ প্রকাশ হয়; তদনন্তর অভ্যাভ্ত শাস্ত্র ও পুরাণ ও তর্ত্ব শাস্ত্র প্রকাশ হইয়াছে। এই সকল শাস্ত্র প্রোয় লিখিত ছিল না। কারণ ঋষিরা তেজন্বী ও যোগী ছিলেন। তাহাদিগ্রেব কণ্ঠন্ত ছিল। এজভ্ত বেদের নাম শ্রুতি প্রবাণ ছারা অধ্যয়ন হইত। এবং তৎপবে যে সকল স্মৃতি হইয়াছে তাহা স্মরণ অর্থাৎ বেদের বৃত্তান্ত স্মরণ পূর্বক গ্রন্থ প্রভ্ত হওয়াতে তাহার নাম স্মৃতি হইয়াছে। পুরাণ অর্থাৎ পুরাতন ঐতিহাসাত্মক গ্রন্থকে পুরাণ বলা যায়। এবং আগসম ভবিষ্যৎ ব্যাপার সঙ্কলন।

প্রাদ আছে যে এদেশ ঘননাধিকার হওয়াতে ঐ রাজারা অনেক পুস্তক দক্ষ করিয়া.
 তেপ্রারদিগেব শাল্তের অনেক নষ্ট করেন। পরে হিন্দুরা নানাস্থান হইতে সংগ্রহ করিয়াছেন কিন্তু সকল উদ্ধার হওরা অনুমান হয় না।

এই সমন্ত শাস্ত ও বেদান্ত সকল প্রশোত্তর ছলে বলা হইয়াছে। অতএব ঐ সকল গ্রন্থ যে রচনাকালে লিখিত বা মুদ্রান্ধিত হইয়াছিল, তাহা বোধ হয় না। তবে রাজকার্য্য প্রয়োজন জক্ত কোন কোন ব্যবহারিক বিষয় লেখা পড়া পূৰ্বে থাকা অহুমান হয় বটে; কিন্তু শ্ৰুতি স্থৃতি ইত্যাদি শাস্ত্ৰ কোন সময়ে লিখিত হইয়াছে, তাহা নিশ্চয় করা স্থকঠিন। তবে দাপর যগেব শেষে বেদব্যাস ঋষি বেদ বিভাগ করেন; এবং পুরাণ প্রস্তুত করেন। তৎপরে শাস্ত্র সকল লিথিত হওরা অনুমান হয়। কারণ কলিযুগের লোক সকল অল্লায় ও অল্ল বিদ্যা বৃদ্ধিমান হইবেক, তাহারা কণ্ঠস্থ রাথিতে পারিবেক না বিবেচনায় ঋষিগণ কর্ত্তক শাস্ত্র সকল লিখিত হইবার সম্ভব; কেননা কলিয়গের প্রাথমে রাজা জন্মেজয় সর্পক্ষয় যজ্ঞ করার পরে যে সময় নৈমিষারণাক্ষেত্রে সৌনকাদি যষ্টিসহস্র ঋষি ছাদশবার্ষিক যজ্ঞ করেন; তথনও মহাভারত ও পুবাণ সকল লিখিত হওয়া বোধ হয় না; কারণ তথনও প্রশোত্তর ছলে, জিজ্ঞাসা করায় পুরাণ প্রচার হইতেছে। ইহাতে তৎকাল পর্যান্ত শাস্ত্র সকল লিখিত না হওয়া সিদ্ধান্ত হইতেছে। যদিচ মহাভারতে আছে যে গণেশ মহাভারত লিপি করিয়াছিলেন কিন্তু তাহা দেবলোকে যাওয়ারই সন্তব; কেননা মহাভারতে লেখা আছে যে, যাইট লক্ষ শ্লোক মহাভারত গ্রন্থে রচিত হয়, তাহা স্থানে স্থানে যায় অর্থাৎ দেবলোকে ও নাগলোকে এবং অক্যান্ত ক'নে যায়। তক্রপ শাস্ত্রাস্করে আছে যে বেদের মন্ত্রভাগ ও তব্র শাস্ত্র গণেশ লিথিয়াছেন। ফলত: ঐ লিথিত গ্রন্থ মনুষ্য-লোকে থাকার কোন স্পষ্ট প্রমাণ পাওয়া যায় না। অপিচ স্মৃতি ও বেদান্তে এবং পুরাণের কতকাংশে ভবিষাৎ বাণী ও ভবিষাৎ আচরণ করিবার বিধি নিৰ্দিষ্ট আছে। এই সকল বিষয় বিশেষ বিবেচনা করিলে বৈাধ হয় যে সৌনকাদি ষষ্টি সহল ঋষিরা নৈমিষারণ্যে যজ্ঞকার্য্য সমাধা অন্তে পুরাণাদি শ্রবণ করত, দয়ার পরতন্ত্র হইয়া বহুতর শাস্ত্র লিপি করত স্বর্গারোহণ করিয়া ছিলেন। ইহার পূর্বের বেদাদি ধর্মশান্ত সকল সাধারণের গোচর ছিল না. এবং জনপ্রবাদও প্ররূপ আছে। স্থতরাং বছতর শাস্ত্র ঐ সময়ে লিখিত ছওয়াই নিৰ্ণীত হইতেছে। ঐসকল শান্ত দাবা ঈশ্বরের অভিত্ব, এবং তাঁহার कार्या मकन वर्षिक इरेबाहि। हेरात छा९भर्या ५ हे त्य, त्यक्रभ छा९ भवाश

দর্শনে যুক্তি দারা ঈশবের অন্তিম ও শরুপ এবং কার্য্য নীমাংসা করা হইরাছে; তদ্রপ শাস্ত্র বারা ঈশবের শরুপ ও তৎকর্ত্ক এই জগৎ সৃষ্টি, স্থিতি,
প্রালয় বিশিষ্ট হওয়া জানা বাইবেক। ফলত: অনুলাম ও বিলোম\* ক্রমে
যুক্তি ও শাস্ত্র দারা ঈশবের অন্তিম্পুক্র দ্বীমাংসা ঐক্য করণ অভিপ্রারে, শাস্ত্র
সাল্তের সহিত পূর্ব্বোক্ত যুক্তিম্পুক্র দ্বীমাংসা ঐক্য করণ অভিপ্রারে, শাস্ত্র
সকলের উল্লেখ করা হইল। ইহাতে প্রথমতঃ দর্শনশাস্ত্র ও তদনস্তর অভাক্তঃ
শাস্ত্রের মহিক ক্রীকা করা যাইবেক; ত্রিমিত্ত অগ্রে ভার, দর্শন ও বৈশেষ্ক
দর্শনের সহিত ঐক্য মীমাংসা করা যাইতেছে।

## मभग अधाय।

স্থায় ও বৈশেষিক দর্শন শান্তের সার ও ঐক্য মীমাংসা।

> অধ্যার। মূল স্থায়নশ্ন গৌতম ঋবি প্রণীত। তাহাতে প্রমাণ, প্রমের, সংশয়, প্রয়েজন, দৃষ্টান্ত, সিয়ান্ত, অবয়ব, তর্ক, নির্ণয়, বাদ, হয়: বিভণ্ডা, হেয়াভাস, ছল, জাতি, নিগ্রহ স্থান, এই ষোডশ দাখেৰ তত্ত্ব নিশ্র হইলে মুক্তিলাভ হয় এই কথা আছে। ঐ গ্রন্থ একনে বিলুপ্ত প্রায়্থ হইয়াছে; ভারণ জনপ্রবাদ আছে যে, ভগবান বিফ্র অৰতার রামচক্র, যথন পিতৃসত্য পালনে বনে গ্রম্ম করেন, তথন জনৈক পণ্ডিত প্রোক্ত স্থারশাস্তের কৃতর্ক স্থারা তাঁহাকে বনগমনে নিবারণের চেষ্টা করিয়াছিলেন । তারবয়নী রামচক্র অভিশাপ প্রাদন করেন যে, এই কৃতর্ক শাস্ত্র যে পার্ঠ করিবেক, সে শৃগাল-যোনি প্রাপ্ত হইবেক। তৎকারণে ঐ গ্রন্থ কেছ পার্ঠ করেন না। তদনন্তর বছকাণগতে যথন এই প্রদেশে অধিক লোক নান্তিক হইয়াছিল, তথন কেছ তাহাদিগকে বিচাবে প্রাভ্ব করিতে না পারায় কর্ত্তমান প্রচলিত স্থারশাস্ত্র প্রস্তুত হইয়াছিল। তাহার আদি গ্রন্থ কুমুমান

<sup>\*</sup> অব্যং হইতে ঈশ্রের, অন্তিত ও ঈশর হইতে এই জগং হয়। এই অমুলোম বিলোফ বীমাংগা।

ঞলি: ও তদনস্তর চারি চিন্তামণি এছ প্রস্তুত হয় ।\* পরে ভাষা পরিছেদ নামক প্রানিদ্ধ গ্রন্থ মহামহোপাধার বিশ্বনাথ পঞ্চানন প্রস্তুত করণান্তে. তাহার সিদ্ধান্তযুক্তাবলী নামে একথানি টীকা রচনা করিয়াছিলেন। গ্রন্থ-থানিতে অতিশয় পাণ্ডিত্য প্রকাশ আছে; ঐ গ্রন্থে দ্রব্য গুণ প্রভৃতি সপ্ত नमार्थ निर्वत्र कता इंदेशाष्ट्र। देश वावदात्त्र वित्नव श्रास्क्रमीय अवश ভাহাতে ঈশ্বকে নিত্য পদার্থ বলিয়া স্থির করতঃ তাঁহার স্বরূপ ও কার্য্য নির্ণয় করিয়াছেন। যথা ঈশ্বর, নিত্য জ্ঞান, ও নিত্য ইচ্ছা, নিত্য ক্লতিমান। এবং তাঁহার নিত্য স্থাই, স্থিতি, প্রালয় কৃতিত্ব আছে। এ বিষয় পূর্বোক্ত যুক্তি মূলক সিদ্ধান্তের সহিত অনৈক্য নহে; কেননা ঈশ্বর শক্তিযুক্ত হৈতনা। এবং তিনি সৃষ্টি, স্থিতি, প্রলয় করেন। পরস্ক ঐ গ্রন্থকার ঈশ্বরে আরও কতকগুলি গুণ থাকা বলেন: তাহাতে বোধ হয় ঐ গ্রন্থকার+ স্তুণ এক্ষের বর্ণন কবিধাছেন। তিনি নিও ণ এক্ষের পদ্ধপ কি তাহা নির্ণয় কবেন নাই। কিছ এই গ্রন্থে শে ফর্পবকে শক্তিমটেডতম্ব, ও সৃষ্টি, স্থিতি প্রলয়কর্ত্তী বলা হট্যাছে ভাহাব সহিত অনৈকা নাই। তবে ভাষা शितिष्क्रिंग बना रहेशांष्क्र (म, शत्रमानू, मिक् उ कान. धवः ननन, अ बीव নিতা। ইহা এই গ্রন্থের সহিত অনৈক্য বটে . কিন্তু তাতা সাজ্ঞা ও বেদান্তের সহিত অনৈক্য নহে। তবে ন্যায়বিৎ পণ্ডিতেরা যে উহা নিত্য বলিয়া স্বীকার করেন, তাহার কারণ এট ফে, নাস্থিকেল যুক্তি মনুসারে ঐ সকল পদার্থকে নিজ্য পদার্থ বলাতে, ন্যায়বিৎ পণ্ডিতেরা নান্তিকের মতকে স্বীকার করিয়াও ঈশ্বের অভিত নিদ্ধান্ত করিয়।ছিলেন। স্কলতঃ তাঁহারা ঐ সকল পদার্থকে মুগ্য নিত্য বলিয়া মীনাংসা করেন নাই। যদিও নিত্য শক্ষ প্রয়োগ করিয়াছেন, তাহা গৌণ নিত্য বলিয়া সিদ্ধান্ত করাই অমুমান इहेरिक । दिनना शीन निष्ठा भरकत त नक्षना शूर्व कता इहेता ह, তৎপ্রতি মনোযোগ করিলে, পরমাণু, ও নিক্, কাল, গগণ, এবং জীব, গৌণ 'নিত্য বলিয়া স্থির করা যাইতে পারে। এবং ঐক্লপ দিদ্ধান্ত হইলে, বেদান্ত-দর্শন, ও শাঝ্যদর্শন প্রভৃতি কোন শাস্ত্রের সহিত কোন শাস্ত্রের অনৈক্য

<sup>°</sup> কেহ বলেন যে অত্রে চারি চিস্তামণির এছ হছ পত্রে কুসুসাঞ্জনি † স্থণ, নিগুণ পরে নিমাংসা হইকেক

খাকে না। কারণ মহাপ্রালয় সময়ে পরমেশ্বর বাতীত আর কোন বস্তুই খাকে না; কেবল মুধ্য নিতা অব্যক্ত শক্তিমকৈত্বতা প্রমেশ্ব থাকেন।\* ভাঁহা হটতে ক্রমশ: যে সমুদার পদার্থ উৎপর ও লর প্রাপ্ত হয়; তাহা প্রতিকল্পে সমানদ্ধণে ঐক্লপ উৎপন্ন ও বিনষ্ট হইয়া থাকে বলিয়া গৌণনিতা। বেমন বেদ প্রতিকল্পে সমানরূপে প্রকাশ ছওয়ায় প্রবাহরূপে নিতা; এবং প্রমেশ্বর হইতে নিশ্বাসের স্থায় প্রকাশ হয় বলিয়া,জন্য বিধায় তাহা গৌণনিত্য। অখবা নিত্যানিত্য সিদ্ধান্তিত হইয়াছে। তজ্ঞপ দশ দিক্-রূপ, দিক্ সকল, চন্দ্র, স্থা হারা ক্ষণ, মুহূর্ত্ত, দণ্ড, প্রাহর, দিবা, রাত্রি, পক্ষ, অয়ন, বৎসর, যুগ, রূপে কাল ; এবং শব্দ ত্রাতা। হইতে অভিশয় ফুল শব্দ সকল, সাকাশের পরমাণু। অস্থায় ত্রাতা হইতে বায় প্রভৃতির পরমাণ উৎপন্ন ইইয়া ক্রমণঃ আকাশাদি সুল ভুত হয়। এবং সপ্তদশ সৈবয়ব বিশিষ লিজ শরীবে চৈত-ভের আবির্ভাব থাকাতে ভাষাকে খার বলে; ভাষা উপাধি অর্থাৎ শরীর জন্ম এবং চৈতন্তাংশ নিতাঃ বিধার ঐ সকল পদার্থ প্রতিকল্পে সমানরূপে উৎ-পন্ন ও বিনষ্ট হয় বলিয়া, তাহা দগকে গৌণ নিত্য অপবা নিত্যানিত্য বলা যায়। বিশেষতঃ বেদ বিধি ছারা সৃষ্টি কার্য্য হওয়াতে, বেদ র্গোণ নিত্য **খাকার স্বতরাং অন্তান্ত পদার্থও** গৌণ নিত্য হইবে। এই কারণে লায়বিৎ ব্ৰহ্ম শক্তির অন্তর্ভ ত বলিয়া কেহ কেহ ইচানিগকে নিতা পদার্থ বলিয়ালন, ফলত: ইহারা পরমেশ্বরের শক্তি বাতীত অন্ত কোন পদার্থ নহে। কেন না মহাপ্রলয় সময়ে পদার্থক্রপে আর কিচুট তফ্ডব হয় না; তবে যদি বল, **তৎকালে শক্তিমটৈততন্তেরও অন্থ**ত্তর থাকে না। কিন্তু তালার অস্তিত্বের অফুমান হয়, নভুৰা ভাহার অভাৰ ২টলে সৃষ্টি হওয়া অস্ভব। অতএৰ পুর্বেই যে শক্তিমকৈ তক্ত মুখ্য নিভা পদার্থ মীমাংসা করা হইয়াছে, তাহার স্থাাঘাত হইতেছে না। বিশেষতঃ চিচ্ছক্তির ক্ষয়,উদয় নাই। তাহা চৈতল্পের

<sup>•</sup> সমু ১ অধাায় ৫৪ ও ৫ লোক।

<sup>🕇</sup> অধিকরণ মালার ৩ স্তা।

<sup>‡</sup> এই সকল বিষয় ক্রমশঃ মীমাংসা করা ৰাইবেক এবং জীবের স্বরূপ ভৃতীয় ভাগ ১ স অধ্যায় দৃষ্ট কর।

সহিত অভিন্ন মুখা নিডা পদার্থ ; তাহা হইতে প্রকাশিত প্রোক্ত দিক্ কালাদি বস্তু সকল ত্রিগুণা প্রাকৃতির অবস্থা বিশেষ। তাহা পরে আরও পরিকার कार मोगाश्मा कता याहे तक । । अकैत (तथा वाष्ट्रेक तम, जान अ दित पिक भर्नेत्न कि खेल्डिंग जाए । जाराज प्रथा यात्र त्यं, शे इरे मर्नेत्न अभ माज व्यञ्जित व्यञ्जित नाम प्रमान क्या कर्मा, कर्म, नामीना, विरम्प, नम-বায়, ও অভাব; এই সাতটি পদার্থের বিচার করা হইয়াছে। বৈশেষিক দর্শনে ষট পদার্থ স্বীকৃত হইয়াছে; তাহাতে অভাব পদার্থ স্বীকৃত নহে। मजूरा थे इरे पर्भातत धकरे मछ। धरे इंरे पर्भेनाक आत्रख्याप वना रूटे-রাছে; কেননা ইহারা বলেন যে, ঈশ্বর নিমিউ কারণ মাতা। যেমন কুন্তকার চক্র, দণ্ড, সলিল, মৃত্তিকা দ্বারা ঘট নির্ম্মাণ করে, তজ্ঞপ ঈশ্বর स्मीरवत अनुहों सूनारव প्रवान नश्रान कतिया कुछ ठजूरे स वर्षा पृथ्वी, জল, ও কেন. বাঘর ইষ্টি আরম্ভ করেন। পশ্চাৎ নিজ শক্তি প্রকাশ করতঃ দৌহ ট নাদি পদার্থ সকল কৃষ্টি করিয়াছেন। ঐ হুই শাস্ত্রে জীব ও তাহার কৰ্ম এবং অনুষ্ট বিষয়ে যে শীমাংসা করিয়াছেন; তদ্বিষয় পশ্চাৎ সিদ্ধান্ত ষ্ঠরা যাইবেক। তবে ঐ হুই গ্রহকার পরমাণু প্রভৃতি উপাদান সকল ঈশ্বর ছিল উৎপর হওগার কথা মীমাংসা কবেন নাই। ভিত্ত ই**হা অনৈকাের** ক্ষালন ন্তে: কেন্ন: আন্তিক নিবাশের জন্য ব্যবহারিক বুক্তির প্রতি নির্ভর ক্রিন: উন্পরের অন্তিত্ব নির্বাপণ করিয়াছেন। তাঁহাদিগের প্রয়োজনের মত - বিষয় গীমাংসা না করায় অনৈকা দোষ হইতে পারে না। বিশেষতঃ আমাদিগের শাস্ত্র দকল পর্য্যালোচনা করিলে জানা যায় যে, একথানি গ্রন্থে স্মানায় বিষয় নীমাংসা নাই; তাহা পূর্বেই বলা হইয়াছে। একণে কেবল আইনকা দোষ আছে কি না তাহাই মীনাংসা করা হইতেছে। অতএৰ দ্যায় ও বৈশেষিক এত্তের আবশুকীয় নার ভাগের ঐক্য থাকা দেখান ছইল। অতঃপর সাঝা দর্শনের সার কি ? তাহা দেখা যাউক্।

ছিতীয় ভাগের ১০ম অধ্যায় দৃষ্ট কর।
 ভুতীয় ভাগ ২ম অধ্যায় দৃষ্ট কর।

## একাদশ অধ্যায়।

### সান্ধ্য দর্শনের সার।

সাখ্যাদর্শনে প্রকৃতি, প্রুষ, অনাদি ও নিতা। স্বত্ব, ও রজঃ, এবং ভমঃ, প্রই ত্রিগুণাত্মিকা প্রকৃতি ; এবং চৈতন্য বস্তু পুরুষ। এই পুরুষ ও প্রকৃতি যে সময়, পৃথক্ভাবে থাকেন, তথন মহাপ্রলয় হয়। তদ্দস্তর যে সময়ে পুরুষ প্রাকৃতির সহিত যোগ করেন, তথন সৃষ্টি স্থিতির কার্য্য চলিতে থাকে। অর্থাৎ পুরুষ প্রকৃতিহু হইয়া প্রকৃতির গুণ সকল ভোগ করেন। এবং সৃষ্টি স্থিতি ও প্রকাষ কার্য্যে প্রকৃতিই প্রধান ; কেন না বিকার ও গুণ সকল প্রকৃতি হইতে উন্থত হয়। প্রকৃতি পুরুষ উভয় উভয়কে আশ্রয় করিয়া পরস্পারের সাহায্যে জগৎ কার্য্য করিতে থাকেন। বেমন অহন ও পঙ্গুর একের চকু ও অপরের চরণ নাই; কিন্ত এক ব্যক্তি অন্যকে ছদ্ধে করিকে স্বন্ধত পাসু বেমন অন্তকে পথা দেখাইয়া লইয়া যাম, তজ্ঞপ জড় প্রকৃতি, পুরুষ চৈতন্যের সাহায্যে সৃষ্টি করিতে থাকেন। তাহাতে ত্রিগুণাত্মিকা প্রকৃতি হইতে মহত্তব,\* ও তাহা হইতে অহলার তত্ব,† ও তাহা হইতে মনঃ এবং শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ, এই পঞ্চ তন্মাতার উৎপত্তি হয়। এই मसानि शक्ष जनाजा रहेट क्रममः चाकाम, वाशु, टब्ब, जन, ख शृथिवी, এই পঞ্চ ভূত উৎপন্ন হয়। ইহা হইতে জ্ঞানেন্দ্রির পঞ্চ, অর্থাৎ প্রবণ, ঘক, চকু, জ হ্বা, नामिका; ও কর্মেন্ডিয় পঞ্চ, অর্থাৎ বাক্, ও হন্ত, পাদ, পায়ু, উপস্থ ; এই দশেব্রিয় উৎপন্ন হয়। এই চতুর্বিংশতি পদার্থকে চতুর্বিংশতি তত্ব বলে। চৈত্ৰা পুৰুষ ইহার অতীত বলিয়া তাহা 'লমেৎ পঞ্চবিংশতি তত্ব নিরূপণ হইয়াছে। এই চতুর্বিংশতি পদার্থের মধ্যে প্রকৃতি ও মহৎ এবং অহত্কার, ও পঞ্চ তন্মাত্রা এই আটটিকে, প্রকৃতি ও অবশিষ্ট মন ও দশেক্তিয় একং পঞ্চ মহাভূত, এই ষোলটিকে বিকার বলা হইয়াছে। ইহার

বৃদ্ধির স্কাবস্থা।

<sup>†</sup> जहः--আমি।

মধ্যে ত্রিগুণাত্মিকা প্রকৃতি হইতে মহৎ অবধি ত্রাবাবিংশতি পদার্থ উদ্ভূত হওরায় তাহাদিগকে প্রকৃতির পরিণাম বলা হইয়াছে। পূর্ব্বোক্ত চতুর্বিংশতি পদার্থকে, তন্ত্রাদি সকল শান্তেই চতুর্বিংশতি তত্ব বলিয়া নির্ণয় করিয়াছেন। কিন্তু কেছ, কেছ মনকে ইন্দ্রিয় বলিয়া বাগা করতঃ একাদশ ইন্দ্রিয় রূপে নির্দ্ধিষ্ট করিয়াছেন। ও কেছ কেছ মহতত্ব না বলিয়া তাহার স্থুল অবস্থা বৃদ্ধিকে তত্ব মধ্যে পরিগণিত করিয়াছেন। সাঙ্খ্য শান্ত্রে প্রকৃতি পূক্ষের অতিরক্তি ক্ষর অতপ্র বস্ত থাকা মীমাংসিত না হওরায় ঐ শান্ত্রকে কেছ কেছ অনীশ্বরাদী বলিয়া থাকেন। কিন্তু ক্ষর শব্দে জগতের, কর্তা বৃষ্ধায়; ও প্রকৃতিস্থ চৈতন্যকে বেদান্তদর্শনে সগুণ ও ক্ষর বলিয়াছেন। তবে সাঙ্খ্য শান্ত্র করিয়া করিয়া ইহাকে প্রকৃতি পূক্ষ বলাতে; এই শান্ত্র নাম উল্লেখ না করিয়া ইহাকে প্রকৃতি পূক্ষ বলাতে; এই শান্ত্র নাম ভিন্তুখ না করিয়া ইহাকে প্রকৃতি পূক্ষ বলাতে; কিন্তু উপায় নিরূপণ আছে; অত্রপুর এই শান্তের প্রয়োজনীয় ধিষদ্ধ সকল বেদান্ত দর্শনের লহিত ঐক্যা থাকা মীমাংসা করার নিমিত্ত উদ্ধৃত কর্মা হুইল। একণে বেদান্তদর্শনের মত কি তাহা দেখা যাউক।

## দাদশ অধ্যায়।

### বেদান্তদর্শনের সার।

বেলান্ত হুই প্রকার।, বেদের অন্তভাগ যে উপনিষদ তাহাকে বেদান্ত বিদান্ত করিয়া যে নীমংগাল করেন, ভাহার নাম শারীরিক স্ত্র, অথবা বেদান্ত দর্শন। তাহাতে ঐ দর্শনের প্রথম মত কি ভাহার সার ভাগ উক্ত করা যাইতেছে। এই দর্শনের প্রথম স্ত্র, ("অবাভো ব্রহ্ম জিজ্ঞান।") ব্রহ্ম কি বস্তু ? এবং দ্বিতীয় স্ত্র, ("জনাদ্যক্ত বতঃ") অর্থাৎ যাঁহা হইতে জগহুৎপত্তি স্থিতি ও বিনাশ হয়, ভাহা ব্রহ্মের স্বর্গ লক্ষণা ও তটস্থ লক্ষণা দারা নির্মণণ। তাহাতে স্বর্মণ লক্ষণা (" স্ত্যং জ্ঞান্মনন্তং ব্রহ্ম") অর্থাৎ তিনি নিত্য, জ্ঞান, ও অনত্ত

ত্বরপ। তটত্ লক্ষণা, (" যতো বা ইমানি ভূতানি জায়তে বৈন জাতানি জীবন্তি যৎ প্রযন্তাভি সম্বিশক্তি") অর্থাৎ পরমেশ্বর হইতে ভৃত সকল জিমিয়াছে; এবং তাহাতে স্থিত, পালিত, ও লম প্রাপ্ত হইয়া থাকে। এই রূপ সকল বিষয় শ্রুতি যুক্তি অমুসারে নির্ণয় হইয়াছে। এই শাস্তের মত এই ষে, ঈশ্বর অদিতীয়; অর্ণাৎ তাঁহার সজাতীয় ও বিজাতীয় কোন বস্তু নাই। তিনি নিতা, জ্ঞানময়, আনন্দময়; তিনি আত্মশক্তি মায়া সহকারে এই জগ্ৎ স্থজন পালন সংহার করেন। ঐ মায়া অঘটন ঘটনা পটীরদী ও ত্রিগুণাত্মিকা; তাহার সহকারে, জ্ঞানমর, স্বৈধর, সংকল্প পূর্বক এই বিচিত্র জগৎ রচনা করিয়াছেন। ত্রিগুণাত্মিকা মায়া জড়, প্রকৃতির সৃষ্টি কর্তৃত্ব নাই। চৈতন্য পদার্থের চারি অবস্থা, ও চারি নাম, অর্থাৎ সর্বব্যাপী, নিরাকার, নিগুল, তুরীয় ব্রহ্ম, ও ঈশ্বর এবং হিরণাগর্ত্ত ও বিরাট চৈতন্য। তাহাতে ঈশ্বর, চৈতন্য হইতে আকাশাদি ক্রমে স্বষ্ট হইয়াছে; অর্থাৎ ভূতের স্কল্প অবস্থা পঞ্চ তন্মাত্রা, তদনস্তর অপঞ্চীকৃত পঞ্জুত এবং পঞ্চীকৃত স্থূল ভূত স্কল ক্রমশ: উৎপল্ল হইয়াছে। ঐ সগুণ ব্রহ্ম, এবং কারণ শরীর বিশিষ্ট চৈতন্য; ঈশ্বর। ও স্কা, শরীর বিশিষ্ট চৈতনা হিরণাগর্ত্ত; এবং স্থল শরীর বিশিষ্ট চৈতনা বিষয়ট, ইহাদিগের সমষ্টি ও ব্যষ্টি রূপে জগৎ সংসার হইতেছে। এবং ঐ দর্শনে অরময়, প্রাণ-ময়, মনোময়, বিজ্ঞানময়, ও আনন্দময়, এই পঞ্চ কোষ বিচার করা হইয়াছে। এবং ঐ গ্রন্থে আরও বলা হইয়াছে যে, জগতের সমন্ত বস্তুই মিথা। কেবল ব্রন্ধই স্তা। এই জ্ঞানের নাম অপরোক্ষ ব্রন্ধজান; এই জ্ঞান হইলে মুক্তি লাভ হয়। আর তুরীয় ত্রম চৈতনা অনার্ত, এবং निर्श्वन, हैनि निमिल्न कात्रन, ও विवर्त्त উপानान कात्रन, रेजानि विषय সকলও মীমাংসা করা হইয়াছে। একণে সাভায় ও বেদাস্ত দর্শনের মূল বিষয়ের ঐক্য মীমাংসা করণ জন্য, আর আর বিষয় সকল উদ্ভ না ক্রিয়া, কেবল প্রোক্ত প্রয়োজনীয় বিষয় সকল লেপা হইল। অতএব, উভয় দর্শনের ঐকা কিব্রূপে হয় তাহা নির্ণয় করা যাউক।

## ত্রয়োদশ অধ্যায়।

### সাম্ব্য ও বেদান্তদর্শনের ঐক্য মীমাংসা।

दिकांक कर्णान वना रहेशांक दर, जूरीय वक्त, टेहजना निश्वन, अ कविटीय, এবং জিনি মায়া সহযোগে সগুণ ঈশ্বর নামে খ্যাত ছয়েন। ঐ মায়া বিদ্যা, ও অবিদ্যা বলিয়া উক্ত হইয়াছে। সাঙ্খা শাল্পে নিগুণ তুরীয় ব্রহ্ম চৈতনা∗ উক্ত হয় নাই। কিন্ত ঐ শাস্ত্রের উক্তি মীমাংসা করিলে ঐ রূপ সিদ্ধান্ত করা যাইতে পারে। কারণ ঐ শান্তের মর্ম এই যে, সূল ভূত नकन च च कांत्रल नम् आश रहेरन, यथन यहां धनम दम ज्वन अकृषि भूक्य ভिन्न ভाবে থাকেন। কিন্তু তদনন্তর कि হর তাহা বলা হর নাই। ফলতঃ প্রকৃতি পুরুষ উভয় নিরাকার। তন্মধ্যে পুরুষ চৈতন্য ও প্রকৃতি গুণময়ী। ঐ গুণময়ী প্রকৃতি পৃথক্ ভাবে থাকার কথা বলাতেই অনুভব इत्र (य, अनत्र काल्य अध्यक्ष भूषक् भारत थाकित्रा, भरत औ अक्षि পুরুষে লয় ছয়েন। কেন না বেলাতে বলিয়াছেন যে, মহাপ্রলয় সময়ে ত্রিগুণাত্মিকা মারা পরত্রেরে লয় হয়েন। ইহার সহিত ঞ্রক্য করিত্তে হইলে, সাম্ব্য মতে যে, প্রকৃতি পুরুষ ভিন্ন ভাব থাকা বলেন, তাহার ভাবার্থ এই বে, প্রকৃতি পুরুষ পৃথক তাবে থাকিয়া পরে প্রকৃতি পুরুষে লয় প্রাপ্ত হয়েন। বিশেষতঃ উভয় গ্রন্থের মতে সমাধি সাধন স্বীকার করিয়াছেন। সমাধির অবস্থা এই যে, কেবল আত্মাকারাত্মক জ্ঞান। ভাহাতে মনকে, আত্মতে বিলীন না করিলে, সমাধি হয় না'। সমাধিও প্রবন্ধ অবস্থা প্রায় একই বলিয়া স্বীকৃত হইয়াছে। সাঙ্খ্য মতে মনকে আত্মা হইতে পৃথক জ্ঞান করিলে মুক্তি হয় যে বলা হইয়াছে, তাহা বস্তুর পুথকত্ব থাকায় তজ্ঞপ জ্ঞান করার বিধি হইয়াছে। ফলতঃ মনকে আত্মা হইতে স্থানাম্ভরিতরূপে পৃথক করা যাইতে পারে না। মনকৈ আত্মাতে বিলীন করা যাইতে পারে। নতুবা এক দিকে মন; ও এক দিকে

আত্মা ইহা স্বতন্ত্র ভাবে রাখা সম্ভবপর নহে। সাধকেরা বলেন যে, মনের স্বরূপ আত্মাতে লয় হইলে মুক্তি হয়। অতএব প্রকৃতি ও শুকৃষ ভিন্ন ভাব অবলম্বন করিয়া পশ্চাৎ প্রকৃতি পুরুষে লয় হওয়াই অমুভব হয়, নতুবা তিনি মহাপ্রশন্ত্র সময়ে পৃথক্ ভাবে থাকিতে পারেন না। বরং প্রকৃতি পুক্ষে লয় হইয়া থাকাই সম্ভব; কেন না গুণময়ী প্রকৃতি অধিক काल निता अप्र शांकिएक शांद्रिन ना; ७ जारा व्यन्त कान मुना वक्क नरह रिष, श्रव्य ভাবে शोकिरवन। दियन शृष्टि शिक्ति कारन वावशात हून कड़ छ চৈত্রনোর পৃথকত্ব অনুভব হয়, তত্রপ ইন্দ্রিয় গ্রাহ্য স্থূল জড় বস্তুর অভাব হইলে গুণমন্ধী প্রকৃতি স্বতম্ভ রূপে চিরকাল থাকার সম্ভব নহে। এবং তাহার স্বরূপ আর কিছুই জানা যায় না; বরং ক্রব্যের গুণের নাায়, আত্মার গুণ স্বরূপ প্রকৃতিকে বিবেচনা করা যায়, ঐ প্রকৃতি মহা-প্রলয় সময়ে শক্তিমজৈততা তিরোভাব অর্থাৎ লয় প্রাপ্ত, এবং তাহা হইতে আবিভু'ত অর্থাৎ প্রকাশিত হইয়া থাকে। অতএব শুদ্ধ চৈত্ত তুরীয় ত্রন্ধ, তাঁহাতে ত্রিগুণা প্রকৃতি লয় হওয়ার পূর্বে ভিন্ন ভাব হইয়া, পরে লয় প্রাপ্ত হওয়া সিদ্ধান্ত হইলে, তুরীয় ব্রহ্মটৈতক্ত একমাত্র বস্তু মহাপ্রলয় সময়ে থাকেন, তাহা নির্ণয় হইতে পারে। এবং তাহাতে যে অভিন্নশক্তি আছেন ঠাঁহার প্রকাশ হইলেই, ত্রিগুণা প্রকৃতির প্রকাশ হয়। তিনি তথন ভিন্ন ভাৰ অবলম্বন করিয়া তদনস্তর চৈত্তের সহিত মিলিত হইলে স্টিস্থিতি হইতে থাকে। \*

এই প্রকৃতি পুরুষকে বেদাস্ত দর্শনে সগুণ ঈশ্বর চৈত্য বলা হইরাছে।
সাখ্য মতে ঐ প্রকৃতি পুরুষকে যে অনাদি বলা হইরাছে প্রবাহরণে ঐ
অনাদি সিদ্ধান্ত করা যাইতে পারে। কেন না ঐ প্রকৃতি পুরুষ শক্তিমচৈত্তয়ের অবস্থা বিশেষ থাকাতে; প্রতি কল্পেই ভাহার আবির্ভাব ও
তিরোভাব হইরা থাকে বলিয়া, ঐরপ প্রবাহের আদি নাই, ফলতঃ কল্পে
কল্পে আদি আছে; তাহা পরে মীমাংসাঁ করা যাইবেক। আপাততঃ ঐরপ
সিদ্ধান্ত হয় যে, সাখ্যা শাঙ্গে প্রকৃতি পুরুষ বাঁহাকে বেদান্তে সগুণ ঈশ্বর

তাৎপর্যা এই যে স্প্রটিকালে ভুরীয় বন্ধ হইতে প্রকৃতি প্রকাশ হইলে ভিন্নভাব হয় এবঃ মহাপ্রলয়ের পূর্বেও ঐকাপ পৃথক ভাব হয়।

বলা হইয়াছে; তাহার সহিত ঐক্য আছে। তবে সাখ্য দর্শনে প্রাঞ্জন বশত: ঐ পর্যান্ত দিদ্ধান্ত করিয়া, নিশুণ ত্রন্ধের বিষয় মীমাংসা করেন নাই। বেদান্ত দর্শনে নিশুণ ভুরীয় ত্রন্ধের বিষয় মীমাংসা করিয়াছেন विविधा व्यटेनत्कात त्कान कांत्रण नाहे। कांत्र त्वलात्क वरतन (य. मात्रा সহকারে কর্ত্তারূপে ঈশ্বর স্বৃষ্টি স্থিতি প্রালয় করেন; সাখ্য দর্শনে বলেন যে, প্রকৃতিই প্রধান, তিনি পুরুষের সহিত যোগে সৃষ্টি স্থিতি প্রলয় করেন। ইহাতে বেদান্ত মতে মায়াকেই প্রকৃতি, এবং ঈশ্বরকে মায়িক পুরুষ যে বলা হইয়াছে \* ইহা সাঝা মতের সহিত ঐকাই আছে; তবে কেহ প্রকৃতি প্রধান, ও কেহ পুরুষ প্রধান বলিয়া, যিনি যাহা উক্ত করুন না কেন, তাহাতে উভয় মত একই হইতেছে। কারণ যথন প্রকৃতি পুরুষ যোগ ব্যতীত স্ট্যাদি কার্য্য ছইতে পারে না, তথন উভয়েরই যে, কর্তৃত্ব আছে ইহার আর সন্দেহ নাই। বেদাস্ত দর্শনে যে পঞ্কোষ মামাংসা করিয়া, জড় প্রকৃতি হইতে পুরুষ ভিন্ন থাকা দেখাইয়াছেন; তাহা সাঙ্খ্য মতের সহিত অনৈক্য নহে। আর সাঙ্খ্য শাস্ত্রে বলেন যে, জগৎ প্রকৃতির পরিণাম। অতএব ভাহাকে পরিণামবাদী বলা হইয়াছে। বেদ।তে ঐ পরিণামকে বিবর্ত অর্থাৎ মায়িক পরিণাম বলিয়াছেন। এই বিষয় এবং আর আর বিষয় সকল, অস্তান্ত শাস্ত্র যুক্তির সহিত ঈশ্বরের স্বরূপ মীমাংসা কালে সিদ্ধান্ত করা যাইবেক। একণে দর্শন শাস্ত্রের উদ্দেশ্য কি? তাহা নির্ণয় করা যাউক।

# চতুর্দ্দ শ অধ্যায়।

দর্শনশাস্ত্রের উদ্দেশ্য ও তাহার সার ভাগের ঐক্য নির্ণয়।
নান্তিক নিরাস, ও ঈশ্বরের অন্তিত্ব মীমাংসা পূর্বাক মুক্তি কিরূপে
হইতে পারে; ইহাই দর্শন শাস্ত্রের প্রধান উদ্দেশ্য। তরিবন্ধন তাঁহারা
জগং কি ? এবং স্টেষ্টিতিপ্রলয় কি ? পদার্থ কি ? ও কর্মা, ও উপাসনা

भ माग्रास्त প্রকৃতিং বিদ্যাৎ মায়ি নম্ভ মহিশবং। ইতি পঞ্চশী গ্রন্থে চোক্তং।

কি ? তৎসমুদায় আত্মসঙ্গিক ভাবে মীমাংসা করিরাছেন। ঐ মীমাংসা সকল আপন আপন প্রবোজন বশতঃ যুক্তি অফুসারে করা হইয়াছে। কিন্তু স্ব স্ব প্রেয়াজনের অতিরিক্ত মীমাংসা কেন্ত করেন নাই। এবং এক पर्मातत मारा महिल अब पर्मातत मारा, खेका अथवा अदिनका रहेक, তাহার প্রতি দৃষ্টিপাত করেন নাই; বরং পরস্পরের মতকে, পরস্পর থণ্ডন করিয়াছেন। কিন্তু যিনি যাহা বলুন না কেন, ফলিতার্থে ঈশ্বর কি, বস্তু ও তাঁহার কার্য্য কি ? তাহাতে কাহারও অনৈক্য নাই। কেন না প্রকৃতি পুক্ষ হইতে জগতের সৃষ্টি, স্থিতি, প্রালয় হয়; ইহা সকলেই স্বীকার করি-য়াছেন। তবে প্রকৃতি পুরুষ বিচার বিষয়ে কেহ কেহ প্রকৃতি পুরুষকে পুথক, কেহ কেহ একত্ত অর্থাৎ যুক্ত, ও কেহ কেহ মিশ্রিত বলিয়া ব্যাখ্যা कतियारहन। अष्टि शिक्ति धानायत धानी विषय, यिनि एव वश्च, धानि বলিয়া গ্রহণ করিয়াছেন; তাহা হইতে স্ষ্টির প্রণালী ব্যাখ্যা করিয়াছেন। কিন্তু এই জগৎ ঈশ্বর কর্তৃক স্ষষ্টিছিতিপ্রলয়বিশিষ্ট হওয়া, বিষয়ে কোন অনৈক্য নাই। মুক্তি বিষয়ে স্তায়দর্শনে বলা হইয়াছে যে, প্রমাণ, প্রমেয়, প্রভৃতি বোড়শ পদার্থের তত্ত্ব; এবং বৈশেষিক দর্শনে বট পদার্থের তত্ত্ব; ও সাখ্য দর্শনে প্রকৃতি পুরুষের তত্ত্ব নিশ্চয়রূপে জানিলে, এবং বেদাস্ত দর্শনে সমস্ত বস্তুকে মিধ্যা জানিয়া বন্ধজান প্রাপ্ত হইলে মুক্তিলাভ হয়। এই চারি দর্শনের তাৎপর্যা এই যে শাস্ত্র যুক্তি অমুসারে, দৃশ্র পদার্থ সকল, ব্ৰহ্ম হইতে পুথক্ ভাবে ও ঈশবের স্বরূপ জানিতে পারিলে মুক্তিলাভ इहेटि शादत। भीभाशमा मर्नटन वटनन, कर्यवाता कीरवत वसन, धवश তদ্বারা মুক্তিলাভ হয়। পাতঞ্চল দর্শনে বলেন যে, যম নিয়মাদি অষ্টাঙ্গ বোগ দারা, অনিমাদি অষ্ট্রিদিন্ধি এবং মুক্তিলাভ হয়। ইহাতে এই হুই দর্শনের তাৎপর্য্য এই বে, কেবল উপাসনা দারা দবর প্রসাদাৎ ব্রহ্মজ্ঞান ও মুক্তিলাভ হইতে পারে। यहानि পূর্বোক্ত চারি দর্শনে, যে জড়াদি भिनार्थित निक्तम, ও তাহা अन्न हरेलि 'शुथक खान कता एव विवाहिन; কিন্ত তাঁহাদিগের মতে চিত্তভদ্ধির নিমিত্ত কর্ম্ম করিবারও প্রয়োজন থাকা ুমীমাংসিত হইয়াছে। এবং শেষোক্ত ছই দর্শনে, বে কর্ম করার প্রব্যোজন থাকা বলিয়াছেন, তাহাতেও ঈশ্বর বস্তু কি তাহা শাস্ত্র বিচার দারা নির্ণয়

[ भून कान

করিবার বিধিও আছে। অতএব কর্মদারা চিত্তগুদ্ধি ও শাস্ত্রযুক্তি দারা छान श्रीशि रहेरत मुक्तिनां हय; हेश नकन पर्मनकारतवह मठ इहेरलए । তলিমিত্ত দর্শনশাস্ত্রের প্রকৃত উদ্দেশ্য বিষয়ে কোন অনৈক্য না থাকা দৃষ্ট हरेंटिं । ज्ञान वारहात विचाय या ज्ञान का पाया, जाहा कर्मणा नाह; কেন না যেমন নদ নদী সকল নানা পথগামী ছইলেও সকলই সমুদ্রে গমন করে, তদ্ধপ দর্শনকারদিগের ব্যবহারিক মত সকল প্রভেদ থাকিলেও তত্ব বিষয়ে, অর্থাৎ মুক্তিলাভ, ও ঈশবের স্বরূপ এবং কার্য্য নিশ্চয় বিষয়ে একই মত थाका वित्तिहना श्या। পরস্ত দর্শন শাস্ত্র সকল যদিও বৃক্তিমূলক বটে; কিছ তাহা মহর্ষিগণ কর্ত্তক প্রণীত হইয়াছে। এজক্ত তাহাদিগের ব্যবহা-রিক মত পরস্পরের মতের সহিত অনৈকা বিবেচনা করিলেও তাঁহার কোন্মত উৎকৃষ্ট ও কোন্মত অহুৎকৃষ্ট তাহা আমাদিগের বলিবার সাধ্য নাই। কেন না আমরা অতি কুদ্র মহুষ্য বিধায়, ঐ সক্ষ মতের ভাল মন্দ বিচার করা উন্নতের কার্য্যের ভাষ হইয়া পড়ে। এজন্ত ঐ সকল মতকে শিরোধারণ পূর্বক, তাহার সার ভাগের ঐক্য করিবার চেষ্টা করি-তেছি। ইহাতে আমাদিগের কোন প্রগলভতা দেয়েরে সম্ভাবনা নাই। অতএব ইহার পরের অধ্যায় পর্যালোচনা করিলে, ঈশ্বরের স্বরূপ ও কার্য্য निर्म विषय (कान भाष्ट्रप्रहे ष्यरेनका ना थाका मिकास इहैरवक।

## পঞ্চদশ অধ্যায়।

নানা-শান্ত্রীয়-যুক্তি-দারা ঈশবের স্বরূপ, ও কার্য্য নির্ণয়।

ঈশবের অরপ বিষয়ে, শ্রুতি, প্রাণ, ও তল্পাদিতে যে সকল মীমাংসা করা হইরাছে; তাহার সমুদার সংস্কৃত শ্লোক উদ্বুত করিতে হইলে গ্রন্থ বাহুল্য হয় বলিয়া, কিঞ্চিৎ ক্লিঞ্চিৎ শ্লোক অথবা শ্লোকাভাস্ নিমে লেখা থোল। পঞ্চদশী শ্বত চতুর্থ পরিচ্ছেদে আছে। ঋক্ শাখা-ধ্যায়ীরা বলেন যে, এই পর্মান্ত্রা ঈশ্রই অথ্যে ছিলেন তিনি এই জগৎ স্টি করিবার সংকল্প করিয়া স্টি করেন। ইতিনিয়য় উপনিষদে বলেন যে, নিত্য, জ্ঞান, ও অনস্ত, ঈশ্বর প্রজা স্টি করিয়া বহু শরীরে ব্যাপ্ত হই-বেন এই সংকল্পরপ তপস্তা দ্বাবা জ্ঞাৎ স্টি করিয়া বহু শরীরে ব্যাপ্ত হই-বেন এই সংকল্পরপ তপস্তা দ্বাবা জ্ঞাৎ স্টি করিয়াছেন। ছান্দোগ্যোপনিষদে বলেন যে, এই জ্ঞাৎ উৎপত্তির পূর্বে অদ্বিতীয় এক মাত্র সং প্রার্থ পরমেশ্বর ‡ ছিলেন। তিনি স্টি করেন। এইরূপ অস্তান্ত শুক্তি ও শ্বতি এবং প্রাণ তন্ত্র প্রভৃতি বহুতর শাস্ত্রে মীমাংসিত হইয়াছে যে, এই জ্ঞাৎ উৎপত্তির পূর্বে কেবল পরমেশ্বর ছিলেন। তিনি এই জ্ঞাৎ স্টি করিয়াছেন, এবং স্থিতি ও পালন করিতেছেন, এবং লম্ম করিয়া পুনঃ পুনঃ স্টেই করেন। তিনি শক্তিমান্ চৈতন্ত, অদ্বিতীয়, ও অনস্ত; এবং অনাদি, তাঁহার আদ্যন্ত নাই। তিনি এই জ্ঞাতের আদি ও অন্ত; তিনি নিত্য, জ্ঞান, ও আনন্দময়; নিগুণ, নিরাকার সন্তণ, এবং সাকার § ও সর্কব্যাপী, পরমাত্মা, ও কর্ত্তা এবং মহেশ্বর।

তিনি নির্মিকার, অর্থাৎ জন্ম, মৃত্যু, আদি ছয় প্রকার বিকার বর্জিত, নিরঞ্জন, নিষ্ক্রিয়, অছেদা, অদাহা, অফেদা, অশোষা, এবং ভূত ভবিষ্যৎ বর্তুমান কালত্রয়ে সর্ম্বত্র সমভাবে বিরাজমান রহিয়াছেন। ইহা তাঁহার স্থান্ত, তাহার তাৎপর্যা এই যে, অন্বিতীয় নিগুণ ব্রহ্মে অভিন্ন ভাবে শক্তি থাকাতে, তিনি সপ্তণ হইয়া স্বাষ্টি স্থিতি প্রলম্ম করেন। তাহা তাঁহার য়য়রপ লক্ষণা, ও তটস্থ লক্ষণা দ্বারা নির্ণয় করা যাইতে পারে। স্বরূপ, নিগুণ চৈতনা, এবং তটস্থ, অর্থাৎ তিনি স্ক্রি, স্থিতি, প্রলম্ম করেন; কিন্তুণ অর্থাৎ ত্রিগুণ রহিত যে, চৈতনা তাঁহাতে শক্তি না থাকিলে, তিনি কোন ক্রমেই স্ক্রি-স্থিতি প্রলম্ম করিতে পারেন না। অতএব যুক্তি

আত্মা বা ইদমেক মেবাগ্র আসীং নান্যৎ কিঞ্ব মিষৎ স ঈক্ষত লোকানমুক্জা স ইমান্
লোকান্ ক্ষতে।

<sup>†</sup> নিতাং জ্ঞান মনন্তং ব্ৰহ্ম সোহকাময়ত বহুস্থাং প্ৰজায়েয়। তপদোহতপ্যত স তপন্ত থ্। ইদং সৰ্কা মস্তল্ভ।

<sup>🛨</sup> সদেব সৌমোদ মগ্র আসীও। একমেবাদ্বিতীয়ং।

<sup>💲</sup> সাকার অর্থাৎ আকারের সহিত বর্ত্তনান নিরাকারকে সাকার বল়া যায়।

<sup>॥</sup> বেদান্ত দর্শনে এবং এই গ্রন্থের ১ ম আগের স্বাদশ অধ্যায়ে আছে।

অনুসারে পিরমেশ্বরে নিশ্চয় অনির্বাচনীয় শক্তি থাকা সিদ্ধান্ত কর যাইতে পারে; ভগবতী-গীতায় ভগবতী গিরিরাজকে বলিয়াছেন বে, শিব অর্থাৎ চৈতন্য প্রধান পুরুষ, ও শক্তি পরমা প্রকৃতি এই চুই পদার্থ অভিম-ত্রহ্ম, তবদশী যোগিরা ইহাকে অর্থাৎ পরমেশ্বরকে শক্ত্যাত্মক্ চৈতন্য বলিয়া থাকেন।

বিষ্ণুপ্রাণের ১ম অংশ ৩য় অধ্যায়, মৈত্রেয় ঋষি, পরাশর ঋষিকে বিজ্ঞাসা করেন, যে, নিগুণ, অপ্রমেয়, শুদ্ধ, নির্ম্মলাত্মা পর্বমেখর কি রূপে স্ট্যাদি করেন ?†

তাহাতে পরাশর বলেন যে, পরমেশ্বরে যে অভিন্ন শক্তি আছে তাহা অন্নির উষ্ণতার ন্যায়, অচিস্তা, ও বৃদ্ধির অগোচর। অতএব সর্কাশক্তিমান পরমেশ্বর ঐ নিজশক্তি ক্রমে স্ষ্টি-স্থিতি প্রলম্ম করেন:। এই কারণে পূর্ব্বোক্ত শাস্ত্র এবং যোগবাশিষ্ঠ প্রভৃতি শাস্ত্র সকল দ্বারা মামাংসিত হইয়াছে যে, অচিস্তা শক্তিমকৈত্ন্যই পরমেশ্বর। তিনিই অদ্বিতীয় ও অনক ইত্যাদি রূপে ব্যক্তাব্যক্ত তাবে আছেন। যদি বলা যায় যে, পরমেশ্বরে শক্তি থাকা স্বীকার করিলে ব্রহ্ম হৈত হয়েন। ইহা বেদান্ত দিদ্ধান্তের বিরুদ্ধ। কেন না ঐ দর্শনের মতে ব্রহ্মের সঞ্জাতীয় ও বিল্লাতীয় কোন বস্তুই নাই; এবং শক্তি ও স্বতন্ত্র পদার্থ বটে ইহাতে বক্তব্য এই যে, পরব্রহ্মে যে অভিন্ন শক্তি আছেন, ঐ শক্তি থাকাতেও বেদান্ত দর্শনে ব্রহ্মকে হৈত আশক্ষা করেন নাই; বরং শক্তি ও শক্তিমান পদার্থ অভিন্ন বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন।

শিবঃ প্রধান পুরুষঃ শক্তিত্ব পরমা শিবা। শিব শক্তাত্মকং ব্রহ্ম ঘোগিন ত্বর দশিনঃ বদন্তীমাং মহারাজ অত্ঞব পরাৎপরঃ। ইতি ভগবতী গীতারাং।

<sup>†</sup> নিগুণসা প্রমেরসা গুদ্ধসাপ্যেমলাক্সনঃ। কথং বর্মাদি কর্তৃতং ব্রহ্মণোহভূাপগমাতে। বিষপুরাণং।

<sup>‡</sup> শক্তমঃ সর্বভূতানামচিল্তা জ্ঞানগোচরাঃ বতোহতো বাহ্মণতাল্তং সর্গাদ্যাভাব শক্তরঃ। ভবস্তি তপ্তাং শ্রেষ্ঠ পাবক্স্য যথোঞ্জা। বিক্সপুরাণমূ। এই বিষয় কাশীপপ্তের ২৬ অধ্যায় দেখ।

<sup>§</sup> শক্তি শক্তিমতোরভেদ:। ইতি পঞ্চদশী ধৃতম্।

যদি ঐ দর্শনে ঐ রূপ নিদ্ধান্ত না করিতেন, তবে তাহাতে আরও দোষ বর্ত্তিত; কেন না শুদ্ধ চৈতন্য পরমেশ্বর নিশুন, তাহাতে শক্তি না থাকিলে স্ষ্টি হইবার সম্ভব ছিল না। যদি বলা যায় যে. অবিদ্যা মায়া দারা স্প্টি चानि कार्या इटेटा शादत ? देश के नर्गत्नत्र या वर्षा, किन्न के नर्गत्न वर्णन, অবিদ্যা মিথ্যা, ও তাহার কার্য্য রূপ জগৎও মিথাা; কিন্তু ব্যবহারে তাহা সকত নহে; কারণ মিথ্যা পদার্থ দারা জীবের বন্ধন ও ক্রিয়া প্রভৃতি প্রত্যক্ষ জগৎ পরিদৃশ্যমান হওয়া সম্ভব নহে। এবং ঐ পদার্থ কি রূপে স্থিতি ও কাহা দারা উৎপত্তি হইতে পারে, তাহা নির্ণয় হয় না। বিশেষতঃ আত্মা যদি শক্তি বিহীন হয়েন,তবে তাহা হইতে সত্য ও মিথাা,কোন পদার্থই উন্ভূত হইতে পারে না। यদি বল যে. ঐ অবিদ্যা নিত্য প্রদার্থ ? তাহা বলিতে পার না। কেন না তাহা পরমেখারের বিজাতায় পদার্থ বিধায়, তাহাকে নিত্য বলিলে, অবৈত মীমাংসা থণ্ডন হয়। তবে অবিদ্যা ত্রন্ধশক্তি হইতে উদ্ভূত পদার্থ বলিয়া দিদ্ধান্ত করা হাইতে পারে। অতএব চৈতনা পদার্থে শক্তি আছেন, ইহা गर्सवामीमञ्चल, जाहाटक मत्नह नाहै। এवर हेकना भगार्थ मिक थाका সত্ত্বেও তিনি অম্বিতীয়: যেমন অগ্নিতে দাহিকা শক্তি অভিন্ন ভাবে আছে. ও যেমন বাক্য এবং অর্থ অভিন্ন, তজ্ঞপ পরত্রন্ধে শক্তি অভিন্ন ভাবে। আছেন। তাঁহাকে কখন প্রভেদ করা যায় না, ও ঐ অচিস্তা শক্তির স্বরূপ নির্ণয় করা স্থকঠিন; তবে শক্তি কার্যামুমের মাত। যেমন মণির উজন জ্যোতি রাত্রি কালে প্রকাশ হয়, ঐ জ্যোতি:, পদার্থ মণির সহিত अভिन्न वरहे, **এवः निवरम छा**रांक मनि वनिन्ना त्वां रहा ना, असकारन জ্যোতিঃ প্রকাশ হইলে মণি বলিয়া জানা যায়; তদ্ধপ পরত্রহে যে শক্তি আছেন, তাঁহা স্ঠি কাৰ্য্য দারা অনুভব হয়, এবং ঐ স্থীয় শক্তি দারা পরমেশ্বর স্বয়ং প্রকাশ হয়েন, এবং সৃষ্টি দারা তাঁহাকে জানা যাইতে পারে। নতুবা প্রলয় কালে কোন পদার্থ না থাকায় তাহার অমুভব হইতে পারে ना। घाठ এব চৈত ना পদার্থে শক্তি থাকায়, ঐ শক্তিকে পৃথক করিতে না পারায়, অভিন্ন শক্তিমান্ চৈতন্যই ব্রহ্ম। ফলিতার্থে পরমেশ্বরকৈ চৈতন্য ्रितिया উলেথ করিলে শক্তিমচৈত্তন্য বুঝাইবেক। এবং তাঁহাকে শক্তি বলিয়া উলেথ করিলে চৈতন্যবতী শক্তি বুঝাইবে। ঐ শক্তিকে শাস্ত্রকাদেরা

শক্তি, ও মূলাপ্রকৃতি, পরমাপ্রকৃতি, ও পরাৎপরা প্রকৃতি, এবং মহামায়া, অজা বলিয়াছেন। ইনি গুণময়ী মায়া নহেন। ঐ ব্ৰহ্ম শক্তি হইতে ত্রিগুণাত্মিকা মায়ার অবির্ভাব ও তিরোভাব হইয়া থাকে। ভগবদগীতার চতুর্দ্ধশ অধ্যায়ে আছে \* সত্ত্ব, রজ, স্তম, গুণ মূলা প্রকৃতি হইতে উদ্ভূত হয়। অতএব ত্রিগুণাত্মিকা মায়ার আবির্ভাব ও তিরোভাব, বৃদ্ধান্ত হইতে হওয়াই' অমুমান হইতেছে। এই ত্রিগুণাত্মিকার স্পাবির্ডাব তিরোভাবের কারণ এই মে, ঈশবের তুইটি অবস্থা থাকা শাস্ত্রকারেরা ব্লিয়াছেন; অর্থাৎ প্রমেশ্বর অব্যক্ত ও ব্যক্ত। তিনি, স্থাষ্ট স্থিতি কালে ব্যক্ত, ও মহাপ্রলয় সময়ে অব্যক্ত। ভগবান মনুর ১ম অধ্যায় ৫।৬।৭ শ্লোকে আছে যে, মহাপ্রলয় সময়ে এই জগতের সমস্ত বস্তু প্রকৃতিতে লয় প্রাপ্ত, ও ঐ প্রকৃতি ব্রন্ধে নীন হইয়াছিলেন, যে তৎকালে প্রত্যক্ষ, ও অনুমান, এবং শব্দ, এই তিবিধ প্রমাণের বিষয় সকল, অভাব হেতু পরমে-শ্বর অব্যক্ত ছিলেন ; পরে সৃষ্টি প্রকাশ করতঃ স্বরং প্রকাশ হইলেন। যদি বল যে, পরমের্যার স্বপ্রকাশের স্বরূপ, তাঁহার প্রকাশ, অপ্রকাশ, অর্থাৎ ব্যক্তাব্যক্ত স্বীকার করা সম্বত নহে। ইহাতে বক্তব্য এই যে, পরমেশ্বরের ব্যাক্তাব্যক্ত প্রদীপের স্থায় জ্বলস্ত ও নির্বাণ স্ববস্থা নহে। তিনি জ্ঞান, ও আনল্ময়, নিতা পদার্থ; তবে অগ্নিও দীপের সহিত কথন কখন উপমা দেওয়া হয় বটে; সৈ কেবল লোককে বুঝাইবার জন্ম, নতুবা তাঁহার দৃষ্টাস্ত, অন্ত কোন বস্তুতে নাই কেবল তাঁহাতেই আছে। তাঁহার প্রকাশ ও অপ্রকাশ তুলা; ভবে স্ষ্টিকালে ব্যক্ত বলার তাংপর্য্য এই যে, সাধক মুলুষ্যেরা তপস্থা করিয়া, নির্ম্মণ মনদারা তাঁহার স্বরূপ জানিতে পারেন: স্থৃতরাং ব্যক্ত। প্রলয় কালে মনুষ্যাদি কোন পদার্থ ন। থাকায়, জানিবার অসম্ভব হেতু অব্যক্ত বলা যায়। আর যদ্যপি তিনি, স্ষ্টিকালে ব্যক্ত হয়েন, তাহাতে তাঁহার স্বরূপের রূপাস্তর হয় না। যথন তিনি, নিজ শক্তি দারা, সৃষ্টি করিতে প্রবৃত্ত হয়েন, তথন তাঁহার ইচ্ছাকুমে ত্রিগুণাত্মিকা মায়া প্রকৃতি, তাঁহা হইতে প্রকাশিতা হয়েন; এবং তিনি ঐ প্রকৃতিতে স্বয়ং আবিভূতি হইয়া এই জগৎ সৃষ্টি করেন। তদনস্তর যথন প্রালয় করিতে

<sup>় &</sup>quot; সহং রজ তাম ইতি গুণাঃ প্রকৃতি সভা।

প্রবৃত্ত হরেন, তথন স্থ শক্তি ক্রমে সমুদার পদার্থ প্রকৃতিতে লয় করিরা ঐ প্রকৃতিকে আত্মশক্তিতে লয় করেন। এইরূপ, চিরকাল স্প্রতিতি প্রলয় করিতে থাকেন; ইহা তাঁহার নিত্য দিদ্ধ কার্য্য, তাহার বিরাম নাই। তাহা অনবরতই হইতেছে ও হইবেক। এক্ষণে কি প্রকারে পরমেশরের শক্তি হইতে প্রকৃতি পুক্ষ প্রকাশ হইয়া তাহাতে লয় হয়েন, ঐ কারণ স্বর্গাশক্তি ও তাহার কার্য্য নির্ণয় করা যাইতেছে।

## ষোড়শ অধ্যায়।

### স্ষ্টি আদির কারণ স্বরূপাশক্তি নির্ণয়।

পরমেশ্বর সকল কারণের কারণ ও নিত্য, নির্বিকার, বিশুদ্ধ, পরমাত্মা, চৈতন্ত্র নির্মাণ জ্ঞানস্বরূপ। তাঁহাতে অনস্ত প্রকার শক্তি, অর্থাৎ জ্ঞানশক্তি, কালশক্তি, ইচ্ছাশক্তি, ক্রিয়াশক্তি, বস্তুর উৎপাদিকাশক্তি, প্রভৃতি নানা প্রকার বিচিত্র শক্তি সকল অভিন্ন ভাবে মিশ্রিত রহিয়াছে। এই শক্তি. অচিন্তা অর্থাৎ চিন্তাদারা তাঁহাকে জানা যাইতে পারে না : এবং জনির্ক্ত-চনীয়া অর্থাৎ বৃদ্ধি দারা সং কি অসং নির্ণয় করা যায় না। मंकि পদার্থ এক বটে, किन्छ তাহার অনস্ত কার্য্য দর্শনে অনস্ত প্রকার বোধ হয়। যেমন একজন মনুষাকে অনন্ত কার্য্য সাধন করিতে দেখা যায়; কিন্তু তাহার শক্তি নিরূপণ করা যাইতে পারে না; কেবল তাহার কার্য্য দর্শন করিলে শক্তির অনুভব হয়। ফলত: ঐ ব্যক্তির কোন স্থানৈ কি শক্তি আছে ভাছা নির্ণয় করিতে না পারার ভাহার নামা শক্তি কল্পনা করিয়া থাকে। ফলি-তার্থে ব্যক্তি ও তাহার শক্তি পদার্থ একই বটে: তবে পরমেশ্বরকে যে ष्मनञ्ज बना रहेबाए, जाहात वर्ष धहे दैव, योहात श्रञ्ज नाहे वर्षाए एम. অথবা কাল্ডারা বাঁহার শেষ কল্পনা করা যায় না, তাঁহাকে অন্ত বলা यात्र। यहिष किनि सृष्टि कार्या अनुस्कत्रभाती इटेग्राह्मन. ज्यापि वह এক, অর্থাৎ নিত্য জ্ঞান আনন্দ স্বরূপ; যেরূপ একজন ব্যক্তিকে সম্বর্রামু-

সারে কেই পিন্ডা, কেই পুত্র, কেই প্রাতা, কেই বন্ধু বলিয়া থাকে ও কেই গুরু, কেছ শিষ্য, ও কেছ স্বামী, কেছ রাজা, কেছ প্রকা বলিয়া বিখাস करत ; धवः छिनि नाना সময়ে नाना श्रकात পরিচ্ছদের ছারা নানা প্রকার মুর্ত্তি ও উপাধি ধারণ করেন; তাহাতেও তিনি ব্যক্তি একই ভিন্ন ছই হয়েন না। তদ্ৰপ এক শক্তিমান হৈতন্য পদাৰ্থ এক হইয়াও আত্ম শক্তিতে অনস্ত প্রকার নাম ও উপাধি দ্বারা অনস্ত প্রকার কার্য্য করেন বলিয়া তাঁহাকে অনস্ত বলা যায়। বস্তুতঃ তিনি জ্ঞান স্বরূপ, অর্থাৎ সর্বজ্ঞ : তাহা জ্ঞা ধাতু হুইতে উৎপন্ন, অর্থাৎ জানাতি এই অর্থে জ্ঞা, পদটি সিদ্ধ হুইয়াছে। তাহাতে जकत्व कार्तन दिनि, छाँशांक जर्सछ वना यात्र। जकन कार्तन व्यर्थाए সৃষ্টি স্থিতি প্রলয় কার্য্য জানেন বলিয়া সর্বজ্ঞ। এই সর্বজ্ঞ শক্তি ব্যতীত इंडेट शांद्र ना ; दकनना दिल्ना वर्षा खान, दकवल काना माछ । किछ সৃষ্টি কি ? স্থিতি কি ? প্রাণয় কি ? এবং তাহা কোন সময়ে কি প্রকারে হইবেক ? ও হইতে পারে ? তাহা শক্তি ব্যতীত আর কিছতেই জানা যায় না। অতএব তিনি জ্ঞান শক্তি খারা সর্বজ্ঞ হইয়াছেন। এবং তিনি ঐ জ্ঞান শক্তি দ্বারা সৃষ্টিকালকে লক্ষ্য করিয়া কালশক্তি ক্রমে সৃষ্টি কাল নির্ণয় करवन । व्यर्थार श्रीन कान व्यवनान स्टेशास्त्र, धकरा रुष्टि कतिरा हहेरवक. ইছা জ্ঞান ও কালশজ্ঞি বারা নির্ণয় করিয়া ইচ্ছাশক্তি বাহাকে যোগবাশিষ্ঠ मननी भक्ति विवशासन। ये रेष्ट्रांभक्ति करम एष्टि विवशिणी रेष्ट्रां श्रेकांभ कतिब्राहित्तन। (वर्षात्य वत्तन, "आमि श्रका क्राल वह क्टेव" धहे हेव्हा প্রকাশ করিরাছিলেন। এই সকর মাত্রেই ক্রিরা শক্তি ক্রমে, অতিশয় সৃন্ধ-রূপা সত্ব রজঃ ও তমঃ গুণের সাম্যাবস্থা ত্রিগুণাত্মিকা অব্যক্ত প্রকৃতি ৰাক্তা হইলেন। তাহাতে পৃথক ভাব প্ৰতীয়মান হয়, যেরপ ক্ষা হইতে. জলবিম্ব উদিত হইয়া, পৃথক ভাব অবলম্বন করে, তত্ত্রপ ভাব হইয়াছিল। ঐ खिल्लाचिकारक नाचा मर्नात, अकृष्ठि वरना ; (वर्षास मर्नात मात्रा वर्त्वत ; aद उ क्वारनत मक्तिमरेक्रनारक मार्चा पर्मात शुक्रव विनया निर्मिष्ठ कतिया-ছেন। বৈদান্ত ৰলেন বে, মায়া প্রকাশ হইরা তাহা দর্পণ স্বরূপ, চৈতন্য পদার্থকে আবৃত করার চৈতন্যের আভাস প্রকাশ হইতে থাকে। ঐ আন্তা-স্কে পুৰুষ বলা যায়; বাস্তবিক ঐ পুৰুষ ত্ৰিগুণা প্ৰাকৃতিৰ সহিত যোগ

হওরাতে, ঐ পুরুষ সঞ্চণ ব্রহ্ম, ঈশ্বর নামে খ্যাত হইরা স্ট্রাদি কার্য্য করিয়া থাকেন। সঙ্খা দর্শনকার বলেন যে, এই প্রকৃতি পুরুষের যোগ হইয়া, প্রকৃতি স্ট্রীই করিতে থাকে; এত দ্বিষয়ের বাদামুবাদ, পূর্ব্বে মীমাংসিত হইয়াছে। ঐ প্রকৃতি পুরুষ তোগ হইলে, ইহাকে সকল শাস্ত্রেই সঞ্চণ ঈশ্বর যে, বলিয়াছেন, তাহা প্রমেশ্বের অবস্থা তেদ মাত্র; তদ্বিয় নির্ণায় করা যাইতেছে।

## मপ্তদশ অধ্যায়।

### সগুণ ত্রহ্ম নির্ণয়।

পরমেশরের অবস্থা হুইটি আছে, অর্থাৎ নিশুণ ও সগুণ \*। এই হুই
অবস্থা বেদ বেদান্ত ও পুরাণ তন্ত্র প্রভৃতি শান্ত্রে কথিত হুইরাছে; তাহা

যুক্তিযুক্ত বটে। তন্ত্র শান্তে বলেন যে, যেপ্রকার মৃত একই বস্ত, তাহার
কাঠিনা শ দ্রব হুই প্রকার অবস্থা হয়, কিন্তু কাঠিন্যই হউক, বা দ্রবই হউক
তাতা মৃত ভিন্ন অন্য কিছুই নহে; তদ্ধেপ নিশুণ ব্রহ্ম। ত্রিশুণার সহিত
চৈতন্যের যোগকে সগুণ ব্রহ্ম বলা যায়। যথন ব্রহ্মশক্তি হুইতে তিশার
আবির্ভাব হয়, তথন ঐ প্রকৃতি হুইতে তাহার বৃদ্ধি স্বর্ন মহন্তব, এবং
তাহা হুইতে মনঃ স্বর্নপ অহম্বারতত্ব উদিত হয়; তৎপরে চৈতন্যের সহিত
যোগ বন্ধর উৎপাদিকা শক্তি হুইতে, শব্দ, স্পর্শ, রূপ, রস, গহ্ম, এই পঞ্চতন্মাত্রার, উৎপত্তি হুইয়া, সগুণ ঈশরের শরীর ক্রণে নির্দিষ্ট হয়। বদ্যপি
তিশুণান্থিকা মান্নার সহিত চৈতন্যের যোগ হয় বলা হুইয়াছে; কিন্তু ঐ
যোগ মিশ্রযোগ নহে; অর্থাৎ ত্রিশুণার সহিত অভিন্নভাব হয় না। কারণ
ঈশরের স্বরূপ যে চৈতন্য পদার্থ, তাহার ধ্বংস হয় না; অথচ বোর্গ হয়;
বেমন আকাশে বায়ু মিলিত, অথচ পৃথক ভাবে থাকে; তত্ত্বপ, প্রকৃতি
মিলিত অথচ পৃথক ভাবে থাকে। কিন্তু কার্য্যতঃ পৃথক করা যান না।

<sup>&</sup>quot; সগুণ ৰাজ্য, নিগু'ণ অবাজ্য।

যদিচ যন্ত্র স্বারা বায়ুকে আবদ্ধ করিয়া পৃথক ভাবে লক্ষা করা যায় বটে; কিন্তু ঐ যন্ত্ৰ স্থিত বায়্ব মধ্যে যে আকাশ থাকে, তাহাকে পৃথক কৰা যায় না; যেমন মন আত্মাতে লয় বাতীত পৃথক করা যায় না; তদ্ধপ তিগুণা মায়া চৈতন্যে লয় প্রাপ্ত হওয়া ব্যতীত অন্য কোন রক্মে পূথক্ করা যায় ना ; किन्न वन्त पृथक वर्षे । তবে कृत रुक्त (मरहत महिल बाबा पृथक् ভাবে থাকা সিদ্ধান্ত হয় বটে; কিন্ত কারণ শরীরের অভ্যন্তরে যে, আত্মা আছেন, তাহাকে প্রকৃতি হইতে পৃথক ভাবে লক্ষিত করা কঠিন হইরা পড়ে। এই সকল বিষয় সাধনার কার্য্য, ইহা লিখিয়া নির্ণয় করা অসাধা। এই প্রকৃতি পুরুষের যোগে পরমান্তার যে অবস্থা হয়, তাহাকে নানা শাস্তে নানা নামে উলিখিত করিয়াছেন। ইহাকে বেদ বেদাত্তে সগুণ ঈশ্বর, তন্ত্র भारत महाकानी, माध्य पर्नात श्रक्ति श्रुक्ष, कानीश्रवात कानी, महा-ভাগৰতে ছুৰ্গা, ব্ৰহ্মবৈৰৰ্ত্ত পুৱাণে কৃষ্ণ, বিষ্ণু পুৱাণে বিষ্ণু, মহুতে স্বয়ম্ভ ভগবান, এই রূপ নানাপ্রার বর্ণনা করিয়াছেন। ইনি গায়ত্রী প্রতিপাদ্য ভর্ম, এবং নিরাকার ও সাকার ছই বটেন; কেন না তাঁহার বাস্তবিক आकात ना थांकात्र निवाकार, এবং আত্ম मात्रा क्राय्य यथन रुख श्रेतानि क्रथ বিশিষ্ট মৃত্তি ধারণ করেন; এবং যখন বস্তু রূপে, স্থূল ও স্কা ভাবে জগৎ क्राल श्रकान हरवन, ज्थन माकांव वना यात्र। किन्दु माकांव जाहांव श्रक्त নতে। তিনি আকার বিশিষ্ট হয়েন বলিয়া তাঁহাকে সাকার বলা যায়। যেমন মহুষা দেহ বিশিষ্ট আত্মাকে দেহী, অথবা সাকার বলা হয়, তজ্ঞপ আকারের সহিত বর্ত্তমান নিরাকার আত্মাকেই দাকার বলে। ইনি স্বয়ং প্রকাশ হইয়া সৃষ্টি স্থিতি প্রলয়, অর্থাৎ মূল ক্রা বস্তু সকল উৎপত্তি ও ধ্বংস করত, প্রকৃতিকে আত্ম শরীরে লয় করিয়া নিগুণবন্ধ রূপে+ অবস্থান করত পুনরায় জ্ঞান ও কাল শক্তি ক্রমে, ইচ্ছা ও ক্রিয়া এবং বস্তুর উৎপাদিকা শক্তি ছারা, পুনরার সপুণ রূপে স্ট্রাদি কার্য্য করিতে থাকেন। ইহা তাঁহার निछा निष्क कार्या, এই कार्यात्र विताम नाहै। यमि वना वात्र या, शतरमचरत বে সকল শক্তি আছে, তাহা এক সময়ে প্রক(শ হয় ? তবে পর্যায় ক্রমে

বাক্ত শক্তি বৃক্ত ও অব্যক্ত শক্তি বৃক্ত উভয় নিশুর্ণ ব্রহ্ম। ব্যক্ত শক্তি, বিশুরণের সম্যোবহা,
 এবং কারণ বরূপা, তাহা ছইতে, বিশুণা প্রকাশ হয়।

সৃষ্টি স্থিতি প্রবায় কার্য্য কি প্রকারে ঘটনা হইতে পারে ? কিন্তু তাহা সম্ভব নছে। কেননা সৃষ্টি ও প্রালয় ইচ্ছা এক কালে হইতে পারে না। দেখন একটি ইচ্ছা প্রকাশ হওয়ার পরে আর একটি ইচ্ছা হইতে পারে। কারণ पृष्ठि देखा दरेया जारा ना दरेता कि वस नय दरेतक ? जारा कहाना करा উন্মত্তের প্রশাপ বাতীত জ্ঞানের কার্যানহে। এজনা সৃষ্টি বিষয়িণী ইচ্চা इहेग्रा, एष्टि कार्या नमाधानारस श्रम्हा९ कानमक्ति वगकः नग्न कतिरक हेन्हा জন্ম। ইহা সঞ্চত ও কার্য্য কারণ দর্শনে, অমুভব হয়। যদি তাহাতেও वानाञ्चान कता यात्र (य, এक काटन रुष्टि ও প্রলম শক্তি প্রকাশ হওয়া অনুমান করা যাউক ? তাহাতে বক্তব্য এই যে, পরমেশ্বর অনস্ত, তাঁহার অন্ত নাই। কিন্তু এই ব্রহ্মাণ্ডের একটি সীমা থাকা, শাস্ত্রীয় যুক্তি দারা জানাইতেছে। বেমন এই জগদু স্নাও, তাঁহার একাংশে বর্তমান আছে।\* তজ্ঞপ অন্যাংশে অনস্ত ব্রহ্মাও রহিয়াছে, তজ্জন্য তাঁহার নাম শাস্তে অধিল ব্রহ্মাণ্ডেশ্বর বলিয়াছেন। ফলতঃ অনস্ত বস্তুর একাংশে একটি ও অক্সাংশে অনম্ভ কোটি ব্রহ্মাণ্ড থাকিলেও, যুক্তি অনুসারে তাহার সর্বাঙ্গ পরিপূর্ণ হয় না। অতএব প্রমেশ্বরে যে শক্তি আছে, তাহা যদি এককালে প্রকাশ হওয়ার তর্ক করা যায়, তাহাও এইরূপে সম্ভব হইতে পারে যে, এক দিকে একটি ত্রন্ধাও সৃষ্টি ইহার সময়, অন্ত দিকে আর একটি ব্রহ্মাণ্ড লয় প্রাপ্ত হইতেছে; এরূপ প্রতি মুহুর্ত্তে সৃষ্ট-স্থিতি-প্রলয় হটবার প্রতিবন্ধক দৃষ্ট হয় না। বরং পরমেশ্বরের অনির্বাচনীয় মহিমা দ্বারা দকল প্রকার কার্য্য ঘটনা হইতে পারে। তাঁহার কার্য্যের অন্ত কেছ জানিতে পারে না। যদি বল যে, পরমেখরের অন্ত যদি না জানা যায়, তবে তাঁহার তত্ত্ব জানিবার চেষ্টা করা অকর্ত্তবা? কিন্ত ইহা বলা খুক্তিযুক্ত নহে। কেন না শাস্ত্রকারেরা বলিয়াচেন যে, উপাসনা ও ভক্তি এবং শাস্ত্র জ্ঞান দারা, পরমেশ্বকে জানা বাইতে পারে; ইহা ক্লাচ মিথ্যা নছে; ও এরপ মিথাা কথা বলারও কোন কারণ তাঁহাদিগের ছিল না ও নাই। অতএব উপাসনা, ভক্তি, ও শাস্ত্রালোচনা দারা পরমে-খরের তত্ত জানিবার চেষ্টা করা অতীব কর্ত্তব্য। তবে অনস্ত পরমেখরের

একাংশেন স্থিতো জগৎ। ভগবদ্দীতার ১• অধ্যায়।

সম্পায় অন্ত জানা যায় না বটে, তাহার একদেশ জানিলেট, সম্পায় জানা হয়। যেমন জলমর বৃহৎ পদার্থকৈ সম্প্র বলে, ঐ সম্দ্রের এক দেশ দর্শন ব্যতীত সম্পায় ভাগ কেহ দেখিতে পায় না; কিন্তু তাহার এক দেশ দর্শন হইলেই সম্প্র দর্শন করা হইল তাহার সন্দেহ নাই। তদ্ধ্রণ পরমেখারের এক দেশ নিশ্চয় হইলেই, সম্পায় নিশ্চয় হইতে পারে। এবং তাহাতে মৃক্তি হইবার নিতান্ত সন্তাবনা আছে। এই বিষয়, মৃক্তি প্রকর্বনে, মীমাংসা করা যাইবেক; এক্ষণে ত্রিগুণাত্মিকা মায়া প্রকৃতির স্বরূপ কি ? তাহা সিদ্ধান্ত করা হইতেছে।

# অফাদশ অধ্যায়।

### প্রকৃতির স্বরূপ নির্ণয়।

মায়া প্রকৃতির স্বরূপ জানা যাইতে পারে না, কারণ কোন শাস্ত্রে তাহা দেখিতে পাই নাই, তবে এই পর্যাক্ত মীমাংসা আছে যে, ঐ প্রকৃতি কার্য্যান্থ্যা, অর্থাৎ কার্য্যা দর্শনে, প্রকৃতির অনুমান হয় মাত্র। ও শাস্ত্রকাবেরা আরও বলিয়াছেন যে, অঘটন ঘটনা পটীয়সী মায়া; অর্থাৎ যাহা নহে তাহাই করিতে পারেন, তিনিই ব্রিগুণাত্মিকা মায়া প্রকৃতি। তগলগীতার সপ্রম অধ্যায়ে বলিয়াছেন যে, ভূমি, জল, তেজ, বায়ু, আকাশ, মন, বৃদ্ধি, অহঙ্কার, ইহারা অপরা প্রকৃতি। এবং জীব পরা প্রকৃতি। ঐ গ্রন্থের ক্রোদশ অধ্যায়ে বলিয়াছেন যে, চতুর্বিংশতি তত্ত্ব এবং ইচ্ছা, দ্বেষ, প্রভৃতি সম্দায় পদার্থ সমষ্টিকে শরীর অর্থাৎ ক্ষেত্র বলা যায়। এই শরীব্রকে বিনি জানেন, তাহাকে ক্ষেত্রক্ত জীব বলে; ও প্রকৃতি হইতে গুণ এবং বিকার সকল উৎপন্ন হইয়া ঐ দেহ হইয়াছে; এই প্রকৃতি, এবং প্রুষ জীব, উভন্ন অনাদি, ও উভয়ই প্রকৃতি। তাহাতে শঙ্করাচার্য্য মীমাংসা করেন যে, এই উভন্ন ব্রহ্মাক্ত হইতে উৎপন্ন হওয়াতে, এই উভন্নকে শক্তি

<sup>&</sup>lt;sup>6</sup> ३३ ज्यारित्र कार्टि ।

ও প্রকৃতি বলা হইয়াছে। স্নতরাং এই উভয় অনাদি বটে : কিন্ত প্রবাহ-ক্লপে অনাদি। কারণ দিবা অন্তে রাত্রি, ও রাত্রি অন্তে দিবার ফ্রায়; স্পষ্টি অন্তে প্রলয়, ও প্রলয়ান্তে সৃষ্টি, চিরকাল হইতে থাকায়; জগৎ প্রবাহের चामि नारे, जारा चनामि। এবং जारात्र मून कात्रण श्रकृति श्रकृष, शृष्टि কালে প্রকাশ, ও প্রকায় কালে লয় হওয়াতে, স্কুতরাং তাহারও প্রবাহরূপে অনাদি। এবং প্রকৃতি পুরুষ উভয়কে প্রকৃতি বলার কারণ এই যে, ইহা পরমেশরের প্রকৃতি অর্থাৎ স্বভাবরূপে নির্দিষ্ট হইয়াছেন। অতএব প্রকৃ-তিব अञ्जल हेशां कहे वना यात्र। এই সকল কারণে অফুমান হয় যে, ত্রিগুণাত্মিকা মায়া সৎ ও অসৎ, হুই বটেন ; কারণ প্রকৃতির অন্তিত্ব আছে, নতুবা জগৎ কার্য্য কি প্রকারে হয় ? এজন্ত তাহাকে সৎ বলা যায় ; আর তিনি জড়াংশ কোন সুলবস্ত না হওয়ায় তাঁহাকে অসৎ বলে। শাস্ত্রকারেরা वालन (य. महम्हा। मनिर्वाहनीया माया, व्यर्थाए माया मए वा व्यम् व्यनिर्वाहन চনীয়া। ইহার তাৎপর্য্য গ্রহণ করিলে, সৎ, ও অসৎ উভয় বলিয়া নির্ণয় হয়। ঐ বিষয় পঞ্চশী গ্রন্থকর্তা মীমাংসা করেন যে, মায়ার স্বরূপ অনি-र्काइनीय वर्षे, किन्न जाहा ब्लान मृष्टित्व अन् ; वदः सृष्टि आपि कार्या नर ।-हैहाट विदाध धहे (य, यनि माग्रा अन् हरवन, ज्द अन् कार्य मिथा) হইতে পারে; এবং তিনি সং হইলে, জগৎকার্যা সত্য হইতে পারে; কেন ना छिलानान कांत्रण मठा इहेटल, कार्या मठा इय ; ও তाहा मिथा। इहेटल কার্যা মিথ্যা হয়; তাহাতে এক বস্তু মিথ্যা এবং সত্য এই উভয় প্রকার কিরূপে দিল্লান্ত হইতে পারে ? তাহার মীমাংদা এই যে, মারার কার্য্য এই জগৎ অজ্ঞান দৃষ্টিতে স্ত্য, ও জ্ঞান দৃষ্টিতে মিথ্যা, কারণ ঐক্রজালিক \* কার্য্য বেমন প্রতাক দেখা যায়, এবং যিনি ঐক্রজালিক কার্যা 🖋 জানেন তিনি সতাই বলিয়া বিশ্বাস করেন; আর যিনি জানেন যে, 'এক্রজালিক কার্য্য মিথ্যা: তাঁছার নিকট ঐ সকল কার্য্য মিথ্যা বলিয়া বোধ হয়: তদ্রুপ এই মায়াময় জগৎকে ব্যবহার জন্ম অজ্ঞানিরা সত্য বলিয়া প্রত্যয় করেন। र्थं ए उद्कानी महाचाता हैश मिथा विनिष्ठा कात्न। हैशए मिक्रांच

<sup>#</sup> ভোজৰাজী।

হয় যে, যেরূপ ঐক্রজালিক কার্য্যে, বস্তুরূপ উপাদান ব্যতীত কুহক দারা নির্বাহ হইয়া বস্তরপে প্রতীতি হয়, তজ্ঞপ জগতের উপাদান কারণ মায়া কোন বস্তুর স্ক্রাংশ না হইরাও জগৎ রচনা করেন। যদিও সাঝা দর্শন-कांत्र वर्णन (य, এक এक जवा इहेर्ड, य य जवांचत इम, डाहारक পরিণাম বলে। যেমন ছথের পরিণাম দধি ও ঘৃত, এবং স্থবর্ণের পরিণাম কুওল, বলয়, ও হার প্রভৃতি; এবং মৃত্তিকার পরিণাম ঘটাদি; তদ্ধপ সন্মা বড়া প্রকৃতির, পরিণাম এই দুখ্যমান জগৎ হইতেছে। কিন্তু বেদান্ত मर्गत वरतन (य, পরমেশবের আত্মশক্তি হইতে, ত্রিগুণাত্মিকা মায়া প্রকা-শিতা হইয়া, তাঁখার বিবর্ত্ত পরিণামরূপে এই জগৎ পরিদুশুমান হইয়াছে। মারা মিধ্যা, কুহক স্বরূপা। অতএব তাহার পরিণাম মিথ্যা, কেবল ভ্রম প্রযুক্ত জগৎ পদার্থ সকল দেখা যায়। বেমন মুগতৃকা দর্শনে জলের ভ্রম হয়, এবং শুক্তিতে রজত ভ্রম হয়, ও রজ্জুতে দর্প ভ্রম হয়, তল্পায় পরমেখরে এই জগৎ खम इस । कलिजार्थ, कगर किছूरे नरह, जाहा खक्रमस (करन মায়া দারা, জুগংরূপে আরোপ হইয়াছে মাত্র। এই উভয় গ্রন্থের মীমাংসা -এই যে, সাভায় দর্শনে যে পরিণাম বলিয়াছেন, ঐ পরিণাম ছগ্ধ হইতে দধির न्यात्र ना इहेबा खूदर्ग कूछनानि ७ मृखिकात घरानित न्यात्र, निर्वत्र कतितन বেদান্তের সহিত ঐক্য হইতে পারে। কারণ প্রকৃতি পুরুষের এক যোগ ব্যতীত কখন পরিণাম ঘটনা হয় না; তাহাতে যদি স্থবর্ণ কুণ্ডলের ন্যায় পরিণাম স্বীকার করা যায়, তবে ত্রহ্ম বস্তুর কোন হানি দেখা যায় না। কেননা যেমন স্থবর্ণের কুওল, স্থবর্ণ ব্যতীত নহে, তজপ এই দ্বগুৎ শক্তিমান চৈত্ত ব্রহ্ম ব্যতীত আর কোন বস্ত হইতে পারে না∗। স্থতরাং জগৎ मः मात्र, अवं दू खालत । जात्र, माकिमान देह जात्र अतिवास श्रीकांत कतिरल. অবৈতবাদের থওঁ হয় না। অতএব উভয় মতেই একরূপ সিদ্ধান্ত इटेटल्ड । जत्य यनि इत्धात পরিণাম निध घटलत श्राप्त श्रीकात कत, जाशास्त्र দোষ হয় বটে; কিন্তু বাস্তবিক তাহা নহে, কেবল দৃভাতে ঐরূপ; কেননা কার্য্য কারণরূপে এই জগৎ স্ক্রন হইরা, আবার কার্য্য কারণরূপে

<sup>🌣</sup> চতুর্থ ভাগের ২র অধ্যারে সমালাধিকরণের মীমাংদা দৃষ্ট কর।

लग्न প্রাপ্ত হয়, ইহা সর্ববাদীসম্মত। ঐ কার্য্য কারণ সমালোচনা করিলে, ঐ রূপ পরিণাম স্থির হইতে পারে না : কারণ শক্তিমচৈত্ত হইতে প্রকৃতি, তাহা হইতে মহৎ, তাহা হইতে অহকার, তাহা হইতে পঞ্চনাত্রা, তাহা হুইতে আকাশ, আকাশ হুইতে বায়ু, তাহা হুইতে তেজ, তাহা হুইতে জল, ও জল হইতে মৃত্তিকা; তদনন্তর বৈকারিক পদার্থ সকল উৎপন্ন হয়। ইহার মূল কারণ শক্তিমটৈতভক্ত, তাঁহা হইতে ত্রিগুণা প্রকৃতি মারা, কার্য্য রূপে প্রকাশিতা হয়েন। পরে তিনি, কারণ স্বরূপা হইয়া মহতত্তক কার্য্য রূপে প্রকাশ করেন, এবং ঐ মহৎ কারণ স্বরূপ হইয়া অহকারকে প্রকাশ করেন: অহন্ধার পঞ্চত্মাত্রাকে প্রকাশ করেন: এইরূপ কার্য্য কারণ সম্বন্ধে জগৎ রচনা হয়। আবার প্রালয় কালে বৈকারিক পদার্থ সকল পৃথিবীতে, ও পৃথিবী জলে, জল তেলে, তেঞ্চ বায়ুতে, বায়ু আকাশে, আকাশ তনাতাতে, ও তনাতা অহমারে, অহমার মহততে, ও মহৎ প্রকৃ-তিতে, লয়প্রাপ্ত হইয়া, প্রকৃতি পরমেশ্বরে লয় হয়েন। ইহাতে অনুমান হয় যে, যখন অন্তান্ত পদার্থ লয় অন্তে, আকাশ তনাতায়, ও তুন্মতা অহ-ক্ষারে, লয় হয়; তথন পরমাণু প্রভৃতি আর কিছুই থাকে না। অতএব ঈশ্বরের মায়া, কোন দৃশ্র বস্তুর স্ক্রাবস্থা নছে; কেবল ভাব পদার্থ মাত্র। তাহার পরিণামে কোন বস্তু সুলক্ষপে প্রকাশ হইতে পারে না। অঞ্চ क्षेन्छ जानिक कार्यात जाय, वस्तु वनिया श्रेजीयमान हरेए थारक । हेरा ব্দজান দৃষ্টিতে সত্য; এবং তত্ত্ব বিচারে মিণ্যা থাকাই দিদ্ধান্ত হইতেছে। ঐ প্রকৃতির স্বরূপ এই পর্যান্ত নির্ণয় হইল। এক্ষণে হুর্গা, কালী, প্রভৃতিকে যে, আদ্যা শক্তি প্রকৃতি, এবং শির, বিষ্ণু, প্রভৃতিকে যে, আদি পুরুষ বলা হইয়া থাকৈ; তাহাতে কোন প্রভেদ আছে কি না তিহার মীমাংসা করা যাউক।

ছক্ষের পরিমাণ দয়ি ঘৃতের ন্যায়, বাস্তবিক প্রকৃতির পরিমাণ ঐকপ হইলে যে ঘৃত ও
দিধি প্রনায় ছক্ষকপে অবস্থিতি হয় না, তজপ জগতেরও প্রলয় হওয়ায় সম্ভরু নহে।

## উনবিংশভি অধ্যায়।

### সাকার প্রকৃতি পুরুষ নির্ণয়।

পুর্বের বলা হইয়াছে যে, নির্গুণ পরমেশ্বর সপ্তণরূপে প্রকাশ হরেন। ঐ সগুণ সাকার এবং নিরাকার। সাকার ছই প্রকার, যথা বস্তুরূপ, এবং মূর্ত্তিরপ, বস্তরপ অর্থাৎ পঞ্চভূত রূপ। এবং তাহার বিকার রুক্ষ, গুলা, শতা, প্রভৃতি রূপ। আবে মূর্তিরূপ ছুর্গা, কালী, শিব, বিষ্ণু, এবং ব্রহ্মা প্রভৃতি। যাহা প্রতি কলে, মারা দারা, প্রথম একটি মূর্ভি ধারণ করেন, তদনস্তর ঐ মূর্ত্তি বিভাগ হইয়া, ত্রহ্মা, বিষ্ণু, শিব, গণেশ, ও স্থ্য প্রভৃতি পুরুষ। এবং ছর্গা, রাধা, লক্ষ্মী, সরস্বতী, সাবিত্রী প্রভৃতি প্রকৃতি রূপা; ব্দর্থাৎ স্ত্রী রূপা হইয়া, ঐ পুরুষ প্রকৃতি, একযোগে সৃষ্টি কার্য্য সাধন করিতে থাকেন∗। এই সকল প্রকৃতি পুরুষের মৃৰ্ভি ও কার্য্য পৃণক্ ्र्यक् शाका, भारत निर्फिष्ठ हरेब्राष्ट्र। किन रहाता पृथक् वन्न नरहन, - কেননা সঞ্জপ ঈশ্বর বস্তু এক, এবং তাহাকে কারণ শরীর বিশিষ্ট বলা ছইয়াছে। কারণ শরীর প্রকৃতি, মহত্তত্ব, ও অহকার, এবং শব্দ, স্পর্শ, ক্লপ, গন্ধ, এই পঞ্চনাত্রা, তাহাতে সগুণ ব্রন্ধের যে মূর্তি, তাহা মায়িক, অর্থাৎ মায়া দ্বারা ঐরূপ মূর্ত্তি ধারণ করা হইয়াছে। বাস্তবিক ঐ সকল মূর্ত্তিকে, অমূর্ত্তি অর্থাৎ নিরাকারও বলা যাইতে পারে। কেননা শুক্র-শোণিত ছারা যে দেহ হয়, তাহাকে বৈকারিক ছুল দেহ বলা যায়। নতুবা শুদ্ধ মায়া দ্বারী এই দেহ ধারণ হয়, তাহাকে দেহ না বলিলেও চলে। কেন না নিগুণ ও সপ্তণ বিক্ষ, জীব মাতের শরীরে আছেন; স্থতরাং সে নিরা-কার বটে। অতএব তিনি সৃষ্টি কার্য্য সাধনের নিমিতে, উপাদান, এবং নিমিত্ত ও সহকারি কারণ হইয়াছেন'। উপাদান পঞ্জুতাদি; ও নিমিত্ত कांत्रण श्रकृति भूक्ष क्रियां हि हहेशा, निक्क महकारत, स्पर, मञ्चा, পश्र,

<sup>&</sup>quot;গণেশ জননী ছুগা, রাধা, লন্দ্রী, সরস্বতী, সাবিত্রীত স্থষ্ট বিধ্যে, প্রকৃতেঃ পঞ্চধা স্মৃতা।" विकारित पर পুরাণে প্রকৃতি থণ্ডে।

পক্ষী, ও কীট, পভঙ্গ প্রভৃতি মূর্ত্তি সকল, প্রকাশ করিয়াছেন। বস্তুত: ঐ প্রকৃতি পুরুষ পরস্পর ভিন্ন বস্ত নহে। যেমন স্থবর্ণ এক বস্তু, তাহার নানা প্রকাব অলন্ধারকে, হার, কেয়ুর, প্রভৃতি নানা উপাধি দেওয়া ইইয়াছে; এবং ঐ অলম্বার সকল নানা স্থানে নানা প্রকার শোভার কার্য্য করিতেছে; তক্রপ এক সপ্তণ ঈশ্বর নানারূপ ধারণ করিয়া সৃষ্টি বিষয়ক, নানা কার্য্য সাধন করিতেছেন; ইহা ঈশ্বরের নিত্য লীলা কার্য্য মাত্র। তবে হুর্গা, कानी প্রভৃতিকে যে আদ্যাশক্তি বলা হইয়াছে; তাহা পুণক্ শক্তি নহে, কেবুল আদ্যা স্ত্রীরূপা বলিয়া, আদ্যা শক্তি বলা হইয়াছে ; কারণ শক্তি শব্দ, স্ত্রীবিঙ্গ বাচী বিধায়, স্ত্রীরূপাকে শক্তি বলা হইয়াছে। আর শিব, বিষ্ণু প্ৰভৃতি, আদি পুৰুষর পধারি বিধায়, তাঁছারা আদি পুরুষ কথিত হইয়া-ছেন। তাঁহারা পৃথক্ তৈতক্ত নহেন; উভয়ই শক্তিমচৈতক্ত, এবং স্তুণ আত্মা স্বরূপ এক বস্তু। যজ্ঞপ মহুষ্যাদির স্ত্রী, পুরুষের আত্মা একই বটে, কেবল মূর্ত্তি পৃথক্রপে লক্ষিত হয়; তজ্ঞপ সপ্তণ ঈশ্বর আত্মার স্বরূপ, তাঁহার মূর্ত্তি পৃথক্ ভিন্ন, বস্তুর পার্থক্য হইতে পারে না। কুরুল সমজানিরা সাকার ঈশ্বরের ভেদ জ্ঞান করে; নতুবা জ্ঞানিরা, কথনই ভেদ জ্ঞান করেন 🖰 না। এবং উপরি উক্ত শাস্ত্র যুক্তি দারায়ও ভেদ জ্ঞান হইতে পারে না। তবে স্ষ্টের এবং উপাসকদিগের, কার্য্য সংসাধনের নিমিন্ত, নিরাকার পর-মেশ্বর সাকাররূপ ধারণ করিয়াছেন। তাহাতে উপাসনার পথ নানা প্রকার হইলেও, উপাদকেরা সকলেই সেই এক প্রমেখ্রের আরাধনা করিয়া থাকেন। এবং বৃক্ষ প্রস্তর প্রভৃতির যে উপাদনা করা হইয়া থাকে, তাহাও সেই পরম করুণাময় পরমেশ্বরের উপাদনা। গেহেতু তিনি সর্বব্যাপী ও সকল इञ्च एउरे चाह्न, डांशांक नेश्वत कात, याशांक हिनामना कता যায়, তাহাতেই দিদ্ধি লাভ হয়। যদি বল যে, তকে মনুষোর উপাসনা মমুষ্যেরা কি জন্ম না করে ? তাহার কাবণ সজাতীয় বস্তুর উপাসনা, করিতে সচরাচর লোকের প্রবৃত্তি হর না বলিরী, তাহার নিয়ম নাই; কিন্তু শুরুর উপাসনা হইয়া থাকে। যদি বল যে ঈশ্বর সর্বব্যাপী তাহার সম্ভব কি ? তজ্জন তাহা নির্ণয় করা যাইতেছে।

## বিৎ তি অধ্যায়।

#### পরমেশ্বরের সর্বব্যাপিত্ব নির্ণয়।

শক্তিমকৈততা প্রমেশ্বর দর্কব্যাপী\*। তিনি চারি অবস্থার জগদ্বাপ্তি तिहिशारहन। (वर्षा९ ज़ृतीय बन्न टेडज्ज, नेश्वत टेडज्ज, हिंध्रगार्गर्ड टेडज्ज, ও বিরাট চৈত্ত। ইহা বেদান্ত দর্শন প্রভৃতি অনেক শাস্ত্রে বলা হইয়াছে; তাহা উদাহরণ দারা দেখান যাইতেছে)†। यथा, भोठ, पढिंठ, नाक्ष्ठि, ও রঞ্জিত; এই চারি প্রকার অবস্থার, একটি চিত্র পট নির্মাণ হয়। অর্থাৎ বস্ত্র ধৌত করিলে, নির্মাল হয় তাহাকে ধৌত বলে। এবং ঐ ধৌতবল্পে মণ্ড লেপন করার নাম ঘটিত। ও তাহাতে পুত্তলিকা আঁকাইলে, তাহাকে শাঞ্ছিত। ও রঙ্গ পুরণ অর্থাৎ নানা প্রকার রঙ্গ দিয়া চিত্র করিলে তাহাকে রঞ্জিত্বকা যায়। তদ্রপ তুরীয় ব্হ্লাচৈত্ত নির্ভূণ ও অনাবৃত, আকাশের 'র্ক্সান্ন সর্বব্যাপী। এবং ঈশ্বর-চৈত্ত্য, মায়া সহযোগে কারণ শরীর বিশিষ্ট ব্রহ্মাণ্ডব্যাপী। এই কারণ শরীরে ত্রিগুণা মায়ার সহিত চৈতত্ত্বের যোগ হওরার, ঐ পদার্থকে সগুণ ঈশ্বর হৈতক্ত বলা যার। তাঁহার বৃদ্ধি, মহতত্ত্ব, ও মন, অহন্ধারত ৰ এবং শরীর পঞ্চন্মাতা। আর হিরণাগর্ত্ত চৈততা, যিনি সুদ্দ শরীর অর্থাৎ লিক্সশরীরে অধিষ্ঠিত, আভাদ চৈত্র। লিঙ্গশরীর যথা, कर्ष्या क्षिय भारत , जवर कारनि क्षिय भारत, अ आग भारत, जवर मन, अ वृक्षि, এই সপ্তদশ অবয়ব; ও অপঞ্চীকৃত পঞ্চতুত বিশিপ্ত শরীরকে লিপশরীর বলা আর বিরীমেটেচতত, ধিনি পঞ্জীকৃত স্ল পঞ্জুত শরীরে অধিষ্ঠিত আভাস চৈত্ত্স তাহাঁতক বিরাট বলা যায়। ইহার এই দুষ্টাস্ত দ্বারা প্রমে-শ্বরের সর্বব্যাপিত্ব নির্ণয় হইতেছে। যেমন পূর্ব্বোক্ত চিত্রপটের সর্ব্বত্র ধৌতবন্ত্র আছে, কোন স্থানে অভাব নাই; তদ্রপ তুরীয় ব্রহ্মটেততা জগ-তের দকল বস্তুতে আছেন। তাহার উপর ক্রমে প্রকৃতি প্রভৃতির আবরণ

<sup>\*</sup> ভগবদগীতার ৯ ম অধায়ের ১০ ম শ্লোকে শান্ধর ভাষাদ্ধ তবেদ মন্ত্র।

५ रक्षभीट अर्हे छेषाद्यं बाह्य।

হওয়াতে, এই কয়েক প্রকার অবস্থা হইয়াছে। তবে সুলবল্প সকলের মধ্যে কোন কোন বস্তুতে প্রকাশ হয়, ও কোন বস্তুতে হয় না। যজ্ঞপ চিত্রপটের স্থানে স্থানে, অধিক রঙ্গপূর্ণ হওয়াতে স্থানে স্থানে ধৌত ভাগ দেখা যায় না। তজপ অতিশয় স্তুল পদার্থে চৈতন্তের অংশ প্রকাশ হয় না। আর যেমন অঙ্গারের অগ্নি বায়ু ও বর্ত্তিকা \* সহযোগে জ্বলিয়া উঠে, ঐ क्ल ख मनि ठारक करम इंहीं कैं। एक भाज (वह न कविरन, न्रामाधिक करम আলোক বাহির হইতে থাকে, ভেমনি অঙ্গারের অগ্নির স্থায়, নিওঁণ এক্স, প্রকৃতির সহযোগে সপ্তণ হইলে, তাহার আভাস কারণ স্কু সুল শ্রীরে লাগিতে থাকে। অর্থাৎ প্রথম আভাস জ্বলম্ভ শিথাকে বলা যায়। এটি কারণ শরীর সহযোগে উজ্জ্বল হয়। দিতীয় আভাস লিঙ্গশরীরে লাগে; তৃতীয় আভাস স্থূন শরীরে লাগে। তাহাতে স্থূল দেহের স্বচ্ছতা না থাকায়, ও তাহা অতিশয় জড় প্রযুক্ত, চৈতন্য ভাগ প্রকাশ পাওয়া যায় না। ঐ হৃল শরীর অপেক। লিঙ্গ শরীর অধিক স্বচ্ছ বিধায়, তাহাতে চৈতন্ত ভাগ প্রকাশ হয়। তদপেকা কারণ শরীর, বর্তিকার ন্যায় হওয়ায় তাহাতে জ্বলম্ভ ভাগের ন্যায় অধিক চৈত্রভাংশ প্রকাশ হয়। এই যে চারি প্রকার অবস্থা বর্ণিত হইল, ইহা সমষ্টি অর্থাৎ অপরিচ্ছিন্ন রূপে, প্রথমতঃ ব্রহ্মাণ্ড वााश हा ; हेहा वाष्टि व्यर्शा वाश्वास्तर नाना भाग हिल्लाए , वस्त वकहे থাকে। কেননা এক বস্তুৰ বিভাগে নানা পদার্থ হইলেও, বস্তুগত ভেদ হয় না। কেবল কার্যা ও শক্তিগত ভেদ হয় মাতা। যজ্ঞপ মৃত্তিকার সমষ্টির নাম পৃথিবী, তাহার ব্যষ্টি ঘট, কুন্ত, শরাব, প্রভৃতি, কিন্তু বস্তু সকল মৃত্তিকা ভিন্ন আর কিছুই নহে। যেনন, অপরিচ্ছিন আকাশের নাম মহা আকাশ, ত্র্বিং ঘট স্থিত আকাশের নাম ঘটাকাশ, জল স্থিত প্রতিশের নাম ভলাকাশ, মেঘ স্থিত আকাশের নাম মেঘাকাশ, তলুসীয় নিওঁণ চৈতন্ত সর্ববাপী, মহাকাশের স্থায় বর্ত্তমান আছেন। তাঁহার বাষ্টি দেহ স্থিত আত্মার নাম কৃটস্থ চৈত্তা। তজ্ঞপ স্থাণ ঈশ্বর, চৈত্তা ব্রহ্মাও ব্যাপী সমষ্টি, তাহার ব্যষ্টি দেহ স্থিত জীব, ষাহাকে অন্তরাত্মা বলা যায়। যেমন দীপ

<sup>৺</sup> ৰৰ্ত্তিকা সলিতা।

হইতে দীপান্তর প্রজ্ঞলিত হয়, তদ্রুপ, এবং ঐ রূপ, হিরণ্যগর্ত্ত রূপ আভাস, চৈতন্য সমষ্টি, ব্ৰহ্মাণ্ড ব্যাপী, তাহার বাষ্টি দেহ স্থিত তৈজস স্থপ হঃথের ভোক্তা জীব নামে কথিত। এবং বিরাট রূপ আজাস চৈতন্ত সমষ্টি, অর্থাৎ মূল পঞ্চত সমষ্টি; তাহার বাষ্টি দেবতা গন্ধর্কাদি, ও মহুষা, পশু, পক্ষী, কীট পতঞ্চ, ও বৃক্ষ, গুলা, পর্বতে, লতা প্রভৃতি জগতের সমুদায় পদার্থের দেহ স্থিত, দ্বিতীয় আভাস কপ চৈতন্তকে বিশ্ব বলা যায়। ইহার তাৎপর্য্য দেহ স্থিত চৈতভোর বিষয় মীমাংসা করিলেই সমুদায় জঞ্চাাপী চৈতভোর भीगाःमा रुटेर्ड शादा। क्निना এकि मामुख शमार्थत मुद्देश्च घाता, अछ সাদৃশ্র পদার্থের নির্ণয় করা যাইতে পারে। যেমন ঘট স্থিত আকাশ যে বস্তু, ও মহাকাশ দেই বস্তু, তজ্ঞপ দেহ স্থিত চৈতক্ত যে প্রকার ও 'সর্বত্রব্যাপী, চৈতক্তও সেই প্রকার হইবেক, তাহার সন্দেহ নাই। তবে দেহ স্থিত চৈতন্য ছই প্রকার, তাহার এক প্রকার নিগুণ কৃটস্থ চৈতন্য, যাহা সর্বক্র ব্যাপী নিজ্ঞিয়। ই হাকেই প্রমাত্মা বলা যায়। আর এক প্রকার স্তুণ চৈতন্যাংশ, ও তাহার আভাসকে জীব বলা যায়। তাহাদিগের প্রত্যেকের অধে ও কার্য্য কি তাহা বিবেচনা করা যাউক্। দেহ স্থিত নিগুণ চৈতন্যকে পরমাত্মা, এবং কৃটস্থ চৈতন্য বলা হইয়াছে। ইনি নিজ্জিয়, কোন কার্য্য करतन ना। এবং সগুণ জीব, यिनि দীপ কলিকাকার দেহ স্থিত, কারণ শরীর ব্যাপ্ত তাঁহাকে প্রাক্ত বলা যায়; ইনি অন্তরাস্থা, এবং জীবাস্থা নামে কথিত হয়েন; ইনিই দেহের কর্ত্তা; ক্ষেত্রজ্ঞ, এবং কর্ম ফল দাতা; ইঁহার আভাদ যে হল্ম শ্বীরে লাগে, তিনি কর্মকর্ত্তা, ও স্থুখ চু:থেব ভোক্তা, তৈজস জীব নামে কথিত হয়েন \*। এবং ফুল শ্রীরে যে আভাস লাগে, তাহাকে বিশ্ব বলা বায়। ইনি স্থল দেহ ধারণাদি করেন। একাণে প্রাক্ত টৈতন্য ও তাহার **অভা**স চৈতন্যকে যেজীব বলা হইয়াছে, তাহার মীমাংসা করা যাইতেছে। বাস্তবিক আত্মা এক পদার্থ, কেবল নানা প্রকৃতির সন্নি-ধানে, তাঁহার নানা প্রকার অবহা কল্পনা মাত্র। ফলিতার্থে আত্মার সন্নিধান বশতঃ দ্রব্য সকলের, স্বচ্ছতার তারতম্য থাকায়, নানা প্রকার কার্য্য করিতে

<sup>\*</sup> ঐ দেহে ইন্সিয় থাকাতে তিনি কর্মকর্ত্তা ও ভোক্তা হয়েন।

থাকে বলিয়া, আভাস কল্লনা করা হইলাছে। নতুবা জ্ঞান পদার্থের, বাস্তবিক কোন আভাস প্রদীপের আভার ন্যায়, বাহির হয় না। তবে বেদাস্ত দর্শনে সগুণ ব্রহ্ম চৈতন্যকে আভাস বলিয়া যে ব্যাখ্যা করিয়াছেন, তাহার তাৎপর্য্য এই যে, ত্রিগুণা মায়ার সন্ধিনান বশতঃ জ্ঞানের কিঞ্চিৎ অল্লতা প্রকাশ হওয়ায়, ঐ রূপ বর্ণিত হইয়াছে। যাহা হউক এ বিষয় এত কঠিন যে, সাধনা ব্যতীত পুস্তকে লিথিয়া, ইহার কোন ক্রমে শীমাংসা করা যায় না। তথাপি জীবের জ্বরূপ শীমাংসা কালিন প্নরায় আরও বিস্তারিত রূপে এই বিষয়্ লেখা যাইবেক। বাস্তবিক শক্তিমচৈত্রন্য পরমেশ্বর যে সর্ব্বব্যাপী, তাহা সাধকেরা অনায়াসে জানিতে পারেন, তাহার সন্দেহ নাই। এই পর্যাস্ত লিথিয়া প্রথম ভাগ সমাপ্র করা গেল। এই প্রথম ভাগ অধিকাংশ মুক্তি ও দর্শন শাস্ত্র অনুসারে লেখা হইল। এক্ষণে অন্যান্য শাস্ত্র সকল, বিস্তারিত রূপে আলোচনা করত, স্প্রের প্রক্রিয়া ও আর আর বিষয় সকল, শীমাংসা করা যাউক।

প্রথম ভাগ সমাপ্ত।

## দিতীয় ভাগ।

#### প্রথম অধ্যায়।

#### স্ষ্টির প্রণালীর সংক্ষেপ বিবরণ।

यमिচ क्रेश्वरतत कुछ रुष्टित भाग्य मकल, এक्वारतहे छेरभन हहेरछ शास्त्र, তাহা অসম্ভব্য নহে, কিন্তু জগতের বহুতর কার্য্য, ও বস্তু সকল, কার্য্য কারণ সম্বন্ধে, উৎপন্ন হওয়া দৃষ্ট হইতেছে। তনিমিত্ত মূল জগৎ, কার্য্য কারণ সম্বন্ধে. উৎপন্ন হওয়াই অনুভব হয়। কার্য্য কারণ, অর্থাৎ কারণ হইতে কার্য্যের উৎপত্তি হয়, ও ঐ কার্য্য আবার কারণ স্বরূপ হইয়া, তাহা হইতে কার্যোর উৎপত্তি হইরা থাকে। ঐরূপ শাস্ত্রেও নীমাংদিত হইয়াছে; জ্ঞতাব কার্য্য কারণ সম্বন্ধারুসারে স্মন্তির প্রক্রিয়া,মন্ত্র ও অন্যান্য শাস্ত্রের মত ঐক্য করিয়া লেখা যাইবেক। কিন্তু সংস্কৃত সকল, শ্লোক, ও সকল গ্রন্থের নাম, এবং যে গ্রন্থ হইতে যাহা গ্রহণ করা যাইবেক, তৎসমুদায় লিথিতে হইলে গ্রন্থ নিতান্ত বাহুল্য হয় বলিয়া ক্ষান্ত থাকা গেল; তবে আবশ্রক মতে কোন কোন স্থানে শ্লোক, অথবা অধ্যায়েব অঙ্ক, লিখিত হইবেক। পূর্ব্বে বলা ছইরাছে বে, স্টা, স্থিতি, প্রলয়, পরমেখরের নিতা সিদ্ধ কার্যা; তাহাতে এই স্ষ্টির পূর্বেবে সৃষ্টি হইরাছিল, তাহা লয় হইলে, কেবল শক্তিমান্—চৈতত্ত পরমেখর এক মাত্র ছিলেন। তিনি নিজ শক্তি দারা পুনরায় স্টি করণ জনা ইচ্ছা পূর্বক, তাঁই ব একাংশ হইতে ত্রিগুণাত্মিকা মায়া প্রকৃতিকে প্রকাশ করিলেন। এই সায়া হইতে, দশাংশ ন্যুন, বৃদ্ধির স্ক্ষাবস্থা মহৎ তত্তকে প্রকাশ করিলেন। তৎপরে তাহার দশাংশ ন্ান, মনের ও তন্মাত্রার কারণ অহঙ্কার তত্ত্বকে প্রকাশ করিলেন। প্রথমতঃ মায়ার প্রকাশ হইলে, পরমেশ্বর তাহাতে অধিষ্ঠান; ও সগুণ তেজামর বন্ধ রূপে প্রকাশ হইয়া, তাঁহারা বুদ্ধি স্বরূপ মহৎ তত্তকে প্রকাশ করিয়া অহঙ্কার—তত্ত্ব; অহং অর্থাৎ আমি প্রজা কেপে বহু হইব, এই সঙ্কল করতঃ, শব্দ, স্পর্শ, রপ, রস, গব্ধ, এই পঞ্

তন্মাত্রার সৃষ্টি করিয়াছিলেন। এই পঞ্চ তন্মাত্রা ২ইতে, আকাশ, বায়ু, তেজ, জল, ও পৃথিবীর পরমাণু সকল অতিশয় স্কুল পদার্থের উৎপত্তি হইয়াছিল। ক্রমে স্ভাতীর প্রমাণু স্কল, স্ত্রাতীয় প্রমাণুর সহিত যোগ হইয়া, স্ত্রা পঞ্ ভূতের স্ট হইল। এই ভূত সকল, ও প্রকৃতি, এবং মহৎ ও অহস্কার ইহারা জনশঃ উপযুপিরি বেষ্টন করত একটী গোলাকার পদার্থ উৎপন্ন হয়। ইহার মধাস্থান স্থা মৃত্তিক। ভাগে, ও স্থাপ বর্ণ সহত্র স্থায়ের তেজ তুলা তেজোময় একটা ডিম্ব উৎপদা ধইরাছিল। ঐ ডিম্বকে ব্রহ্মাণ্ড বলে। ইহা গোলাকার পদার্থ ইহাতে স্বয়ং এক্ষা হিরণা-গর্তু কপে জন্ম গ্রহণ করেন; ঐ হিরণা গর্ত্ত ঐ ডিম্ব মধ্যে দেব পরিমাণের এক বৎদর থাকিয়া, ঐ অণ্ড ছিধা করিয়া প্রকাশ হয়েন। তৎপরে ঐ ডিম্ব অভ্যন্তরে, সূল, আকাশ, বায়, তেজ, জল, ও পৃথিবীর স্ষ্ট করেন। তদনন্তর দিক সকল, ও স্বর্গ মর্ত্ত্যাদি স্থান সকল, স্ষ্টি হইয়াছিল। তৎপশ্চাৎ ত্রহ্মা আপন শ্রীর হুই ভাপ করিয়া, এক ভাগে পুরুষ, ও এক ভাগে স্ত্রী রূপ ধারণ করত, বিরাট পুরুষের স্ষ্টি করেন। বিরাট নমুকে, মনু প্রজাপতিগণকে, প্রজাপতিরা সমুদার স্থাবর জঙ্গুম পদার্থ স্বষ্টি করেন। এই রূপে স্বৃষ্টি হইয়াছিল। এই সংক্ষেপ স্বৃষ্টির প্রণালী। এক্ষণে ইহার বিস্তারিত রূপ মীমাংদা করা যাইতেছে। তবি-ষয় ভগবান মহুর মতের সহিত পুরাণাদি ও দর্শনশাস্ত্র, এবং তল্পাক্তের मछ थेका कता गाहेरवक।

## দ্বিতীয় অধ্যায়।

#### স্ষ্টি বিষয়ক বিস্তারিত মীমাংশা।

প্রথমতঃ নিগুণ দর্ক-ব্যাপী দর্কণজিমান্ পরমেখর হইতে ত্রিগুণাঞ্চিক।
মায়ার প্রকাশ হইলে, একটা মূর্ত্তি তেঁজোময়, অথাৎ মায়িক শরীর ধারণ
হয়। ঐ শরীরের বৃদ্ধি, মহৎ তত্ত্ব, ও মন, অহজার, দেহ, মায়াময়৾; অর্থাৎ
হস্ত পাদাদি দকল মায়াময়। ইনি দগুণ ত্রহ্মটৈতনা, ইহাঁকে; নানা শাস্ত্রে,
নানা নাম, রূপ, ও স্বরূপ বে ব্যাখ্যা করিয়াছেন; তাহা পূর্কে, বলা

हरेबारह।" এই मधन बन्ध, धानाकरण वह इटेवांत मश्कत कत्रणः, कातन भतीरतत रुष्टि कतिवाहित्यन। अर्थाए मात्रा महए अहसारतत वहिर्द्धन खत्रभ, ভৌতিক কারণ শব্দ, লার্শ, রূপ, রুস, গন্ধ, এই পঞ্চল্মাতা যুক্ত শরীর ধারণ করিয়াছিলেন। এই আটটা প্রক্রতিতে শক্তিমকৈতনোর আবির্ভাব रुखाएं के टेहजरनात (परचक्रण निर्मिष्ठ रहेबाहिन। धरे कावन भवीत नमष्टि অভিমানী চৈতক্ষের নাম ঈশব। এই মূর্ত্তির বিভাগ স্থারা, শিব, विकृ, बन्ना, প্রভৃতি তাঁহার মূর্ত্তি বিশেষ হইবাছেন। ইইারা ইচ্ছাক্কত দেহধারী; অর্থাৎ হস্ত পদাদি বিশিষ্ট মূর্ত্তিধারী হইয়া লীলা করেন। এবং হুস্ত পদাদি রহিত নিরাকার রূপে, জগতের অন্তরাত্মা স্বরূপ বিরাজমান থাকেন। এই কারণ শরীর হইতে, বিকার শ্বরূপ, স্কু ভূত উৎপন্ন হইয়াছে। প্রথ-यठः नक्जमञ् इहेर्छ प्रमान क्रम चाकान मक्न छैरपन हहेन्रा व्हरम के नकन भवमान (वार्त्र, रुन्न आकाम डे९ भन इत्र । के आकाम वदः म्मर्न ख्याबात वार्ग, वायुत भवमाप् ; ७ जारात त्यारा रुक्त वायु छेरभन रव ।+ ঐরণ বাষু ওরপ তন্মতা হইতে, তেকের পরমাণু, ও তাহা যোগ হইয়া সুন্দ তেक উৎপन हत । इ जक्दन जिक्क ७ तम जनावा हहेट करनत भवमानू ; ७ छारात त्यारा सरनत छे९ शक्ति रहेशाहिन । ९ थहे सनत्क कात्रन वाति वनिया कान कान भारत निर्मिष्ठे कता बरेबाह्य। अर्थाए कातन भरीत बरेट धडे कालत उडित र अत्राटि, रेरोटक कात्रण वाति वला यात्र । मसूत । मसूत । मसूत । ৮ম প্লোকে আছে যে, ঈশ্বর অভিধানি পূর্বক প্রজা সৃষ্টি করিবার জন্তু, আপ-नात चौत्र मतीत रहेटल. जन रुष्ठेक विनित्रा, शुट्कीक कार्या कांत्रशासनादत. পুল জালের সৃষ্টি করিয়াছিলেন। ঐ জাল ঈশ্বরের শ্রীর হইতে উৎপন্ন ছওয়াতে, নর নামে ্থ্যত ; এবং এ জল অবাস্তর প্রলয়কালে 'ঈশবের विक्षाम ज्ञान रहेबा थार्टक विनद्या, नेश्वत नांत्रावन नाटम थांक रहान। ॥ दकान কোন শ্রুতিতে বলেন যে, ঈশ্বর হইতে প্রথমতঃ আকাশ, কেই কেই বলেন

এই গ্রন্থের ১ম ভাগে ১৪ অধ্যায় দৃষ্ট কর।

<sup>া</sup> অধিক শব্দ হইলে বায়ুর উৎপত্তি হইতে পারে।

<sup>া</sup> বায় র ঘর্ণে তেজ হর।

৪ অধিক তেজ অর্থাৎ অধিক উক্তা হইলে বেমন যার্ম হয়

<sup>॥</sup> मञ्च व्यथम काशास > म (ज्ञांक।

बांब, ও क्ट बालन एडझ, ७ क्ट बालन जन छेरभन क्टेबाए । है। च्येत्तात्कात्र कात्रन नरह। रक्तना विश्वत इहेर्ए, जकनहे छेर अत इहेशारह। তবে অধিক প্রত্যক্ষ বিবেচনায় যিনি যাহা বলুন সকলই সম্ভব। অর্থাৎ আকাশ শব্দ মাত্র, তাহা কিঞ্চিৎ প্রকাশ থাকাতে, অগ্রে উৎপন্ন বলা হইরাছে; তাহা হইতে বায়ুর অধিক প্রকাশ থাকাতে, অগ্রে বায়ুর উৎপদ্ম ৰলিয়াছেন। তক্ৰপ বায়ুর অপেকা তেজের রূপ দর্শন হয় বলিয়া, অগ্রে তেজ ; ও তদশেকা জল আধার স্বরূপ বলিয়া, অগ্রে জল উৎপন্ন হওয়া विनशास्त्र । ইहाए अरेनका मांच नाहे। शृत्कीक कार्य कार्य कार्य সৃষ্টি হওরার কথাই সর্বশাস্ত্রসম্মত। তাহাতে পূর্বোক্ত কলে, পর্মেশ্বর জগদীজ অর্থাৎ জগত্বৎপরের শক্তিরূপ বীজ নিক্ষেপ করাতে, ঐ বীজ একটী ষ্পত্ত হটরাছিল। । ঐ ষত স্থবর্ণ বর্ণ, এবং সূর্যাদেবেব তেজ: সম প্রকাযক্ত। ভাহার মধ্যে অয়ং ত্রন্ধা, অর্থাৎ কারণ শরীর বিশিষ্ট পরিচিক্ল ত্রন্ধা জন্ম গ্রহণ করেন, অর্থাৎ সুক্র শরীর ধারণ করেন। জাঁহার নাম সর্বলোক পিতামত ব্রহ্মা। † তাঁছাকে বেদান্ত দর্শনে তিরণাগর্ভ বলে। বিষ্ণপুরাণের প্রথম অংশের, দিতীয় অধ্যায় ৪৯ হইতে ৫৪ শ্লোকে আছে যে, ঐ কলে বুষুদের ন্তায় অঞ্ উৎপন্ন হইয়াছিল। অর্থাৎ জল হইতে গদ্ধতনাতার বোগে মৃত্তিকার পরমাণু উৎপন্ন হইয়া, ঐ পরমাণু যোগে স্ক্র মৃত্তিকা অণ্ডা-কৃতি হয়। এই ডিম্বের ত্বক , অর্থাৎ বেষ্টন ভাগকে অণ্ডকটাহ বলা যায়। বেমন তুইখানি কড়াই উপযুগপরি যোগ করিলে একটা গোলাকার ডিম্বসদৃশ হয়, তজ্ঞপ হটয়াছিল। এবং এই অওকটাছকে স্থাক্ত বলে। পৃথিবীর মধ্য স্থানে যে একটা পর্বত আছে, তাহাকেও স্থামরু বলে। ঐ মধ্য স্মেরর বাহিরে গর্ত জরায়ু বেষ্টন আর কতকওঁলি প্রতি আছে, ভাহা পরে বলা যাইবেক। ঐ অত্ত-কটাহ স্থাসেকর বাহিরে, থৈ ফল্ল জলের কথা বলা হটয়াছে; ঐ জল, অতুকটাহ হটতে, দশগুণ অধিক পরিমাণ; ও তাহা ঐ অত্তের চারিদিকে বেষ্টিত আছে। বেরূপ কলের মধ্যে একটা

<sup>॰</sup> সমু প্রথম অধ্যায় ৮ম লোক।

<sup>†.</sup> মতু প্রথম অধায় ৯ম লোক।

<sup>🛊</sup> जल कभित्रा भौन रखत्रात नात मृखिका रह।

কলসীর মুথ বন্ধ কবিয়া, ভূবাইয়া রাখা যার ; তজ্রপ ঐ ডিম্বাকাব ব্রহ্মাণ্ড, ঐ কলের মধ্যে আছে। ঐ জলের চারি দিগে, দশগুণ অধিক স্কা তেজ, গোলাকারের ক্যায় বেষ্টিত রাহিয়াছে। ঐরপ স্থা বায়ু, ও আকাশ, এবং অহন্ধাব ও মহৎ, এবং প্রকৃতি, ইহাবা পূর্ব্ব প্রত্যেক পদার্থ হইতে, পর পর প্রত্যেকে দশগুণ অধিক ও. গোলাকার রূপে বেষ্টিত আছে। ইহার বাহিরে ও অন্তবে, এবং ঐ ঐ পদার্থের অভান্তবে, শক্তিম চৈতনা আছেন। তাৎপর্য্য এই যে, ব্রহ্মাণ্ডের আবরণ সপ্ত পদার্গ; যাতা সন্তণ ব্রহ্মের কাবণ শরীর বলিয়া নির্দিষ্ট হইয়াছে; তাহার মধ্যে ব্রহ্মাণ্ড থাকাতে, ঈশ্বরকে ব্রমাণ্ডভাণ্ডোদর, ও ঈশ্বরীকে ব্রমাণ্ডভাণ্ডোদবী বলে; অর্থাৎ ভাণ্ডম্বরূপ ব্রহ্মাণ্ড, বাঁহার উদরে আছে, তাঁহাকেই বলা যায় ঐ ব্রহ্মাণ্ডের মধ্যে ব্রহ্মার সুদ্ম শরীর উৎপন্ন হইয়াছিল; অর্থাৎ ঐ সুদ্ম আকাশের সম্ব গুণ হইতে, শ্বেণ, ও বাষুব সহ ৩৩ণ হইতে হৃক, ও তেজেব সহ ৩৭ হইতে চকু, জলের সত্ত গুণ হটতে বসনা ও পৃথিবীৰ সত্ত গুণ হটতে আণ, এই পঞ্চ জানে জিয় উৎপন্ন হয়। ইচাবা প্রত্যেকে শব্দ, স্পর্শ, রূপ, রুস, গন্ধ, এই পঞ্চবিষ্যের এক এক বিষয় গ্রহণ করে। পুর্বোক্ত আকাশের রজোগুণ হইতে বাকা, ৰায়ুর রজোগুণ চইতে চরণ, জলের রজোগুণ চইতে পায়ু অর্থাৎ গুহু, পৃথিবীৰ রজেক্তান হটতে উপস্ত, এই পঞ্চ ক্ষম কৰ্মেন্দ্রিয় উৎপন্ন চটয়া, প্রত্যেকের দ্বারা প্রত্যেক কার্য্য, সর্থাৎ বাক্য কণন, দ্রব্য গ্রহণ, ও গমন, এবং বিষ্ঠা মত্র ও শুক্র ত্যাগাদি কর্ম সম্পাদন হয়। আব পঞ্চুনালার সার অংশ স্ত্তুণের যোগে মহৎ তত্ব হইতে বৃদ্ধি, ও অহঙ্কার তত্ব হইতে মনেব সৃষ্টি হটরাছিল। এই বৃদ্ধির নিশ্চায়াত্মক, ও মনেব সংশয়াত্মক বৃত্তি। मन शुर्त्ताक मार्म साराय के छी ; हिन है सिया गण कार्या खातु छ निवृद्ध . করেন। এই মন কাসনাময়; তাহাকে চিত্ত, ও অন্তঃকবণ, এবং সদয়, নানা নাম ও রূপে বাবহার করা যায়। মন কেবল বৃদ্ধিব বিবেক দাবা ৰদীভূত হয়েন; নতুবা সর্কাট চঞ্চলভাবে থাকেন। পূর্কোক্ত স্ক্র অপ-ঞ্চীকত পঞ্জতের রজোগুণ সমষ্টি চইতে, মনেব সহযোগে বায়ুরূপী গ্রিপাণের উৎপত্তি চইরাছিল। ঐ প্রাণ বৃত্তিভেদে পাঁচ প্রকাব; প্রাণ, অপান, সমান উদান, गान : প্রাণবায়ু জদরে পাকিয়া, খাদ প্রখান রূপে নানিকাছার দিয়া নিৰ্গত ও উপগত হয়। অপান বায়ু মধোভাগে অৰ্থাৎ গু**হু ও উপ**স্থ-দেশে থাকিয়া, বিষ্ঠা মূত্র, ও রেতঃ নিঃসরণ করে। সমান বায়ু নাভিদেশে থাকিয়া উদরস্থ দ্রব্য পাক করে। ব্যান বায়ু সর্বশরীরের অভাস্তরে থাকিয়া ইন্দ্রিগণের কার্যা নির্মাহ করে। এই প্রাণ মনের অধীন, কেননা সমাধি কালে মনের গতিরোধ হইলে, প্রাণেব গতি রোধ হয়।\* পূর্ব্বোক্ত পঞ্চলতর দারা স্কাশরীরের অঙ্গ প্রত্যঙ্গ সকল হইয়াছিল। কাবণ শ্বীরী ব্রহ্মা, ঐ ডিম্ব মধ্যে থাকিয়া এইকাপে স্বীয় হক্ষ শ্বীবেব সৃষ্টি করিয়া তাহাতে আবির্ভাব হওত হিবণাগর্ভ নামে প্রথাত হয়েন। পবে স্বীয় শরীব হইতে, ব্যষ্টি রূপে ফুল্ম পদার্থ সকল সৃষ্টি করেন; অর্থাৎ ব্রহ্মার নানা অঙ্গ চইতে জগতের নানা পদার্থের স্কা শ্রীর সকল সৃষ্টি হয়; ঐ প্রজাপতি, বেদ শব্দ দুঠ ঘাহার যে নাম, ও রূপ ও কর্ম সকল সৃষ্টি করেন; মর্গাৎ কর্মাত্মা দেবতা, সাধাগণ, ও যক্ত সকল, এবং তত্ত্পনোগী ঋক্-বজু:-সামলকণাক্রান্ত মন্ত্র मकल, अधि, नायु, विवि, घटेराज श्रीकां करवन। धवः काल ও कारलव বিভাগ, দিক্ দকল, ও দিবা রাত্রি, চক্র স্থ্যাদি গ্রহ নক্ষত্র, নদী সাগর, ও পর্বত, সুমান ও অসনান স্থান, তপসাণ, বতি, কাম ক্রোধাদি, ও পর্মা-ধর্মের নিরম; বাহা আচ্যণে প্রজাবা স্থী তঃখী হর, ভাহা, এবং মুখ হইতে রান্সণের, ও বাত হইতে ক্তিয়েব, উক হইতে বৈশ্রেব, পাদ হইতে শৃত্রের, ফুল্ল শবীর নির্মাণ করেন। তিনি, সিংহ ব্যান্তাদির হিংসা, হবিণা-দিব মৃত্তা, প্রাহ্মণাদিব দয়া, ক্ষত্রিয়াদিব যুদ্ধ, ইতাদি, যে জাতির বে কর্ম ও ভাব . নিকপণ কবিয়াভিলেন, তাহারা স্ল দেহ ধাবণ করিয়া ভাগাই করিতে প্রবৃত্ত হইয়াছে। যেমন ঋতু কাল উপস্তিশ হইলে, শীত, গ্রীমানি ইউতে গাকে, তজাপ হাই বস্তা স্বস্কর্মার্থ বী হইতে লাগিল। প্রাঞ্গাপতি ব্রহ্মা, যেমন ফুল্মাশবীর সকল সৃষ্টি করিলেন; ভুদ্দুপ পঞ্চী-ক্রণ হায়া। সুণ ভূত নির্মাণ করেন। অর্থাৎ ফুলা পঞ্চুত্তকে, অর্জ স্ক্র কৰিয়া, প্ৰাণমতঃ পঞ্চভূতকে বিভাগ কঁরতঃ, তাহার একার্দ্ধ ভাগ মূল ভূত,

<sup>\*</sup> এতদ্ভিন্ন বহিবা । পঞ্চ আছে অর্থাৎ নাগ, কুল্ম, ক্রকব, দেবদত্ত, ধনপ্রথ. কেঠ বলেন যে এই পঞ্চ ক্ষায়, প্রাণের তত্ত্বপ্রত ভূল দেহের কার্যা কবে, আর্থাৎ নাগ উদ্পীরণকারী, কুল্ম চফু উন্মালন আধিকারী, ক্রর কুধা জনক, দেবদত্ত হাপিকাজনক, ধনপ্রয় পৃষ্টিকাবক।

ও অপরার্দ্ধ ভাগ, চারি ভাগে বিভক্ত করিয়া আর চারি ভৃতের সহিত মিশ্রিত করিয়াছিলেন। ৰথা আকাশকে বিভাগ করিয়া, তাহার এক ভাগ মূল আকাশ, ও অপরার্দ্ধ চারি ভাগ করত, তাহার এক ভাগ বায়ু ও তেক এবং জল, ও পৃথিবীর সহিত মিশ্রিত করেন; তজ্ঞপ বায়ুকে দি-ভাগ করিয়া এক ভাগ মূল ও অপর ভাগকে চারি ভাগ কবতঃ এক ভাগ আকাশে, ও এক ভাগ তেকে, ও এক ভাগ জবে, এক ভাগ পৃথিবীতে, মিশ্রিত করেন। তজ্ঞপ তেজ, জল, ও পৃথিবীকে, ঐ রূপ বিভাগ করিয়া মিপ্রিত করাতে, পঞ্চ-ভৃতে, পঞ্জুত পরস্পর মিলিত হইয়া, সুল পঞ্চ-জুত-ক্লে, প্রতীয়মান হয়। কিন্তু আকাশে, অন্য চারি ভূতের অংশ থাকা লক্ষিত হয় না বলিয়া, স্থল দৃষ্টিতে কিছু যুক্তি বিক্লম হয় বটে; ফলতঃ আত্মতত্বদর্শী বোগীরা উপলব্ধি করিতে পারেন যে, আকাশে অন্য ভূতের অংশ আছে; এবং তাহা শাস্ত্রে নিদিষ্ট হইয়াছে বলিয়া, বিশ্বাস করা যাইতে পারে। পরস্ত বে স্থানে বায়ুর গতি নাই, অর্থাৎ, উর্কঃভাগে স্থির বায়ু আছে, তথার আকাশের সহিত বায়ু মিলিত ভাবে থাকার, আকাশে যে, অনা ভৃতের অংশ আছে, তাহাও অহুমান হয়। তবে, আকাশ বায়ু তেজ ও জলে পার্থিব, এবং আকাশ বায়ু ও তেজে পার্থিব ও জলীয় অংশ, এবং আকাশ ও বায়তে, পার্থিব ও জলীয় এবং তেজ, ও আকাশে, অন্য কোন ভতের অংশ সচরাচর। লক্ষিত হয় না। ইহার তাৎপর্যা এই যে, পূর্ফো সৃত্ম ভূতের কথা, যে বলা হটরাছে, তাহাতে আকাশ শব্দ ময় \*। আকাশেব দশাংশেব একাংশ বায়ুব পৰিমাণ। ঐ আকাশের শব্দ প্রাণ ও স্পর্শ তন্মাত্রার যোগে বায়ুর উৎপত্তি হইয়াছে। ইহাতে বায়ুতে শব্দ স্পর্শ চুইটা গুণ থাকার, আকাশ অপেকা বায়ুর অধিক প্রকাশ স্বভাব হইয়াছে। ফলত: আকাশের পরিমাণ অধিক থাকায়, অন্য ভূতের অভ্যন্ন অংশ সূল আকাশে যোগ ছওয়ার, তাহা লক্ষিত হয় না ; বরং আকাশের অন্তমাংশের একাংশ, বায়ুতে যোগ হওরায়, বায়ুব পরিমাণ অপেকা, আকাশের পরিমাণ অধিক থাকার. বায়ুতে আকাশ উপলব্ধি হয়। তজ্ঞপ সৃত্ত্ম তেজ বায়ুর দশাংশের একাংশ।

<sup>\*</sup> চারি রূপ শব্দ থারা আবাশ হর, অর্থাৎ শব্দ তরাত্র ও শব্দের পরমাণু ও স্থান শব্দ ক্লপ আবাশ, ও পরে বার প্রভৃতি ভূতের বোগে স্পষ্ট শব্দ প্রকাশ হর।

ভাষা শব্দ স্পর্ণ ও রূপত্রাজার বোগে উৎপর হর বলিরা, ভেজে শব্দ স্পর্ণ ও রূপ লক্ষিত হর। বার্তে অন্যান্য ভূতের অষ্টমাংশ অর্থাৎ অভি অর মাত্র যোগ হওরার, তাহা লক্ষিত হর না। বরং ভেজেতে বার্র অষ্টমাংশ, বাহা ভেজের পরিমাণ অপেকা অধিক; তাহার যোগ হওরার বার্র শব্দ স্পর্শ গুণ তেজের লক্ষিত হর। ঐ রূপ তেজের দশাংশের একাংশ জল, ও জলের দশাংশের একাংশ পৃথিবী, তাহাতে পূর্ব্ব ভূতের গুণ অধিকাংশ থাকার, তাহী অধিক প্রকাশ হয়; এবং পর পর ভূতের পরিমাণ নান বিধার, তাহার অষ্টমাংশের একাংশ পূর্ব্ব ভূতে মিশ্রিত হওরার তাহা সচরাচর লক্ষিত হর না। কিন্তু রাসায়নিক বিদ্যা দ্বারা পরীক্ষা করিলে তাহা লক্ষিত হইতে পারে। ফলিতার্থে পঞ্চভূতেই, পঞ্চভূত পরস্পর মিলিত আছে তাহার সন্দেহ নাই। তবে বিজ্ঞান বারা পরীক্ষা ব্যতীত নিশ্চর করা কঠিন। এই পর্যান্ত স্ক্র ভূত, ও স্ক্র দেহ, এবং স্থল পঞ্চভূতের মীমাংসা করা হইল। এক্ষণে স্কুল দেহ কিন্ধপে উৎপন্ন হইরাছে, তাহার সিদ্ধান্ত করা যাউক্।

# তৃতীয় অধ্যায়।

কিরূপে স্থুল দেহের উৎপত্তি হইয়াছে তদিবরণ।

ব্রহ্মা স্থূল ভূতের স্পষ্ট করিয়া, স্থূল দেহের স্পষ্ট করণ মানসে আপননার শরীর দিধা বিভক্ত করিয়া, তাহার একভাগ নারী, এক ভাগ পুরুষ কপ ধারণ করেন। ঐ স্ত্রী পুরুষকে আশ্রম করিয়া, ভগবান বিষ্ণু বিরাট রূপে উৎপন্ন, ও তাঁহার ললাট হইতে শিব, রুদ্র রূপে প্রকাশ হয়েন। কিন্তু মহ্যাদির জ্বোর ন্যায় জন্ম নহে; কেবল অংশের আবির্ভাব মাত্র। ঐ বিরাটের মৃত্তি জগন্ময় । ধ্বিরাট স্থূল দেহে আবির্ভাব চৈতন্য; ইতি সমষ্টি ও বাষ্টি রূপে জগন্মাথ রহিয়াছেন। ইনি তপস্যা অর্থাৎ সংক্রম্বার, স্বায়স্ত্র মৃত্তি করেন। কিন্তু কি রূপে হইল তাহা মহুসংহি-

श्रीमहागवरकत विठोतकाल >म व्यथात मृद्धे कत ।

ভায় নাই; অন্য পুরাণে আছে বে, বিরাট পত্নী হইতে মহু হয়েন; কেছ বলেন তিনি অযোনিজ। ঐ মহু হইতে মানব সৃষ্টি হইয়াছে। মহু তপ্সা দাবা, স্বায় পত্নীতে মরীচি, অতি, আঙ্গিরস, পুলস্তা, পুলহ, ক্রেড্, প্রচেতা, বশিষ্ঠ, ভৃগু, নারদ, এই দশা প্রজাপতিকে সৃষ্টি করিয়াছিলেন।\* যদি বলা যায়, যে অন্যাত্ত শাস্ত্রে, প্রজাপতিরা ব্রহ্মার মানস পুত্র নামে কথিত হইরাছে। অথচ মহুব গ্রন্থে বলা হইল বে, ইহারা স্বায়স্ত্র মহুর পুত্, ইহাতে বিরোধ হইতেছে । ইহার সিদ্ধান্ত এই যে, প্রথম স্ষ্টি সময়ে, ব্রহ্মা মান্স করিয়াছিলেন ধে, প্রজাপতিরা জন্ম গ্রহণ করিয়া, স্ষ্টিকার্য্য সাধন করিবেন। তজ্জন্ত তাঁহার মন হইতে, ইহাঁদিগের সূক্ষ শরীর উৎপন্ন कतिवाहित्नन; जनसूनात्त देशांता मसू २ हेटल, बूल त्नर धातन करतन। তাৎপর্যা এই যে, ইহারা অন্ধার মানস হইতে ফুল্ল দেহ ধারণ করেন বলিয়া, ব্রহ্মাব মানসপুত্র ও মহু ২ইতে স্থল দেহ ধারণ করেন বলিয়া মহুর পুত্র নামে খ্যাতি হয়েন। ত্রন্ধা পুর্বের সনকাদি ঋষি দিগকে, অযোনিজ রূপে স্ষষ্ট করেন। তাঁহারা নিবৃত্তি পথ অমুসরণ করাতে, তাঁহাদিগের ম্বাে. স্ট কার্য্য সাধন না হওয়ায়, প্রবৃত্তি-পথাবলম্বী প্রজাপতিদিগকে স্ট कतितन। তবে পুৰাণ भाः खु, नाना अकात रुष्टित अनानी, य तथा चाह्य, দে ত্রন্ধার দৈনন্দিন প্রনয়াবসানে, যে সকল সৃষ্টি হইয়াছে তাহাই লেখা হইরাছে। কিন্তু আদি সৃষ্টিবিধরের প্রণাণী এই রূপ। ইহাতে অন্ত প্রলয়াবসানে স্টির প্রণানীর সহিত অনৈক্য হওয়ায় অনৈক্য দোষ হইতে পারে না। ইং। প্রলয় মীমাংলা কালে নির্মুদ্ধ করা বাইবেক। এই প্রদ্ধা-পতি দিগের বংশে, অন্ত ত্রোদশ জন মনু জন্ম গ্রহণ করেন। এবং তাঁহা-দিগের পুত্র পৌত্র সকল, প্রজাপতি রূপে প্রজা স্বষ্টি করেন; এবা কেহ পিতৃ-लाक नाम था छ रायन ; जिवसाय क्रम " इन विल्यास क्षेत्रा मा केता या है-বেক। ময়ন্তর প্রশায়তে ব্রহার আর একটা পুত্র, দক্ষ প্রভাপতি নামে হর্ম खर्ग करतन। फाँशांत ७० यारेटेंटी क्या कर्य, जाशांत २० ही क्या. मतीरहत

<sup>\*।</sup> মমু, পত্নীতে বে প্রজাপতিরা জন্ম গ্রহণ করেন তাহা মমুসংহিতায় নাই, পুরাণে আছে, এবং তাৎপথ্য অনুসারে তাহাই বোধ হয়, ধেননা ত্রদা স্ত্রী পুরুষ হইয়াছিলেন পরে একাপ হইয়াছে।

পুত্ৰ কশুপ প্ৰজাপতিকে বিবাহ দেন, এবং ২৭টা চক্ৰকে, এবং ৃজ্ঞান্ত কন্তা অক্তকে বিবাহ দেন। এই সকল বুতান্ত পুরাণে জানিতে পারা যায়; তৰিস্তারিত নিথিতে গেলে গ্রন্থ বাহুলা হইয়া পড়ে বলিয়া কান্ত পাকা গেল। ফলতঃ অব্ভার প্রলয়াজে, কশুপ হইতে দেবে, অহুর, গদার্কা, যক্ষা, রাকাস, মনুষ্য, পশু, পক্ষী প্রভৃতি অনেক প্রাণী উদ্ভব হইরাছে। একণে প্রথম সৃষ্টি কালে প্রজাপতিরা, যে, চতুর্বিধ সৃষ্টি করিলেন; তাহা লেখা ঘাইতেছে। প্রজাপতিরা, জগায়ুজ, অওজ, সেদজ, উদ্ভিজ প্রভৃতি প্রাণী ও বুকাদি স্ট কলেন। মহুষ্য, পশু এবং উভয় দস্ত বিশিষ্ট প্রাণী, ও রাক্ষস, পিশাচ প্রভৃতি জরায়ুজ ;\* ও পদ্দী, সর্প, কুন্ডীর, মৎস্তু, কছেপ গ্রভৃতি হলচ ও জলজ ; আনেক জন্ত অওজ অথাৎ ডিম হইতে জনায়। আর দংশ, মশক, মফিকা, জলৌকা, চিনাজোঁক, মংকুন, উকুন ইহারা ক্লেদজ ও পিণীলিকা, এবং পুত্তিকাদি উষ্ণজা ও বীজ, এবং ভূমি ভেদ করিয়া উঠে তাহারা উদ্ভিজ্ঞ বৃক্ষ। এই রক্ষ, শাখা রোপিত হইয়াও হয়। যাহাদিলের পুষ্প ও ফল হইয়া বিনাশ হয়, তাহারা ওষধি। যাহাদিগের পূষ্প না হইয়া ফল হয় তাহারা বনস্পতি। ও যাহাদিগের পুষ্প হইতে ফল হয় তাহারাও বুক্ষ নামে খ্যাত। এবং ৪চছ, গুলা, বল্লী প্রভৃতি বীজ ও কাও হইতে উৎপন্ন হয়। স্বতএব স্বেদজ ও উদ্ভিজ্ঞ নানারপ হইতেছে। এইরপ নিয়ম, প্রজাপতিরা অব-ধারণ করিয়া, সৃদ্ধ হইতে সুল জগৎ উৎপন্ন করিয়াছিলেন। অর্থাৎ দেব, যক্ষ, রাক্ষস, পিশাচ, গন্ধর্ক, কিরর, অপ্সর, অস্থর, নাগ, দর্প, পক্ষী, পিতৃ-লোক, বিত্বাৎ, বজ্ৰ, মেঘ, ইক্সথমু, রোহিত, উল্লা, নির্ঘাৎ, ধুমকেতু, ধ্বৰ, ष्माखा, मनूषा, পভ, भकी, कींह, পভञ्च, भर्खंड, तुकानि, नन,,ननी, ममूज, প্রভৃতি স্থাবর জন্সন সমুদায় পদার্থ; ও ভূর্বোকাদি সপ্ত সর্গ, ও সপ্ত পাতাল, এই চ্তুর্দশ ভুবন সৃষ্টি করিলেন। তাহাতে প্রজাপতিদিগের নিয়মামুসারে জগৎ কার্য্য চলিতে লাগিল। এই সকল বিষয়ের মীমাংসা, অধিকাংশ মনুর ১ম অধ্যায় হইতে করা গেল, ও কোন কোন স্থানে অন্ত শাস্ত্র অবলম্বন করা श्**रेगाएए। हेश (वहारस्त्र महिल क्षेका थाका दि**यान गाहेरिलएए। जवर

<sup>ু</sup> গর্ভে জরায়ু নামে একটা চর্মাবরণ হয় তাহাতে সস্তান থাকে।

<sup>🕇</sup> क्रिनक ७ डेक्फारक व्यनक वला याहा।

ইহার সহিত সত্ত, রজ:, তম: গুণাক্রান্ত ব্রহ্মা, বিষ্ণু, শিব প্রভৃতির মীনাংসা সকল ঐক্য রূপে সিদ্ধান্ত করা যাইবেক।

# চতুর্থ অধ্যায়।

স্তুষ্টি বিষয়ক নানা শাস্ত্র এবং সাকার নিরাকাল মীমাংসা।

र्वाञ्च नर्गत्न, আছে यে कात्रन रुक्त यून मंत्रीत अखिमानी हिज्दा त्र নাম ঈশ্বর, হিরণ্যগর্ত্ত, ও বিরাট, এবং তুরীয় ব্রহ্ম চৈতক্ত, অশরীরী ও অনা-বুত। ইহাঁর সমষ্টি ও বাষ্টি রূপে এই জগৎ সংসার হইয়াছে। এই কথা এই গ্রন্থের পূর্ব্বোক্ত অধ্যায়দ্বয়ে মীমাংসা করা হইরাছে। কেন না শক্তিম-চৈচত্ত্র, ও কারণ শরীরা ব্রহ্মা, বিষ্ণু, শিব, এবং স্থন্ম শরীরী হিরণ্যগর্ত্ত ব্রহ্মা; ও ভুল শরীরী বিষ্ণুর অংশ বিরাট বলিয়া সিদ্ধান্ত হইয়াছে; অতএব মহুর महिত दिक्षा एखर श्राटक नारे। अक्रांत विदिन ना करा गाँउक दिन, कारनक भारत वना हरेबाए, बना तकाखन, हैनि सृष्टि करतन ; विकृ मदखन हैनि পালন করেন: শিব তমোগুণ ইনি সংহার করেক। কিন্তু তাহা নহে; ইহাঁরা বাস্তবিক প্রত্যেকেই ত্রিগুণাত্মক; এক এক গুণাবলম্বী নহেন। কারণ গুণত্রমকে, স্বতম্ত্র বিভাগ করিয়া, স্বতম্ত্র বস্তু রূপে নির্ণয় করা ষাইতে পারে না। কেন না ঐ ত্রিগুণ কোন দুশু বস্তু, অথবা গ্রহণ যোগ্য বল্প নহে, যে তাহা বিভাগ হইতে পারে। অতএব ঐ দেবত্রয়, প্রত্যেকেই ত্তিগুণাত্মক কারণ শরার বিশিষ্ট সণ্ডণ ব্রহ্ম, নিরাকার ও সাকার রূপ-ধারী। এবং ইহারাই কারণ শরীর বাষ্টি, অর্থাৎ বিভাগর্মণে সমুদায় জগতের নিরাকার কারণ শরীর হইয়াছেন। ইহাঁরা এক বস্তু হইতে তিনটা क्रां माज धातन कवेछ, जनरकार्या निर्साह करतन। (र ममन्न, कांत्रन मंत्रीत বিভাগু হয়, তথন যে অংশ এক্ষার কারণ শরীর হইয়াছিল; ঐ অংশ স্কু শ্রীরে প্রবেশ করত, হিরণাগর্ত ব্রহ্মা রূপে খ্যাত হয়েন। ঐ স্ক্র শ্রীর বাষ্টি অর্থাৎ বিভাগ ইইয়া, এক এক অংশ, এক এক স্থা শরীর বিশিষ্ট कौध नात्य बुशाङ इहेग्राहिन। धे की नकन नाना थकात हुन

দেহে প্রবেশ করত, মুথ ছ:থ-জাগী হইরাছে। তৎপরে স্থুল দেহের বিনাশ হইলে, ঐ স্ক্লা দেহ বিশিষ্ট জীব পরলোক গমন করণান্তে, পুনরায় জন্ম গ্রহণ অর্থাৎ সুল দেহ ধারণ ও ত্যাগ করে। এই সুল দেহ ধারণ ও পালন, বিরাট क्रे विकृत कार्या। धवः चूल (पट्ट्र विनाम, क्रज-क्रे मिरवत कार्या। किन्ह বস্তু এক সপ্তণ ব্ৰহ্ম পদাৰ্থ। ইনি যে মৃতিতে যথন যে প্তণের কার্যা করেন, তথন তাঁচাকে দেই গুণাবলম্বী বলা যায়। যথা ব্ৰহ্মা হিবণাগৰ্ত্তৰূপে স্ক্ৰন করেন, তাহা রজোগুণের কার্য্য বলিয়া, তাঁহাকে রজোগুণাবলম্বী বলা যায়। এবং কারণ শরীবী বিষ্ণুর অংশ বিরাট্রপধারী হটয়া, এই বিশ্ব সংসার ধারণ ও পালন করেন, তাহা সত্ত গুণের কার্য্য বলিয়া, তাঁহাকে সভ্তুণা-वलन्त्री वला यात्र। धवर मिटवत अरम ऋम क्रम क्रम के विद्या मरहात करत्न. তাহা তমোগুণেৰ কাৰ্য্য বলিয়া, তাঁহাকে তমোগুণাবলদী বলা যায়। ইহাতে নির্ণয় হয় যে, যাহার অংশ হইতে যে কার্য্য সমাধা হয়, জাঁহাকেই তন্ময় ও কর্তা বলা যায়। অত এব বিষ্ণু ও শিবের অংশকে, বিষ্ণু ও শিব বলা ছায়। ইহাতে তাঁহাদিগের রূপান্তর ধারণ, ও অধিক পরিমাণে ঐ & खानत माथा, वकी वकी खन व्यवस्त कताए, के दे खनावनशी वना হইয়াছে। নতুবা কারণ শরীর বিশিষ্ট একে ভিন, ও তিনে এক. এবং প্রত্যেকেই ত্রিগুণাত্মক দেহধারী তাহার আর সন্দেহ নাই। এবং অগ্রে শিবরূপ, মধ্যে বিষ্ণুরূপ, পরে ত্রন্ধারূপ ধারণ করেন। ইহা সন্ধ্যা বিধিতে আছে; অর্থাৎ শিব বৃদ্ধ; এবং বিষ্ণু যুবা; ও ব্রহ্মা কুমার, ইহার্দিগের পত্নী-রাও ঐ রূপ, অর্থাৎ শিবানী বৃদ্ধা; বৈষ্ণবী যুবতী; এবং ব্রহ্মাণী কুমারী। এই রূপ ধ্যানেতে গায়ত্রীর উপাসনা হইয়া থাকে। ইহাঁরা সকলেই এক বস্তু; কেবলৈ পুথক পুণক রূপ মাত্র। এবং কার্য্য পুথক্ বটে, ভাহাতেই পুণक পুণक উপাদনা করা যায়; নতুবা বস্তু পুণক্ মছে। তবে ব্হলা, বিষ্ণু, শিব নামে যে অগ্র পশ্চাৎ অর্থাৎ অগ্রে ব্রহ্মা, এবং পরে বিষ্ণু, শেষে শিব, বলা হইরাছে; ইহার কারণ এই যে, সুক্ষ শরীর ধারণ করণ সময়ে, অত্যে ব্রহ্মা হিরণাগর্ত রূপ ধারণ করেন বলিয়া, অগ্রে ব্রহ্মা ; পরে বিষ্ণু বিরাট রূপ ধারণ করেন বলিয়া পরে বিষ্ণু; তদনস্তর শিব क्रभ शांत्र करतन विनिया, भाष भिव नाम भाषाकारतवा ,विन्या-

ছেন। ফলিতার্থে আগ্রে স্টি, পরে স্থিতি, তদনস্তর লয় হয় বলিয়া, স্ষ্টিকর্ত্তা ব্রহ্মা, ও পালনকর্ত্তা বিষ্ণু, এবং সংহারকর্ত্তা শিব, এতন্নিবন্ধনই নামের অগ্র পশ্চাৎ হইয়াছে \*। ইহাঁদিগের কারণ শ্রীর মায়াময় মাত। ঐ মারা হই প্রকার, বিদ্যা ও অবিদ্যা। তাহাতে অধিক সত্ত্ব, এবং অত্যল্ল মাত্র রক্ষঃ তমঃ ভাগ যুক্ত দেহকে বিদ্যা বলা যায়। কিন্তু বজঃ তমঃ গুণের কিছুই প্রকাশ না থাকায়, কেবল শুদ্ধ সত্বাত্মিকা বিদ্যা বলিয়া অভি-হিতা, হইরাছে। ফলিতার্থে রজঃ তমঃ তাহাতে লেশ মাত্র আছে। ঐ বিদ্যাতে আবির্ভাব চৈতগ্রই, শিব, বিষ্ণু, ও ব্রহ্মা, এবং দুর্গা, কালী, লুক্ষী, প্রভৃতি। আর অধিক রজঃ তমঃ; ও অল্প মাত্র সত্ব গুণাত্মিকা অবিদ্যা। এই অবিদ্যাকে শিব বিষ্ণু প্রভৃতিরা বশীভূত। করিয়াছেন। ইহাও তাহা-দিণের শরীরের অংশ বলিতে হইবেক। তাৎপর্যা এই যে, ঈশ্ব যদিচ মায়ার দহিত যোগযুক্ত হইয়াছেন; কিন্তু তিনি মায়ার বশীভূত নহেন। ঐ ঈশ্বরের ব্যষ্টি, অর্থাৎ সংশাস্বরূপ জীব অবিদ্যা মায়ার বশীভূত হুইয়া থাকেন। ঈশব যথন সৃষ্টি কার্য্য করেন, তথন অবিদ্যাকে আশ্রয়, ও তাহাকে বশীভূতা কবিয়া কার্য্য সমাধা করেন। আর যথন লয় কবেন; তথন বিদ্যাকে আশ্রয় ও ৰশীভূতা করিয়া কার্য্য সমাধা কবেন। বস্তুতঃ এক মাধাব চুই অবস্থা জ্ঞান ও অজ্ঞান। জ্ঞানকে বিদ্যা, ও অজ্ঞানকে অবিদাা বলা বায় ।। ভীবের বন্ধন ও মুক্তির ছেতু ঐ মায়া; জগাৎ অবিদ্যা দারা সংসার বন্ধন হয়; এবং বিদ্যা দাবা মুক্তি হয়। আবও বিষেচনা হয় যে, অধিক রজস্তমো ভাগে অতাল্ল চৈত্ত পদার্থ আবৃত হও-রাতেই, জীব অজ্ঞান দশায় পতিত হইয়া, সংসারে ভ্রমণ করে; পুনবায় কার্যা বাবা রজঃ তমকে পরাভূত, করিয়া দত্ব গুণের অধিক ভাগ প্রকাশ হইলে, জীন মৃক্তি পথে গতি করে। পুরাণাদিতে আছে বে, ব্রহ্মা, শিব ও ও বিষ্ণুর তাব করেন ; এুবং হরি হর অভিন্ন ; ইহার তাৎপর্যা এই মে, ত্রহ্মা প্রথমতঃ কারণ শরীরী হইয়া, তদনস্তর আগ্রে জ্ক্ম শরীব ধারণ করতঃ সৃষ্টি

<sup>ি</sup>শিব কাজ-ক্লপধারী হইয়া জীবের মৃত্যুর কারণ হইয়াছেন। পশ্চাৎ প্রলয় সময়ে কালাগ্রি কাজ কপে সাষ্ট্রনিশাশ করিবেনন্

<sup>্</sup>ৰা এই জ্ঞান ব্ৰহ্ম নহে, ইহা নিৰ্মাণ সৃদ্ধি, ইহা ধাৰা বন্ধ জ্ঞান হয়।

कार्या माधन करबन। सिव ७ विकृ कावन सवीव विसिष्ठे थारकन। कावन শরীর একই প্রকার বস্তু বিধায়, হরি হর অভিন্ন রূপ বলা যায়। শ্বীবান্তর ধারণ করায় কিঞ্চিৎ ন্যুন ভাবাপন্ন হওয়া বিবেচনা করত:, শিব ও বিষ্ণুর উপাসনা করেন। তবে সময় সময় শিব, বিষ্ণুর উপাসনা, ও বিষ্ণু শিবের উপাসনা যে করেন,সে কেবল মহিমা প্রকাশ মাত্র: ফলিতার্থে কোন প্রভেদ থাকা সিদ্ধান্ত হয় না। পূর্বে যে, সৃষ্টি প্রক্রিয়া বর্ণনা করা হইয়াছে; তাহা দকল শাক্ট্রেব দহিত ঐক্য আছে। কেননা শক্তিমজৈতগুই প্রমেশ্র; তিনি সৃষ্টি কার্গোর জন্ম, প্রকৃতি-পুরুষ-রূপ-ধারি হইয়া, যে, অভ অর্থাৎ ডিফের সৃষ্টি করেন; ঐ ডিম্ব মধ্যে যে ব্রহ্মা আবির্ভাব হইয়া, সমুদায় পদার্থ স্ষ্টি কবেন; ইহা বেদ, ও মহু, ও জ্যোতিষ, ও বিষ্ণুপুরাণ, ত্রহ্মবৈবর্ত-পুৰাণ ইত্যাদি সকল পুৰাণে ও তত্ত্বে আছে; তবে প্ৰকৃতি পুৰুষের নাম শক্ষেব করিয়া বিনি যাহা বলুন না কেন, তাহার তাৎপর্য্য একই আছে। তংসমুদার ভাবার্থ একত্রে মীনাংসা করিতে হইলে, গ্রন্থ নিতান্ত বাছলা হয় বিবেচনার, ক্ষান্ত পাকা গেল। এক্ষণে পুথিবী কিদের উপর স্থিতি, ও গ্রহ নক্ষত্রাদিব গতি, ও স্থিতি, এবং অয়ন, বংসর সকল, কিরূপ তাহা বিবেচনা করা যাউক।

## পঞ্চম অধ্যায়।

# পুথিব্যাদি চতুর্দিশ ভূবনের স্থিতি কি প্রকারে আছে তাইা নির্ণয়।

পূর্নে যে সুবর্ণ বর্ণ ব্রহ্মাণ্ডের কথা বলা হইয়াছে; ঐ অণ্ডের বাহিরে সুন্দ জল, ও তেজ, বায়ু, ও আকাশ, মহতত্ব, ও অহকাব, এবং প্রেক্তাক, এই সাভটী আবরণ গোলাকতি কপে বেউন আছে। ঐ গোলাকতি পদার্থ সকল শক্তিয়াকৈ তত্ত্বের বেউন আছে; অর্থাৎ তিনি স্বীয় শক্তি দারা চতুর্দি গ্রারণ্ করিয়া রহিয়াছেন; এবং তিনি ঐ সকল পদার্থেব নধ্যে ও অভ্যন্তবেও

আছেন \*। উপরি উক্ত ডিম্ব গোলাকার, তাহার ত্বক্ স্থবর্ণ বর্ণ মেরু। তাহার মধ্যে স্থুল জল আছে, ঐ জলের উপর আকাশ নার্গে পৃথিবী গোলা-कात ऋरल मृश्लिखाकात धाशरम ऋष्ठि इटेबाछिल। शृर्स्त वला इटेबारछ रव, পঞ্চী-করণ দারা ঐ মৃত্তিকা হইয়াছে। তদনন্তর পৃথিবীর অরুত্ব প্রযুক্ত ঐ इन करन जांश निमध इरेबाहिन। পুরাণে আছে যে, ভগবান বিষ্ণু यक-বারাহ, অধাৎ বরাহ রূপ ধারণ করিয়া ঐ জল হইতে পৃথিবীকে উত্তোলন করিয়াছিলেন। তদনত্তর পুনরায় ঐ রূপ নিমগ্র না হয়, এই নিমিত্ত ঈশ্বর স্বরং কুর্মারূপ অর্থাৎ অণ্ড মধাস্থ জলের উপর কচ্ছপ রূপ ধারণ করিয়া ভাস-মান হইলেন। ঐ কচ্ছপের পৃষ্ঠে স্বয়ং সর্পর্মণী তামসী মূর্ত্তি অনস্তরূপ ধারণ करा मधाकारतत काम जैवा जारत. महस्र मना विखात कतिया श्रीम মন্তকে পৃথিবীকে ধারণ করিয়া রাথিয়াছিলেন। এবং ঈশ্বর ঐ কৃর্মের পৃষ্ঠে ভষ্ট দিগে আটটা দিগগজ রূপ ধায়ণ করিয়া, ভণ্ড উত্তোলন করত: পৃথি-वीरक धारन कविया तहिरलन। जेवत, लीला विखात करन क्रज, এই मकल মূর্ত্তি ধারণ করিয়া, পৃথিবীকে অচলা রূপে রক্ষা করিয়াছেন। কৃশ্ব পৃষ্ঠের উপর গোলাকার পর্বত বেষ্টন আছে। ইহা যেমন গোলার বেড়, ঐ রূপ প্রাচীরের ন্থায় ঘেরা আছে। ইহার নাম লোকালোক পর্বত। এই লোকালোক পর্বতের দক্ষিণ বৃত্তকে কুমেরু বলে; এবং উত্তর বৃত্তকে স্থমেরু बरल: ७ शर्व बुद्ध डेनबाठल, धवः शन्तिम बुद्धिक चाछाठल वरल। इंश्व বাহিরে সন্ধর্কারময়, তাহার পরে ব্রন্ধাণ্ডের অকে বেষ্টন আছে। অএতব পৃথিবীর নীচে অনম্ভ; তাহার নীচে কৃশা; তাহার নীচে সূল জল, তাহার নীচে ব্রহ্মাণ্ডের নিমুত্বক ভাগ রহিয়াছে। পৃথিবীর নিমের পদার্থ দকল थावनाश्चिका-मक्ति नेथंदतंत्र मूर्खि वित्मय। পृथिवीत मधा स्थान म्खाकादतत স্থার স্থানক পর্বত রহিয়াছেন। এ পর্বতের মূল অনন্তদেবের মন্তকে আছে; এবং তথা হঠতে উত্থিত হটয়া পৃথিবীর উপরে অধিক পরিমাণ উত্থিত হইয়াচেছ। ইহার চারি দিকে হিমালয় প্রভৃতি কতক গুলিন পর্বত আছে।

<sup>°</sup> পঞ্চশী গ্রন্থকার বলেন যে, শ্না কোন পদার্থ নাই, ইহা অতি সঙ্গত, কেননা শ্ন্য পদার্থ থাকিলে, ব্রহ্মাণ্ড ভাহাতে থাকিতে পারে না। অতএব নিরাকার ঈথর অংর শক্তিতেই ধার্ণ ক্রা সঙ্গত।

শাল্তে তিন্টী পর্বতকে হুমেরু নামে কথিত হইয়াছে। অর্থাৎ মধ্য পর্বতের নাম স্থমেক, এবং লোকালোক পর্বতের উত্তর বৃত্তের পর্বতের নাম স্থামক, এবং ব্রহ্মাণ্ডের ত্বক পর্বতের নাম স্থামক। তাহাতে মধ্য स्टामक्त हाति मिरक शृथिवीत दर जान, नवन ममूत्य व्यष्टिक तरिशाष्ट्र देशारक জমুরীপ বলে। ইহার পূর্বে দিকে ভদ্রাখবর্ষ, দক্ষিণ দিকে ভারতবর্ষ, ও পশ্চিম দিকে কেতৃমালবর্ষ, ও উত্তর দিকে কুরুবর্ষ, ইহা স্থ্য সিদ্ধান্ত মতে বলে। বিষ্ণুপ্রাণে আর্থ্ড অনেক বর্ষের নাম আছে \*। ফলিতার্থে সেই সকল বর্ষ, এই ভাবি বর্ষের অন্তর্ভু ত এক এক মহাপুরীকে, এক এক বর্ষ বলিয়া উল্লেখ হইরাছে; ইহা অনৈক্যের কারণ নহে। এই লবণ সমুদ্রের অপর পারে, প্লক্ষীপ নামে একটা দ্বীপ আছে, ঐ দ্বীপ লবণ সমুদ্রকে বেষ্টন করিয়া। রহিয়াছে। ঐ প্রক্ষীপের চারি দিকে ইকু সমুদ্র নামে সমুদ্র, গোলাকারে বেষ্টন রহিয়াছে। এইরূপ, শাক্ষীপ, কুশ্দীপ, শাল্মলিদ্বীপ, ক্রৌঞ্চ্বীপ, ও পুক্রদ্বীপ, ক্রমে সুরা, দর্পি, দ্ধি, হ্রগ্ধ, জলাস্তকা সমুদ্রে বেষ্টিত আছে। প্রত্যেক দ্বীপে ৯ নয়্ত্রী বর্ষ ও নদী এবং পর্বত ও মহুষ্যাদি রহিয়াছে। জলাস্তকা সমুদ্রের অপর পারে স্থবর্ণ বালুকাময় ভূমি আছে; ভাহার পরে षाकान, তৎপরে লোকালোক পর্বত। পুরাণে দ্বীপ ও উপদ্বীপ এবং वर्षत्र नाम जिन्न जिन्न जारह । किन्न मश्यात जरेनका नाहे, उरव नामास्त হওয়ায়, অনৈক্যের কারণ নহে ; কেননা দেশ বিভাগ ও দেশের নাম, সময় সময় যে, পরিবর্ত্তন হয় তাহাতে নামান্তর হইবার সন্তব। যেমন পূর্বকার দেশের নাম, বর্তমানাবস্থায় নামান্তর হওয়া দেখা যায়, তজ্ঞপ পুরাণের সংবাদকর্ত্তারা যে দেশের যে নাম, ও বর্ষ বিভাগ ক্রমে বর্ণন করিয়াছেন. বেদব্যাদ খাষি অবিকল তাহাই পুরাণ রূপে প্রস্তুত করেন। ইহাতে মূল শাস্ত্রের অনৈক্য হইতে পারে না। এবং মূল বক্তারা, বৈ সময়ে যে দেশের रय नाम थाका कानिएकन काहारे विनिमाह्न । देश मारवत कात्र नरह। উপরে স্থ্য দিদ্ধান্ত মতে চারিটা বর্ষ বলা হইরাছে; ইহা সভ্য যুগের অল

অবশেষ থাকেন সময়ে বলা হইয়াছে। কারণ ঐ গ্রন্থে লেখা আছে যে, ময় नारम देवजा, में गुर्गत चन्न व्यवस्थ थाकित्व, स्थादित खेशामना कतार्ख, স্থাদের প্রসন্ন হইয়া, বর দেন; তথন ময়, পৃথিবী ও গ্রহ নক্ষত্রের বিষয় জানিতে ইচ্ছা করে; তাহাতে স্থ্যাংশ পুরুষ, ময় দৈত্যকে ঐ সকল বৃত্তান্ত বদেন। । পুরাণ সকল দ্বাপর যুগের শেষে প্রস্তুত হওয়ায়, তৎকালীন দেশ বিভাগ ও নামান্তর হওয়াতে, বক্তারা কেহ দর্শন কালীনের, ও কেহ তৎ-কালের, বর্তুমান নাম উল্লেখে বর্ণন করিয়াছেন। অতএব বিবেচনা করিলে কোন অনৈক্য না থাকা সিদ্ধান্ত হইতে পারে। উপরে যে গোলংকার পৃথিবীব কথা বলা হইল, তাহার সকলের উপরি ভাগকে ভূপৃষ্ঠ বলা যায়। এই ভূপুঠে সপ্ত সমুদ্র ও সপ্ত দীপ, এবং বর্ষ সকল থাকা বলা হইয়াছে। ইচার নিমে ক্রমাধীন সাতটা বিবর আছে তাহাতে সপ্ত পাতাল রহিয়াছে। যেমন পদ্মপত্র সকল একত্র করিয়া, ভাহার মধ্য স্থানে একটী শলাকা বিদ্ধিয়া দিলে যেরূপ হয়; সেরূপ পৃথিবীর মধ্যস্থলে স্থানর পর্বত রহিয়াছে; ঐ পর্বতকে বেষ্টন করিয়া পল্পত্রের স্থায় এক একটা পাতাল রহিয়াছে। যেমন উপরে অর্থাৎ ভূপৃষ্ঠে একটা পদ্ম পত্রের ভার হুমেরুর চারিদিকে পার্থিব অংশ আছে; তাহার উপর সপ্ত দাগর, ও সপ্ত দ্বীপ, এবং অক্তাক্ত পর্বত ও নদ নদী প্রভৃতি বিদামান রহিয়াছে । এবং ইহাতে মহুষ্যাদিরা বাস করিতেছে; তদ্রুপ ইহার নীচে অতল পুণী আছে। তাহাও একটা পদাপত্রের স্থায় স্থামকার চতুর্দিক বেষ্টন করিয়া আছে; তাহার নীচে নিতল, ও তাহার নীচে রসাতল, ও তাহার নীচে পাতাল; এইরপ ক্রমাধীন তবকে তবকে পর পর সপ্ত পাতাল বিদানান আছে। ইহা সমুদায় একত্রে একটা গোল পদার্থ। যেমন একটা কদম কুত্রম অথবা গোল লাটীন্ মধ্যে শলাকা, তদ্ধপ। 'এই পাতালে, দানব নাগ ও যক্ষ এবং রাক্ষনগণ বাদ করে। বিষ্ণু পুরাণে আছে যে, যে প্রকার পদ্মপুষ্প প্রস্ফৃটিত হইলে, একটীংগোলাকার হয়, তাহার চারি দিকে দল নীচে উপর থাকে, মধ্য স্থানে কর্ণিকার থাকে, তজ্ঞপ পৃথিবীর মধ্য স্থানে ভূগর্ত্ত হৈতে স্থমেরু পর্বত

<sup>\*</sup> এই জন্য প্রস্থের নাম কর্যাদিক্ষান্ত কর্থাৎ ক্র্যা দ্বাদ্ধান্ত হয়॥

কর্ণিকার স্বরূপ উত্থিত হইরাছে। তাহার গান্তে নীচে উপর সপ্ত পাতা**ল** ও ভুপুষ্ঠ আছে। ইহাতে পর পর সাতটী বিবর অর্থাৎ ফাঁক আছে।\* ঐ দলের অর্থাৎ পাতালাদি সপ্ত পুরীর মধ্যে, এক এক পুরীর অগ্রভাগে ঘাহারা বাস করে, তাহারা চক্র স্থা কিরণ দেখিতে পায়†; আর যাহারা বিবরের মধ্যে স্থমেরুর নিকটে বাদ করে, তাহারা দেখিতে পার না। দে স্থানে निवा उर्षा ও মণি প্রভৃতি উজ্জ্ञन পদার্থের আলোক বিদামান থাকাতে, তত্ত্ত্য লোকের কার্যাসিদ্ধ হয়‡। স্থমের পর্বতের মূল দেশ কিছু সরু ও ক্রমাধীন যত উর্দ্ধে উঠিয়াছে তত্ত মোটা হইয়াছে। যেমন পদাকর্ণিকার মূল সরু উপর মোটা§। অথবা ধুস্তুর পুল্পের ন্যায়, নিম্ন প্রদেশ সরু ও উর্দ্ধ দেশ মোটা তল্লায় স্থমেক পর্বত। ইহা প্রায় স্থ্যমণ্ডল পর্যান্ত উর্দ্ধে উঠিয়াছে। ভুপৃষ্ঠ হইতে অধোভাগ পাকাল পর্যান্ত স্থানকে ভূলোক বলা যায়; এবংপুণিবীর উপর হইতে স্থমেক পর্কতের উর্দ্ধ শীনার নিম ভাগ পর্যান্ত ভুবলোক বলা যায়; এই স্থমেক পর্বতেব উপরে দেবতারা বাদ করেন, তাহার আধার স্থামক বটে, ভদবধি সত্যলোক পর্যান্ত স্থানকে স্বর্লোক অর্থাৎ স্বর্গলোক বলা যায়। এই স্বর্লোকের অন্তর্ভূত কয়েক**টা** লোক আছে। ইহার মধ্যে স্বর্গলোক কেবল স্থমের পর্বতের সর্ব্বোচ্চ ञातन, हेक्त भूवी नात्म, ও मिक्कन ভाগে यमभूती व्यर्था यमानम नात्म अ পিতৃলোক্ নামে আর একটা লোক বিখ্যাত রহিয়াছে। তাহার **উপর** মহল্লোক ও জনলোক, তপলোক, ও সত্যলোকসকল স্থির বায়ুর উপর আছে∥। ঐ দকল স্থান ক্রেমে উপরি উপরি আছে। তাহাতে মহর্ষি ও নিদ্ধ যোগীগণ বান করেন। ইহার সকলের উপর সত্যলোক, ভাহাতে नाना शूती खाहि। व्यर्शा देवकुर्व, अ शाहनाक, धवः ब्रम्मालाक, अ कानी-লোক, ও হুর্গালোক, এবং শিবলোক প্রভৃতি সগুণ ও মূর্ত্তিধারী ঈশবের

<sup>&</sup>lt;sup>9</sup> বিবর শব্দ বলাতে বোধ ২য় স্থানে স্থানে নীচে উপর মৃত্তিকায় বন্ধ আছে, বেমন সালগ্রামশিলার চক্রকুহর, তর্মায় সপ্ত পা**তা**ল।

<sup>†</sup> বিষ্ণু প্রাণ।

<sup>‡</sup> र्यानिकास ।

<sup>§</sup> কোঁপল বা পদ্মচাকা।

<sup>॥</sup> তথায় জ্যোতির্দায় অনা পদার্থের ছারা আলোক হয়, চক্র স্থা ছারা নহে।

ৰামস্থানকণে নির্দিষ্ট আছে। স্বর্গের উপর মহলোকের নিয়ে স্থ্যলোক, ও চক্রলোক, এবং নক্তরেলাক, ও জ্বলোক, এবং গ্রহদিপের বসতি লোক সকল উপর্যুপরি বিদ্যমান আছে। এবং হিমালয় পর্বতের উপর স্থমের র শৃক্স্কল, এবং কৈলাস সর্বত প্রভৃতি স্থান দেবতাদিগের ক্রীড়াস্থান নির্দিষ্ট রহিয়াছে; তাহাতেও কথন কথন দেবতারা বাস করেন। এই সকল বিষয় অনেক শাস্ত্র হইতে উদ্ধৃত করা গেল; তাহার সকল নাম উল্লেখ করায় গ্রন্থ বাহল্য হইয়া পড়ে। এক্ষণে রাশিচক্রের বিষয় বিবেচনা করা যাউক।

## ষষ্ঠ অধ্যায়।

#### রাশিচক্রের বিবরণ নির্ণয়।

স্থমের পর্বতের উপরে আকাশে, তেজ ও বায় বারা নির্মিত একটা চক্র আছে, ঐ চক্রকে রাশিচক্র অথবা নক্ষত্রচক্র বলা যার। অধিনী, তরণী, ক্লান্তিবা, রোহিণী, মৃগশিরা, আর্জা, প্নর্বস্থ, প্রাা, অল্লেষা, মঘা, পূর্ববিদ্ধান, উত্তরকন্ত্রণী, হস্তা, চিত্রা, স্বাতি, বিশাখা, অসুরাধা, জ্যেষা, ম্লা, পূর্ববিদ্ধান, উত্তরভাত্রপন্ধ, রেবতী এই ২৭ সাতাইসটা নক্ষত্রকে, বার ভাগ করত প্রত্যেক ২০ সওয়াহই নক্ষত্রে এক একটা রাশি নির্ণয় হইরাছে। অর্থাৎ মেন্ধ, র্যু, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বিছা, ধ্যু, মকর, কুন্ত, মীন, এ বারটা রাশি, বিভক্তরূপে ঐ চক্রে আহে। ঐ চক্রে প্রছদিগের পথ আছে। গ্রহসকল নীচে উপর ভাবে গতি করেন। চক্রে, সকলের নীচে চক্রের পথ , তাহার উপর বৃধ্ব, তাহার উপর অক্র, তাহার উপর স্থ্যা, ও উপরে উপরে পর পর মঙ্গল বৃহন্দ্তি ও শনির পথ আছে; ও রাছ কেতু কথন নীচে কথন উপরে গতি করে। পূর্ব্বে বলা হইয়াছে যে, লোকালোক পর্বতের উত্তর বৃত্তকে স্থ্যেক বলে, এবং দক্ষিণ বৃত্তকে কুমেক বলে। এই তুই পর্বতের অধিক উচ্চ স্থানে আহাশে হুইটা ধ্বব তারা দৃষ্ট হন্ধ, তাহা হারা নাবিকেরা রাজিকালে মহা-

সমুদ্রে দিগ নির্ণর করে। ঐ ছুইটা তারার মধ্যে উত্তরঞ্জব তারা এই দেশ ছইতে দেখা বায়। এ ছই তারার মধা স্থানে নিমে গোলাকার পৃথিবী আছে। इहात উপরে আকাশে ঐ রাশিচক্র বিদ্যমান আছে। উক্ত রাশি-हत्क ७७. ही (तथा আছে। তাহার প্রতি রেখার একটা দিন পরিমাণ হয়, ইহাকে সাবন দিন বলে। ইহার তিশ দিনে একটা সাবন মাস হয়। বার মাদে এক বৎসর হয়। পৃথিবীর মধ্য স্থলের উপর সমস্ত পূর্ব্ব পশ্চিম লম্বমান একটা রেথ্পা আছে, ঐ রেথাকে বিষ্ব রেখা বলে। আর একটা রেখা উত্তর দক্ষিণ লম্মান আছে, তাহাকে ক্রান্তীপাত কহে। ঐ বিষুব বেখা, মধাস্থমেরুর উপরিভাগে আছে। মেষ ও তুলা সংক্রমণে সুর্যাদের ঐ রেখা স্থানে উদয় হওয়াতে দিন রাত্তি সমান হয়। স্থ্যসিদ্ধান্তমতে. পৃথিবী হুই ভাগে বিভক্ত অর্থাৎ মধ্যস্থমেকর সমস্তত্ত পূর্ব্ব পশ্চিম একটা রেখা টানিলে অর্দ্ধতক্রাকার দক্ষিণে অম্বরভূমি, ও উত্তর দিগে অর্দ্ধচন্দ্রাকার দেব-ভূমি÷ বলা যায়। ইহার উপরে রাশিচক্র প্রবহবায়তে ঘূবিতে থাকে। ঐ রাশিচক্র যথন উত্তর দিগে সরিয়া যায়, তথন উত্তরায়ণ বলে। এবং यथन मिक्क मित्र मतियां मात्र, जथन मिक्क नायन वतन। উछतायत पूर्यातम्ब উত্তর দিপে ভ্রমণ, এবং দক্ষিণায়ণে দক্ষিণ দিকে ভ্রমণ হয়। কিছু বিযুব রেখা ও লোকালোক পর্বত অতিক্রম করেন না। এবং চক্রটী প্রতাহ একবার গতি করেন অর্থাৎ ভ্রমণ করেন। ইহাতে প্রত্যহ দ্বাদশ রাশি (चारतः। विकुश्रतारम वरणन ८व, स्वारमवरक यथन ध्येष (स स्वारन एमथा বায়, তথন সেই স্থানে তাঁহার উদয় কল্পনা হয়; এবং যে স্থানে অদর্শন হয়, সেই স্থানে অন্ত কল্পনা হয়। <del>।</del> বান্তবিক স্থা সমভাবে রাশিচক্রের সহিত চলিতেছেন, তাঁহার উদয় ও অন্ত নাই। ইহার তাৎপর্যা এই বৈ, প্রত্যান্ত রাশিচক্র বেমন ভ্রমণ করেন, তেমনি এক এক রেখা স্বিচ্চে থাকে, ভাহাতে এক দিন হয়। ষধন উত্তর দিগে সরে, তখন ঐ চক্র দক্ষিণ দিকে কিছু উচ্চ, ও উত্তর দিগে কিঞ্চিৎ নীচ ভাবে চলে। ও যথন দক্ষিণ দিকে সরে,

<sup>\*</sup> এই দেবভূমি নাম মাত্র, ফলত: দেবতার বসতি স্থান নহে।

<sup>†</sup> কিন্তু ভারতবর্ষ হইতে পূর্ব্ব দিগে প্রথম দেখা যার বলির। উদর্গিরিতে উদর হওয়া বলে এবং পশ্চিম দিগে অন্ত হয় বলিরা অন্তাচলে অন্ত বলা যার।

তथन উত্তর দিগ উচ্চ, এবং দক্ষিণ দিগ নীচ ভাবে চলে! ইহাতে পাতাল সংখ্যর অগ্রভাগ স্থানে আলোক হয়। পুর্বে যে তিন শত যাইট দিনে সাবন বৎসর বলা হইয়াছে, কিন্তু সুর্যাদেবের শীঘ্র মান্দ্য গতি ক্রমে, ষে রাশিতে যত দিন ভোগ করেন, তাহাকে সৌর দিন কহে। ঐ সৌরমানের ৩৬৫টা দিনে বৎসর হয়। এই কারণে সৌর বৎসরের সহিত সাবন বংসরের বিভিন্ন হয়। স্মার্ত্ত ভট্টাচার্য্য মতে, নক্ষত্রচক্র পূর্ব্ব দিগে ২৭ অংশ ও পশ্চিম দিগে ২৭ অংশ দোহুলামান হওয়াতে, মেষ রাশির প্রথম অংশে ক্রান্তিপাত অর্থাৎ বিষুব রেথা হয়। ঐ রেথায় সূর্য্যদেব বৎসরে ছুই দিন থাকেন। ঐ ছুই দিন, দিনরাত্রি সমান হয়; ঐ রেখা ৬৬ বংসর ৮ মাসে, এক এক অংশ সরে, তাহাতে অয়নের দিনের ছাদ বৃদ্ধি হয়। ১৩৫৫ বৎদর পূর্বের মহাবিষুব ও জলবিষুব সংক্রান্তির मित्न मिता রাত্রি সমান ছিল। এফণে ১০ই চৈত্র ও ১০ই আখিন ঐরপ হইয়াছে। পূর্বে পৌষী সংক্রান্তিতে উত্তরায়ণ, ও আষাঢ়ী সংক্রান্তিতে দক্ষিণারণ হইত। এক্ষণে ১১ই পৌষ উত্তবারণ, ও ১১ই আবাঢ় দক্ষিণারণ হইতেছে। আমারদিগের এই প্রদেশে, উত্তরায়ণে দিনের পরিমাণ বৃদ্ধি, এবং রাত্তির পরিমাণ অল্ল হইতে থাকে; এবং দক্ষিণায়ণে দিনের পরিমাণ অল্ল. ও রাত্রির পরিমাণ বৃদ্ধি হয়। ইহার কারণ, স্থ্যদেবের মাল্য গতিতে দিন বৃদ্ধি হইতে থাকে, ও শীঘু গতিতে দিনের পরিমাণ অল হইতে থাকে। রাশিচক্র, যথন উপরে গতি করে, তথন আমারদিগের এ দেশে দিবস হয়, এবং নিমভাগে গতি করিলে, স্থাদেব দূরবতী স্মদর্শন হইয়া রাত্রি হইতে ভাকে। রাশিচক্র ভ্রমণ করতঃ সূর্য্য বখন বিষুব রেখা স্থানে উপস্থিত হয়েন, তथन निन ताबि नमान रम। धे ठक निकालावर्छ ও वामावर्डताल पादा. তাহাতে শীঘ ও মালাগতি হয়। স্থাসিদ্ধান্ত মতে, মেঘাদি ছয় মাস দেব-ভাগে সূর্যা দর্শন হয়, এবং তুলাদি ছয় মাদে হয় না; এইজন্ত দেবভাগে ছয় মাদ দিন, ও ছয় মাদ রাতি । \* এবং অস্থরভাগে তুলাদি ছয় মাদ স্থা দর্শন

<sup>ু</sup> ৬৬ বৃৎসর ৮ মাস অস্তর দিনের পরিবর্ত্তন হওয়াতে, পূর্ব্বে কর্কটের প্রথম দিন হুইতে উত্তর দিগে স্থা দশ্ম হুইত, ইছার পরিবর্তনে কথন তুলাদি বট্ক অদশ্ম হয়।

हम ; এবং মেষাদি ছয় মাস হয় না। ইহার কারণ রাশি চক্র উত্তবদিগে সরিয়া গেলে, দক্ষিণদিগে অনেকে দূরবর্তী ক্র্যা হওয়াতে, ভাহারা স্থাদেবকে দেখিতে পায় না; স্তরাং ছয় মাস রাত্রি থাকে। তজ্ঞপ রাশি চক্র দক্ষিণে সবিয়া গেলে ও উত্তরদিগে দূরবর্তী স্থানে স্কর্যোর গতি হওয়া-তেও ঐরপ ঘটে \* স্থ্যদেবের দূর গমন, ও নিকট গমন প্রযুক্ত ভদ্রাশ্ব বর্ষে অন্ত হইলে. ভারতবর্ষে উদয় হয় ; সেই সময় কেতুমাল বর্ষে অদ্ধবাত্রি হয়. ও কুরুবর্ষে অস্কময় হয়। এইরূপ সর্বতি নানাধিকরূপে চলে। সুর্যালোক ও চল্রলোক প্রভৃতি যে সকল লোকেব কথা বলা হইয়াছে তাহা জ্যোতিশ্বর পদার্থের অংশ স্বরূপ দেবতা; অর্থাৎ কশ্মণের পুত্র সূর্যা, ও অত্রির পুত্র हत्त. टेहाँ वा (य छटन वाम करवन, जाहारक स्वाटनाक ও हत्त्वाक वरन। পুরাণে আছে যে, স্থ্যলোকের উপরে ঐ চক্রলোক। কিন্তু বাশিচ কর নীচে: অর্থাৎ সুর্য্যের নীচে চক্রের পথ, ইহা জ্যোতিষ শাস্ত্রে নিরূপণ চই-য়াছে। ইহাতে বিদ্ধান্ত হয় যে, জ্যোতির্দাণ চক্র, জ্যোতির্দায় সুর্ধার নিম্ন পথে গতি করেন। † ইখাতে শাস্ত্রেব কোন অনৈকা নাই। দেরপ রাশিচক্র ভ্রমণ করে, তাহার সহিত সাস্থাপথে গ্রহগণও ভ্রমণ করেন। তাহারা শীঘ্র ও মাল্য, এবং বক্রগতিতে হাদশ রাশি ভ্রমণ করেন। আপন গতিক্রেম ভ্রমণ করিতেছেন যে সুর্যা, তাহার অধঃস্থল হইতে চক্র নিঃস্ত হইয়া. প্রভাহ, অর্থাৎ যতক্ষণে ১২ অংশ অন্তর গমন কবেন, ততক্ষণ বা ততদ্ভ পলে, এক এক তিপি হয়। ইহাতে ১৮০ অংশ পর্যান্ত গমনে, শুকুপক্ষীয় ১৫ব তিথি হয়। এবং পূর্ণিমা স্থান হইতে ক্রমে ১২র অংশ আগমন কবিতে করিতে, চন্দ্র স্থ্যেব নিকটবর্ত্তী হইতে থাকেন; তথন ক্ষণক্ষীয় তিথি হয়। ফুখন সমস্ত্রপাতের ভাষ চক্ত স্থোর অধোভাগে গমন করেন, তখন অমাবস্যা হয়। শুকুপক্ষে এক এক তিথিতে চক্রের এক এক কলা অতি-

<sup>°</sup> উত্তরে ল্যাপল্যাও, এবং তাহার সমস্ত্র দক্ষিণ দূর স্থানে ঐক্সপ ঘটে তাহার নাম জানা \*যায় না। স্থমের পর্বতের উত্তর নিকটবর্ত্তী স্থানে প্রত্যাহ স্থা দশন হয়, কেন না প্রত্যাহ একবার ঐ স্থান দিয়া স্থোর গতি হয়।

<sup>†</sup> তাৎপয় এই চন্দ্র দেবত। ও জ্যোতির্মন্ন চন্দ্র, এবং সৃধ্য দেবতা ও জ্যোতির্মন সৃধ্য ইহা প্রত্যেকেই ছুই প্রকার। এইরূপ সমুদান গ্রহণণ।

রিক্তরপে প্রকাশ হওয়ার বর্দ্ধিত হয়। তজ্ঞপ কৃষ্ণপক্ষে এক এক কলা অদর্শন হওয়াতে হ্রাস হইতে থাকে। ক্লফাইনী হইতে শুক্লা সপ্তমী পর্যাস্ত পিতলোকদিগের বাসস্থানে প্রত্যহ স্থাদর্শন হয়; তৎপরে অদর্শন হয়। অমাবস্যার দিবস মধ্যাক্ত সময় গত হয়। । এজন্ত পিতৃলোকের একদিনে মহুৰোর ১৫ দিন, ও একরাত্রিতে ১৫ রাত্রি হয়। কিন্তু শাল্রে বলে যে, পিতৃলোকের ক্রফণক্ষ দিন, ও শুক্লপক্ষ রাত্তি, ইহা ক্রমণ অয়নের গতি ব্রুমে ন্যানতিরেক হইতে পারে। বাহর গতি ক্রমে, যে সময় চক্র অথবা সুর্যোর নিকটবর্ত্তী হয়, তথন তাহার ছায়াতে গ্রহণ হয়। যে পরিমাণ ছারাতে যত অংশ অদর্শন হয়, তত অংশ গ্রাস বলা যায়। এই গ্রাসকে ভক্ষণ বলা যায় না, কারণ শাস্ত্রে তাহা বলেন নাই। যেরূপ মেদের ছায়াতে চক্ত সূর্য্য অদর্শন হয়, তজ্ঞপ হইয়া থাকে এই সমুদায় বিষয় সূর্য্য-সিদ্ধান্ত ও বিষ্ণুপুরাণ প্রভৃতি গ্রন্থ হইতে লেখা গেল। ইহা গ্রন্থে লিখিয়া সমাক বুঝা-ইয়া দেওয়া স্নুক্তিন; তবে ষদ্ধ প্রস্তুত করিলে, বিলক্ষণ বুঝান যায়। ঐ ৰস্ত্ৰের বিষয় সূর্য্যসিদ্ধান্তে গ্রন্থে লিখিত আছে। যদি কেহ তদ্ভেঁ যন্ত্র প্রস্তুত করেন, তাহা হইলে সমাক জ্ঞাত হইতে পারেন। ভগবল্গীতা ও অধিকরণ-माना पृष्टि छाना यात्र (य, मिवलाक श्रामक शर्मक अर्था छ । স্থাদের প্রতাহ তাহার উপরে ভ্রমণ করাতে, প্রতাহ নর্মদা সুর্য্যের আলোক তথায় হয়। কিন্তু দক্ষিণায়ণে ঐ স্থানে ধুমাভিমানিনী দেবতা ছইতে, একটী ধুম উথিত হয়, তাহাতে সুৰ্য্য ছয় মাস দৰ্শন হয় না; এবং উত্তরারনে ঐ ধুম থাকে না। তাহাতে তখন দিবস বলিয়া জানা যায়; ইহা অনৈক্য নহে; কারণ বিষুব রেখা স্থমেরুর উপরে থাকে পূর্বে সিদ্ধান্ত হইয়াছে; হুর্মাদেব ঐ রেখা অতিক্রম করেন না। ডাহাতে রাশিচক্র मिक्तित मक्क, वा উखरत मक्क ज्थाय स्वा मर्गामत दकान श्राहितक नाहे; তবে ধুম প্রতিবন্ধক হইতে পারে। ‡ অতঃপর বিক্রম মত সকল আলোচনা

<sup>°</sup> এইজনা অমাকস্তার আদ্ধবিধি হইয়াছে।

<sup>†</sup> চন্দ্রগমনকালে সমুদ্রের নিকটস্থ হইলে তাহার আকষণে জোরার হয় ও দূরস্থ হইলে ভাটা হয় তিথিবিশেষে চন্দ্র হ্রাস বৃদ্ধি হেতুক জোরার ভাটার বৃদ্ধি হইতে থাকে।

<sup>‡</sup> এই গ্রন্থে পৃথিবী, ও দ্বীপ, এবং সমুদ্র, পর্বাত, এবং গ্রহ নক্ষত্র ও রাশিচক্রের পরিমান

করা যাইতেছে। কেহ কেহ বলেন স্থাদেৰের গতি নাই পৃথিবী ঘুরিতেছে, ইহা সম্বত কিনা তাহা বিবেচনা করা যাউক।

### সপ্তম অধ্যায়।

### পৃথিধী ভ্রমণ করে কি না অর্থাৎ ঘোরে কি না তদ্বিষয়ক বিচার।

কেহ কেহ বলেন যে, পৃথিবীর শুনাের উপর উল্তপ্ত অর্থাৎ উল্টাপাল্টা নীচে উপর ভাবে ঘুরিতেছে । স্থাদেবের গতি নাই, তাহা পৃথিবী অপেক্ষা বড় পদার্থ। এই কথা আমাদিগের ধর্মশাস্ত্র বিক্তন্ধ বিধায় বিশ্বাস্থান্ত নহে। কারণ শাস্ত্র যুক্তি বারা, পৃথিবীর যে প্রকার স্থিতি ও অকস্থাবর্ণনা করা হইয়াছে, তাহাতে পৃথিবী ঘারার কোন কারণ নাই। বরং পৃথিবী সমুদায় বস্তু ধারণ করিয়া থাকায় তাহা উল্তপ্ত অর্থাৎ উলটাপাল্টা নীচে উপর ভাবে পারা অসন্তব। সে যাহা হউক পৃথিবী ঘারার কারণ কি? যদি বলা যায় ঈশ্বরের কার্য্য তিনি সকলই পারেন। কিছু ঈশ্বর পারেন বলিয়া, পৃথিবী ঘুরাইবার কারণ অনুমান হয় না। যদি বল যে, ঈশ্বরের কার্য্যের কারণ অনুমাণ করার প্রয়োজন নাই। তবে পৃথিবী ঘারে না উহা ক্র্ম্ম ও অনস্তের উপর আছে, ইহা অনুমান কি জনাে না হইবে? বরং শাল্ডে লিখিত আছে যে, ব্রদ্ধাণ্ডের মধ্যে স্থল জল, তাহার উপর ভাসমান ক্র্ম্ম, ও তাহার উপর অনস্তদেব দণ্ড পূরণ করত মন্তকে পৃথিবী ধারণ করিয়া আছেন। ইহা সন্তব ও সঙ্গত বটে, কেন না ইশ্বরের কার্য্য সকল য়াহা দেখা যায়, তাহা কার্য্য কারণ অনুযায়ী সন্তবমত নিয়মাধীন

সকল নিশ্চয় করিয়া শাস্ত্র সকল এক বাকা করা অনেক বাছলা ব্যাপার জন্য লেখা হইল না, বিশেষতঃ মাস পক্ষ অয়ন ঋতু সর্বদা পরিবর্ত্তন হয় বলিয়া নিশ্চয় হয় না। এবং শীত, গ্রীম্মের প্রকৃতি কারণ নিশ্চয় করিয়া লেখা অনেক বাছলা বিলিয়া ক্ষান্ত থাকা গেল।

<sup>\*</sup> এই মত, আর্যাভট্ট নামক্ আধুনিক গ্রন্থকার ব্যক্ত করিয়াছিলেন, তাহা ধর্মশাস্ত্রাবরুদ্ধ বলিয়া কেছ প্রহণ করেন নাই। ঐ মতটী ধিদেশীয় পণ্ডিতেরা শিক্ষা করিয়া তাহা প্রবল বিবেচনা করিয়াছেন; পরে ক্ষত বলিয়া বিস্তার করিয়াছেন।

চলিতেছে। ইহাতে শাস্ত্রযুক্তি অবিখাস করিয়া, যে বৃহৎ পার্থিব পদার্থ শ্ন্যের উপর অকারণে ঘ্রিতেছে, এই অসঙ্গত কথা বিখাস করা ছঃসাধা"। তবে যদি বলা যার যে, পৃথিবী গোলাকার বস্তু তাহা স্বভাব বশত: খোরে; ইহা সঙ্গত নহে। কারণ পৃথিবীর উপর পর্বত সংলগ্ন থাকায় তাহা স্থগোল নছে, এবং স্বভাববাদীরা প্রত্যক্ষ ভিন্ন অমুমান মান্য করেন না; ও পৃথিবী ঘোরার বিষয়, প্রত্যক্ষ প্রমাণও কিছু নাই, তবে অনুমান করিতে হইলেও, তাহার হেতু ও দৃষ্টাস্ত কিছুই দেখা যায় না; বরং বিপরীভ অমুমান হয়। কারণ বস্তুর যে স্বভাব, তাহা বুহৎ এবং ক্ষুদ্র বস্তুতে থাকা সম্ভব; যেমন অগ্নিরাশির স্বভাব দহন করে; তাহার ক্ষুদ্র অংশেও দাহিকাশক্তি আছে, তাহাতেও দহন করে। তজপ পৃথিবীর ঘোরা স্বভাব থাকিলে, তাহার কুদ্র অংশেও তাহা থাকিতে পারে। কিন্তু পৃথিবীর ক্ষুদ্র অংশ মৃত্তিকারাশিকে গোলাকার করিয়া রাখিলে; অথবা লোষ্ট্র অর্থাৎ চেলা একট্রও ঘোরে না। ইহাতে পৃথিবীর ঐরপ স্বভাব অনুমান করা যুক্তিসিদ্ধ নহে। পরস্ত যদি বল বে, সমুদার মৃত্তিকা একত হইলে ঘোরে, কিয়দংশ স্থানাস্তরিত হইলে তাহা ঘোরে না। কিন্ত কিয়দংশ স্থানান্তরিত হইলে অবশিষ্টাংশও সমুদার হইল না ইহাতে নিজীব পদার্থের অবশিষ্টাংশও ঘুরিতে পারে না। ইহার বিপরীত দুষ্টান্ত সঞ্জীব পর্বত ও বৃক্ষাদির সহিত হইতে পারে না। যদি বল যে, পৃথিবী আকর্ষণী শক্তিতে ঘূরিতে থাকে ? তাহাতে বক্তব্য এই যে, আকর্ষণী শক্তিতে ঘোরা সম্ভব নহে; এবং বায়ু ভিন্ন পৃথিবীর স্বভাবসিদ্ধ সচলা শক্তিও নাই যে, তাহা স্বরং ঘুরিতে পারে। বরং বায়ুর সচলা শক্তিও তাহাতে আকর্ষণী শক্তি থাকা প্রত্যক্ষ দেখা যাইতেছে। এবং তেজে অধিক বায় মিশ্রিত থাকায়, ঐ পদার্থ লঘু প্রযুক্ত সচল ইইতেছে। তবে জল ও পৃথিবীতে বায়ু মিশ্রিত আছে, তাহাতে বায়ুর অল্লাংশ থাকাতে এবং ঐ ছই পদার্থ অধিক গুরু বিধায়, তাহা অচল; বরং জল অপেকা। পৃথিবীর অধিক গুরুত্ব থাকায়, তাহা নিতান্ত অচলরূপে প্রতীয়মান হই-তেছে। † এবং জল নিম্নগ, নিমের দিগে চলে বলিয়া জলের স্রোত দেখা যায়।

সসাগরা সপর্বতা মৃত্তিকা ভাগকে পৃথিবী বলা বায়। অমরকোবে ভূমি বলিয়ায়েন।

<sup>🕇</sup> অমরকোষ অভিধানে পৃথিবীকে অচলা বলিয়াছেন। তজ্ঞপ অন্য শাস্ত্রেও প্রমাণ আছে।

এবং বায়ু দারা তাহার ভরঙ্গাদি হইতে থাকে। ইহাতে বায়ুর নানা প্রকার श्वन थाका उननिक हत्र ; এবং नाटक वायुत नाम नमागिक, नम्रवर, ও আশুन वना इरेग्राष्ट्र। ও कार्याज्य जारारे (प्रथा यात्र। (कर (कर वानन (य, বায়ু কোন বস্তুর আঘাত ব্যতীত চলে না ; তাহা সঙ্গত নহে। কারণ বায়ু যে, সর্বাদা মান্দা ও প্রবল গতিক্রমে চলিতেছে, ইহা প্রতাক্ষসিদ্ধ; তবে कथन कथन পাৰান্বারা আঘাত করিলে, বায়ু অধিক চালিত হয় বটে, ইহা যে স্থানে বায়ুর মঁন্দগতি থাকে, সেই স্থানেই হয়। কিন্ধু যেখানে প্রবন্ধ ঝটিকা বহিতে পাকে, তথায় পাথাম্বারা আঘাত করিলেও বিপরীত দিকে চালিত হয় না। অতএব স্বতঃসিদ্ধ সচল শক্তি কেবল বায়ুর আছে, তাজিয় অন্ত পদার্থের নাই। তবে যদি বলা যায় যে, বায়ু সকল পদার্থেই মিলিত আছে; यांश शुर्व्स वना शहेयारह, हेश माना हक्त रूपा ও श्रंश नक्त वर পৃথিবী প্রভৃতি সকল পদার্থে বায়ু থাকাতে এবং ঐ সকল বস্তু পরস্পর আকর্ষণ গুণে শুক্তের উপর থাকিতে পারে। কিন্তু তাহা সম্ভব হইলেও পৃথিবী স্বয়ং বোরা সম্ভব নহে। বিশেষতঃ আরও কএকটা কারণে অভুভব हम (य, शृथिवी शादत ना। देकन ना क्यांतन त्य नित्क आहिन, तार्ह দিক্কে উর্দ্ধ বলা যায়। ঐ উর্দ্ধিকে একটা উত্তর প্রুব তারা দেখা যায়, ঐ তারাটীর সন্ধ্যার সময় হইতে প্রত্যুষকাল পর্যান্ত একস্থানে সমভাবে থাকাও দেখা যায়। এবং সূর্য্যগ্রহণে সর্ব্বগ্রাস হইলেও দিবাভাগে ঐ স্থানে ঐ ভাবাটীর অচলভাবে থাকা লেখিতে পাওয়া যায়। যদি পৃথিবী উল্টিয়া र्घारत, তবে রাত্রিকালে যেরূপ দুরস্থিত স্থাদেব আমাদিগের অদর্শন হয়েন; ডজ্রণ ধ্রুব তারাও অদর্শন হইতে পারিত; কিন্তু তাহা হয় না। আরও একটা বেলুনবন্ত্র\* এখান হইতে উর্দ্ধে উথিত হইয়া আবার এই স্থানে পতিত হয়; যদি পৃথিবী বোরে, তবে ঐ যন্ত্র বতক্ষণ উথিত ও পতিত হয়, ততক্ষণে পৃথিবী সরিয়া যাওয়ায়, ঐ য়য় অভিমত স্থানে না পড়িয়া, অন্ত স্থানে পতিত হইবার সম্ভব। যদি বল যে, পৃথিবী বেরূপ খুরিতেছে, ভাষার সংস্ক বায় খুরিতেছে, ইহাতে যন্ত্র, বায়ুর সহিত খুরিতে থাকার সভানে

<sup>°</sup> বেলুব্যস্ত নৃতন নহে, মহাভারতের অন্তর্গত হরিবংশে আছে বে, শৈল্য রাজা ব্যোম্যানে আবোহণ করিয়া থবনরাজার নিকটে গমন করিয়াছিলেন ।

পতিত হইতে পারে। কিন্তু পৃথিবী পশ্চিমদিক হইতে পূর্বাভিমূথে চলিতে থাকায়, বায়ু পূর্ব্বাভিমুখে অথবা পশ্চিমাভিমুখে চলিতে পারে; এবং এই . बृहर भनार्स्त्र महिष्ठ वायू हिनए थाकाय, ध्ववन अफ़क्रां वायू विह्वाय मुख्य । जाहा इहेरन के यद प्रक्रिय जायेवा छेखत्रिय वाहेरछ शास्त्र ना ; j সর্বাদা পূর্বাভিমুখে ঘাইবার সম্ভব থাকার, বেলুন-যন্ত্র অভিমত স্থানে যাতা-স্বাত করিতে পারিত না। এবং গোলা, ও গুলল, এবং তীর প্রভৃতি ঐ রূপ के कि जिंदिन छ जाहा के क्रि हहे एक शादा ; धवः सम कृष्टे जिन मिन धक शान সমভাবে থাকিতে পারে না। বিশেষতঃ পৃথিবী উলুটিয়া ঘুরিলে, शृथितीत উপत रव मकन निकींव भनार्थ कार्छ लाड्डे श्रास्त्र, याहा शृथितीत স্থিত সংলগ্ন নাই, তাহা অবশ্রই নিমের শৃষ্ঠভাগে পড়িতে পারে। যদি बन दर, अकरी दकाना अथवा जानाउ अकरी निशीनका थाकित के जानारी খুরাইলে পিপীলিকা পড়ে না? ভজাপ পৃথিবী বৃহৎ পদার্থ ঘুরিলেও তাহার উপরিস্থিত ক্ষুদ্র পদার্থ পড়ে না, তাহা পৃথিবীর আকর্ষণে থাকে। কিন্তু জালার উপর পিপীলিকা সজীব পদার্থ, তাহার নিজের আকর্ষণে থাকে বলিয়া পড়ে ना; উহা जानात आकर्षन नरह। रकन ना थे जानात छे नत এक है कुछ চেলা, অৰ্বা কুত্ৰ প্ৰস্তৱ কণিকা রাখিলে, জালা ঘোরার সময় তাহা থাকে না ; তজ্ঞপ হর্ষ্যের বিপরীত দিকে গমদ সময়ে, পৃথিবীর ভুপৃষ্ঠে অসংলগ্ন कां है लाड्डोबि थाकिए शारत ना ; निरम्न मृज्ञ जारत পड़िया जनर्भन कहेरल थाक। भवन पृथिवी दावाव ममत्र वात् धावनक्राभ विद्यात मन्त्रावनः ৰাফিলেও, তৎকালীন স্বাভাবিক বায়ুতে ঝড় হইতেও পারে; তাহাতে & সকল পদার্থ বে স্থানাম্ভরে পড়িতে পারে, তাহার আর সন্দেহ নাই। কেন मा পृथिवीत आकर्षन अर्भका, बार्त्र आकर्षन वनवछ । छारात पृष्टी छ এই ट्रम, दथन व्यवन अक् इहेटल थाटक, ज्यन शृथिवीत मश्नध त्रक्रक छे९ शांहन করিয়া স্থানাস্তরিত করে; তথন পৃথিবীর আক্র্যণে, ঐ বুক্ষ স্বস্থানে থাকে ना। चाछ এব তৎ कांनीन चारानश्च भार्य (य ज्ञानास्टरत गाहे एक भारत ना. ভাহা যুক্তি অমুসারে বিখাস্য নহে; বরং স্থানান্তরে যাওয়ারই নিতান্ত সম্ভর'। বিশেষতঃ দক্ষিণাভিমুখী-নদী ও সমুদ্রের জল প্রত্যহ তীরে উথিত হইয়া, बन्धादन इश्वावश्व मर्खंद ; क्न ना अकृषिक छैक्क इटेल, जन निम्निक

वाहेर्ज भारत । आतं अक्षिज आर्घ त्व, भृषिती अरभका मृद्य तृहर भार्व, তাহা হইলে তাহার আকর্ষণে পৃথিবার উর্দ্ধভাগে উঠিতে পারে। **কিন্ত** পৃথিনীর নিজের মাধ্যাকর্ষণে, ও গুরুত্ব গুণে, ও অক্তান্ত গ্রহগণের আকর্ষণ প্রযুক্ত, স্থামগুলের নিকটবর্তী হয় না। এইরূপ পরস্পর আকর্ষণে স্বস্থানে থাকিরা আহ্নিক ও বার্ষিক গতিক্রমে ঘুরিতে থাকে; ইহাও অসঙ্গত।+ কেননা পৃথিবী অপেক্ষা সৃষ্য বড় হইলে পৃথিবী সর্বাদা সৃষ্যমগুলের নীচে थाका मखन ; मृशामधनारक चिक्किय कतिया मृत्त याख्याते मखन नत्ह ; তাঙ্গীতে আহ্নিক গতিতে দিবা রাত্রি হওয়ার সম্ভব আছে বটে, কারণ যথন উল্টিয়া উপরের ভাগ নিম্ন দিকে যায়, তখন সূর্য্য অদর্শন হইয়া পড়ে। কিন্ত कान अर्मि इस्मान म्या अनर्नन र अर्दात मख्य थारक ना ; कांत्रन बुहर পদার্থের নিমে যে পদার্থ থাকে, তাহাতে বৃহৎ পদার্থ সর্বাদা সমভাগে দৃষ্ট क्टेंटि शाद्य ; ভारांत्र निक्षे वा मृत हरेटि शाद्य ना ; अर्थाए नकन क्टिक रहेर इंदर मुर्गा भनार्थित आलाक প्राज्ञ सिविराज भावता बात, কেবল যথন উল্টিয়া পড়ে, তখন বিপরীত দিকে দর্শন হয় না, এজন্ত রাত্রি इम्र। यनि वना यात्र (य, नृधामश्वरनत्र (कवन निम्नञ्चातन পृथिवी (चारत्र ना, তাহা সূর্য্যমণ্ডলের দ্রবন্তী স্থান দিয়া বুরিতে বুরিতে চলে; তাহাও অসম্ভব, এবং ইহাতেও বক্তব্য বে, দূরবর্তী স্থান দিয়া চলিলেও, একটা গোলাকার क। ज्ञानिक द्रवात উপর দিয়া চতুর্দিক সম্বংসরকালের মধ্যে পুরিয়া আইসে, हैशां छ अ इत मान निकरे अथवा छत्र मान मृत हहेवांत मञ्जद नाह ; छत्व छत्न মাস রাত্রি ও চয় মাস দিন কিরূপে হয় ? অতএব এই কারণে স্থা, পৃথিবী বুহৎ থাকাও স্বীকার করা বায় না; এবং সংখ্যার আকর্ষণে পৃথিবী শৃষ্টের উপর পার্কাও সঙ্গত হয় না। কেন না পৃথিবী অপেক্ষা স্থা বৃহৎ না হইলে ভাহার আকর্ষণে পৃথিবী স্ব স্থানে থাকিতে পারে না; 'বরং পৃথিবীর গুরুত্ব थाकाय क्रमम अधिक मृद्र नित्र गिंड इहेया सूर्या अमर्गन हय । अथवा माथा-कर्राण स्वारक भृथिवी मश्मध करतः अकना कान क्रायह भृथिवी • শুক্তের উপর আকর্ষণ গুণে থাকিয়া ঘোরা সম্ভব হইতেছে না। যদি কেহ

<sup>়ু</sup> পৃথিবী অপেক। হুৰ্যা বড় হইলে হুৰ্বোয় উপর যে সকল গ্রহ আছে তাইাও দর্শন হয় না, এবং তাহাদিগের ফাক্ষণ পৃথিবীতে লাগে না।

এই সকল কথা কুতকের দারা খণ্ডন করণের চেষ্টা করেন, তবে তাহার সেই : কুতর্ককে আমি থণ্ডন করিতে অপরাগ নহি, কেন না অহেতুক অনুমান যে ষত, করিতে পারে তাহাই হইতে পারে। তবে যদি বল যে পৃথিবী স্থির থাকার বিষয়, শাস্ত্রযুক্তি অনুসারেই সম্ভব কি ? তাহাতে বক্তবা এই যে, পৃথিবী অনস্ত দেবের মন্তকে থাকায়, স্থতরাং তাহার আধার আছে। ঐ জনক্তের আধার কৃর্ম, তাহার আধার জল, তাহার আধার ডিম্ব, তাহার আধার ঈশ্বর; এমতাবস্থায় স্থা পৃথিবী অপেক্ষা ক্রুদ বা বৃহৎ হইলেও কোন আকর্ষণের প্রয়োজন নাই। ওক পদার্থ পৃথিবী, তাহা অচলা থাকাই সম্ভব ; বরং তেজ পদার্থ রাশি চক্র ও গ্রহ নক্ষত্র সকল লঘু বিধায়, প্রবহ ৰাষুতে বোরাই সম্ভব। এবং চক্র মণ্ডল ক্রমে ঘুরিতে ঘুরিতে, এক এক অংশ সরিষা, উত্তর দিকে বিষুব রেখা পর্যান্ত অর্থাৎ পৃথিবীর মধ্যস্থান পর্যান্ত আদিয়া ছন্ত্র মাস উত্তরার্দ্ধে, ও ছয় মাদ দক্ষিণার্দ্ধে, ঘূরিতে থাকে। তাহাতে যে ছন্ত্র মাস উত্তরার্দ্ধে স্থ্য ঘোরেন, সেই ছয় মাস দক্ষিণ দিকের কেল্রের নিকটস্থ প্রদেশের লোকের দূরবর্তী স্থানে স্থ্য থাকাতে তাহাদিগের অদর্শন হয়। ও বে ছয় মাস দক্ষিণার্দ্ধে ঘুরিতে থাকেন, তথন উত্তর কেন্দ্রবাসীগণের **बृददर्की ज्ञारन स्र्या थाकारण काशांनिरशय अनर्यन श्रा। हेशांख द्यान** অসম্ভব অথবা অসংলয়ের বিষয় নাই∗। অতএব এই সকল কারণে আমা-দিপের ত্রিকালফ দেৰতা ও ঋষিগণকর্ত্তৃক যে শাস্ত্র প্রত্যক্ষের স্থায় প্রকাশ হইয়াছে, তাহা আমরা সমধিক মাক্ত ও বিখাদ করি। এবং প্রত্যহ পূজার সময়, আধারশক্তি, ও কৃষ্ম এবং অনস্ত ও পৃথিবীর পূজা করিয়া থাকি বলিয়া বিক্লমত অবলম্বন করিতে পারি না। তবে কেহ বলেন যে, সূর্যাদিদ্ধাত্তের মতে পৃথিবী বোরে, কিন্তু তাহা নহে; কেন না স্ব্যাসিদ্ধান্তের মহত ঐ রূপ कथा नारे। তाराटि य रहन आहि, जारा अविकन निष्म तनथा बारेटिड; এবং পূর্বেষে বে দকল মীমাংসা করা হইয়াছে, তাহার অধিকাংশ ঐ মতামুসারে **टनमा हरेग्राह्। उटर नकरन**त लग पृत्रीकत्रनार्थ अविकन रहन रनश रनन।

মদি শূর্বের উপরে পৃথিবী ঘ্রিতে পারে, তবে শ্ন্যের উপর ব্রহ্মাণ্ডও থাকিতে পারে
 ভাহা অসম্ভব নহে।

মধ্যে সমস্তাদগুস্থ ভূগোলো ব্যোম্নি তিষ্ঠতি। বিভ্রাপঃ পরমাং শক্তিং ত্রহ্মণো ধারণাত্বিকাং। ভূগোল অধ্যায়, ৩২ শ্লোক।

গৃঢ়ার্থ টীকা। অওস্য ব্রহ্মাওস্য সমস্তাৎ সর্ব্ব প্রদেশান্মধ্যে মধ্য স্থানে কেন্দ্র রূপ আকাশে ভূগোলভিষ্ঠতি। নতু আকাশে নিরাধার বস্তুনো অব-স্থানাসম্ভবাৎ কুথমবস্থিতো ভূমি গোল ইত্যতো ভূগোল বিশেষণ মাহ। বিজ্ঞাণ ইতি ব্রহ্মণঃ প্রমাং শক্তিং ধারণাত্মিকাং বিজ্ঞাণো ধারমন্ তথাচ নক্ষ্তিঃ।

ইহার অর্থ এই যে, ব্রহ্মাণ্ডের মধ্যে, মধা স্থানে পরমেশ্বের ধারণাত্মিকা শক্তিকে অবলম্বন করিয়া আকাশমার্গে ভূগোলরূপ এই পৃথিবী অবস্থিতি করিয়া আছেন। এই ধারণাত্মিকা শক্তি শব্দে আধার শক্তি, অর্থাৎ অনস্ত ও কৃশ্ব এবং জল প্রভৃতি বুঝাইবেক। কেন না অক্সান্ত শাস্ত্রে তাহাই স্পষ্ট করিয়া বলিয়াছেন। তাহার সহিত এক বাকা কবা যাইতে পারে। ইহাতে পুণিবী খোবার কোন ছন্দাংশও নাই। বরং তিষ্ঠতি শব্দ থাকাতে, বে পৃথিবী ছোরে না ইহা সর্কতোভাবে বোধ হয়। তবে বিভ্রাণং শব্দ পাকা-তেই অনেকেই তাহার অথ কবেন যে, ভ্রমণ হইতে পারে; কিন্তু তাহা ভ্রম। কেন না ঐ শব্দে কথন ভ্ৰমণ বুঝায় না; বরং ধারয়ন্ অবলম্বন করা বুঝায় । বিশেষতঃ তিষ্ঠতি শব্দে পরিষ্কাব অর্থ হয় যে, স্থিতি আছে। তবে আকাশে चाह्न এই मत्कृत তাৎপর্যার্থ এই যে, গারণাত্মিকা मক্তি যে অনস্ত আছেন, ভাহার যে আকার সে মায়িক; অর্থাৎ ভগবান ঈশ্বর স্বয়ং ঐ মৃত্তি ধারৰ कतिया धानुनाश्चिका मिक्ति व्हेबाएइन। ठाँशांत्र मञ्जल खाकामबार्ली, जर्थार জল ভিত্ত স্থানে পৃথিবী আছে, কেবল আকাশে নহে। কেন না যদি অন-স্তকে লক্ষ্য করিয়া কেবল আকাশে থাকা বলিতেন, তাহা হইলে ধারণাত্মিকা শক্তিকে অৰশম্বন করিয়া থাকার কথা বলিতেন না\*। অতএব পূর্ব্বোক্ত কারণে পৃথিবী খোরা বিখাস হয় না। যদি কোন দেশের প্রাচীন প্রতিলিভ

<sup>ু</sup> ইহার ভাৎপথা এই যে এই পৃথিবী যথন উৎপত্তি হয়, তথন শ্নোর উপর ছিল ; কিছ ক্ষমে জলে মগ্ন হওয়ায়, ধারণাগ্নিকা শক্তি অনস্ত দেবকে অবলম্বন করিয়া শ্নোতে আছে।

थर्च भारत पृथिवी शांतांत विवय लावा थारक, छटव छाहांता हैहा मन्भूर्वक्रत्य বিখাস করিতে পারেন; তাহাতে আমাদিগের কোন আপত্তি নাই। কেন না ধর্মণান্ত্র অতি পবিত্র; তাহা যে দেশের হউক না কেন, তাহাতে ঈশ্বরের কার্যা সকল বর্ণিত আছে। এবং ঈখরের কার্যা কিছুই অসম্ভব নহে। তিনি পৃথিবীও ঘুরাইতে পারেন; এবং তাহাকে স্থির রাধিয়া রাশিচক্র ঘুরাইতে পারেন, এবং তিনি হুই প্রকার ভক্তকে এক কালে ঐ হুই প্রকার কার্য্য দেখা-ইতে পারেন; তাঁহার অসাধ্য কিছুই নাই। অতএৰ ধর্ম সংক্রাস্ত বিষয়ে, সরলভাবে যিন যে শাস্ত্র মাত্ত করেন; ও তদমুসারে ঈশ্বরের নিরম, অধবা कार्य विनम्ना बाहा विधान करतन; তৎপ্রতি দোষারোপ করা কর্ত্তব্য নছে। ভবে ধর্মণান্তের বিপরীত স্ব কপোল কল্লিত কথা অকর্মণা; কেন না কেবল বৃদ্ধির মারা, যিনি যাহা বলুন না কেন, তাহা কথনই অভ্রাস্ত হইতে পারে না ঃ উপরি উক্ত তর্কের সারাংশ আলোচনা করিলে, জানা বার বে, মাস, পক্ষ, আরন ও দিবা রাত্রির পরিমাণ ইত্যাদি বিষয়ে উভয় মত ঐক্য আছে। কেবল পৃথিবী শৃত্তের উপর ঘুরিতেছে কি তাহা স্থির আছে। কেবল রাশি-চক্র ও চক্র স্প্যাদি ঘুরিতেছে এই মাত্র প্রভেদ। তাহাতে বিরুদ্ধ মতে ক্ষিত আছে যে, দাদশ রাশি পৃথিবীতে সংলগ্ন ও তাহা পৃথিবীর সহিত স্থরিতেছে। আমাদিগের মতে রাশি চক্র স্বতন্ত্ররূপে পুরিতেছে। যদি 🖨 রাশি খোরাকে পথিবী বোরা, ও বিকন্ধবাদীরা ভূমি ভাগ ত্যাগ করিয়া রাশি চক্র বোরাকে, পৃথিবী বোরা স্বীকার করি, ও করেন, তবে উভন্ন মত একই হইয়া পড়ে। এই বিষয় ধর্মণাল্কে উল্লেখ না করিয়া, উভয় মতজ্ঞ वां कि नक्त नां मृत्र रहेशा (बिश्त कानित्वन त्य, त्रामिठक एज नार्थ छ লবু; তাহাই সম্ভবত বোরে। ভূমি শুরু পদার্থ, একারণে কার্হারও কোন সাহায্য বাতীত ঘোরা সম্ভব নহে। ইহাতে আর অধিক বাদামুবাদ অপ্রয়ো-জন বিধায় ক্ষান্ত হওয়া গেল। একলে পৃথিবীর স্থিতি কাল নির্ণয় করা ৰাইতেছে।

# অফ্টম অধ্যায় I

#### পৃথিবীর স্থিতির কাল নির্ণয়।

আমাদিগের শাল্কে দিন মাস বৎসর, নানা প্রকার বলা হইরাছে; অর্থাৎ সাবন, ও সৌর, এবং মুখাচাক্র, ও গৌণচাক্র, প্রভৃতি দিন মাস বৎসর माना कार्या वावशंत रहेश शारक। जाशंत वाहना छात्र जाता कतिशा প্রারেজনীয় বিষয় সংক্ষেপে লেখা ঘাইতেছে। মনুর ১ম অধাারের ৬ টা লোক হইতে কএক লোকের মর্ম উদ্বৃত করা যাইতেছে। চকুর বে নিমেষ পড়িতে থাকে, তাহার অষ্টাদশ নিমেষে এক কাষ্ঠা, ত্রিশ কাষ্ঠাতে এক কলা-जिन क्लांटि अक मूहूर्व दस, अक बूहूर्व इहे मध दस। ७० भाग मध दस, ৬০ বিপলে এক পল হয়"। জিশ মুহুর্তে মনুষোর এক দিবা ও রাজি হয়। ইহার ত্রিশ দিন ও রাত্রিতে পিতৃলোকের এক দিন ও রাত্রি। মহুষ্যের এক বংসরে দেবতাদিগের এক দিন ও রাত্তি হয়। এই দেব পরিমাণের চারি হাজার বৎসর সত্য যুগের পরিমাণ; এবং তাহার প্রথম সন্ধ্যা চারি শত বৎসর; ও শেষ সন্ধ্যাংশ চারি শত বৎসর। ত্রেভাযুগের পরিমাণ তিন হাজার বৎসর, তাহার সন্ধাা, ও সন্ধাংশ ছয় শত বৎসর। স্থাপর-যুগের পরিমাণ ছুই হাজার বৎসর, তাহার সন্ধ্যা ও সন্ধ্যাংশ চারি শত বৎসর। কলিযুগের পরিমাণ হাজার বৎসর, ও তাহার সন্ধ্যা ও সন্ধ্যাংশ ছই শত বৎসর। সাকুল্যে এই চারি যুগে ১২ বারো হাজার বৎসর হয়। ইহাতে দেবতাদিগের এক যুপ, ইহার ৭১ যুগের কিঞ্চিৎ অধিকে এক মহস্তর হয়। मञ्च हर्जुक्तम, यथा সাध्यस्य, श्वारताहिय, खेखाम, जामम देववके, हाक्त्य, देववञ्चक, সাবর্ণি, দক্ষ সাবর্ণি, ব্রহ্ম সাবর্ণি, সাবর্ণি, হৈরব্য, ধর্ম সাবর্ণি, ও ভৌত্য। বিষ্ণু-পুরাণে এই চতুর্দশ মহুর নাম, ও কার্যা, বিস্তারিত রূপে লেখা আছে।. এই চতৃদিশ মন্বস্তুরে দেব পরিমাণের এক হাজার যুগ হয়। দেব পরিমাণে এক

<sup>\*,</sup> জিশ মুহুর্ত ও ৬০ পল একই হইতেছে, ইহা দাবন দিন, গণা করা যায়, গণনা বিষয়ে দাবন দিন পামাণ্য।

হাকাব যুগে বন্ধার এক দিন হয়। এবং ঐ কাল পরিমাণ এক রাত্রি হয়। দিবদে স্ষ্টি করেন, রাত্রিকালে শন্ত্র করেন; এই তাঁহার নিত্য স্বভাব সিদ্ধ কার্য্য। যদ্যপি নিরাকার পরমেশ্বরের দিবা রাত্তির সম্ভাবনা নাই,তথাপি তাঁহার কার্যাকাল, ও বিশাম কালকে, শান্তকারেরা দিবা রাত্তিরূপে বর্ণনা করিয়াছেন। এবং প্রলয় কাল তাঁহার নিদ্রাবস্থাও বর্ণনা করিয়াছেন। ফলতঃ ইহা বর্ণনা মাত্র ; পরমেশ্বর স্ব প্রকাশ স্বরূপ, তিনি ভূত ভবিষ্যত ও বর্ত্তমান কালত্রের, সমভাবে বিরাজমান ;আছেন। উপরে বে দেব পরিমাণের বৎসর বলা হইয়াছে, তাহাতে কলিযুগের পরিমাণ ১ হাজার বৎসর, ও তাহার সন্ধ্যা ও সন্ধ্যাংশ ছই শত বংসর বলা হইয়াছে। ইহাতে মন্ত্র্যা পরিমাণের সাবনমতে চারি লক্ষ বতিশ হাজার বৎসর হয়। কেন না মুকুষ্যের এক বৎসর অর্থাৎ ৩৬০ দিনে দেবতাদিগের ১ দিন হয়; স্কুতরাং দেবতাদিগের এক বৎসয় মনুষ্যের ৩৬০ বৎসর হইবেক। তাহা হাজারের সহিত গুণ করিলে তিন লক্ষ ঘাইট হাজার বৎসর হয়। এবং তাহার সহিত সন্ধ্যা ও সক্ষাংশ যোগ করিলে, তাহার এক বং সরে ছত্তিশ হাজার বংসর হয়। তাহার ট্রই শত বৎদরে বাহাত হাজার হওয়াতে, উহা ভিন লক্ষ্য বাইট राक्षारतत महिত योग कवित्न हाति नक्ष विज्ञ राक्षात हरेत्व । এरेज्ञ भ স্বাপর যুগের পরিমাণ ৮ লক্ষ চৌষষ্টি হাজার ও ত্রেতাযুগের পরিমাণ ১২ লক্ষ ৯৬ হাজার। ও সত্যযুপের পরিমাণ ১৭ লক্ষ ২৮ হাজার বৎসর হয়। ইহাতে স্থিতির কাল নিরূপণ করা যাইতে পারে। এক্ষণে প্রলম্ন কভ প্রকার ও তাহা কিরুপে হয় তাহা নির্ণয় করা যাইতেছে।

# নবম অধ্যায়।

### প্রলয় নির্ণয়।

প্রশাস প্রধানতঃ চারি প্রকার ; বিষ্ণুপ্রাণাদিতে বর্ণিত হইয়াছে ; তাহা এই, ময়স্তর এলয়, দৈনন্দিন প্রলয়, এবং প্রাকৃতিক প্রলয়, অর্থাৎ মহাপ্রলয়\*

দৈনন্দিন প্রলয়কে কম্প, ও মহাপ্রলয়কে মহাকম্প বলা যায়। কিন্তু উভয়কেই কম্পু
বিলয়া ফোন কোন লায়ে ব্যাখ্যা আছে।

ও আতাত্তিক প্রনয়, অর্থাৎ মুক্তিকাপ প্রনয়; ইহার মধ্যে আতাত্তিক প্রনয়, क्षीत तिः भारत इत। हेह। माधावन क्षत्राह्य प्रहिष्ठ (कान प्रःष्ट्रहे नाहे। জগং সংসার বর্ত্তমান থাকিতেই দর্মন। জীব স্ব স্ব কর্মানুসারে মুক্তি লাভ করিয়া থাকে; স্থতরাং দে জীব, প্রাণয় যাতনা ভোগ করে না। অর্থাৎ তাহার আর জন্ম হয় না। তবে যুগ প্রালয়, যুগান্তে যুগ হয়; তৎসমুদায় লেখা বাহুলা\*। এক্ষণে তিন প্রকার প্রলয় বিস্তারিত রূপে লেখা যাইতেছে। দেব পরিমাণের ৭% যুগের কিঞ্চিৎ অধিক, পাঁচ হাজার ১ একশত বেয়ালিয দেব পুরিমাণ বৎসরের কিঞ্চিৎ অধিক কালে এক মহু গত হইয়া, প্রালয় হয়। † ৭১ যুগের অধিককাল যাহা উপবে বলা হইল, ঐ কাল মন্বস্তরের मका ও मकारम ; এই अग्र दकान मास्ति ११ त यूगार क मच खत विवाह । সন্ধি কাল বলেন নাই। বিফুপুরাণে অধিক কালের কথা বলিয়াছেন; ইহা অনৈক্য নহে। ফলিতার্থে অধিক কাল না বলিলে চতুর্দ্দশ মন্বস্তরে ১ হাজার যুগ হয় না। অতএব সন্ধ্যা ও সন্ধ্যাংশ সমেত ৭১র যুগের কিঞ্চিং অধিক कानरे निकास रहेरिक एक। यह धानम बकान यक मूर्क करस सम विना, ইহাকে মৌছুর্ত্তিক প্রালয় বলে; ইহা চতুর্দশবার হইলে ১৫র মুহুর্ত্ত গত হর, স্থতরাং ব্রহ্মার এক দিবদ গতে প্রশন্ত আবন্ত হয়। এই মন্বন্তর প্রশন্তে কেবল জল-প্লাবন হইয়া সমুলায় ডুবিয়া যায়, কেবল পর্বত সকল থাকে। এই প্রলয় নানা প্রকারে হয়। কখন ভগবান ঈশ্বর, মীনরূপ ধারণ করেন: মত্ন তাহার শৃঙ্গে অর্থব পোত বন্ধ করিয়া তাহাতে জীবজন্ত ও বীজ সকল রাখিয়া ভাসমান হইয়া হিমালয় পর্বতে অবস্থিতি করেন। পশ্চাৎ জল एक इटेटन एष्टि कविटा थारकन। এवः कान मन्डद प्रश्रामत्वत्र जाल, পর্বত ব্যতীত পৃথিবীর সমুদায় পদার্থ দক্ষ হইয়া, পরে মেঘরারা কতক দিন कूल अमान व्यर्थार मुसलात धारत तृष्टि इरेशा कनन्नावरन शृथिवी पुनिया यात्र ; পরে জল শুদ্ধ হইলে, দেবতা ছারা সৃষ্টি হয়। এইরূপ নানা কল্পে নানা क्रुप बहेना इटेशा थारक, टेशंब नाम मचलत खानवा: 'स्ट्री हर्फ्ण मचलत

ইহা অনেকবার হইতে থাকে, তাহাতে বারস্বার নানা প্রকার অবস্থা হয়, ইহা ব্রক্ষবৈশ্

প্রাণ ও কৃষী এবং ভবিষাৎ পুরাণাদি দৃষ্টে জানা বাইতে পারে।

<sup>†</sup> ৭১ যুগ ৫১৪২ বৎসর এক মহস্তর।

হইলে ব্রহ্মার এক দিবদ গত হইয়া প্রলয়কাল উপস্থিত হয়। তথন একশত বৎসর অনাবৃষ্টি হইয়া চুর্ভিক্ষ প্রযুক্ত প্রাণিমাত্রই স্থুল দেহ পরিত্যাগ করিয়া ব্রহ্মার শরীরে তাহার। সুন্ধশরীরমাত্র অবলম্বনে প্রবেশ করে। ওষধি ও वृक्षानि সমগুই नक्ष इटेश यात्र। পরে স্থাদেব সপ্তরশিষ্ক হইয়া পৃথিবীর সমুদায় রস আকর্ষণ করেন। তাহাতে পৃথিবী জল ও রস শৃক্তা হটয়। যায়। পরে রুজুরুপী ভগবান ঈশ্বর দাদশ সূর্য্যরূপে উদয় হইয়া তাপ প্রদান করেন। ঐ তাপে তাপিত ছইয়া, অনন্তদেবের নিখাস হইতে কালাগ্নি ক্ষদ্ররূপ অগ্নি নির্গত হইতে থাকে; এই ছুই অগ্নি একত্রিত হইয়া ত্রিলোক ভন্মণাৎ করিয়া ফেলেন। ঐ অগ্নির সহিত প্রবল বায়ু বহিতে থাকায়, সমুদায় পদার্থ নিঃশেষিত হইলে, অগ্নি নির্বাণ হয়। কারণ স্থল পদার্থ মাত্রের বিনাশ হইলে, আর অগ্নি থাকে না। পরে আবর্ত্ত সম্বর্ত প্রভৃতি মেঘ সকল উদিত হইয়া বর্ষণ করিতে থাকে; তথন কেবল জলময় হইয়া পড়ে। তৎকালিন ভগবান ঈশ্বর এক দিকে বিষ্ণু রূপ ধারণ, ও অন্ত দিকে অনন্ত নাগ্রপ ধারণ করিয়া তাহার উপর শয়ন করেন। ব্রহ্মা সমুদায় পদার্থের হক্ষণরীর স্বীয় হক্ষণরীরে প্রবেশ করাইয়া স্বয়ং বিষ্ণুর শরীরে প্রবেশ করতঃ নিজিত হয়েন। মহলোক জনলোক ও তপলোক প্রভৃতি श्वानवाजीता जकलारे बन्धात भंतीरत थाराभ करतन। रकर रकर वरनन, কোন কোন প্রলয়ে ঐ সকল লোক নাশ হয়, কখন কখন থাকে। কিন্তু म्जालाक এই প্রলয়ে নাশ হয় না; মহাপ্রলয়ে নাশ হয়। ब्रक्ता, বিষ্ণুর শরীরে নিজিত থাকন সময়ে, ঐ বিষ্ণুর নাভিকমল হইতে ব্রহ্মাণ্ড স্বরূপ একটা পদ্ম উথিত হয়, ত্রন্ধার নিজা ভগ্ন হইয়া দেখেন যে, ঐ পদ্ম মধ্যে তিনি অবস্থিতি করিয়া আছেন; \* আর কোন পদার্থই নাই, কেবল ফলময় হইয়াছে। কিছুকাল পরেই, বিষ্ণুর কর্ণমলা হইতে ছুইটা অসুর উৎপন্ন হইয়া ব্রহ্মাকে নষ্ট করিতে উদাত হইলে, তৎকালিন বিষ্ণু যোগ নিদ্রায় অভিভূত থাকায় ত্রন্ধা মহামায়ার স্তব করেন, মহামায়া প্রসন্ধা হইয়া বিষ্ণুর যোগ নিদ্রাভঙ্গ করান, ও বিষ্ণু জাগরিত হইয়া, ঐ হুই অস্থরকে বধ করেন।

<sup>\*</sup> এইজনা ব্রহ্মাকে পদ্মযোনি বজে।

তাহাদিগের মাংদেতে পুনরার মৃত্তিকার সৃষ্টি হয়; ঐ মৃত্তিকা বৃদ্ধি হইয়া পৃথিবী মেদিনী নাম ধারণ করেন। পরে স্বর্গ মর্ত্য পাতালাদি ত্রয়োদশ ভুবন, ও বিরাট এবং মহু ও প্রজাপতি প্রভৃতি সকল আবির্ভাব হয়েন। তদনন্তব স্ক্রশরীর বিশিষ্ট জীব সকল স্ব কর্ম্ম বশত অদৃষ্টাধীন স্থলদেহ ধারণ করত: সুথ তুঃখ ভোগ করিতে থাকে। ক্রমশ যুগাদি স্টি হয়; এই দৈনন্দিন প্রলয় ইহা অনেকবার হইয়া থাকে; কেননা ব্রহ্মার যেরূপ এক দিনে এইরূপ ঘটনা হয়, তদ্ধপ ৩৬০ দিনে বংসর। ইহার একশত বংসর এইশ্নপ ক্রমাগত হইতে থাকায়, কতবার যে, এই রূপ প্রালয় হয় তাহা গণনা করিলে জানা যাইতে পারে। এই প্রলয় সকলের মধ্যে, কোন কোন প্রলয়ে, ভগবান শেষ শ্ব্যায়, ও কথন ব্টপত্রে, এবং কথন কুর্ম্ম পুষ্ঠে থাকিয়া কথন অন্ত প্রকারে ভাসমান হইয়া থাকেন। এবং তিনি, কথন विकृत्तभ, कथन भिवत्तभ, ७ कथन गराम, ७ कथन पूर्वा, ७ कथन भिक्ति নানা প্রকার রূপ ধারণ করিয়া নানা উপায়ে সৃষ্টি করিতে থাকেন। ইহা সকলই তাঁহাব লীলা মাত্র। তদনস্তর যথন ব্রহ্মার শত বংসর গত হইয়া পরমাযু: শেষ হয়; তথন মহাপ্রলয় উপস্থিত হয়। ইহাকে প্রাকৃতিক প্রালয় বলা যায়; কেননা এই প্রালয়ে প্রকৃতির প্রালয় হয়। এই প্রালয় প্রথমত দৈনন্দিন প্রলয়ের ভাষ সমস্ত বস্তু ও সত্যলোক দগ্ধ হইয়া মেঘের দারা জলে পরিপূর্ণ হয়। তদনন্তর ঐ জল পৃথিবীর গন্ধ গুণ পান করাতে, গন্ধ গুণের নাশ হয়, পরে তেজোময় পদার্থ প্রকাশ হইয়া, রস, গুণেব সহিত সমুদায় জলপান করিয়া নি-শেষ করেন, তদনন্তর প্রবল বায়ু প্রকাশ হইয়া, রূপের সহিত সমস্ত তেজ পান করেন। তৎপরে আকাশ স্পর্শ গুণের সহিত বায়ুকে পান করাতে আকাশ কেবল শক্ষময় হইয়া থাকেন; তদনস্তর অহ-স্কার আকাশকে, ও মহতত্ব অহন্ধারকে, এবং ত্রিগুণাত্মিকা প্রকৃতি মহতত্বকে পান করিয়া নিঃশেষ করেন। ইহাতে ব্রন্ধাণ্ডের সপ্তাবরণ ক্রমে আন্দ আ কারণে লয় হইলে, প্রকৃতি শক্তিমকৈততে লয় হয়েন। তথন প্রমৈশ্বর স্ষ্টিকার্য্য রহিত করিয়া প্রালয় অর্থাৎ বিশ্রাম কার্য্যে ব্যাপৃত থাকেন। তৎ-কালীন শক্তি, অব্যক্তাবস্থায় থাকায় কেবল নিঞ্লি অহৈত সচ্চিদানন্দ বর্তুমান থাকেন। আব কিছুই থাকে না। প্রমেশ্ব স্থ্যুপাবস্থার স্থায়

অব্যক্ত রূপে বিরাজমান থাকেন। স্থতরাং তৎকালীন জীবের উপাধি সকল নাশ হওয়ায়, মায়িক কর্মা বন্ধন হইতে মুক্ত হইয়া যায় ; কেননা জীবের চৈতন্ত্র ভাগ ব্রহ্মচৈতন্ত্রের সহিত অভিন্ন হয়। যেমন কলশীতে জল পূর্ণ করিয়া তাহার মুথ বন্ধ করিয়া জলে ডুবাইয়া রাখিলে, পুনরায় জলসমেত কলশী তোলা যায় বটে, কিন্তু কলশী বিনাশ করিয়া ঐ জলে জল ঢালিয়। দিলে, ঐ জল স্বার প্রভেদ করা যায় না ; তদ্রপ জীবের উপাধি সকল কারণ স্ক্র স্থল শরীবের ধ্বংশ হইলে, চৈত্ত ভাগ চৈতনো মিশ্রিত হইয়া ষায়, আর প্রভেদ থাকে না। যেমন ঘটাকাশ ও মহাকাশে প্রভেদ দেখা ষায়, কিন্তু ঘট ভাঙ্গিলে আকাশের আর প্রভেদ থাকে না; তদ্ধপ জীব মুক্তি-লাভ করে। কেহ বৈলেন যে, এইরূপ প্রালয় হয় না; কারণ জীব সকল ক্রমে ক্রমে স্ব কর্ম হইতে মুক্তিলাভ করিলে, পরে প্রলয় হইবেক; তদনন্তর भात एष्टि इहेरवक ना, हेश मञ्जल नरह। कात्रण भीरवत कर्मा वक्तन भिणा।; অর্থাৎ মায়িক; এই মায়িক কার্যা যত দিন চলিতে থাকে, তত্ত দিন জীবের বন্ধন ও কর্মা, এবং জন্ম মৃত্যু প্রভৃতি হুথ ছঃথ ভোগ হয়। যথন মাধা, কার্য্য রহিত হইয়া লয়প্রাপ্ত হয়েন,তথন জীবও থাকেনা, কার্যাও থাকে না স্কুতরাং শীব মুক্তিলাভ করে। যদি বল যে,জীব আপনি যদি মুক্তিলাভ করে,তবে মুক্তির চেষ্টা করা বিফল? তাহার উত্তর এই যে, মহাপ্রলয় কত দিনে হইবে তাহার সংখ্যা উপরে লেখা গেল, তাহা দৃষ্টে বোধ হয় যে, এতাধিক কাল জীব কন্ত ভোগ করিতে অনিচ্ছুক হইর। মুক্তির চেষ্টা করে। আর এইকপ প্রলয়ান্তে एक एक के दिल्ल ना वर्णन, जाका भाख मिक्क नरह ; (कन ना श्रद्धांचरत्र সভাব সিদ্ধ কার্য্য করিতে কনই ক্ষান্ত হয়েন না; যেরূপ দিবা অস্তে রাত্তি ও রাত্রি অন্তে দিবা হয়, তজ্রপ স্বাধীন প্রমেশ্বর, তিনি জীবের কর্ম্মের অধীন হইয়া, স্ষ্টি করিতে বদ্ধ নহেন যে, জীবের কর্ম্ম না থাকিলে স্ষ্টি করিবেন না। তিনি সৃষ্টিঅস্তে লয়, ও লয় অস্তে সৃষ্টি করেন, ইহা তাঁহার নিত্য দিদ্ধ কার্য্য; ইহা পূর্ব্বে মীমাংদা হইয়াছে। তবে এইরূপ স্পষ্ট করাতে তাহার বৈষম্য দোষ আছে কি না, তাহাও এই ভাগের ১১ অধ্যায়ে মীমাংসা कता याहेरवकं। তবে অদৃষ্ট দৃষ্টে যে বৈষম্য হয়, তাহা দৈনন্দিন প্রলয়াত্তে হইয়া থাকে। কেন না জীব তথন ব্ৰহ্মার শবীৰে থাকে, স্কুৰাং জীৰেব

কর্ম নাশ হয় না \*। এই মহা প্রলয়ান্তে যে নৃত্তন স্কৃষ্টি হয়, তাহাই শাস্ত্র সমান্ত বলিয়া পূর্বেপ্ত মীমাংসা হইয়াছে। অতএব নানা প্রকার প্রলয়ের কণা যে লেখা গেল; ইহা পরমেশ্বর ইচ্ছা পূর্বেক নানা প্রকার প্রলয়ের কথা লেখা ক্রীড়া করিয়া থাকেন বলিয়া, শাস্ত্রে নানা প্রকার প্রলয়ের কথা লেখা হইল। তবে সকলে নানা প্রকার কথা শুনিয়া বলেন যে, শাস্ত্রে গোলযোগ আছে; ফলিতার্থে প্রলয়ান্তে অনেকণ বার সৃষ্টি হওয়ায়্র, ও আমাদিগেব শাস্ত্র সকল প্রশামুসারে উত্তর প্রদান কবার স্থার্ম লিখিত থাকার, যিনি যেরূপ প্রশ্ন করেন, তদনুসারে গুকু তাহার উত্তর প্রদান করাতে, লোকে তাহা পাঠ করতঃ মর্ম্ম বৃঝিতে না পাবিয়া গোলযোগ বোধ করেন; এই জন্ম আমি পর্যায়ক্রমে শাস্ত্র সকলের সার সকলন কবিলাম। ইহাতে জানিতে পারিবেন যে শাস্ত্রে অনৈক্য নাই। এবং ঈশ্বরের কার্য্য ও অবিশ্বাস করিবাব কোন কারণ নাই; তাহার অনন্ত কার্য্যসকল, অনন্ত শাস্ত্রের নারাও যীমাংসা হইতে পারে না; অতএব এই বিষয় এই পর্য্যন্ত সমাপ্ত করা গেল। একণে ঈশ্বরের নিয়্মাধীন কার্য্য সকল কি তাহা নির্ণর করা যাউক।

## দশম অধ্যায় I

ঈশবের নিয়মাধীন কার্য্যের প্রবলতা ও পদার্থ বিচার।

অনস্ত শক্তিমান প্রমেশ্বর স্বভাব দিদ্ধ কার্য্যের স্থায়, ও নিত্য ক্রীড়া করণের আয় জগতে অনস্ত পদার্থ, ও অনস্ত ভাব, ও অনস্ত দেশ, ও দেশ ভেদে ব্যবহার ভেদাদিব নিয়ম নির্দিষ্ট করিয়া স্থাষ্ট করিয়াছেন। তৎসম্পায় কেহ নিরূপণ করিতে অথবা জানিতে শক্ত নহে। তবে তাহাব এক দেশ লানিবার নিমিত্তে শাস্ত্রীয় যুক্তি অনুসারে কতকগুলি পদার্থের উল্লেখ করা হইয়াছে; তাহা বিচার পূর্বক মীমাংসা করিলে জানা যায় যে, তৎসম্পায়

<sup>·</sup> যেমন কলসীন মুথ বন্ধ করিধা জলে ডুবাইলে পুনরায় তোলা যায়।

ঈশ্বরেব নিয়ম। কিন্তু পদার্থ সন্থকে মূল স্থায় দর্শনে ষোড়ষ পদার্থ; এবং সাংখ্যা দর্শনে পঞ্চবিংশতি তত্ত্ব ও বেদান্ত দর্শনে চৈতন্ত্র এবং মায়া, ও বর্ত্তমান প্রচলিত স্থায় শাল্রে সপ্ত পদার্থ, ও বৈশেষিক দর্শনে ষট্ পদার্থ, এবং অস্থান্ত শাল্রে চৈতন্ত্র জড়ও শক্তি গুণ ইত্যাদি নানা শাল্রে নানা প্রকার বিচার করিয়া জগৎপদার্থের মীমাংসা করা হইয়াছে। তৎসমূদায় নিস্তান্ত হক্তের বিধার সহজে বোধগম্য হয় না। এবং এই গ্রন্থে স্পৃষ্টি প্রকরণাদি নানা অধ্যায়ে নানা প্রকার পদার্থের উল্লেখ হইয়াছে, তাহাতেও এক স্থানে সন্যক্ নির্ণর না হওয়ায়, পদার্থ সকল শ্রেণীবদ্ধ রূপে লক্ষণার সহিত লিখিত হইতেছে।

মূল পদাথ এক। অথাৎ শক্তিমচৈতিয়া। তাহা হইতে প্রকৃতি, জড়, গুণ, দ্রব্য, কর্ম্ম, বস্তুধর্ম, অভাব ; এই সাত্টী পদার্থ কার্য্যকাবণ রূপে উৎপন্ন ও বিনষ্ট হইয়া থাকে। এই সপ্ত পদার্থের অস্তর্ভূত জগতের সমুদায় পদার্থ।

শক্তিমকৈতেন্য বস্তু এক, কিন্তু অবস্থা ভেদে তুই প্রকার। অব্যক্ত শক্তিমকৈতেন্য, এবং ব্যক্ত শক্তিমকৈতেন্য। অব্যক্ত শক্তিমকৈতেন্য অদিতীয় নিশুন প্রমেশর। তাহাতে শক্তি অব্যক্ত থাকায় তাঁহাকে শুদ্ধ চৈতন্যময় স্থাপ্রকাশ স্কল্প ব্লিয়া শাস্ত্রে নিশীত হইয়াছে।

যদ্যপি চৈতন্য এক বস্তু বটে, কিন্তু তিনি নানা পদার্থের সন্নিধানে থাকায় বেদন্তে দর্শনে তাঁহার নাম সমষ্টিও বাষ্টিরূপে অন্ত প্রকার ব্যাথ্যা করিয়াছেন। যথা অনাবৃত, তুনীয়, ব্রহ্মচৈতন্য, এবং সপ্তণ ঈশ্বর চৈতন্য, স্বোত্মা অর্থাৎ হিরণাগর্ত্ত-চৈতন্য, এবং বিরাট চৈতন্য; এই চারি প্রকার সমষ্টি। ইলার বাষ্টি কৃটস্থ চৈতন্য, ও অন্তবাত্মা প্রাক্ত জীব চৈতন্য, এবং তৈজ্স অর্থাৎ আভাস জীব চৈতন্য, ও বিশ্বচৈতন্য, এত্রিষয় পূর্বে সীমাংসিত হুইয়াছে\*।

পূর্বোক্ত অব্যক্ত শক্তি ব্যক্ত ইইয়া সৃষ্টি স্থিতি প্রাণয় কার্য্য সাধন করেন; ডারিমিত্ত চৈতন্য বস্তুতে শক্তি থাকা অমুভব হয়। ফলতঃ শক্তি ব্যতীত স্ট্যান্দি কার্য্য সাধন হইতে পারে না। শক্তি সাত প্রকার, সৎশক্তি, কাল-শক্তি, দিক্-শক্তি, জ্ঞান-শক্তি অর্থাৎ স্ক্র্যা বিজ্ঞান স্বরূপা, ইচ্ছাশক্তি, ক্রিয়া-

<sup>\*</sup> প্রথমভাগে বিংশতি অধ্যায়ে

শক্তি, বস্তুর উৎপাদিকা শক্তি। এই সকল শক্তির অন্তর্গত অনস্ত শক্তি। শক্তি থাকাতে পরমেশ্বর তিনটী ভাবাপন্ন আছেন; অর্থাৎ সৎ, চিৎ, ष्पानम्। पर, निठा विमामान हेशत छापक काल ও मिक मेलि। যাহার দ্বারা ঐ নিতাত্বের অনুভব হয়। কারণ কাল দিক নিতাত্বের আধার স্বরূপ। কেন না কাল ও দিক নিত্য ইহাদিগের ক্ষয় নাই। পরমেশ্বর সর্বালে ও সর্বতি আছেন। ইহাতে মহাকাল ও মহাদিক আছে বলিতে হুইবেক। বিশেষেতঃ শাস্ত্রে আছে যে, সৃষ্টি, স্থিতি, প্রণন্ধ কর্তারা কালতে লয় হয়েন; অতএব কাল ও দিক ঈশবের অতিরিক্ত কোন বস্তু নছে। তবে কাল বিভাগক্রমে ক্ষণ মুহুর্ত্ত দণ্ড প্রহর দিবা রাত্রি পক্ষ মাস অয়ন বৎসর যুগাদি ভাব হইয়া থাকে; এবং দিখিভাগ দ্বারা, পূর্ব্ব ঈশান, উত্তর, বায়ু, পশ্চিল, ও নৈঋত, এবং দক্ষিণ, অগ্নি, উর্দ্ধ, অধঃ হইয়া পাকে। ইহা সৃষ্টিকার্য্য সাধনের উপযোগী ভাব; স্কুতরাং ক্ষয়োদয় হওয়া वला यात्र। कलाजः शृद्वीक कात्रां मशानिक अ महाकात्वत कर्यान्य नाहे। চিৎ অর্থাৎ চৈতন্ত জ্ঞান মাত্র, ইহা জ্ঞানশক্তি ও ইচ্ছাশক্তি দ্বারা অনুভব হয়। কেন না জ্ঞান ব্যতীত জ্ঞান শক্তির অমুভব হয় না, ও জ্ঞান শক্তি ব্যতীত ইচ্ছা হইতে পারে না, এবং ইচ্ছা ব্যতীত সৃষ্টি কার্য্য হয় না। আনন্দ অর্থাৎ স্থুপ স্বরূপ, ইহা ক্রিয়াশক্তি ও বস্তু শক্তি ছারা অমুভব হয়; কেন না ক্রিয়া ব্যতীত বস্তুর উৎপত্তি হয় না, ও বস্তু ব্যতীত জগৎকার্যা নির্বাহ হয় না। এবং বস্তুর সহিত ক্রিয়ার যোগ বাতীত আনন্দাসুত্ব হয় না। এই সকল শক্তি থাকাতেও যে প্রখের অন্বিতীয়, তাহা পূর্ব্বে মীমাংসিত হইয়াছে। ফলতঃ এই সকল শক্তি বাক্ত হইয়া ক্রমশঃ জগজপে পরিণত হওয়াই অমু-মান হয়: এবং শাস্ত্রকারেরা তাহা সিদ্ধান্ত করিয়াছেন। উপরি উক্ত শক্তি সকল ব্যক্ত হইয়া প্রকৃতি নামে খ্যাতা হয়েন। প্রকৃতি তিন প্রকার, প্রমা ও পরা এবং অপরা প্রকৃতি। পরমা প্রকৃতিকে মূলা প্রকৃতি ও মহামায়া এবং পরাৎপরা প্রকৃতি ও অজা বলা হইয়াছে। ইনি নত্তরজন্তমো গুণের 'সাম্যাবস্থা, অর্থাৎ কারণ স্বরূপা, ইহা হইতে পরা প্রকৃতি, অর্থাৎ ত্রিগুণামারা প্রকাশিতা হয়েন। ঐ ব্যক্ত শক্তি পরমা প্রকৃতি, স্বীয় কার্য্য স্বরূপা ত্রিগুণা মার্যার সহিত যোগ হওয়ায়; ঐ ব্যক্ত শক্তিমান চৈত্ত্মকে সগুণ ঈশ্বর বলা

হইরাছে। শক্তি চৈতভের সহিত অভিন, এবং ত্রিগুণের সহিত পৃথগভাবে মিলিত হইয়া অবস্থান করাতে; ঐ যোগকে কেহ বলেন, তাদাত্মা অর্থাৎ মিশ্রিড; ও কেহ বলেন পুথক ভাব, ও কেহ বলেন তাদাঝাধ্যাস। অধ্যাস অর্থাৎ আরোপ মাত্র। ফলতঃ সগুণ ঈশ্বর ত্রিগুণে আরুত থাকার, চৈতস্তাং-শের সম্যক ভাব প্রকাশ না হইয়া, কিঞ্চিৎ ন্যুন ভাব প্রকাশ হওরার, **(बमाल मर्गत्म छाँहारक आछा**म कल्लना कतियाहिन। किन्न मार्था मर्गतन চৈতক্সংশকে পুরুষ বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন। ঐ পরা প্রকৃতির সত্ব গুণে সৎ অর্থাৎ বিদ্যমানতা, ও তাহার জ্ঞাপক কাল ও দিক এবং জ্ঞান ও ইচ্ছা-শক্তি বাক্তরূপে পরিণত হইয়াছে। এবং রজোগুণে ক্রিয়া শক্তি, ও তখে। গুণে বস্তুর উৎপাদিকা শক্তি প্রকাশিতা হইয়াছেন। ঐ ত্রিগুণার কারণ স্বরূপা ব্যক্ত শক্তি, জড় কি চৈতক্ত নহে; কেবল শক্তি মাত্র পদার্থ। কিন্তু ত্রিশুণা প্রকৃতিতে সত্ব ও রজে। ভাগটী জড় কি চৈতক্স তাহা অনির্বাচনীয়; কেবল তমোভাগটীকে অব্যক্ত জডাংশ বলিয়া সিদ্ধান্ত করা ঘাইতে পারে। কেন না অঘটন ঘটনা পটীয়সী মায়া ত্রিগুণা জগতের সাক্ষাৎ কারণ স্বরূপা হইয়া এই জগৎ রচনা করিয়াছেন। ঐ কারণ তিন প্রকার, নিমিত্ত কারণ, সহকারি কারণ, ও উপাদান কারণ; নিমিত্ত কারণ কর্তা ও অপাদানকে বলা যায়; কর্তা যিনি করেন তিনি, ও অপাদান যাহা হইতে হয় তিনি: সহকারি কারণ, করণ, অর্থাৎ यद्धाता कर्या হয়; উপাদান কারণ অধিকরণ, অর্থাৎ যাহাতে হয়। নিমিত্ত কারণ সত্ত গুণ স্থিত জ্ঞান, সহকারি কারণ রজো গুণ স্থিচশক্তি, উপানান কারণ তমোগুণস্থিত অব্যক্ত জড়াংশ বস্ত। এই তিন গুণকে পুণকভাবে লক্ষিত করা যাইতে না পারায়, কেহ কেহ ত্রিগুণা প্রকৃতি মায়াকে জড় বলিয়া কলনা করিয়াছেন। ফলতঃ ত্রিগুণের কার্য্য পৃথক থাকা অতুমান হইয়া থাকে। ইহাতে দিদ্ধান্ত হয় যে, এক বস্তুতে চৈত্তা ও শক্তি এবং অব্যক্ত জড় পুথক ভাবে মিলিত রহিয়াছে∗। ঐ জড়াংশ উপাদানকে বেদাস্ত নুর্শ্নে विवर्त्त উপानान, अर्थाए याधिक ও मिथा। वना इटेग्नाइ। (कन ना मन

<sup>°</sup> যেমন দেহ অর্থাৎ সূল দেহে জড় চৈতন্য ও শক্তি তিন পৃথক পদার্থ আছে অথচ মিলিভ ভাব তক্ষপ।

কাবণ প্রমেশ্বরে জড়াংশ না থাকায় তাহা হইতে উৎপনা ত্রিগুণাতেও জড়াংশ নাই। তবে অব্যক্ত জড় কেবল কল্পনা মাত্র; তাহা ব্যবহারে সত্য-বং প্রতীয়মান হয়; ইহা পূর্বে সিদ্ধান্ত করা হইয়াছে। জড় হুই প্রকার। অব্যক্ত ও ব্যক্ত জড়। অব্যক্ত জড় তমোগুণ ও মহতত্ত্ব এবং অহন্ধার তত্ব। মহতত্ব বৃদ্ধির স্ক্রাবস্থা। অহন্ধার আমি, ইহা তিন প্রকার, অব্যক্ত সৃশা ও ব্যক্ত। অব্যক্ত অহঙ্কার সপ্তণ ঈশ্বরের অহং ভাব, এবং স্ত্র্ম অহন্ধার জীবের অহংভাব, ও বাক্ত অহন্ধার মহুষ্যাদির গর্ব। এই অহম্বার তত্ত্ব হইতে ব্যক্ত জড় অর্থাৎ অপর। প্রকৃতির প্রকাশ হইয়াছে। পঞ্চলাতা ও মন বৃদ্ধি ফুল অহজার ইন্দ্রিয় প্রাণ পরমাণু ফুল্ম পঞ্চত ও স্থুল পঞ্চ ভুতাদি ভৌতিক পদার্থ সকলকে অপরা বলা যায়\*। ব্যক্ত জড় ছুই প্রকাব। তুণ ও দ্রবা। তুণ তিন প্রকার, মুখা তুণ, ও সুন্ধা তুণ, এবং পারিভাষিক গুণ। মুখা গুণ পঞ্চুকাতা, অর্থাৎ শব্দ, স্পর্শ, রূপ, রুস, গন্ধ। শব্দ ধ্বনি, ও আকারাদি বর্ণ ইত্যাদি। স্পর্শ, শীতল ও উষ্ণ। এবং অনুমা শীতল। রূপ, খেত রক্ত পীত কৃষ্ণ ও নীল পিঙ্গল প্রভৃতি যৌগিক বর্ণাদি। রস, তিক্ত অম ক্ষায় মধুর লবণ কটু ইত্যাদি। গন্ধ, স্থগন্ধ, হুর্গন্ধ ইত্যাদি। এই মুখা গুণ হইতে দ্রবোর উৎপত্তি হওয়াতে ইহাকে দ্রব্যোৎ-পাদক বলা যায়। সৃত্ত্ম গুণ মন বৃদ্ধি জ্ঞানেন্দ্রিয় কর্মেন্দ্রিয় প্রাণ। মন ও বুদ্ধি একই প্রকার বস্তু, কিন্তু বৃত্তি ভেদে পৃথক। মনের বৃত্তি সংকল্প বিকল্প এবং সংশয়। মন বাসনাত্মক এবং ইন্দ্রিয়গণের কর্তা। কেহ কেহ মনকে ইন্দ্রিয় বলিয়া থাকেন। মনের অনুভব শ্বৃতি অর্থাৎ সংস্কার বশতঃ পূর্ব্ব কার্যা স্থরণ করিতে পারেন। মন অশেষ গুণের আধার ও ক্রের কর্তা, তিনি কেবল বুদ্ধির বিবেক শক্তি দারা বাধা হয়েন; নতুবা সর্বাদা চঞ্ল। বৃদ্ধির বৃত্তি নিশ্চয়, ঐ নিশ্চয়কে বিজ্ঞান অথবা অনুভব বঁলা যায়। অনুভব

<sup>\*</sup> ভগবদগীতাব ৭ম অধ্যায়ের ৪র্থ ৫ম শ্লোকদারা অপরা প্রকৃতি ব্যক্ত জড় ও পরা প্রকৃতি জীব ভূত অর্থাৎ জীব স্থিতি ত্রিগুণা জীব শব্দে সগুণ ঈশবের অংশ।

<sup>†</sup> রূপ, খেত, রক্ত, পীত, কৃষ্ণ ইত্যাদি যে প্রয়ন্ত পঞ্চীকরণ না হয় সে প্র্যান্ত তাহা দেখা বায় না কারণ উহার পরমাণু অদর্শনীয় বস্তু তাহা স্বজাতীয় পরমাণুর সহিত যোগ যুক্ত হইলেও দেখা বায় না কেবল ভাব পদার্থ বলিয়া অনুমান হয় তবে চক্র হুর্যা, প্রভৃতি পঞ্চীকরণ দারা দশনীয় হইয়াছে।

প্রমাত্মক ও দ্রমাত্মক। প্রমাত্মক সত্য নিশ্চয়, ও দ্রমাত্মক মিথ্যা নিশ্চয়।"

ক্র অম্ভব জ্ঞানেন্দ্রিয় দারা হয়; তাহা চারি প্রকার, প্রত্যক্ষ, অমুমিতি,
উপমিতি এবং শব্দজ। বৃদ্ধির বিবেক শক্তি দারা উত্তমাধম অমুভব হইয়া
থাকে; এবং মনকে বশীভূত করা নায়। জ্ঞানেন্দ্রিয় ইহাদিগকে বৃদ্ধীন্দ্রিয়
বলে। ইহা পাঁচি প্রকার। শ্রবণ, ত্বক, দর্শন, রসনা, আণ, ইহারা প্রত্যেকে
এক একটী বিষয় গ্রহণ করে, বিষয় শব্দ স্পর্শ রূপ রস গন্ধ। কর্মোন্দ্রিয়
কর্ম্মের জনক—বাক্ পাণি পাদ পায়ু উপস্থ। ইহারা হাক্য কথন, দ্রব্য
গ্রহণ, ও ত্যাগ গমন রেচন ইত্যাদি কার্য্য করে।

প্রাণ এক, কিন্তু বৃত্তি ভেদে পাঁচ প্রকার, প্রাণ, অপান, সমান, উদান, ব্যান, ইহারা খাস প্রখাস ইত্যাদি কর্মা, ও কর্মেন্দ্রিয়ের সহায়তা করেন। এতদ্তিন্ন ইহার অন্তভূতি শরীরস্থ বহির্বায়ু পঞ্চ অর্থাৎ নাগ, কৃর্মা, ক্রকর, দেবদত্ত, ধনঞ্জয়, ইহারা পৃথক্ পৃথক্ কর্মা করেন। †

পারিভাষিক গুণ বস্তু ধর্ম্মের অন্তর্ভুত, তাহা পরে লেখা যাইবেক। দ্রব্য মুখ্য গুণময় পদার্থ, মুখ্যগুণ বিহ্নত হইয়া মায়া হারা ক্রমে স্থল হওয়ায় দ্রব্য নামে অভিহিত হইয়াছে। দ্রব্য তিন প্রকার অব্যক্ত ব্যক্ত অতিব্যক্ত। অবং যৌগিক স্থল আকাশ, ইহা কার্যামুমেয়। ব্যক্ত দ্রব্য বায়ু ও তেজ। বায়ু স্পর্শেলিয় হারা প্রত্যক্ষ হয়; ইহার কার্যা স্পট্ট দেখা যায়। বিশেষতঃ জগৎ পদার্থের মধ্যে বায়ু কেবল সচল পদার্থ, তদ্তিয় সকলই অচল। বায়ুতে প্রশ্বরিক ক্রিয়া শক্তি অধিক থাকাতে বায়ু সচল হইয়াছেন। তেজে বায়ুর ভাগ অধিক থাকায় ও তেজ ল্মু পদার্থ বিধায় তাহা সচল হইয়াছে। ফলতঃ প্রাণী মাত্রই প্রাণবায়ু সহকারে গমনাদি কর্ম্ম সকল করিয়া থাকে। তেজ, দর্শনেলিয় ও তিগিলিয়ের হারা প্রত্যক্ষ হয়। অতিব্যক্ত দ্রব্য। জল ও পৃথিবী ইহারা জ্ঞান ও কর্মেলিয় হারা প্রত্যক্ষ হইয়া থাকে। স্থল আকাশ বায়ু ও তেজ জল এবং পৃথিবী ইহারা পঞ্চীকরণ, অর্থাৎ পরস্পার মূল পঞ্চত্তে পঞ্চভূত যোগ হইয়া স্থল ভূত হইয়াছে। ইহাদিগের মধ্যে আকাশ বাতীত অন্ত চারিভূত হইতে

<sup>&</sup>lt;sup>৯</sup> বেমন মৃগ ভৃষ্ণতৈ ভ্রম প্রযুক্ত জল বলিয়া নিশ্চয় হয়।

<sup>🕇 .</sup> এই ভাগের ২ অধাব দৃষ্ট কর।

অনেক বৈকারিক ও যৌগিকভূত, দ্রব্য পদার্থ নামে খ্যাত হইয়াছে। ঝটিকা ও ঘ্র্থায় প্রভৃতি বায়বিক। চন্দ্র স্থা ও গ্রহ নক্ষত্র প্রভৃতি ক্যোতির্ময়। সমুদ্র নদ নদী প্রভৃতি ক্ষণীয়, এবং পর্বত বৃক্ষ গুল্ম লতা, ও মনুষ্য পশু পক্ষী কাট পত্রস প্রভৃতি প্রণীগণেব স্থল দেহ, এবং স্বর্ণ বৌপ্য ইত্যাতি ধাতৃ পদার্থ, ও প্রাণীকত অভান্য অনেক পদার্থ পার্থিব; দ্রব্য পদার্থ মধ্যে গণ্য হইয়াছে। দ্রব্য ব্যতীত কোন কর্ম হয় না। কলতঃ কর্মের নিমিত্তে দ্রব্যের সৃষ্টি ইইয়াছে। প্রচলিত ভায়শাস্ত্রে দিক্ কাল দেহী ও মনকে দ্রব্য বলিন্দ্রছেন। তাহা সহজে বোধগম্য হয় না; কারণ দ্রব্য পদার্থ সকল ভৌতিক মধ্যে পরিগণিত; উক্ত চারি পদার্থে ভৌতিক অংশ নাই; বরং দিক কাল সম্বর্থ অনতিরিক্ত, এবং দেহী জীব স্ক্র্ম গুণ স্থিত চৈত্রভ্য পদার্থ; ও মন স্ক্রম গুণ পদার্থ। তবে এই চাবি পদার্থ ভৌতিক পদার্থেব সহিত্ব যোগ থাকা, এবং ঐ ঐ পদার্থের গুণ থাকা অনুমান করিয়া ভায়বিৎ পণ্ডিতেরা উহাদিগকে দ্রব্য পদার্থ মধ্যে পরিগণিত করিয়াছেন। ইয়া জ্বনৈক্যের কাবণ নহে।

কর্ম তিন প্রকার; ঐশবিক, প্রাক্তিক, ও প্রাণীক্ত, ঐশবিক কর্ম সৃষ্টি ছিতি প্রান্থাদি। প্রাকৃতিক, প্রকৃতির স্বভাবদিদ্ধ কর্ম। আকাশের শব্দ: বায়ুব পরিচালন, ও মেঘ বৃষ্টি শীত গ্রীয় প্রভৃতি প্রদান প্রকৃতির কর্ম। প্রাণীক্তক, প্রাণী কর্ত্ক যে কর্ম হয়। তাহা তিন প্রকার, মানসিক, আফুভাবিক ও ব্যবহারিক। মানসিক কর্ম চিস্তা ও মনোরাজ্য এবং স্বপ্র ইত্যাদি। আফুভাবিক যাহা জ্ঞানেক্রিয় দারা অফুভব করা যায়। যথা পরীক্ষা ইত্যাদি। ব্যবহারিক কর্ম্ম; কর্মেক্রিয় দারা যে কর্ম্ম করা যায়, অর্থাৎ বাক্ষা কথন, দ্রব্য গ্রহণ ও ত্যাগাদি, এবং গমন, রেচন, বমন, নিঃসরণ, প্রভৃতি কর্ম্ম; ইহার অস্তভৃত উৎক্ষেপণ, অর্থাৎ উদ্ধে ক্ষেপণ, অধঃক্ষেপণ, আকৃঞ্চন অর্থাৎ সংকোচ করণ; প্রায়ারণ অর্থাৎ বিস্তাব করণ; ভ্রমণ, ও যানারোহণে গমন, বক্রগমন, শ্রন, ভোজন প্রভৃতি কর্ম্ম সকল। কর্মোর সংখ্যা নাই; কিন্ত প্রাণীক্রত কর্ম্ম ছই ভাগে বিভক্ত, অর্থাৎ সাংসাত্র কিন্তু পারমার্থিক। সাংসারিক কর্ম্ম, সংসাব্যাত্রা নির্কাহ জন্ম হে কর্ম্ম করা যায় তাহা প্রান্থই সকলে জ্ঞাত আছেন। পার্মার্থিক ঈশ্বরের উপ্পাস্না

প্রভৃতি কর্ম সকল চতুর্থভাগে নির্ণয় করা যাইবেক। জগতে অনস্ত বস্ত ধর্ম, থাকাতে কর্ম অনন্ত হইয়াছে।

বস্তু ধর্ম অর্থাৎ বস্তুব স্বভাব, বস্তুব স্বকীয় ভাবকে স্বভাব বলা যায়।
বস্তুর লক্ষণ ও কার্য্য দৃষ্টে স্বভাবের অন্তব হয়। যেমন জগৎ কার্য্য দৃষ্টে
ঈশ্বরের স্পৃষ্টি স্থিতি ও প্রলয় কৃতিত্ব স্বভাবের অন্তব হয়, তদ্রুপ জাতি,
ভেদ, সম্বন্ধ, স্বারা দ্রব্যাদির স্বভাব অনুভব হইয়া থাকে। কিন্তু স্বভাব
স্বাধীন পদার্থ নহে, ঈশ্বরের নিয়মাধীন পদার্থ।

জাতি পৃথক্ পৃথক্ চিহ্ন বা আরুতি হারা পৃথক্ পৃথক্ বস্তু রূপে যে শ্রম্ভব হয়, ঐ বস্তুকে জাতি বলা যায়। যথা মনুষ্যত্ব, গোত্ব, মৃগত্ব, হংসত্ব, স্ত্রীত্ব, পুরুষত্ব, ইত্যাদি জাতি। এবং ভিন্ন ভিন্ন গুণ কর্ম্ম দৃষ্টে, ত্রাহ্মণত্ব, ক্ষত্রেমত্ব ও বৈশ্রত্ব, এবং শ্রুত্বে অনুভব হওয়াতে, তাহাদিগকে পারিভাষিক জাতি বলা যায়; ও নাম উপাধি গোত্র কুল ইত্যাদি ইহাব অন্তর্ভূত। ভেদ, বীজ ও পরমাণুর অভাববশত একজাতীয় পরমাণু এবং বীজ হইতে অন্ত জাতীয় বস্তু উৎপন্ন না হইয়া, তাহাদিগেব স্কলাতীয় বস্তু হয়; ঐ উৎপ্রের কারণকে ভেদ স্থভাব বলা যায়। যথা আমের বীজ হইতে পনস উৎপন্ন না হইয়া স্বভাব বশতঃ আম উৎপন্ন হইয়া থাকে।

দশ্বন। যে বস্তুতে যে প্রকার অবয়বেব সম্বন্ধ থাকে, এবং যে জ্বনোতে যে জ্বনের সম্বন্ধ থাকে সভাব বশত তাহাতে তাহা মিলিত হয়।† যেমন কপালাদিতে ঘটের সম্বন্ধ, হস্ত পদাদিতে মনুষ্যের সম্বন্ধ, শাথা পরবাদিতে বুক্রের সম্বন্ধ আছে। কিন্তু দগুধারী প্রক্ষের সহিত দণ্ডের সংযোগ থাকাতে তাহাকে সংযোগ বলা যায় মাত্র; তাহাতে তাহার সম্বন্ধ নাই। জুবোতে জ্বল সংযোগ বলা যায় মাত্র; তাহাতে তাহার সম্বন্ধ নাই। জুবোতে জ্বল সংযোগ সম্বন্ধীন থাকে। এই জ্বল, মুখ্য জ্বল অথবা ক্ষিক্ত্বণ বলা যায় না। কেননা মুখ্যগুল শ্বলাদি পঞ্চ ক্রাত্রা; তাহারা আকাশাদি জুবোর উৎপাদক উপাদান কারণ; এবং দ্বারূপে পরিণত হইয়া তন্ময়ভাবে আছে। ক্ষেত্রণ বৈকারিক স্থলদেহকপে জুবোর আশ্রেভভাবে কার্য্য করে; কিন্তু ঐ

<sup>🛈 🕹 ্</sup>স্থায়শাল্তে সামানা বিশেষ সমবায।

<sup>†</sup> সম্বন্ধ নানাপ্রকার দার্থাৎ সমবায়, মিশিতসংযোগ, কনিক, বরূপ, বৃত্ব, বাসিত্ব, জন্ত-জনকত্ব, অমুযোগিত, প্রতিযোগিত প্রভৃতি ক্সায়শাতে উপ্ত চইখাছে।

ঐ দেহ পবিত্যাগ করিয়া স্থানাস্তরিত হয়। তবে পারিভাষিক গুণের দ্রব্যেব সহিত সম্বন্ধ আছে।

পারিভাষিক গুণ। বস্তুব সভাব বশত; অথবা কর্ম জন্ম প্রকাশিত হয়।
ভাহা অপ্রাণী ও প্রাণী বিশেষের, বিশেষ বিশেষ ধর্ম। ষথা সংখ্যা প্রিমিতি
পৃথক হ সংযোগ বিভাগ পরত অপরত্ব, অর্থাৎ দূরত্ব নিকটত্ব এবং ভোষ্ঠত্ব ও
কনি ঠ্বাদি। মেহ, কঠিন দ্বত্ব। গুরুত্ব লঘুত্ব পক অপক। ইচ্ছা দ্বেষ
যত্র সংস্কাব বালা ও যৌবনত্ব সূজ্ব স্লেগ ভ্রুত্ব (অদৃষ্ট) অর্থাৎ ধর্মাধর্মা। লজ্জা
ভ্রুক্র্পা হৃষণা নিদ্র। তর্গা স্বর্পুপ্র স্বপ্র মৃদ্রা জাগ্রত কাম ক্রোধ লোভ মোহ
মদ গব্দ দ্যা ক্ষমা ধৈর্যা শ্রন্ধা ভক্তি প্রভৃতি। তন্মধ্যে ইচ্ছাদি গুণ কেবল
প্রাণী বিশেষে প্রকাশ হয়। ঐ গুণ অপ্রাণী দ্বোতে নাই।

অভাব পদার্থ। পূর্বেক্তি সমুদায় পদার্থকে ভাব পদার্থ বলা যায়। ভাব নানা অর্থে প্রয়োগ চইয়া গাকে, এই ভাবেতে নঞ অর্থাৎ নান্তি অর্থেব বে গে মভাব হয়; অভাব তুই প্রকাব মুণ্য অভাব ও গৌণ অভাব: মুখ্য অভাব তিন প্রকাব, প্রাগভাব, প্রংসাভাব, অতাস্তাভাব, প্রাগভাব, কোন বস্থ কি কর্মাদি উৎপল্পের পূর্বে অভাব থাকে তাহা। ধ্বং দাভাব, বস্তুর সমুদাৰ ৰা অল্ল বা অধিকাংশ বিনষ্ট হইলে যে অভাব হয় তাহাকে বলা যায়। অত্যক্তাতাৰ, যাহা দেশে, ও কালে, এবং বস্তাৰ মিশ্রিভাগাবে, অমুৎ-পত্তি, এবং অন্থিতি, ও ধ্বংস জন্ম আতান্তিকরূপে প্রাপ্ত হওয়া যায় না তাহাকে অত্যন্তাতাব বলা যায়। যথা আকাশের পূষ্প অনুৎপৃতি নিমিত্ত জাতান্তাভাব। ইহাকে আয় দর্শনে অলীক বলিয়া পরিগণিত করিণাছেন। শুএকে বেদান্তে ঐ রূপ অলীক বলিয়াছেন। অন্ধকারকে কোন প্রদার্থ বলিয়া ক্সায় দর্শ:ন নিদ্ধান্ত করেন নাই। কেহ বলেন স্টির আদিতে অন্ধকারময় ছিল; কেহ বলেন ঐ সময় কেবল ব্ৰহ্ম মাত্ৰ ছিলেন, তিনি আলোক অথবা অন্দকাব নহেন; তিনি জ্ঞানময় পদার্থ, ও অন্ধকার জন্ম অর্থাৎ রাত্রির স্বভাব। এই স্থানে অথবা এক্ষণে ঘট নাই ইহা অস্থিতি জন্ম অভাব; ঘটেতে পট <sup>'</sup>নাই অর্থাৎ ঘটের মিশ্রিভাধারে পটের অভাব, ইহা অন্তংপত্তি **অস্থিতি জক্ত** অভাব। মুক্তি হইলে চুঃথেব বিনাশ আতান্তিকরপুে হয়। অর্থাৎ আর চুণ প্রাপ্ত হইবেক না, ইহা ধ্বণ্স জন্ত অভাব। •

গৌণ অভাব, সাদৃশ্ৰ, অনাত্ব, অল্লভা, অপ্রাশন্ত বিবোধস্থলে ঘটনা হয়। माम् अ, हता जूना मूथ अर्थाए हता এवः मूथ मर्गत जूना आस्ताम जता, कनजः মুধে চক্রত্বেব অভাব আছে। অনাত্ব এক বস্তুতে অন্ত বস্তু নাই ইহাকে অন্যোন্যাভাব বল। যায়; কিন্তু ন্যায় শান্তে ইহাকে ভেদ বলিয়াছেন; অর্থাৎ বস্তুর পুথকত্ব থাকাতে অন্যোন্যাভাব হইয়াছে। অল্লভা, অল্ল বস্তুতে অধিক ৰম্বর অভাব। অপ্রাশন্ত, অপ্রশন্ত বস্তুতে প্রশন্তের অভাব। ফরতা ও অপ্রশন্ত, বিষয় ভেদে পৃথকরূপে ব্যবহার হইয়া থাকে। বিবোধ, প্রণয়া-ভাবকে বিরোধ বলা যায়∗। এতাবতায় যে সমস্ত পদার্থের বিচার করা হঠলে তাহা তিনটা পদার্থ বলিয়া প্রথমত দিদ্ধান্ত করা যাইতে পাবে। অর্থাৎ অবাক্ত শক্তিমান চৈতনা, ও ব্যক্ত শক্তি অর্থাৎ গুণ এবং ভৌতিক হুড। মার্কণ্ডের পুরাণান্তর্গত চণ্ডীতে আছে যে, ব্রহ্মা ভগবতাকে এই বলিয়া স্তব করিয়াছিলেন যে, জগতে সং ও অসং যে সকল বস্তু আছে, তাহাব শক্তি ত্মি, ইহা ছারা নিদ্ধান্ত হয় যে, সং চৈতন্য অসং জড় শক্তি গুণময়ী। অর্থাং হৈচনা স্থিত শক্তিকে শক্তি ও জড়স্থিত শক্তিকে গুণ বলা যায়। শক্তি বাতীত চৈতনা ও কড়ের কোন কার্যা নাই, তাহারা উভয় অচল। এই অব্যক্ত শক্তিমটৈত হন্য কাবণ রূপে মুখ্য গুণ পদার্থে, ও গুণ ভৌতিক ছড পদার্থে আছেন; এবং জড়েব প্রকাশ্র গুণের দ্বারা ব্যবহারিক কর্ম হইতেছে ভত্ত বিচারে কেবল শক্তিমটেচতন্য এক মাত্র পদার্থ থাকা সিদ্ধান্ত চততে পারে; তাহা চতুর্থ ভাগে মীমাংসা করা যাইবেক। ফলিতার্থে প্রমেশ্বর নিমিত্ত ও সহকারী, এবং উপাদান কারণ হটয়া জগতে নানা পদার্থের স্পৃষ্ট कतिशारहन। भगार्थ भरतव व्यर्थरक भगार्थ वरता; भगरक भक वला गाम । তাহাতে, শব্দ হইতে যে অর্থ হয় তাহা ঈশ্বর ইচ্ছাক্রমে হইয়া থাকে। অতএব ঈশবের স্বভাব সিদ্ধ কার্যা স্ষ্টিস্থিতিপ্রশাদি, প্রতিকল্পে চলিতেছে। তাহাতে এক কল অন্ত হট্যা লয় হট্লে, পুনরায় প্রথম সৃষ্টিকালে ঈশ্বর যে নিয়ম ক্রিয়াছেন, তাহার কতকগুলি স্বাভাবিক নিয়ম অপরিবর্ত্তিত ভাবে প্রালয়কাল পর্যান্ত চলিতেছে। ও কতকগুলি কর্ম্মের দ্বারা পরিবর্ত্তন তইতেছে

यशा हक्त, ख्राँ, पिवा, ताजि, माम, शक्र, अडू, वरमत, अग्रम; ও ङाङि ৰিশেষের অবয়ৰ হস্ত পাদাদির সংখ্যা নিক্সপণ, ও দেশ ভেদে শবীরের বর্ণ ইত্যাদি, যাহা নিয়ম নির্দিপ্ত করিয়া স্পষ্ট করিয়াছেন, তাহা স্বাভাবিক নিয়ম রূপে প্রলয় কাল পর্যান্ত চলিতেছে ও চলিবেক। কিন্তু কর্ম্মের ছারা ইংার কতকগুলি, স্বভাবের পরিবর্ত্তন হইয়া থাকে; ও কতকগুলি হয় না। যেমন ব্রাহ্মণাদিরা জন্মান্তরে ভিন্ন ভাতি ও বর্ণ প্রাপ্ত হয়, এবং হস্ত পাদ।দির অঙ্গের ন্যান ও পুদ্ধি হয়, এবং ইহ জন্মে জাতি নাশ ও সুধ তুঃখাদি প্রাপ্ত इस, हेजानि व्यत्नक विषय कर्ष्य करन घिष्ठा थाक ; এवः গ্রহদিগের মধ্যে যিনি যে বৎসর রাজা হয়েন, তাঁহাব কর্ম্ম গতিকে ঋতুর কার্য্য সকল বিপর্যায় হয়। যুগ পরিবর্তনে ধর্মাধর্মের ও ব্যবহারের পরিবর্তন হয়; ইত্যাদি বত-তব বিষয়ে স্বভাবের পরিবর্তন হইতে দেখা যায়। চক্র সূর্য্য দিবা রাত্রি ও সৃষ্টি করিয়াছেন পুন: পুন: কে করিতেছেন, ভ रय कार्या नियर ক্ৰমে জীব সকল রূপে নানা প্রব অতএব অনস্ত আবিভাব থাকি ছেন, ও কতক করিয়া থাকেন সকল সৃষ্টি, এব অর্থাৎ পক্ষপারি নিৰ্মতা দোষ याहरू है।

আকাশ নক্ষত্রাদি সমভাবে থাকে, ইহাদিগের অভাবের পবিবর্ত্তন হয় না। কিন্তু স্বভাবের পরিবর্ত্তন হউক বা না হউক সমুদায় পদার্থই কর্ম্মের অধীন করিয়া পরমেশ্বর 🗝 করিয়াছেন। যাহাকে যে কাঁ্য্য সাধনের জন্য প্রথমে হার সেই কার্য্য করিতে হইয়াছে ও হইবেক। এবং শামুসাবে যাহাকে পরিবর্ত্তন রূপে যে কার্য্যে নিযুক্ত সেই কার্য্য করিতে হইতেছে, ও ভবিষ্যৎ যাহাকে ্বন, তাহাকেও তাহাই করিতে হইবেক। ঈশ্বর ইচ্ছা-ক্ট হইয়। স্বাস্ক কর্মের গতিকে পুন: পুন: পরিবর্ত্তিত नार् कनाशहन, ७ स्थ इःथ ভाती इहेगा थारक। চত্রনা প্রমেশ্বর সকল বস্ততে, ও সুকল কার্য্যে, দ্বারে ফল প্রদান দারা কতক পরিবর্ত্তন করিতে-क्ति हालाहरिङ्हन ; धवः खलग्रकारल विनान ल (य. भत्राभत अथम मृष्टिकात्न (छाउँ वर्ष भमार्थ se সুখী ও কাহাকেও ছ:খা করায়, তাঁহার বৈষম্য वदः क्रु अनामामि तियुना अर्थाए रुष्टि नानामि ইহা দক্ত নহে, ও তিধিধ মীমাংসা করা

### একাদশ অধ্যায় I

### ঈশ্বরের পক্ষপাতিত্ব ও নির্দয়তা দোষের পরিহার।

পরমেশ্বর, দেবতা ও মমুষ্য এবং পশু পক্ষী জলচর ও কীট পতঙ্গ প্রভৃতি নানা জাতীয় জীব, ও নানা জাতীয় বুক্ষ গুলা লতা ইত্যাদি; অনস্ত প্রকার বস্তু স্থান করিয়াছেন। তাহাতে বস্তব প্রকৃতি অমুসারে ছোট বড় বলিয়া প্রতীতি হইতেছে। ইহাতে ঈশবের পক্ষপাতিত্ব দোষ নাই। কেননা জগতের লোকের হুই প্রকার জ্ঞান আছে; অর্থাৎ পর্বমাথিক ও ব্যবহাবিক তত্ত বিচারের দারা বস্তুর প্রকৃতি জানাকে পার্মাথিক বলা যায়। এবং বস্তুর প্রকৃতি সমাক প্রকারে না জানিয়া ব্যবহার করাকে ব্যবহারিক বলা যায়। পারমার্থিক হুই প্রকার, অর্থাৎ অমিশ্র ও মিশ্র। অমিশ্র এই বে, জগতের দৃশু বস্তু কিছুই নাই; কেবল এক পরমেশ্বর মাত্র আছেন আর সমস্তই মিথা। । মিশ্র ভাব এই যে, প্রমেশ্বর সকল বস্তু:তই আছেন; ইহাতে বস্তু সকল আছে, এবং তাহাতে মিশ্রভাবে প্রেশ্বর বহিয়াছেন; স্তরাং জগতের সমুদায় পদার্থই তাঁহার মৃত্তি বি <sub>যো</sub>। আর ব্যবহারিক জ্ঞান তিন প্রকার; নাস্তিকা, অজতা, ও অজ্ঞ ভ ত্রকা; তাহাতে নাস্তিকা এই যে, জগতের পদার্থ কি, তাহা না জানিয়া, 1º জগতের কর্ত্তা থাকা অস্বীকার করতঃ বলে যে, বর্তুমান জগৎ কাল সমভাবে আছে, ও লোকের পুরুষকারের তারতম্যে স্থপ তুঃখ হঠ,তছে। অজতা এই যে, জগতের পদার্থ কি ? ও ইহা উৎপত্তি কি (নতা, এবং ইহার কর্তা আছে কি না ? ও স্থ গ্ৰ:খ কিজন্ম হয় ' ব্ৰহায় কিছুই না জানিয়া ব্যবহার করা। অজ্ঞ আস্তিকা, এই যে, ালার্থ সকল কি ? ও ঈশবের স্বরূপ কি? তাহা না জানা, অণচ ঈ इन, लिनि नित्राकात अथवा সাকার হউন, তিনি এই জগতের ক ায়া তাঁহাকে মাভ করা যায়। ইহাব মধো নান্তিক ও অজ্জেরা ঈশ্বরেব বৈষম্য দোষ থাকাব কোন আশক্ষা करत ना, ७ कतात मञ्जावना नाहे; (कनना क्रेयत ना शाकिरल देवधमा हम দা। কেবল অক্ত আন্তিকেরা ঐকপ আশঙ্কা করিয়া থাকেন। তাহাতে वक्रवा এই (य, পরমার্থ বিচারে ঈশ্বরের বৈষম্য অর্থাৎ পক্ষপাতিত্ব দোষ নাই; কেননা অনিশ্ৰ তত্ব বিচারে ঈশ্বর ব্যতীত অন্ত কোন বস্তুই নাই, জগৎ কেবল ব্ৰহ্মমৰ মাত্ৰ। এবং মিশ্ৰ তত্ত্ব বিচারেও জানা যায় যে, ঈশ্বর জগনার্ভিধাবণ কবিষাছেন; তিনি নিজে ছোট ও বড় রূপ ধারণ কবায় তাঁঠার বৈষম্য দোষ নাই; কেননা যিনি বাহক তিনিই আরোহী, ও যিনি গুরু তিনিই শিষা, এবং বিনি শূকর তিনিই মনুষা, অর্থাৎ এক ঈশ্বরই স্মু-দায় সপধাবী হওযায় বৈষম্য দোষের বিষয় কি ৭ এবং অভ্ত আভিকের। কিঞ্চিং বিচাব করিয়া দেখিলে জানিতে পারেন বে, নানা প্রকাব পদার্থ পরমেশ্বর সৃষ্টি করাতেও ব্যবহারে তাহার বৈষম্য দোষ হইতে পারে না; कातन এक का ठीय नार्रायं यासा नामाधिक शांकितन, देवया वर्षा शक-পাতিত্ব দোষ হইতে পারে, জাতান্তরের সহিত জাতান্তরের বৈষম্য দোষ হটতে পাবে না। কেননা যে ভলে সমতা থাকে তথায় বৈষম্য দোষ হইতে পাবে, নতুবা ঘটে না। যথা কুরুরের সহিত মহুষ্যের বৈষম্য নাই; অর্থাৎ মনুষোর সহিত পশুর তুলনা করিতে হইলে, কে ছোট কে বড় তাহা নির্ণয় कता यात्र ना। कात्र जाहाता अ अ काजीय कार्या मकलहे आधीन बर्ह. এবং উভয় জাতীবই পাঞ্চোতিক দেহ আছে। আর আহার, নিদ্রা, ভয়, নৈথুন, পুত্রমেহ প্রভৃতি মুখ ছাখ ও ইন্দ্রিজ জ জ্ঞান সকলেরই আছে, তাহাতে ও ঈশ্বরের বৈষম্য দোষের কোন কারণ নাই; তবে আকৃতি ও কার্য্যের বিভিন্ন আছে বটে, তাহাতে ঈশ্বরের পক্ষপাতিত্ব দোষ নাই। তাহা কেবল তিনি লীলা অর্থাৎ ক্রীড়া করাব জন্ত অনন্ত প্রকার পদার্থ ও অনন্ত কার্যোর সৃষ্টি করিয়াছেন বলিতে হইবেক। কেননা থেলা করিতে হইলে नाना প্রকার পদার্থের প্রয়োজন হইতে থাকে; যেমন লোকে সতরঞ্জ থেলা করে, তাহাতে রাজা, মন্ত্রী, হস্তী, অম্ব, নৌকা পদাতিক প্রভৃতির প্রয়োজন হয়। তজ্ঞপ জগতে নানা পদার্থের সৃষ্টি হইয়া থাকে। যদি বল যে, পরমেশ্বর নিতা তৃপ্ত তাঁহার থেলার প্রয়োজন কি ? তাহাতে বক্তবা এই যে, এই

জগৎ কার্য্যরূপ থেলা তাঁহার নিত্য স্বভাবসিদ্ধকার্য্য; কেননা স্বভাবসিদ্ধ-কার্য্য অনিবার্য্য; তাহার নিবারণ নাই। যেমন দিবা অন্তে রাত্রি, ও রাত্রি অন্তে দিবা হইয়া থাকে; তদ্রুপ ঈশ্বর, সৃষ্টি অন্তে প্রলয়, ও প্রলয় অন্তে সৃষ্টি कतिया थाक्न। ইহার আদি ও অন্ত নাই, ও কখন নিবৃত্তিও হইবেক না। ইহা প্রবাহরূপে নিতা চলিয়া আসিতেছে। তবে কল্পে কল্পে সৃষ্টি স্থিতি প্রলয় বলিয়া আদ্যন্ত বিবেচনা করা যাইতেছে। যদ্যপি ঈশ্ববের ইচ্ছাক্রমে অনন্ত বস্তুর সৃষ্টি হইয়াছে; কিন্তু ইহা কোন ব্যক্তিকে লক্ষ্য করিয়া সৃষ্টি করা হয় নাই; অর্থাৎ অমুক বাজি পশু হউক, ও অমুক বাজি মনুষা অর্থবা অন্ত জাতি হউক বলিয়া প্রথম সৃষ্টি হয় নাই। কারণ সৃষ্টির আদিতে অন্ত কোন বাক্তি বর্ত্তমান ছিলেন না যে, তাহাকে লক্ষ্য কবিয়া স্পষ্ট হইবেক। তবে অনন্ত প্রকার বস্তুর সৃষ্টি এই প্রকারে হইয়াছে যে, প্রমেশবের আত্ম শক্তি ক্রমে ত্রিগুণাত্মিকা মায়ার প্রকাশ হওয়ায়, ঐ ত্রিগুণা মায়া অঘটন ঘটনা পটীয়দী বিধায় ঐ ত্রিগুণার সহিত ঈশর মিলিত হইরা, প্রক্রের বুত্তান্ত শ্বরণ পূর্ব্বক, অর্থাৎ পূর্ব্বকালের স্পষ্টিতে মত প্রকার পদার্থ ও জাতির ষ্ষ্টি হইয়ালয় প্রাপ্ত হইয়াছে, তাহাদিগের যে জাতির যেপ্রকার আকৃতি ও কর্মছিল তাহা শ্বরণ করিয়া গুণ বিভাগের দারা, ঐ বিভাগেব ন্যুনাধিক সহকারে নানা প্রকার বস্তু ও জাতি এবং আকৃতি ও কর্ম্মের সৃষ্টি করি-ষ্মাছেন। 

অতএব প্রকৃতির বিভিন্নতা জন্ম স্কগতের বস্তুর বিভিন্নতা হই-য়াছে। ইহাতে ঈশ্বরের বৈষ্মা দোষ হইতে পারে না। প্রকৃতির বিভিন্ন-তার কারণ এই যে, সত্ব রজঃ ও তমোগুণময়ী প্রকৃতি বিভাগ দারা স্ষ্টির नाना वस इंदेशाएए। जाहाराज मकल वस्त्र किल्लागाक इटेगार्ए। এवः श्वराग्त व्यक्षिक ७ अञ्जला कन्न कीर मकन नाना रागिन প्राप्त रहेगाएछ। অর্থাৎ সত্ব গুণাধিক্যে দেবযোনি, ও রজোগুণাধিকো মনুষ্যগোনি, তমো-গুণাধিকো তীৰ্য্যক, অৰ্থাৎ পশু পক্ষা কীট পতঙ্গ বুক্ষ গুলা লতা প্ৰভৃতি যোনিতে দেহধারণ হইয়াছে। এবং প্রত্যেক জাতির মধ্যে ঐ সকল গুণের

অধিকরণ মালার ২য় অধ্যায়ের ১ম পদের ১২ লোকান্তর্গত শারীরিক প্রতের তাৎপদ্য
ব্যাখ্যা উপরি উক্ত সিদ্ধান্তের সহিত ঐক্য আছে। ইহা মনুব প্রথমাধ্যায়ে ১২।২৮।৩০। লোকে
আছে।

नानाधिक करण नानावर्ग इठेग्राइ। अवर एम्डलिए के मकन अर्भव अधिक ও অল্প লক্ষণ ও কার্যা সকল প্রাকাশ হটয়াছে। যথা সত্ত্রণের লক্ষণ আামাতে প্রীতিয়ক্ত ও প্রশাস্তভাব। এবং রজোগুণের লক্ষণ রাগ, দেষ, ও ছ পাত্রবিদ্ধ, অপ্রীতিজনক, বিষয় স্পতা। তমোগুণের লক্ষণ; অজ্ঞান, ও সদস্থিকেশুনা বৃদ্ধি, ভ্রান্ত। গুণের কার্য্য যথা, বেদাভাাস, তপস্থা, भाक्ष छान, (भोठ, ठेलिय मध्यम, अवभाश्विष्ठा, ও জ্ঞানেব বিষয় জানিতে চেষ্টা কবিয়া লজ্জিত না হওয়া, এবং অ মার তৃষ্টি জন্ম করা, ইত্যাদি সত্ত্ত্বের কার্যা। ও ফল কামনায় কর্মের অনুষ্ঠান, অল অর্থে অসন্তুষ্ট, নিষিদ্ধ কর্মাচনণ, অজস বিষয়োপ ভোগ, কেবল ইহকালে খ্যাতি লাভের জন্ম কর্মাকবণ, ভাচাব ফলেব অভাবে তুঃপানুভব কবা, বজোগুণের কার্যা। আর বত্ধনে লাল্সা, 'ও অল্পনে কাতরতা, প্রোক্ষে প্রদোষ কথন. ও পবলোক নাই এরূপ বৃদ্ধি, ও আচাব্দ্রপ্তিহা, ও ধনসত্ত্বে ভিক্ষা, ধর্মকর্মে অনবধান এবং লজ্জিত-কর্ম্ম-করা ইত্যাদি তমোগুণের কার্যা। এই সকল বিষয় নানাধিক ক্রমে সকল দেহেই হইয়া থাকে। এই প্রকারে উত্তম মধান ও অধন ভেদে সৃষ্টি ছইয়াছিল। \* কিন্তু ইহাতেও ঈশ্বরের বৈষমা দোষ বলা যাইতে পারে না। কেননা প্রকৃতির গুণ বিভাগে স্বভাবতঃ ঐরপ ভিন্ন ভান জাতিও কমা নকল হইয়াছিল। তাহাতেও প্রথম সৃষ্টির সময়ে কোন ব্যক্তিকে लक्षा कরा হয় নাই; ও তাহার সম্ভাবনা ছিল না। যদি বল বে. প্রমেশর গুণ ও কর্মাবিভাগের দারা ছোট বড নানা প্রকার কম্মের নিয়মাধীন করায় তাহার বৈষ্মা দোষ হইয়াছে ? তাহা বলিতে পার ना ? (कन्ना क्रेश्व नाना श्रकात शृष्टि कतित्व अकन वस्त विश्वनाष्ट्रक वरः পাঞ-ভৌতিক রূপে সৃষ্টি করায়, এবং তাহার স্বাভাবিক নিয়মানুসারে আহার ব্যবহারাদি বিষয়ে কাহাকে স্থা ও কাহাকে তুঃখী না করায়, এবং সকল প্রাণীকে স্থুথ তঃথে মিশ্রিত করায় তাঁহাব কোন দোষ নাই। তিনি পশুপক্ষীদিগের শাত গ্রীম্ম নিবারণের নিমিত্ত লোম ও পাথা ইত্যাদি

মনু ১২ এধাবি ১৪শ অবধি ৪১শ শ্লেক হইতে এই সকল বিষয় উদ্ধৃত করা গেল ভদ্তিল্ল সাহিকাদি আহাব বিহার ইতাদি অনেক ব্যাপার, ভগবন্সীতা ও মন্ত্র ইত্যাদিতে লেখা আছে তাহাসকল ডদ্ধাং কৰা হইল না।

নানা প্রকার কৌশল করিয়াছেন, যাহা দেখিলে তাঁহাকে প্রমদ্য়ালু বলিয়া বোধ হয়। যদি বল যে, মর্ত্যলোকবাসীদিগের মধ্যে মনুষ্যকে শ্রেষ্ঠ করিয়া সৃষ্টি করিয়াছেন। যাহাতে মনুষ্যাদিরা তাঁহাকে জানিয়া, প্রলয়ের পূর্বেও মুক্তিলাভ করিতে পারে, ও পশু পক্ষী কীট পতঙ্গ ও বুক্ষ গুলা লতা প্রভ-তিরা লাহাকে জানিতে, এবং মুক্তিলাভ করিতে পাবেনা ইহা দোষেব কার্যা ? তাহাতে বক্তব্য এই যে, শাস্ত্রে আছে যে, ইহাবাও ক্রমে ক্রমে ৮০শী অথবা ৮৪শী লক্ষ যোনি ভ্ৰমণ কবতঃ মনুষাদেহ প্ৰাপ্ত হইয়া মুক্তিলাভ কবিতে পারিবেক,এবং তাহাদিগের পশুপক্ষী যোনিতে কোন ছঃখ না পাইলে মুক্তির প্রয়োজন কি? মতুষোবা পশুপক্ষীদিগকে তুঃখী বিবেচনা করেন বটে, ফলতঃ বিচার করিয়া দেখিলে তাহার। তুঃখী নহে। কেননা ব্যুপ শুপক্ষী ইত্যাদি জন্তুসকল স্বাধীন, ও তাহাদিগের আহার নিদ্রা প্রভৃতিব কোন ত থ নাই। \* চিরদিন সমভাবে থাকে; প্রমায় শেষ হইলে মৃত্যুম্থে নিপ্তিত হয়। ইহাতে তাহারা বরং মনুষ্য অপেক্ষা সুখী ;কেননা যে সকল জন্তুর বিদ্ধি অধিক, এবং যাহারা তু:থাদি সম্যক বিবেচনা করিতে পাবে, তাহাদিগেবই অধিক হুঃখামুভব হয়। যাহাদিগেব জ্ঞান অতি অল্ল সুখ হুঃখাদি সমাক বিবেচনা করিতে পাবেনা, তাহাদিগের ছুংখ অতি অল্লমাত্র বলা সায়, তবে গ্রামাপশুর বিষয় পশ্চাৎ বিবেচনা করা যাইবেক। ভাতএব প্রমেশ্বর স্থ্র তুঃথে মিশ্রিত করিয়া সমুদায় জীবের সৃষ্টি করিয়াছেন; তাঁহাব দ্বেষা ও প্রিয় কেহ নাই, তিনি সর্মভৃতে সমভাবে আছেন। তবে ত্রিগুণের বিভাগে যে ছোট বড় ও ভালমন ইত্যাদি দৈতভাবের সৃষ্টি করিয়াছেন, সে কেবল লীলা বিস্তারকরণ জন্তই হইয়াছে; কেননা ছোট না হইলে, বড় জানা ষাইত না; মুৰ্গ না থাকিলে পণ্ডিত বলিয়া বোধ হইত না; জুংখ না থাকিলে সুথ জ্ঞান হইত না, শ্রম না করিলে বিশ্রাম সুগারুত্ব হইত না; ইহা দোষের কারণ নহে। তবে কেহ রোগী, ও কেহ শোকী ও কেহ দ্রিদ্র, ও কেই অধীন ইত্যাদি; এবং কেই অরোগাঁও কেই শোক্টান ও কেহ ধনী ইত্যাদি যাহা এক্ষণে মনুষ্য মধ্যে দেখা যায়, ইহাতে সকলের

যাহার যে ভক্ষাক্রবা ভাষ্য ভোজনে সকলেই সমান ভৃত্তিলাভ করিয়া থাকে।

কও। ঈশ্বরকে পক্ষপাতী বলিয়া বিবেচন। করা যাইতে পাবে ? ভাহাতে বক্তব্য এট দে, ঐ সকল বিষয়ে ঈশ্বের দোষ নাই, উচা মনুষ্যদিগের স্বকর্ম বশ গ হইরা পাকে। কেননা ঈশব প্রথম সৃষ্টিকালে, গুণ ও কর্ম বিভাগ দ্বাবা মনুষাজাতিব মধ্যে ব্রাহ্মণ ক্ষতিয় এবং বৈশ্ব ও শুদ্রের সৃষ্টি করিয়াছেন।\* অর্থাৎ সহ গুণানিকো ত্রাহ্মণ; তাহত কার্যা ব্যবস্থা প্রকাশ, ও যজ্ঞানি কার্য্য লাধন ছাবা জগত কাৰ্যা উত্থলপে নিৰ্মাহ্কবা, বজোগুণাধিক্যে ক্ষতিয়। ভাগ্র কার্যা প্রজাপালনাদি। ও রজত্যোত্র্যবিকো বৈশা। ভাগ্র ক'ষা কৃষি বাণিজ্যাদি। ভনোগুলাধকো শুদ। ভাতাৰ কাৰ্য্য সেবা ও শিল্লাদি প্রস্তুত করা। এই সকল কায়াসাধন জন্তু, পুথক্ পুথক নামক্রপধারী জীবেব সৃষ্টি হুইয়া চিল। ইহাবা সকলেই স্বাভাবিক স্ক্রথ ও ত্রুথে মিশ্রিত ছিল। বোগ শোক ওদাবিদত। প্রভৃতি অন্ত কোন ছঃথ তাহাদিগের ছিলনা কাবণ এই যে, প্রপম দৃষ্টি হওয়ায় অর্থে সত্যযুগ হইয়াছিল। মন্ত্র প্রথম অধ্যাবের ৮১নী ব্রাকের মন্ত্র এই যে, প্রথম সত্যুত্র সকল মোট সম্পূৰ্ণ চৰ্পাদাবহার ছিল; এবং লোক সকল শাস্ত্ৰবিষিত্ৰ স্থ কালিক ৰত, ও অধন্ম কন্মহাবাধন বিদ্যা অৰ্জন কবিত না; ও ভাছাৱা অবোগ ও শোকবিহান ছিল : ভাহাদিগেৰ মকাল মুড়া ছিলনা, ও কামনা দকল দিন্ধি হইত, এবং অন্ত কোন ছঃব ছিলনা। ইহা পুৰাণাদি শাস্ত্ৰসন্মত বটে। তদনন্তর প্রতি সভাষণে ঐ পকাব ভাগাবান লোক সকল জন্মগ্রহণ कवाटि के श्रकाव कावछ। इडेया थारक। इडाइड त्वाध इस त्य, श्रथम সভ মুগ কোন বৈষ্ণা দোৰ ছিল না। ভদনস্তর ত্রেভাষ্ণ একপাদ অবন্ধ, দাপবে দিপাদ, কলিতে রিপাদ অধন্ম সঞ্চাব হওয়াতে, লোকে ক্রমশঃ বোগ শোক ও দবিমতা এবং অকাল মৃত্যু প্রস্থতি নানা প্রকার হঃখ ভোগ

চাতুর্ব্ণাং মদা হলে ওণ কক্ষ বিভাগশ:।
 তল্প ককাব ম্পিম্বাং বিধ্যা কল্পাব ম্বায়ং।।

ইতি ভগবদ্গীতায়াং ১৪ অধার ১৩ শ্রোক।

ইচাব গর্থ। ভাবান্বলেন যে, গুল কর্মা বিভাগের দারা আমি চতুবর্ণের স্থাষ্ট করিয়াছি, ইহাব করা কামি ও অকর্তাও আমি, তাৎপথা এই আমাব দারায় হওযায় আমি কর্তা। এবং গুল কর্মী বিভাগ দাবা হওযায়, ও কাহাকেও লক্ষা করিয়া স্থাই না ক্বায় অমি অক্তা, অর্থাৎ গুল ক্ষ্মী বিভাগ দাবা ইঃ

করিতেছে। এই অবর্দ্ধ প্রথমতঃ লোকের মনের বাসনা হইতে উথিত হটয়া: তদনন্তব বাচনিক ও কায়িক পাপসকল ঘটনা হটয়াছে। অর্থাৎ বাদনাই কর্মস্ত্র; তাহা হইতে কম্ম, এবং কম্ম হইতে অদুষ্ট জন্মে; এবং তাহাতে জন্মান্তরে হুথ ফুঃথ ভোগ, ও নানা যোনি প্রাপ্ত হইতে থাকে। মনুব দাদশ অধ্যায়ের নবম শ্লোকে আছে যে, শরীরজ কর্মেব দারা রক্ষ গুলু লতা প্রভৃতি নানা যোনি প্রাপ্ত, এবং বাক্যগত পাপ দারা পশু পক্ষী যোনি: ও মানস পাপ দারা হীনজাতি প্রাপ হইতে থাকে। এবং মুরুব ঐ অধ্যায়েতে আছে যে, নানা প্রকার পাপেব দারা নানা রোগ ও দরিদ্র ও শোকগ্রস্ত হয়। এবং শাস্ত্রবিধি ও স্বধর্ম ত্যাগ জন্ম ভিন্ন ভিন্নজাতি প্রাপ্ত এবং ভিন্ন বর্ণেব কক্তা পুত্র সংযোগে নানাবর্ণ উৎপত্তি হইবাছে। এবং ভিন্নবর্ণের ব্যবসা ভিন্নবর্ণে করাতে ক্রমাধীন অভিমান বুদ্ধি হইয়া নানা প্রকার সুথ তুঃখাদি হইতেছে। এই সকল মনুনাদিবা স্বাধীনতা হেতৃ অবিবেক বশতঃ কর্মা করিয়া তাহার ফল প্রাপ্ত রূপ অবান্তর সুথ চুঃথ ভোগ করে; তাহাতে স্জন কর্তার বৈষম্য দোষ হইতে পারে না। ববং স্ষ্টিকর্তা যেরপ মনুষ্টাদিগকে স্বাধীন করিয়াছেন; তদ্রুপ শাস্ত্র ও গুরুব স্ষ্টি করিয়া-ছেন: এবং বিবেক বৃদ্ধিৰ সৃষ্টি কৰিয়াছেন; লোকে তাহা পরিপালন না করিয়া স্বেচ্ছাপূর্মক মন্দকার্য্য কবিয়া স্বকর্মের ফলভোগ করিবেক তাহাতে কৰ্ত্তার দোষ কি। তবে লোকে ঈশবেৰ নিষ্ম লভ্যন কৰিয়া যে কুকৰ্ম কৰে, जाहारक क्रेश्वर माखि (पन : हेश काँहाव (पार्यव कार्य) नरह। (कनना পাপের শান্তি না দিলে জগৎ কার্যা বিশুজাল হটয়। প্রজাবা উচ্ছিল যায়। यिन वल (य, जिनि नयाल भाछि ना निया कमा कवित्वहे शादन ! किन्द ভাঁহার শান্তি দেওয়াই লোকেব হিত করা বিবেচনা করিতে হইবেক। কেননা মাতা পিতা, যে বালককে তাড়না কবেন, তাহা কেবল বালকের ছিতের জন্মই হইয়া থাকে; কারণ বালক পুনরায আর ঐ কুকর্ম না করে। ভদ্রপ পরমেশ্বর পাপ নিবারণ হওয়ার জন্ত শান্তি দিয়া থাকেন। অর্থাৎ

লোকে একবার শান্তি পাইলে পুনবার ঐ রূপ কুকর্ম করিবে না বলিরাট শান্তি দেন, এবং এইজ্ঞ ঈশ্বর ইহকালে রাজা ও রাজদণ্ড, এবং প্রকালে ব্যব্যতনার স্কৃষ্টি করিবাছেন। ইহাতে ভাঁহাব দ্রা ওণের প্রকাশ ব্যতীত নির্দয়তা দোষ নাই। তবে গ্রামা ও পালিত পশুপক্ষীর যে স্থব হুঃখ দেখা যাইতেছে, ইহারা তত্তবিবেক পরিচালন করিতে সক্ষম নহে? ইহাতে বক্তব্য এই যে গ্রামা ও পালিত পশুপক্ষীবা পূর্বজন্মে মনুষ্য ছিল, তাহা-দিগের কর্মদোবে পশুপক্ষী যোনি প্রাপ্ত হইয়া স্ব স্ব কর্ম্মের তারতমাব ফলামুসাবে ঐ ঐ যোনিতে ও স্থুৰ হুঃৰ ভোগ কৰিতেছে। নতুৰা স্বাভা-বিক পশু পক্ষীদিগের অবান্তর স্থুপ ছঃপ নাই। যদি বল ঈশ্বর যে, স্বরং স্ষ্টি করিয়া তাহা প্রলয়, অর্থাৎ বিনাশ করেন ? ইহাতে তাঁহার ক্বত প্রণাশ, নৈমুণা অর্থাৎ নির্দ্ধতা দোষ হইতে পারে ? তাহাতে বক্তবা এই যে, ঈশ্বর প্রালয় কবাতে তাঁহার নিদ্যতা দোষ নাই। কেন না প্রমার্থ বিচারে তিনি আপন কার্য্য সকল আপনিই লয় করেন; তাহাতে পরের অনিষ্ঠ নাই। যেমন বালক ধূলি ছারা গৃহাদি নির্মাণ কবিয়া স্বয়ং তাহা ভগ্ন করিয়া থাকে। তদ্রূপ মায়ার দারা মিথ্যা জগং সৃষ্টি হইয়াছে, ইহা কেবল মায়িক কার্য্য ভাহা রহিত হইলেই লয় হইয়া থাকে। তবে বাবহারিক বিষয়ে যে দোষ বলা যায় তাহা দোষ নহে। কেন না জগৎ স্থিতিকালে, লোক কুকুর্ম্মের দারা নানা প্রকার হু থ প্রাপ্ত হয়, তাহা মুক্তি লাভ করিতে না পারিলে মোচন হয় না। আকল্প পর্যান্ত কেহ কেহ নরক ভোগ করিতে থাকে। এজনা ঐ ঐ সকল জীবকে মুক্তি দিবার জন্য ঈশ্বর মহাপ্রলয় করিয়া থাকেন। তাহাতে বস্তু মাত্রের বিনাশ হইলে, জীব সকল অনায়াসে মুক্তি লাভ করিতে পারে: ইহাতে ঈশ্বরের নির্দয়তা দোষ নাই, বরং দয়ার কার্য্যই विलाएक इटेरिक। अक्वाव देशारतत देवमा ७ रेनव्रांग (माम नारे। कीव, টারর কর্তৃক স্টে হইয়া, পরে প্রবৃত্তি ধর্মাত্র্সারে স্বকর্ম বশতঃ পুনঃ পুনঃ জন্ম গ্রহণ, ও নানা যোনি প্রাপ্ত হইয়া স্থপ ছঃখাদি ভোগ'করিতে থাকে। অতএব ঐ জীবের স্বরূপ কি তাহা নির্ণয় করা যাউক। এই পর্য্যস্থ লিথিয়া দিতীয় ভাগ সমাপ্ত করা হইল।

# তৃতীয় ভাগ।

#### প্রথম অধাায়।

### জীবের স্বরূপ নির্ণয়।

পূর্ব্বে বলা হট্যাতে যে, দশ ইন্দিয় ও পঞ্চ প্রাণ, এবং মন ও বৃদ্ধি; এই সপ্তদশ অবয়ৰ বিশিষ্ট ও অপঞ্জীকত পঞ্চ্ত হ যুক্ত শ্বীরকে লিঙ্কা শ্বীর, অথবা স্থা শ্বীর বলা যায়। এই শ্বীবে অহন্ধাবাভিমানী হৈছিল। প্রতি বিশ্ব অর্থাং হৈছিল। টামকে জীব বলো। কেই কেই দেই ন্তিত হৈছিল। শেকে কেই দেই নিত নাংশকে জীব বলো। ইহার তাৎপথা এই যে, হৈছিলা এক বস্তু আকাশের নাায় সর্ব্বে ব্যাপী; কিন্তু দেই ন্তিত হৈছিল। গুট প্রকাষ অপহাপা। তাহাব এক প্রকার নিস্তর্গ কৃটস্থ হৈছিলা, যাহা সর্ব্বে ব্যাপী নিক্ষিয়। নিত্রীয় প্রকাষ এই যে, ঐ হৈছিলার যে অংশে ক্রিপ্তণাত্মিকা প্রকৃতির সংযোগ হইয়া ব্রহ্ম তেজ্স্বরূপ বিদ্যান আছে সে তাহার অংশ। যাহাকে দীপ কলিকাকার বলিয়া তল্পাদি শাস্ত্রে বাাগ্যা কবিয়াছেল। এই ত্ই প্রকায় হৈছিলা দেহেতে আছেল। ইহার প্রথম প্রকাষ অর্থাৎ কৃটস্থ হৈ হণোব নাম পরমান্ধা; ও দিহীয় প্রকার দীপ কনিকাকাবের নাম জীবান্ধা। ইহা দেহ দ্বা অন্থ্যান করা যায়। ঐ দেহ তিন প্রকার, স্থুল, স্থা ও কারণ্ড দেহ। তাহাতে কৃটস্থ হৈছিলা আকাশেব ন্যায়, ঐ দিন দেহের মধ্যে ও বাহিবে এবং অন্তা-স্তর্বে অর্থাৎ সর্ব্বে অর্থাৎ সর্ব্বে অর্থাৎ সর্ব্বে অর্থাছেল। তিনি অনাবৃত্ব ও নিজ্ঞিয়। তবে

<sup>🗣</sup> রামগীতাতে অপঞ্চীকৃত পঞ্চূতের কথা আছে ইহা পরমাণু মাত্র।

<sup>🕇</sup> বেদান্ত দর্শনের মত।

<sup>‡</sup> সা°পা মত।

<sup>§</sup> জুল দ্বে লোম চর্মারস রক্ত মাণস মেধ আছি মজ্জ। শুক্ এবং নাড়ী ইক্তাদি শ্নিলি গ দেহ। পুষ্পু ও কাবণ দেহ পুর্বে বল্ডিইয়াড়ে ।

एमर्ट्स मधाक्षित टेन्डरनात अश्मरक शतमाञ्चा वना गांत्र वरहे; थे अश्म चहा-কাশ, অর্থাৎ ঘটস্থিত আকাশের নাায়, অংশরূপে নির্দিষ্ট করা হইয়াছে। কিন্তু ঘটাকাশ বেমন মহা আকাশের সহিত যোগ আছে। আর দীপ কলিকাকার ত্রিগুণাত্মক সগুণ তেজোময় ত্রন্ধের অংশ, কারণ শরীর ব্যাপ্ত इटेग्ना तिहिता हिन । প্रথম उ पून (मरु, याहा नर्यमा (मशा यात्र, ও वाबहात করা যায়; ইহার মধ্যে স্ক্রা দেহ আছে, তাহার মধ্যে কারণ শরীব রহিয়াছে ঐ কারণ শরীরস্থিত চৈতনাই জীব। ইহার প্রতিবিশ্ব অর্থাৎ আভাস সৃন্ধ শরীরৈ লাগে; ঐ আভাদকে ওজীব বলা যায়; এই জীব স্থুণ ছঃখের ভোক্তা ষে হেতৃ কারণ শরীরের নিকটবর্তী স্থা শরীবস্ত মন বৃদ্ধি ও ইন্দ্রিয় সকল ঐ চৈতন্যের আশ্রমে কার্য্য সাধন কবে বলিয়া স্থথ তঃথের ভাগী হইয়া থাকে; কারশ শরীরস্ত জীব কর্মা করেন না, ও হুণ হুঃথের ভাগী হয়েন না; তাঁহার নাম প্রাক্ত, এবং অন্তরাত্মা; ইনি সপ্তণ ত্রন্ধের অংশ, ইনি স্ক্ল শরীরস্থ জীবেব অদৃষ্ঠাসাবে কর্মাফল প্রদান করেন। প্রকৃত পক্ষে, স্কা শ্রীরস্থ জীবের চৈতন্যাংশেব স্থুথ হুঃখ নাই, কেবল মন বুদ্ধির স্থুও হুঃখ আছে। ভাৎপর্যা এই যে, হল্ম শরীরে যে আভাস লাগে, তাহা মিথাা; কেন না দে আভাদ এইরপ, অর্থাৎ যেমন জবা ফুল একটা ফটীকের নিকট থাকিলে ঐ জবা পুষ্পের রক্ত আভা ফটাকে লাগে তাহাতে ফটাকটা রক্তবর্ণ বোধ হয়, তদ্রপ কারণ শরীরস্থ জীবের আভাস মন বুদ্ধিতে লাগে; মন ও বুদ্ধি তাহার সাহায্যে কর্ম করিতে থাকে, এবং স্থুখ তঃখভাগী হয়। জীব মন বদ্ধিব সন্নিধান বশতঃ অজ্ঞানতাপ্রযুক্ত স্বয়ং স্থী ও হঃখী বোধ করে। নত্ব। চৈত্যাংশে কোন স্থ হঃখ নাই ও হইতেও পারে না। \* • আর সূল भतीत (य आजाम नात जाराख धेकान वरि। देशक छेनारवन धेर रय, যেমন একথানি গুহের মধ্যে একটা কাঁচের পাত্র অর্থাৎ লগুন থাকে, ভাহার মধ্যে একটা বাতি জ্বলে; ঐ লঠন হইতে যে আলো বাহির হয়, তাহা সকল घटत लाशिए थारक, घत्र उब्बंग बालाक मत्र रमथा यात्र ; यमि वे नर्शन है। ঘর হইতে স্থানান্তরে লইয়া যাওয়া যায়, তবে ঐ ঘরে কেবল আকাশ মাত্র

<sup>·</sup> ভগবতীগীতা।

থাকে; আর কিছুই দেখা যায় না; এবং গৃহস্তিত লোক লগন লইয়া ষাওয়ায় ঐ গৃতে কোন কর্ম হয় না ; তজ্ঞপ এই স্থূল দেহ গৃহস্কলপ, এবং লঠনটা ফুল্ম শরারের ভাষে, ও বাতিটা কারণ শরীব স্বরূপ; ঐ গৃহস্থিত মনুষ্যাদিরা মন বৃদ্ধি ও ইক্রিয়স্থরপ, এবং গৃহস্থিত আকাশ প্রমাত্মার স্বরূপ বিবেচনা করিলে দেখা যায় যে, বাতির জলন্ত শিখাটী চৈত্ত পদার্থ বলিয়া নির্দিষ্ট হইতে পারে। ইহাতে বাতি ও লঠন, কারণ ও ফুক্ম, শরীরের জায় একত্রে থাকে; এবং বাতিব শিণার আলোকেতে যে কর্ম্ম সকল চইতে পারে তাহার সন্দেহ নাই। কিন্তু আলোক নিজে কিছু কর্ম্ম করে না, অথচ আলোক ভিন্ন কোন কম্ম হয় না; 'ও আলোক ঘৰ হইতে বাহির ছইলে, লোক সকল বাহির ছইলা যায়। সত্ত প্রকারণ শ্বীর পরলোক গমন করিলে, মন বুদ্ধি ও ইন্দ্রি প্রাণ সকল তাহাব সঞ্চে সঞ্চে চলিয়া যায়; স্কুতরাং শৃত্ত বর পড়িয়া থাকোব তাবে স্থুল দেহ পড়িয়া থাকে; এবং আকাশ কোন স্থানে যায় না। তদ্রপ পরমায়াও চলেন না। এবং আলোকেতে যে মনুষ্যোরা কর্ম করে, তাহাবা তাহাব ফলভাগ হয়: তজ্ঞপ মন বৃদ্ধি ও ইন্দ্রিগণ ফলভাগী হয়। অর্থাৎ সুথ গুঃখ ভোগ করে। ষ্দ্যুপি এই উদাহরণে মনুষ্যুগণকে মন বৃদ্ধি ও ইক্রিয়ের সহিত, এবং লঠনটীকে অপঞ্চীকৃত পঞ্জুতের সহিত উপমা দেওয়া কিছু অসমত হই-তেছে; কারণ লঠন গেলে যে মনুষাও যাইবেক ইখা সম্ভব নহে। ফলত এইরপ ভাবিষা লওয়া যাউক যে, মনুযোবা মন বৃদ্ধিৰ জ্ঞায় লগনৈৰ সঙ্গে সফেই লঠন লইয়া যাওয়ার সভব আছে; নতুবা লঠন নিজে চলে না; ইহাতে এই উদাহরণ সম্পূর্ণরূপে সঙ্গত হয়। বিশেষতঃ শাস্থে আছে যে, জীব মুক্তি লাভ অর্থাৎ জ্ঞান দারা মুক্তি লাভ করিলে আর পরলোকে যায় না। একলে দেখা যায় যে, বাতিটী পুড়িয়া গেলে আলো নির্বাণ হইলে লঠনটী আর চলে না। এই বিষয় বড় কঠিন ব্যাপার বলিয়া নানাপ্রকার উদাহরণ দেওয়া যাইতেছে। ফলিতাথে আত্মা হগ্নিব স্বরূপ নতে: তিনি জ্ঞানস্বরূপ তাঁহাকে আশ্রয় করতঃ এই সুল দেহের মধ্যস্থিত পৃথক্রপে যে,

<sup>\*</sup> অর্থাৎ লোবেব। লগন সহিত আলোক লইম। খাম।

কারণ ও ফুল শ্বীবস্ত চ্ছুর্কিংশতি তত্ত্ব আছে, তাহাবা সকলই স্বস্থ কার্যা करत ; ও পরকালে যাতায়াত কবিয়া থাকে । শাস্তকাবেরা বলেন যে, ঐ চতুর্কিংশতি তত্ত্বকে বিভাগ কবতঃ তিনটী শবীর হইয়াছে। তাহার মধ্যে কাৰণ শ্ৰীৱেৰ স্হিত জীৰ চৈতনা অধিক সন্নিক্টস্ত প্ৰকৃতিৰ স্হিত সংযোগ ভাবে পাকায তাহাকে জীব বলা गात्र। এবং তাহার কিঞ্চিৎ দূরবর্তী স্থানে স্কা শবীৰ পুথক ভাবে থাকায় তাহাতে আভাস কল্পনা কৰিয়া তাহাকেও জীব বলা যায়। \* ফলতঃ জীব একই বটে, কেবল কার্যাসম্বন্ধে তুই প্রকার वला " इडेवार्ड। डेडाव हाता निकास इस त्य, जेलासिविशिष्ठ रेडडरनात नाम জীব; তাহাতে কাবণ শবীব উপাধিবিশিও চৈতনাংশ ক্ষাফল্দাতা; ও ভুজা শ্রীব্রিশিষ্ট চৈত্লাভাদ মন বৃদ্ধি সহকারে কর্ম ক্রেন ব্লিয়া, ক্ষাক্র ভা ও ক্ষাফ্লভোক্তা ইহাদিগের উপাধি অনিহা, ও চৈতনাংশ নিতা, অর্থাৎ উপাধিব সৃষ্টি ও প্রাণ্য আছে। চৈত্রের সৃষ্টি প্রাণয় নাই। স্থায়বিৎ পশুতেবা বলেন যে, জীব অনাদি; ও তাহার অদ্প্রও অনাদি। এবং সেই অদ্ধি বশতং পুন পুন: নানা যোনি ভ্রমণ করে, ও স্লুথ হুঃথ প্রাপ্তি হইয়া পালে। এবং অদ্বীৰশতঃ কথা কৰে তজ্জা পুনরায় অদৃষ্ট জনো; তাহাতে ক্ষু আদি, কিন্তা লদ্ধ আদি, তাহাৰ নিৰ্ণয় নাই। যেমন বীজ হইতে অধ্যা টংপ্র হন, এবা অদ্য হইতে বৃক্ষ হইনা বীজ হয়; ভদ্রুপ কর্ম হইতে অদুস, এবং সদৃষ্ট চইতে ক্ষা; এবং ঈশ্বর, জীবের ক্ষাফল ভোগের নিসিত্ত আছে ঠানুসাবে স্ট কবেন। ভীব জ্ঞানবান। কোন পদার্থ ভাষার কতক-গুলি তুল আছে; অর্ণাৎ বৃদ্ধি, সুখ, তুখ, ইচ্চা, দ্বেষ, সত্ন; এবং দংখ্যা, প্রিমাণ, পুণক্ষ, সংযোগ, বিভাগ এবং চিন্তা ও ধর্মাধর্ম এই চতুর্দ্দ গুণ আখাতে আছে। এমতাব্দায় বলা হইল যে, জড় ,ও চৈত্র উভয় সংযোগে জীব হইমাছে। কেন না জ্ঞানবান পদার্থ জীব; এবং ভাছাতে ভাগ জাছে। ইহাকে গৃইনী বস্তুর যোগ বলিতে হইবে। ইহাতে বক্তব্য এট যে, উপবে জীবেৰ লক্ষণ, যে সপ্তদশ অবয়ববিশিষ্ট চৈতন্যাভাস; অথবা অংশকে জীব বলা হইয়াছে; তাহার সহিত স্থায়শান্তের প্রভেদ নাই।

মতাক্ষাক বি প্রভাস আত দ্ববৰ' গল কেছে লাগে তাহাকে বিশ্ব নামক আভায় জীব বলা বিশ্ব নাম

কাবণ উপাধিবিশিষ্ট চৈতনা; অর্থাৎ জ্ঞানই জীব; অথবা জ্ঞানবিশিষ্ট বস্তুই জীব হউক : উভয় পদার্থ সংযোগ বাতীত জীব হওয়া কেছই বলেন না। তবে নিত্যানিত্য বিষয়ও ঐরপ; কেন না উপাধি অনিত্য, ও চৈতন্যাংশ নিতা। ইহা বছতর মতে স্বীকৃত হইবেক তজ্জনা ইহাকে গৌণনিতা বলা হইয়াছে। যেহেতু মহাপ্রলয় সময়ে শক্তিমচৈতনা বাতীত আর কিছুই পাকে না।\* পরে উপাধির সৃষ্টি হইলে, তাহাতে চৈতনোর আবির্ভাব হুট্রা জীব হয়, ইহার সন্দেহ নাই। তবে নাায়বিৎ পণ্ডিতেরা যে, জীব নিতা ব্লিয়াছেন, তাহা গৌণনিতাই বলা হইয়াছে, সিদ্ধান্ত করিতে হইবেক। তাহা পূর্বের ন্যায়শাস্ত্রপ্রকরণে বলা হইয়াছে। আর কর্ম্ম আদি কি অদৃষ্ট আদি এ বিষয় যে, অনবস্থা দোষ ন্যায়ৰিৎ পণ্ডিতেরা স্বীকার করিয়াছেন, ভাহা ভাহাদিগের সিদ্ধান্ত নহে; সে কেবল নান্তিককে নিরাশ করণ জন্য স্বীকার করিয়াছিলেন। কেন না উপাধির সৃষ্টি হইলে, তাহাতে তৈনোর আবিভাব হইয়া জীব সৃষ্টি হয়। পরে ঐ জীব সূল দেহ প্রাপ্ত হইয়া কর্মা করিলে অদৃষ্ট জনো; ইহাতে অগ্রে কর্ম, পরে অদৃষ্ট, তৎপরে ফলভোগ ছইতে পারে। এ বিষয়ে, ঈশরের বৈষম্য দোষ না থাকাও, পুরুর অধ্যায়ে মীমাংসা কবা হইরাছে। বিশেষত: সৃষ্টির আদি কারণ প্রমেশ্বর. তাঁহা इहेट यथन सृष्टि र उम्रा मकलारे श्रीकात करतन, जथन शृर्व्स की व हिन. ७ তাহার কর্ম্ম দৃষ্টে পরমেশ্বর সৃষ্টি করেন এ কথা বলা অসঙ্গত। কেন না ন্যায়শাস্ত্রের ভাষাপরিচ্ছেদের প্রথম শোকে বলা হইয়াছে † যে, পরমেশ্বর সংসার বৃক্ষের বীজম্বরূপ। তাঁহাকে নমস্বার করি। এই বীজ বলাতে তাঁহাকে উপাদান, ও নিমিত্ত কারণ, তুই বলা হইয়াছে। কেবল নিমিত্ত कावन वला इस नाहे; तकन ना वीक भारक रा कावन व्यास, जारा जेनानान কারণ্ট হুটতে পারে: বরং কারণ শব্দের অর্থের দ্বারা নিমিত্ত কারণ বলা যাইতে পারে। বিশেষতঃ পরমেশ্বর স্বাধীন; তিনি কর্ম্মের অধীন হইয়া প্রথম সৃষ্টি করা সম্ভব নহে। তবে দৈনন্দিন প্রলয়ান্তে যে সৃষ্টি হয়.

লারখাল্তের নব্য মতে মহাপ্রলয় স্বীকার আছে।
 † নৃতন জলধরক্রচয়ে গোপবধ্টী তুক্ল চৌরায়
তিয়ে নমঃ কৃষ্ণায় সংসারমহীকৃহস্য বীজায়।

তাহাতে জীবের নাশ না হওয়ায় পুন: সৃষ্টি কালে জীবের পূর্বর কর্মোর জন্য অদৃষ্টবশতঃ নানা যোনি প্রাপ্ত হইয়া স্থব তু:ধ ভোগ করিতে থাকে। ইহাও ঈশ্বরের নিয়মে হয়; জীবের অদৃষ্ট জন্য ঐ স্টি হয় না। এই সকল বিষয় পূর্বে মীমাংসা হইয়!ছে। বাস্তবিক স্কল্ম শরীরের মধ্যন্থিত কারণ শরীরবিশিষ্ট চৈতন্যাংশই জীব। ঐ জীব অবিদ্যার বশীভূত হইয়া, নানা দেহ ধারণ করতঃ বাবহারিক অবস্থায় স্থুথ ছু.খ ভোগ করে। ঐ কারণ ও ফল্ম শরীর একত্রে পরলোক যাতায়াত করে। কিন্তু পরমার্থত: চৈত-ন্থাংশে স্থুথ হঃথ হয় না, তাহা ঈশ্বরের অংশ; তবে স্থুপ হুঃথ মানসিক ধর্ম, তাহা মনের হয়। কিন্তু জীব অজ্ঞানবশতঃ, আমি সুখী আমি গুঃখী এই বিবেচনা করে। কারণ চৈতন্যাংশ অজ্ঞানে আরুত থাকায়, ঐরূপ ঘটনা হয়; নতুবা জীব ও ঈশ্বর বস্তু এক। যদি বল যে, জীব ও ঈশ্বর এক বস্তু হইলে, জীবের সুথ ছাথ কিজনা অমুভব হয় ? তাহাতে বক্তবা এই যে. জীব ও ঈশ্বর এক বস্ত্র হইলেও উপাধি ও কার্যাগত ও শক্তিগত ভেদ আছে। কারণ ঈশ্বর মায়াকে বশাভূতা করিয়াছেন, ও জীব মায়ার বশাভূত রহিয়া-ছেন। ঈশ্বর প্রাক্ত অর্থাৎ জ্ঞানী, ও জীব অজ্ঞ অর্থাৎ অজ্ঞানী। ঈশ্বর বৃহৎ চৈত্রা পদাথ, জীব অতি অল্প অর্থাৎ বিদীর্ণকেশের সহস্রাংশের একাংশ जना। टेठजना পर्नार्थ\* ঈश्वत कर्छ। ও জीव अधीन। ঈश्वत नियुष्ठा, জीव ভোক্তা। ঈশ্বর উপাস্ত, জীব উপাসক। তিনি রাজা, জীব প্রজার স্বরূপ। অতএব উভয়ে এক বস্তু হইলেও, শক্তিগত ভেদ আছে। ষেমন সমুদ্র বৃহৎ জলময় পদার্থ, তাহাতে অর্ণবপোত প্রভৃতি অনায়াদে ডুবাইতে পারে। কিন্ত ঐ জল একটা কুদ্র গর্ভে থাকিলে. পিপীলিকা পরিমাণ নৌকাও ডুবা-ইতে পারেঁনা। উভয় জলই এক বস্তু বটে, অর্থাৎ জল ভিন্ন অন্য কিছুই নহে. তদ্ধপ জীব ও ঈশ্বর একই বস্তু হইলেও, শক্তিগত ও কার্য্যগত অনেক বিভিন্ন। যদি ঐ জীব কালেতে ঈশ্বর উপাসনা দারা জ্ঞান প্রাপ্তি হইয়া, জ্মর্থাৎ আপনার স্বরূপ অবগত হইয়া কৈবল্য মুক্তি লাভ করে, তাহা হইলে দিশবের সহিত অভিন হইয়া দিশবের ক্ষমতা প্রাপ্ত হইতে পারে; বেমন

পর্ত্তের জল সমুদ্রে পতি চ ইইলে, ঐ জল সমুদ্রজলের সহিত মিশ্রিত হইরা অভিন্নভাবে সমুদ্রের ক্ষমতা ধারণ করে, তদ্রুপ জীবেরও ঐরপ ক্ষমতা হইরা উঠে। ফলতঃ যে কাল পর্যান্ত জীব ঈশ্বরের আবাধনা দ্বারা জ্ঞান প্রাপ্তি, ও মুক্তি লাভ না করে, ও যে কালপর্যান্ত মহাপ্রলয় না হয়, সে কাল পর্যান্ত স্বক্ষ বশতঃ স্থ তৃঃথ ভোগ করিতে থাকে। ঐ স্থ তৃ.থ কিপ্রকার, তাহা বিবেচনা করা যাইতেছে।

# দ্বিতীয় অধ্যায়

### স্থ্য ও তুঃখ কি তাহা নির্ণয়।

সুখ ছাথ মনের ধর্মাক, অর্থাৎ মনের প্রক্র স্নথা, ও মনের অপ্রক্রেট ছাথ। স্থা ছারা মনের ধর্মাক নিরাকার পদার্থ; অর্থাৎ ইন্দ্রিরের কার্য্য ছারা মনেতে অনুমান হয়। ইন্দ্রিরের কার্য্য, অর্থাৎ কম্মেনিন্দ্রের অনুভব দারা স্থা ছাথের অনুমান হয়। কিন্তু ইন্দ্রিরের কার্য্য সকল হৈতু সাধ্য, অর্থাৎ স্থা ছাথের হেতু থাকিলেট, ইন্দ্রিরের কার্য্য পরিচালন দারা স্থা ছাথে হয়। এই স্থা ছাথের হেতু কারণ আদৃষ্ট, তাহা ছাট প্রকার, অর্থাৎ স্বাভাবিক ও কর্মা কর্ম্য। সাভাবিক আদৃষ্ট, তাহা ছাট প্রকার, অর্থাৎ স্বাভাবিক ও কর্মা কর্ম্য। সাভাবিক আদৃষ্ট ক্রম্যর ইচ্ছা ক্রমে বে নিরম নিবদ্ধ হইবাছে; তদনুনারে ছুইন্দ্র এবং জন্ম মৃত্যু ও ক্র্থেপিপানাদি ছারা যে স্থা হর ছাহা; । এবং কর্মা জন্ম, আদ্ধ বিরাদি ও রোগ শোক প্রভৃতি ছ্থের কারণ। আরোগ্য এবং নানাপ্রকার উৎক্রই উপভোগাদি স্থাবের কারণ। এই বিষয়ে যদ্যপি উক্ত ছুই প্রকার আদৃষ্টই স্থা ছ্থের মুল

নাযবিৎ পণ্ডিতেরা বলেন যে, সুথ দু:থ আত্মাব ধর্ম্ম. কিন্ধু আত্মাব সহিত মনেব যোগ
থাকার, ও বাবহারে অভিন্ন ভাব থাকার, ইহাতে প্রভেদ নাই; তত্ত্ব-বিচারে আত্মার স্বরূপে
কোন গুণ না থাকার, স্থে দুংগ মনের ধর্ম্মই নিশ্চ্য হয়।

<sup>†</sup> নহাপ্রলাম হইলে ছাজিব ও পথা মৃত্যু নিবাৰণ হয় এব পান ভোজন দ্বাব। কুৎপিপাসা নিবাৰণ হয়। , •

কারণ; মতুর গ্রন্থে চতুর্থ অধ্যায়ের ১৬০ শ্লোকে আছে যে, সমস্ত বিষয়ে পরবশ ছঃথের কারণ, ও আত্মবশ অর্থাৎ স্ববশ স্থাথেব কারণ।\* ইহার তাৎপর্য্য এই যে, স্থুথ হুই প্রকাব, নিত্য-স্থুথ ও অনিত্য-স্থুণ। নিত্য স্থুখ এই যে, স্থূল সূক্ষা ও কাবণ শরীরকে স্ববশে রাথিয়া ঈশ্বরে মন সমাধান পূর্বক জীবনা কি লাভ করতঃ সমাধি অবস্থায় থাকন কালে, অথবা সমাধি হইতে উথিত হইয়া জ্ঞানীরূপে সংসারে বিচরণ করণ কালে সাংসারিক কোন বিষয়ের প্রয়োজন না থাকায় যে স্থান্ত্তব হয় তাছাকে নিত্য স্থ বলা ধায়। আর সাংসাধিক প্রয়োজনীয় বস্তু প্রাপ্তি হইলে, মে সুথামূভব তাহাকে অনিত্য স্থুখ বলা যায়। কেন না প্রয়োজনীয় বস্তু প্রাপ্তি হইয়া স্বীর বশতাপর হয় বটে, কিন্তু তাহা চিরস্থায়ী হয় না, সময়ে ধ্বংস হয়, এবং সম্দায় প্রয়োজনীয় বস্তুও প্রাপ্তি হওয়া যায় না; এজন্ত তাহাকে অনিত্য স্থ বলা যায়। যদি বল যে, কোন পুত্রবান অরোগী সমাট শোক বিহীন হইয়া আমবণ পর্যান্ত সমভাবে সন্ত্রীক থাকিয়া স্থামুভব করিলে, ঐ স্থাকে নিতা স্থা বলা যায় না কেন ? ইহার উত্তর এই যে, বৈষ্ণিক সমুদায় বিষয়ে, যে সুথ ভোগ করিতে পারে এমত ব্যক্তি সংসারে দেখী বা শুনা যায় না। তত্রাপি ঐ রূপ ঘটনা হইলেও তাহার পুন পুন জন্ম মৃত্যু প্রভৃতি হঃথানুভব হয়; এবং পুনরায় যে, ঐ রূপ স্থের অব্ছা হইবেক তাহাবও নিশ্চয় নাই। অতএব অনিত্য বিষয় প্রাপ্তি জন্য যে স্থঃ, তাহাকে অনিত্য স্থপ বলিয়া সিদ্ধান্ত করাই যুক্তি যুক্ত। এই রূপ হঃখও নিত্য ও অনিতা ছুই প্রকার। যদ্যপি ছুঃথ নিতা ২ইতে পারে না; কিন্তু জীব আকল্প পর্যান্ত মূক্তি লাভ করিতে না পারিয়া পুনঃ পুনঃ জন্ম মৃত্যু যাতনা ক্লপ হঃখ ভোগ করিতে থাকায়, বহুকাল পর্যান্ত ঐ রূপ ঘটনা হওয়াতে যে, ছঃখানুভব হয়; তাহাকে নিতা ছঃখ বলা যায়। এবং অনিতা ছঃখ সাংসা-विक প্রয়োজনীয় বস্তুর অপ্রাপ্তি, এবং প্রাপ্ত বিষয়ের বিনাশ বিধায়, যে দুঃখামুভব হয়, ঐ হুঃথকে অনিতা হুঃথ বলা যায়। স্থুথ হুঃথের প্রভেদ জানিবার জন্য এই সকল লেখা হইল বটে, কিন্তু প্রাণিমাত্রই স্থুও ছু:থে

জড়িত। তবে একজাতীয় হঃথের অস্তে হুথ হয়; ও হুথের অস্তে হঃথ হয় যেমন ধন পুত্র লাভে সুথ হয়, ও তদিনাশে ছঃথ হয়। কিন্তু ভিন্ন জাতীয় स्थ दःथ এक-कालीन श्रेटि পারে; यেমন এক মূহুর্ত্তি লক্ষ মুদ্রা লাভ জন্ত স্থান্ত্ব হয়; আবার ঐ মূহুর্ত্তে একটা পুত্রের বিনাশ হওয়ায় তৃঃখান্ত্তব হুইতে পারে। অতএব ব্যবহারিক অবস্থানুসারে স্থ্য ফুথের বিবরণ এই পর্যাস্ত লেখা হইল বটে; কিন্তু বাস্তবিক স্থুখ তুঃখ, ব্যক্তি ভেদের মনের গতি ভিন্ন অন্য কিছুই বলা যায় না। কেন নাকোন ব্যক্তি রাজ্য ও মণি লাভেও সুখী হয় না; বরং তাহা পরিত্যাগ করিয়া সুখী হয়, এবং কোন ব্যক্তি পুত্র মরণেও হঃখী হয় না; বরং কুপুত্র বিনাশে স্থী হইতে পারে। ষদিচ বাহ্যিক অৰম্বা দৃষ্টে কথন কথন মুখ ছ্ৰবের চিহ্ন অনুভব হইয়া থাকে; কিন্তু তাহার মনের ভাব কি তাহা তিনিই জানেন, অন্য ব্যক্তির সাধ্য নাই। এতাবতায় জীবের স্ববশ ও পরবশই স্থত হঃথের হেতু, মুহুতে যে বলা হইয়াছে, তাহাই নিশ্চয় সিদ্ধান্ত। কেননা স্বৰণ অৰ্থাৎ মন বৃদ্ধি ও ইন্দ্রিরগণকে স্ববশে রাখিতে পারিলে, জীব ইহকালে ও পরকালে क्यी हंग्र ; এवः मन तुक्ति ७ हे क्तियंगराव तमका नम हहेरा, की व हे हकारत छ পরকালে তঃথী হয়। তাৎপর্য্য এই যে, মনাদি স্ববশে থাকিলে, ঐ মনাদিকে আপনার আত্মীয় বলা যায়; ও মনাদি অবশ হইলে, তাহাদের বশীভৃত ছওয়াকে পরবশ বলা যায়। স্থতরাং জীব তাহাদিগের বশে থাকিয়া হুঃখ প্রাপ্ত হয়। অতএব জীবের ইহকালে যে স্থুগ হঃ হয়, তাহা সকলেই ব্ঝিতে পারে। পরকালে স্থ ছঃথ হয় কি না তাহা জানিতে পারে না। किन्छ विद्यान कित्रिया एनियान काना यात्र (स, भन्नकारन स्थ इ:थ आहि। তবে পরকালে সুথ ছাথ থাকা নির্ণয় করিবার অগ্রে এই নির্ণয় করা আবশ্রক বে, জীবের পরলোক গমন হয় কি না, ও হইলে তাহা কিপ্রকার হয়, তাহা निर्गत्र कड़ा याहेटल्ट ।

# তৃতীয় অধ্যায়।

# জীবের পরলোকে গমন হয় কি না, ও ছইলে কিপ্রকারে হয় তাহা নির্ণয়।

বহুতর শাস্ত্রে আছে যে, জীব পরলোক গমন করতঃ, স্বর্গ ও নরক ভোগ করে। তাহাতে মরণোত্তর এই প্রকারে গমন হয় যে, দৃশ্রমান স্থূল দেহ দকল অতিব্যক্ত জড় পদার্থ এই দেহের মধ্যে সুক্ষ দেহ আছে, তাহা সকলেরই অনুভব হয়। কারণ, সৃত্ম দেহ মন বুদ্ধি ও দশ ইক্রিয়, এবং পঞ প্রাণ যাহা কেহ দেখিতে পার না, অথচ তদ্দারা এই স্থূল দেহ পরিচালিত হয়। এবং ঐ সূক্ষ দেহের মধ্যে মিলিত ভাবে কারণ দেহ আছে তাহাও কেহ দেখিতে পায় না। ঐ কৃষ্ম দেহ স্থূল দেহ হইতে যে পৃথক তাহার সন্দেহ নাই। কেননা মহুষ্যের মরণ হইলে জীব স্থুল দেহ পরিত্যাগ করাতে, ঐ স্থল দেহ নিশ্চেষ্ট হইয়া পড়িয়া থাকে, ঐ দেহ কোন কার্য্য করিতে পারে না; বরং ক্রমে ক্রমে স্থুল পঞ্জুতের বৈকারিক দেহ স্থিত পদার্থ সকল, স্ব স্ব কারণে মিশ্রিত হয়; অর্থাৎ পার্থিবাংশ পৃথিবীতে, জলীয় অংশ জলে, ও তেজের অংশ তেজে, ও বায়ুর অংশ বায়ুতে, ও আকাশের অংশ আকাশে, এইরূপ স্থূল ভূত সকল স্থূল ভূতে মিলিত হয়, ইহা প্রত্যক্ষ দিদ্ধ, কিন্তু মন প্রাণ বৃদ্ধি ও ইন্দ্রিয় প্রভৃতি যে দকল পদার্থ দারা সুল দেহ চালনা হইক, তাহা কোথায় याग्र; এবং ঐ সকল পদার্থ যে শরীরের মধ্যে থাকে, এ কথার সন্দেহ নাই, তবে স্থতরাং অনুভব হয় ফে, তাহা স্থানান্তবে याम्र। यमि वन ८र, मन श्रांग हेलामि महरपारंग आणा ८र भवरनारक याम्र, हैश मुख्य नाइश काइन व्यन्धनीय शमार्थ (य अभन करत, हैश किकार) বিশ্বাদ করা যাইতে পারে ? তাহাতে বক্তব্য এই যে, অদর্শনীয় বস্তু যে গমন করিয়া কার্যা করে, তাহা উদাহরণের দারা দিদ্ধান্ত করা যাইতে পারে। যেমন বিছাতীয় যন্ত্রের সংবাদ অর্থাৎ তারের সংবাদ 'যে প্রকার দূর হুইতে প্রেরণ হয়, অথচ সকল তার নড়ে না, কেবল যে স্থানে সংবাদ । যায় তথায়

একটা কাঁটা নড়িতে থাকে, তাহাতে সংবাদটা জানা যায়; অথচ ঐ সংবাদ যে চলিতেছে তাহা কেহ দেখিতে ও অনিতে পান্ন না; তজপ জীবাত্মা লিঙ্গ শরীরের মধ্যবর্তী হইয়া প্রাণ বায়ুসহ যোগে বিদ্বাতীয় গতির স্তায় গতি-বিশিষ্ট হইয়া পরলোকে গমন করে; এ বিষয় আর সংশয় হইতে পারেনা।\* তবে যদি বল যে কারণও স্ক্র। শরীরে শব্দ স্পর্শ রূপ রস গ্রু, এই পঞ্ তন্মাত্রা ও পরমাণু রূপ অপঞ্চীকৃত পঞ্চতত থাকা নির্দিষ্ট হইয়াছে। এমত छल औ (मह शमनकाल किखन (मथा यात्र ना ? छाहात छेंखत এই (य, अ সকল পদার্থ অতিশয় সুন্ধ বিধায় ভাষা সুলচকে দেখা যায় না, কেবল গোগীরা জ্ঞানচক্ষে দেখিতে পান; এবং পরলোকে উপস্থিত হইলে ঈশ্বর ইচ্ছা-ক্রমে তাহা কিছু সুলভাবাপর হইতে থাকে; তাহাতে তথায় দর্শন হইতে পারে ইহা পরে ব্যক্ত করা যাইবেক। বাস্তবিক জীব যথন পরলোকে গমন করেন, তথন তাঁহার সঙ্গে সঙ্গে কারণ ও সৃত্ম শরীর, এবং পাপ পুণ্যের ফল প্রভৃতি অদর্শনীয় পদার্থ সকল গমন করে। † কেবল সুল দেহ ও নাড়িক। এবং উদরত্ত অন্তান্ত দর্শনীয় পদার্থ সকল পড়িয়া থাকে। ইহা শাস্ত্র ও युक्तिनिम्न वर्षे । यमि वना यात्र रम, स्नीव आगवात्रु महकारत अत्रत्नाक गमन করে; তৎকালে স্থূল বায়ুর সহিত ঐ বায়ু মিলিত হইতে পারে; তাহা হয় না। কেননা সৃত্ত্ব পঞ্চত ঈশ্বরের নিয়মানুদারে পঞ্চীকরণ অর্থাৎ মিশ্রিত হইয়া স্থল ভূত হইয়াছে; তাহার সহিত স্ক্রভুতের মিলিত হওয়ার সম্ভব मारे। वाखिविक छाष्टा इटेर्ड शावित्न मनूष्ठाानित कीवनकात्न अ चान সের সহিত স্থূল বায়ুর যোগ হইয়া মিশিত হইতে পারিত। অতএব স্থূলবায়ুর महिज প্রারবায় মিলিত হয় नা। यनि वन (य, মন প্রাণাদি সুল দেহেব গুণ, তাহা ঐ দেহ হইতে পৃথক নহে। যেমন দ্রবোর নাশ হইলে, র্গুণের নাশ दय ; তज्ज प कूल (मटहत नाम इहेटल, मन खाना नित नाम दय ; हेहा मक्ष् नटह। दकनना मृज्दारह वर्जमान थाकांत्रकालीन मन व्यानांति दकाथांत्र

<sup>\*</sup> শান্তে আছে যে, জীব কর্মা, তিথি ও নক্ষত্র বিশেষে মরিলে ভূতযোনি প্রাপ্ত হয়, এবং ভূত হওয়াও যে প্রত্যক্ষ, তাহাও সর্বাদা গুনা যায় ও জানা যায়; তাহাতে জীব দ্বেহত্যাগ কবিয়া স্থানান্তরে যাওয়াই যুক্তিসিদ্ধ হইতেছে।

<sup>†</sup> ভগৰদাইভার ১৫র অধ্যায় ৮ম প্লোক।

थारक; यिन मन श्रीनांनि झून म्हरूव खन इय्र; उत्व झूनरम्ह मूठ इहेब्रा বর্ত্তগান থাকারকালীন অবশুই ঐ দেহে থাকা সম্ভব; তাহা হইলে মৃত্যুই इस ना। यनि वन त्य जूनत्मरहत मेकित द्वान हरेतन, मन आंगानित विनाम হয়; স্কুতরাং মৃত্যু হইতে পারে। এবং রোণাদির দারাও সুলদেহে আঘাত প্রাপ্ত হইলে, তদ্বারা, এবং মস্তকচ্ছেদনাদি বারা শক্তির ছাস হইতে পারে। অতএব শক্তির হ্রাস হইলে, মন প্রাণাদির বিনাশ হইয়া মৃত্যু হয়, ইহা সক্ষত নহে। কেননা মৃত্যুর মূল<sup>্</sup> কারণ শক্তির হাস, ও বিনাশ নহে; মৃত্যুর মূল কারণ জীবের উৎক্রামণ অর্থাৎ স্থুলদেহ পরিত্যাগ করা। তন্তির শক্তির হ্রাস হওয়ায় যে, কথন কথন মৃত্যু ঘটনা হয়, উহা সহকারি কালণ মাত্র। বেহেতু কথন কখন এরূপ দেখা যায় যে, ছুলদেহে কোন বোগ নাই, এবং আঘাতাদি প্রাপ্তও হয় নাই, অথচ মরিয়া যায়; তাহার কোন সহকারি কারণ লক্ষিত হয় না তবে কেন মৃত্যু হয় ? এবং ভেদ বমন প্রভৃ-তির রোগী মৃত্যুদশায় পতিত হইয়াও মরে না? অতএব এই বিষয়ে শাস্ত্র युक्तित बाता এই त्रल निकालन इटेबाए एर, शतमायु त्मव इटेरन कीव कूलानिह পরিত্যাগ করায় মন প্রাণাদি তাহার সঙ্গে সঙ্গে গমন করে; ইহাই সঙ্গত। শক্তির হ্রাস ও বিনাশে মৃত্যু হওয়া সঙ্গত নহে। কেননা স্ত্লদেহের শক্তি স্বীকার করিলে, তাহা গুণ পদার্থের স্থায় হয়; অর্থাৎ দ্রব্যের বিনাশ এক-कालिन ना इटेरल, ये भक्तित्र विनाभ इत्र ना, रिराहकू खन अनार्थ करवात সর্কাবয়বে থাকে। অতএব স্থূলদেহের সর্বত্তই মন প্রাণাদি থাকার সম্ভব। তবে মস্তক ছেদন হইলেও মৃত্যু হইতে পারে না ? বরং ক্ষ হইতে নৃতন মস্তক অন্ধুরের ভাষ উথিত হইতে পারে ? অতএব স্থলদেহ হইতে ঐ শক্তিকে পূৰ্বক বিবেচনা করিলে, তাহা স্থানাস্তরিত হওয়ার সম্ভব থাকায় মস্তক ছেদন হইলে মন প্রাণাদিসহ স্থানান্তরিত হয়; স্কুতরাং মৃত্যু হইতে পারে।\* বাস্তবিক স্লদেহ জড়পদার্থ; তাহাতে চেতনাশক্তির আবির্ভাব हरेतन, के त्मर भविष्ठानन इस ; धवः श्वानास्त्रिक रहेतन, के त्मर भविष्ठानन হয় **না। এতদিষয় জীবের পুনর্জন্ম হওয়ার অধ্যা**য়ে আরো পরিকাররূপে

<sup>&</sup>lt;sup>ছ বি</sup>চলপ্রাণিবৃক্ষাদিব সর্বাবয়বে প্রাণবায় থাকায় তাহা নিঃশৈষ না হইলে তাহার নাশ হয় ন্থা স্চল প্রাণির স্কা দেহের উৎকামণ হয়।

মীমাংসাকরা যাইবেক। এক্ষণে কেবল মৃত্যুর বিষয় মীমাংসা করা যাই-তেছে। এতদ্বিয়ে মনুর ১ম অধ্যায় ৫৫ শ্লোকে আছে বে, যে সময়ে অজ্ঞান অর্থাৎ তমোগুণে জীব ইন্দ্রিয়ের সহিত আবৃত হইয়া খাদ প্রখাদ পরিত্যাগ করিতে পারে না; সেই সময় জীব স্থলদেহ পরিত্যাগ করিয়া পরলোক যায়। বুহদারণ্যক শ্রুতিতে বলেন যে, জীবের উৎক্রামণ হইলে, মন প্রাণ এবং ইক্রিয়াদির উৎক্রামণ অর্থাৎ স্থানাস্তরে গমন হয়। শৃত্ত গৃহের ত্যায় ञ्चलाक পড़िया थाकि। यमन शृत्कत मधाञ्चिक श्रमी श्रमाञ्चतिक इरेल, অন্ধকারময় শৃশু গৃহ থাকে; তজ্ঞপ কাবণ ও স্ক্র শরীরস্থ জীব, অর্থাৎ শক্তিমট্চৈতভাংশ, যাহা অবিদ্যা মায়ার বশতাপন হইয়া যন্তের স্বরূপ সূল দেহের মধ্যে প্রবেশ করতঃ কার্য্য করিতেছিলেন, তিনি তাহা পরিত্যাগ করিয়া পরলোকগমন করায়, স্তুলদেহ অকর্মণ্য হইয়া পড়িয়া থাকে। কেহ কেহ বলেন বে, আজু মনঃ সংযোগ ধ্বংসের নাম মৃত্যু। তাহার কারণ এই যে. আত্ম শব্দের অর্থ আপনার অর্থাৎ নিজের মন, যাহা স্থলদেহের সহিত সংযুক্তভাবে থাকা অনুভব হয়; তাহার ধ্বংস, অর্থাৎ দেহ হইতে মনের পৃথকত্ব হইলে মৃত্যু হয়। ইহার বারা এইরূপ নির্ণয় হয় যে, দেহ হইতে মন স্বাস্থার ও প্রাণের সহিত পরলোকগমন করিলেই দেহ হইতে পৃথক হয়। নতুবা আত্মা অর্থাৎ জীব হইতে মন পৃথক হয় না। তবে যে সময় জীব জানপ্রাপ্ত হয়, তথন প্রকৃতি ও মন বৃদ্ধি ইত্যাদি আত্মাতে লয়প্রাপ্তি প্রাপ্ত হইয়া দেহ অবসানে মুক্তিলাভ হয়। স্থতরাং জীবাত্মা ও পরমাত্মা এক হইয়া যাওয়াতে, আর আআা, অর্থাৎ জীবাআার উৎক্রামণ অর্থাৎ পরলোকে গমন হয় না। তত্তির মুক্তিলাভ না হওয়া পর্যান্ত জীব যতবার দেহত্যাগ করে, ততবার পরলোকে গমন করতঃ স্বর্গ অথবা নরকভোগ করে। একণে পরলোকে স্বর্গ ও নরকভোগ কিপ্রকারে হয়, তাহা নির্ণয় করা যাউক।

# চতুর্থ অধ্যায়।

#### জীবের পরলোকে স্বর্গ ও নরকভোগ কি প্রকারে হয়, তাহা নির্ণয়।

মত্র ছাদশাধ্যায়ে ২০ হইতে ২২ শ্লোকদারা প্রকাশ যে, জীব এই সূল দেহে অবস্থিতি করিয়া যে সকল ধর্ম বা অধর্ম করে, তজ্জন্ত পরলোকে গমন করতঃ অন্ত দেহ ধারণ করিয়া স্বর্গ অথবা নরক ভোগ করে। যদি অন্ত ধর্ম এবং অধিক অধর্ম কর্ম করিয়া পাকে, তবে নরক-মাতনা সহু করিতে পারে এরূপ কঠিনদেহ হইয়া নরক ভোগ করে। এবং অর অধর্ম ও অধিক ধর্ম করে, তবে দর্গ ভোগ করিতে পারে এরূপ দেহ হইয়া ভোগ করিতে থাকে। জীব যথন স্বৃল দেহ পরিত্যাগ করিয়া মৃত্যুমুধে নিপতিত হয়; তথন অধি-কাংশ পাপ করিয়া প্রেত দেহ ধারণ করত, যমকিন্ধরের যাতনা সহু করিতে थाक । তৎকালে জীব আকাশস্থ নিরালম্ব বায়ু ভূত নিরাশ্রয়রূপে থাকে। ভদনস্তর এক বৎসর পর্য্যন্ত প্রতি মাসে এক একটা দেহ ধারণ করে। তাহার পরে অর পুণ্য জন্ত অরকাল স্বর্গ ভোগ করিয়া পরে নরক ভোগ করে। মনুর চতুর্থ অধ্যায় ৮৮ শ্লোকে নরকের নাম নির্দিষ্ট করা আছে; যথা তামিস্ত, (মন্ধকারময়) অন্ধ তামিজ, (নিবিড় অন্ধকার) মহারৌরব, ও রৌরব, (অতিশয় তপ্ত ভূমি) কালস্ত্র, (কুলাল চক্রের স্ত্র দারা ছেদন স্বরূপ) মহানরক, (যাহাতে সর্ব্ব অংশে পীড়া) সঞ্জীবন, (যাহাতে বাঁচাইয়া পুনরায় মারে) মহাবীচি, (বাহাতে অত্যম্ভ জলতরঙ্গ) তপন, (অগ্নি আদি দারা দাহ-রূপ) সম্প্রতাপন, কুম্ভীপাক, (যাহাতে কুম্বে ক্ষেপ করে) সংঘাত, (যাহাতে অৱ স্থানে অনেকের বাস) কাকোল, (বাহাতে কাকে ভক্ষণ করে) কুডাুলং, (যাহাতে রজ্জু দারা পীড়া) পৃতিমৃত্তিক,(যাহাতে বিষ্ঠা গন্ধি মৃত্তিকা) লোহশঙ্কু, (যাহাতে স্চি দারা ভেদন) ঋজীয়, (তপ্ত পিঠের থোলায় প্রক্ষেপ) পদ্ধান, (বারখার গমনাগমন) শাললী, (বাহাতে শালালী কটক প্রভৃতি দারা ভেদ) নদী, (বৈতরণী প্রভৃতি যে সকল নদী ছর্গন্ধ ক্ষির পূর্ণ অস্তি কেশরপৈ তর্ত্ত

শালিনী উষ্ণ জল যুক্তা ও বেগবতী, তাহাতে ভাগাইয়া লইয়া যায়) **অ**নিপত্ৰ-ৰন, (যাহার পত্র সকল থড়েগর স্থায় ধারাল তদ্বারা বিদারণ করে) লোহ-দারক, (যাহাতে লৌহ শৃখলের দারা নিগড় বন্ধন করে)। এতভিন্ন বিষ্ণু-পুরাণের দ্বিতীয়াংশের ষষ্ঠাধ্যায়ে অনেক নরকের নাম বর্ণিত হইয়াছে। পাপ বিশেষে জীবগণ বিশেষ বিশেষ নরক ভোগ করে; এবং নরক অসংখ্য প্রকার ष्ट्रां जाहा नमूनांत्र वर्गना कता इः नाधा। এवः (य त्य भार्त्भ, त्य त्य প্রকার নরক ভোগ হয় তাহাও বিষ্ণুপুরাণের ঐ অধ্যায়ে, এবং অন্তান্ত পুরাণে আছে, তাহা লিখিতে গেলে গ্ৰন্থ বাছল্য হইয়া পড়ে বলিয়া ক্ষান্ত হওয়া গেল\*। যাহারা অধিক পুণ্য কর্ম করিয়াছে, ঐ জীবেরা স্থল দেহ পরিত্যাপ করিয়া প্রেত দেহ ধারণ করে; কিন্তু অধিক যাতনা হয় না; তাহাদের অল পাপের তারতম্যামুসারে, নরক দর্শন বা অল্পকাল নরক্বিশেষ ভোগ করিয়া পরিশেষে দেবলোকে বছকাল বাদ করে। তথায় উত্তম স্থানে বাদ, অপূর্ব পান ভোজন, এবং স্ত্রী সঙ্গ, ও সঙ্গীতাদি প্রবণ উত্তম শ্যায় শ্রনাদি করে: কোন প্রকার হ:খ প্রাপ্ত হয় না। এবং যাহারা পাপ পুণ্য সমান করে, তাহারাও তুলারূপে স্বর্গ ও নরক ভোগ করে। যাহারা এককাণীন পুণ্য কর্ম করে নাই কেবল পাপ করিয়াছে, তাহারা কেবল নরক ভোগ করে। ও याहाता এककारन भाभ कम्ब करत नाहै; এवः याहाता भारभत छेहिछ প্রায়শ্চিত্ত করিয়াছে তাহারা কেবল স্বর্গ ভোগ করিতে থাকে কখন নরক ভোগ করে না। 'ও যাহারা অবাস্তর পাপ পুণা না করিয়া স্বাভাবিক নিয়ম মত কর্ম কার্য্য করিয়া মরে; তাহারা পিতৃলোকে বাদ করে। তথায় प्राভाविक प्रवष्टांत्र थांकि। किन्न विनि (य लांकिर वांन कक़न ना (कन हेहात मीमा আছে। অর্পাৎ ব্রহ্মার দৈনন্দিন প্রালয় পর্যান্ত থাকেন: তদনস্তর পুনর্কার অকর্ম বশতঃ নানা যোনিতে জন্ম গ্রহণ করিতে হয়। ঐ প্রালয় সময়ে স্বর্গ ও নরকন্থান সকল বিলুপ্ত হওয়াতে জীব ত্রন্ধার শরীরে অবস্থান করিয়া তদনস্তর পুনরায় সুল দেহ ধারণ করিয়া কর্ম্ম করিতে থাকে।

নরক স্থান যনালয়ের দক্ষিণ দিকে আছে, শাস্ত্রে বলে, এবা বিঞ্পুবাণের ঐ অধ্যায়ে বলেন
বে পাতালের নীচেও নরকস্থান আছে। যনালয় স্থানয় প্রকাতের উদ্বৃদ্দে দিয়িণ্দিকে বাছে।
† নহাভারতের স্বর্গায়োহণ পর্বা দেয়।
.

কেবল যাহারা দালোক্যাদি মুক্তি লাভ করিয়াছে তাহাবা পুনবায় জন্ম গ্রহণ করে না; ও তাহাদিগের মৃত্যু যাতনাও স্বর্গ নরকাদি ভোগ হয় না। তাহাদিগের বিষয় মুক্তি প্রকরণে লেখা যাইবেক। এক্ষণে, জীবের স্বর্গ নরকাদি ভোগাবদানে কি প্রকার পুনর্জন্ম হয় তাহা নির্ণয় করা যাউক।

#### পঞ্চম অধ্যায়।

# জীবের পুনর্জন্ম হয় কি না, ও হইলে কি প্রকারে হয় তাহা নির্ণয়।

জীবের পরজন্ম লিখিতে হইলে এই স্থলে প্রথম জন্মের কিয়দংশ লিখিতে হয়; নতুবা সহজে এক স্থানে বুঝা যায় না। প্রথমতঃ প্রজাপতি ত্রহ্মা मम्मात्र रुख (मह, याहात्र मःथा। नाहे अमछ পরিমাণে ঐ (मह ও জীব रुष्टे कर्रानश्वत श्रेश्वतत्र हेम्हांक्र निष्ठमाञ्चादत्र थे की र हुल त्नर शांत्रन करत्रन। শাস্ত্রকারের। বলেন যে, কতকগুলিন যোনিজ ও কতকগুলিন অযোনিজ, এবং অন্যপ্রকাবে জীবগণ স্থল দেহ ধাবণ করেন। তন্মধ্যে কতকগুলিন মনুষা, ও কভকগুলিন পঞ্চ, পক্ষী, কীট, পতঙ্গ, জলচর ও ভূচর, খেচর প্রভৃতি; ও কিয়দংশ বৃক্ষ, গুলা, লতা ইত্যাদি; ইহাব মধ্যে মনুষ্যই প্রধান; কেন না তাহারা বিজ্ঞানবলে অনেক কার্য্য সাধন, ও মহাপ্রলয়েব পুর্বেত মুক্তি লাভূ কবিতে পারে। কিন্তু দয়ালু ঈশ্বরের নিয়মান্ত্রসারে থেরূপ আদি মনুষ্য সৃষ্টি হইয়াছে; তদ্ধপ বৃক্ষ গুলা লতা ইত্যাদিরা ,চৌবাশী-লক্ষ যোনি লমণ করতঃ ও পশু আদিরা আশী-লক্ষ-যোনি ভ্রমণ করিয়া মনুষ্যদেহ ধারণ करत। তাহাদিগের অর্থাৎ ঐ আদি বৃক্ষ ও পখাদির স্বর্গ নরক নাই; দাহারা অতি শীঘ এক যোনি হইতে প্রাণত্যাগ করিষা অন্য যোনি প্রাপ্ত হয়। তবে মনুষ্যেরা কর্মফলে, রুক্ষাদি যোনি প্রাপ্ত হইরা প্রাণত্যাগ कतिरहा, ভाशांपिरात वर्ग नत्रक ভোগ श्रेरे शारत। हेश श्रांभांपि भारत वाङ बाह्य। देशांत बाहि महरा, वदः वाहि दक्षांति उ श्रामि, योशादा ঈশ্বরের নিয়মানুসারে চৌরাশী অথবা আশী-লক্ষ যোনি ভ্রমণ করতঃ মনুষ্য হয়;\* তাহাদিগের সুল দেহ ধারণ, এইরূপে হয় যে, তাহারা ঈশ্বরের নিয়মানুসারে স্ষ্টিকর্তা প্রজাপতিদিপের ইচ্ছানুরূপ প্রারন্ধের বশবর্তী হইয়া জন্মগ্রহণের পূর্ফ্রে স্ক্রে শরীর বিশিষ্ট জীব, শসাগত হওনানস্তর শুক্রগত হয়; পরে ঐ শুক্ত স্ত্রীর গর্ব্তে প্রবিষ্ট হইয়া স্ত্রীলোকের শোণিতের সহিত যোগ इहेशा. इस श्रमि नाना व्यवस्वयुक श्रांडाविक (मह शांत्रण करता छैश প্রথমতঃ স্ত্রীলোকের গর্ব্তে জরায়ু নামে একটা চর্মবেষ্টিত থাকায়, জরায়ুজ नाम इहेबा थारक। ঐ দেহে यज्अकात পদার্থের প্রয়োজন তৎসমুদায় প্রাপ্ত হয়; অর্থাৎ কুধা, তৃষ্ণা, নিদ্রা, তক্রা, লজ্জা, ভয় প্রভৃতি অদর্শনীয়, व्यवः मर्ननीय भागर्थ मकल व्याश्च रया। व्यक्तभ भागित । পরে মনুষ্যেরা ভূমিষ্ঠ হইয়া ক্রমে স্বাধীন মনের বাসনা ছারা ইচ্ছাতুরূপ নানাপ্রকার কর্ম করিয়া আয়ুঃ শেষ হইলে মৃত্যুমুথে নিপতিত হইয়া পর-লোকে গমন করতঃ স্বর্গ নরকাদি ভোগ করেন। ঐ ভোগাবসানে পূর্ব্ব कर्म वर्गां अन्याना त्यानि, अथवा प्रकृषा त्यानि व्याश ह्य । के कत्य हुई প্রকার প্রারম্ভের বশবর্তী হইতে থাকে; অর্থাৎ স্বাভাবিক প্রারম্ভবশতঃ দেহের অঙ্গ প্রতাঙ্গ ও কুখা তৃষ্ণা ইত্যাদি প্রাপ্ত হয়। এবং পূর্ববিদর্ম জন্য তমু, ধন, সহোদর, বন্ধু, পুত্র, রিপু, ভার্যাা, নিধন, (মৃত্যু) ধর্ম, কর্ম, আয়, वाम धर चामन अकात जाव चाता एजाएज निर्वम निवम इरेमा, अत्मत প্রারম্ভে জীব কারণ ও স্ক্র শরীর সহ গমন করে। তৎকালে পূর্বজন্মের कर्म्यकन, यादा প্রারদ্ধবদ্ধ दहेन, তদ্ভিন্ন সঞ্চিত অনেক কর্মফল জীবের সঙ্গে থাকিল তাহাকেও অদৃষ্ট বলা যায়। ঐ জীব চল্রের স্থা সহযোগে শশু মধ্যে পতিত হয়.। कीव यमि वृक्षामि यानि প্রাপ্ত হয়, তবে স্থাবর বীজে প্রবেশ করে। আর যদি মনুষ্যাদি জন্ত শরীর প্রাপ্ত হয়; তবে জঙ্গম বীজে প্রবেশ করে।† ঐ জঙ্গমবীজরূপ শশু পুরুষে ভোজন করিলে, ক্রমে ক্রমে রদ, রক্ত, মাংদ, মেধ, অস্থি, মজ্জা ও শুক্রগত হয়। পরে স্ত্রীলোকের শরীংর

এই আদি মুষাপদে, যাহারা পিতৃলোক হইতে জ্রিয়াছে তাহারা। পিতৃলোকের জন্ম
অনা প্রকারে হইয়াছে, তাহা পুর্বেবলা হইয়াছে।

<sup>†</sup> मञ्जूत प्रमुख्याय ८७ (हाक।

রজোবোগ হইলে, ঐ স্ত্রীর উদরে পুরুষ হইতে প্রবিষ্ট ও শোণিতের সহিত মিলিত হইয়া জরায়ুচর্মে বেষ্টিত থাকিয়া, অঙ্গ প্রত্যঙ্গের অঙ্কুর হইতে থাকে। পরে পঞ্চম মাদে চৈতন্যাংশের প্রকাশ হইয়া দপ্তম মাদ পর্যন্ত ইন্দ্রি মাদি সমাক্রপে প্রকাশ হয়। ক্রমে জীবের জ্ঞানোদয় হইয়া পূর্ব জন্মের মলকর্মফলে যে যাতনা ভোগ করিতেছে, তাহাই ভাবিয়া থেদ করিতে থাকে: এবং বলে যে, আর মন্দ কর্ম করিব না, কেবল ঈশ্বরের আরাধনা করিব। তদনন্তর সপ্তন মাস হইতে, দশম মাস পর্যান্ত প্রসব-কাল নির্ণফ আছে। কিন্তু কথন কথন তাহার অধিক কালেও প্রসব হয়। প্রসব হইরা জীব ভূমিষ্ঠ হইলে, ঐপরিক মায়ার প্রভাবে, ঐ সমুদার বুতান্ত বিশ্বত হইয়া যায়।\* তদনন্তর ক্রমে ক্রমে বালা, পোগও, কুমার, যুবা, বুদ্ধ, আতুর, (অতিশয় বুদ্ধ) হইয়া প্রাবন্ধের ফলভোগ করিতে থাকে। 🐠 প্রারদ্ধবশতঃ জীব বাল্য প্রভৃতি কালের মধ্যে কোন সময়ে আয়ু: শেষ হইলে মৃত্যুমুথে নিপতিত হয়। আবার পরলোকে গমন করতঃ সুর্গ নরকানি ভোগ করে। এইরূপে মুক্তি লাভ না হওয়া পর্যান্ত বারম্বার যাতায়াত কবিতে থাকে। কোন কোন কুতর্ক বাদীরা বলেন যে, পঞ্ছতের সারাংশ হইতে শস্তাদি উৎপন্ন হয়; তাহা ভোজনের দারা শুক্রশোণিত জন্ম। ঐ ভক্র শোণিত সহযোগে দেহের উৎপত্তি হয়। ঐ দেহের শক্তি অর্থাৎ গুণ বিশেষ মন প্রাণ ইত্যাদি, তাহা দেহ হইতে জনায়। ঐ দেহের শক্তির হ্রাস বা বিনাশ হইলে, মন, ত্থাণ, জ্ঞান ইত্যাদির বিনাশ হয়। জীব কোন স্থান হইতে আইসে না, ও কোন স্থানে যায় না। প্রথমতঃ পিতা মাতার কর্মদোষে বা গুণ দারা, জীবেব ভাল মন্দ হয়। তদনস্তর মনুষ্যের স্বকার্য্য বশুতঃ ইহকালে স্থুথ ছুখাদি ভোগ করে। অদুষ্টানুসারে যে স্থুখ ছঃখাদি ভোগ হয় ইহা সঙ্গত নহে। প্রথমতঃ বস্তুর সভাবে দেহ হয়, পরে পিতা মাতার ও নিজের স্বভাবে স্থুথ ছঃথাদি প্রাপ্ত হইতে থাকে; এইরপ অনেক কৃতর্ক করিয়া থাকেন। এই কুতর্কের মূল আলোচনা করিতে হইলে, ঈশবের অন্তিত্ব ও নাতিত্ব বিষয়ের তর্ক উপস্থিত হইতে

<sup>🛊</sup> ভগৰতী গীতংয়াং। ১৭ অধ্যায়।

পারে; কিন্তু পূর্ব্বে ঈশ্বরের অন্তিত্ব বিষয় মীমাংসা করা হইয়াছে। তাঁহার দারা সৃষ্টি ইত্যাদির কার্য্য হওয়া, ও জীবের পূর্ব্বজন্ম, এবং পরজনাদি নিয়ম নিবদ্ধ হওয়া, ও জীবের পূর্বজন্মের স্বকর্মবশতঃ স্থ হঃখাদির ভোগ হওয়া ইত্যাদির সিদ্ধান্ত করা হইরাছে। তবে একণে কেবল শুক্র শোণিতের সভাবে দেহ, ও তন্মধ্যস্থিত মন, বৃদ্ধি, প্রাণ, ইক্রিয়াদি ঐ দেহের গুণস্বরূপ হয় কি না? এবং পিতা মাতার ও আপনার কার্য্যশতঃ ইহকালে ফল ভোগ করা দঙ্গত কি না ? তাহার মীমাংলা করা যাউক। প্রথমতঃ দেখা যাউক যে, স্থল মূত্তিকা হইতে শস্তাদি জন্মে; তাহা হইতে শুক্র শোণিত হয়। যদি সুল মৃত্তিকায় মন বৃদ্ধি ও ইন্দ্রিয় প্রভৃতি না থাকে, তবে শস্ত মধ্যে তাহা থাকিবেক না; এবং শুক্র শোণিতেও ঐ সকল পদার্থ জানিতে পাবে না। কেন না কারণে যে গুণ না থাকে, তাহা কার্য্যে পরিণত হওয়ার সম্ভব নহে। তাহাতে প্রকাশ যে, সুল ভূতে মন, বুদ্ধি, ইক্রিয়াদি নাই। ঐ ভুত কেবল ব্যক্ত জড়পদার্থ মাত্র। যদি উহাতে মন, বৃদ্ধি, ইক্রিয় থাকিত, তবে মৃত্তিকা, জল ও তেজ ও বায়ুরা কথা কহিত; এবং মহুষ্যের ন্যায় কার্য্য করিতে পারিত। তাহা না পারায়, সিদ্ধান্ত হইতেছে যে, তুল ভূতে মন, বুরি, ইক্রিয়াদি নাই। যদি অসঙ্গতরূপে এই কথা বল বে, ছুল ভুতাদি কারণে ঐ সকল গুণ না থাকিলেও, শুক্র শোণিতের স্বভাব-বশতঃ যথন দেহ উৎপন্ন হয়, তথন ঐ দেহের গুণ মন বুদ্ধি ইত্যাদি হইতে পারে ? তাহাতে দেখা যাউক যে, ঈশ্বরের নিয়ম ও অদৃষ্ট সহকারে কারণ ব্যতীত গুক্র শোণিতের স্বভাব বশতঃ কেহ উৎপন্ন হয় কি না ? বিবেচনা করিয়া দেখিলে, তাহা হইতে পারে না। কেন না শত শত রজোগুলা স্ত্রীতে শুকু নিক্ষেপ হওয়াতেও সম্ভান হয় না। যদি বল যে, পীড়া প্রযুক্ত অথবা দোষযুক্ত শুক্র শোণিত যোগ হওয়ায় দেহ উৎপন্ন হয় না। তবে স্বভাব অপেক্ষা পীড়া বলবতী বিবেচনা করিতে হয়। ইহাতে স্বভাব বলবান্ অথবা নিত্যসিদ্ধ নহে ? তবে স্বভাব স্বীকার করা বিফল ? আর শস্তাদি ভোজনে শুক্রাদি জ্মার তাহাই বা দ্যিত কেন হয় ? ইহার কারণ কি ? যদি বল শে, কোন দ্রব্যের গুণে ঐ রূপ দূষিত শুক্রাদি জন্মায়, তাহা নির্ণয় করু। যায় ना, अपह क्षेत्रभ घटेना इय। किन्न यादात कात्रण निक्ति देश ना, जाहारक

অদৃষ্ট বলিলেই যথেষ্ট হয়। যদি তাহাও না বলিয়া কেবল গুক্ত শোণিতের গুণের দারা দেহ হয় বল ? তবে দেহ সকল অসমান কিজন্ত হয় ? এবং নানাপ্রকার বর্ণ হওয়াব কারণ কি। যদি বল, যে যে দ্রবা ভক্ষণে শুক্র শোণিত জন্মে, সেই সেই দ্ৰোর গুণেতে বিভিন্ন বৰ্ণ হয় ? ইহা সঙ্গত নহে। কাবন, বেরূপ নানা প্রকার দ্রব্য ভক্ষণে এতদেশে মন্ত্রের উৎপত্তি হট্যা নানা বর্ণ হয়; তদ্রপ অন্ত দেশীয় লোকেরা তাহা হয় না; ববং দেশভেদে একরপ বর্ণ ই দেখা যায়, তাহারা এদেশীয় দ্রব্য ভক্ষণ করিলেও বর্ণ বিভিন্ন হয় নী। যদি বল পিতা মাতার বর্ণ প্রাপ্ত হয় ? তাহাও নহে। কাবণ পিতা মাতা ক্লফবর্ণ, তাহার সন্থান গৌরবর্ণ হয়। অথবা অন্ত প্রকার বর্ণের পিতা মাতার সন্তান, অন্ত প্রকার বর্ণ প্রাপ্ত হয়। আরও দেখা বার যে, মনুষা ও পশু ইত্যাদিব আফুতি সকল বিভিন্ন হয়। এমন কি এ প্রয়ান্ত যতগোক দেখা গিয়াছে তাহার কাহাক আকৃতির সহিত কাহাক তলনা হয় না। ইহা কথনই শুক্র শোণিতের গুণ নহে; কেননা এক শুক্রশোণিতে এককালীন ছুই তিন, অথবা চারটী পুত্র কন্তা একগর্ব্তে যমজ কপে জন্মগ্রহণ কবে, তাহাদিগেরও আকৃতি ভিন্ন ভিন্ন হয়। বিশেষতঃ অভ্পদার্থ যে গুক্র শোণিত তাহা দারা স্বাদেহ জড়ের উৎপন্ন হয় বটে; কিন্তু তাহাতে চৈত্ত পদার্থ যে জ্ঞান, বৃদ্ধি, মন, ইত্যাদি, তাহাদিগের জন্ম হওয়া নিতান্ত অসম্ভব। অতএব এই বিষয়ে, সিদ্ধান্ত এই যে, মন প্রাণ বৃদ্ধি ও ইক্রিয়, তাহা দেছেব গুণ নহে; স্বত্ত্র পদার্থ; উহা জীবের সহিত পরলোকগমন; ও পুনবাব শুক্রেশাণিতের যোগে দেহধাবণাদি কার্য্য করে। ঐ দেহ হইবাব সহকারি কারণ পিতা মাতা; এবং শশু ভোজন, ও শুক্রশোণিতের দোবওণ, দেশ-কাল ইত্যাদি। এর মূলকারণ ঈশবেব নিয়ম ও অদৃষ্ট। বেরূপ চক্র, দভ, দলিল, মৃত্তিকা, সহকারি ও উপাদান কারণ ; ও কুস্তকার মূল কারণ হইয়া ঘটাদি নিশাণ কবে; তজাপ জীবের দেহ উৎপন্ন হইয়া থাকে; তবে পিতা মাতা, ও আপনার স্বকার্যাবশতঃ ইহকালে ফলভোগ হয় যে বলা ভইয়াছে. তাহা সঙ্গত নহে। কারণ সকলই ইচ্ছা করে যে, আনার স্থুণ হউক; ও আমাৰ পুল্র স্থী হউক; ছঃথ কেহ ইচ্ছা করে না, তবে ছঃথ কিজন্ত হয় ? তাহা-নিবারণ কেহ করিতে পারে না ; ও ইচ্ছামত শৃত্য হয় না ্ঞতদিব্যে

অদৃষ্টবশতঃ ঘটনা হওয়া স্বীকার করিতে হইবেক। এই অদৃষ্ট জন্মান্তরের কার্য্য; কেননা ইহজন্মে কেহ পাপ করিয়া শান্তি পায় না; এবং তাহার উন্নতি হইতে দেখা যায়; এজন্ম জন্মান্তর ব্যতীত আর কিছুই নহে। যদি জন্মান্তর স্বীকার করা যায়, তবে অদৃষ্টাধীন পরকালে স্বর্গ নরক ভোগ হওয়াও অসম্ভব নহে। তবে কোনস্থলে অদৃষ্টের প্রাধান্ম, ও কোনস্থলে প্রক্ষকারের প্রাধান্ম দেখা যায়। ইহার তাৎপর্য্য সিদ্ধান্ত করা ঘাইতেছে।

# ষষ্ঠ অধ্যায়।

## অদৃষ্ট ও পুরুষকার নির্ণয়।

শান্তকারেরা বলেন যে, দৈব অর্থাৎ অদৃষ্ট ও পুক্ষকার এবং কাল, এই তিন দ্বারা মন্ত্র্যাদির শুভাশুভফলপ্রাপ্তি হয়। এই অদৃষ্ট শব্দে প্রারক্ধ; প্রাথক ছই প্রকার; স্বাভাবিক ও কর্ম্মজন্ত। স্বাভাবিক প্রারক্ধ এই যে, ঈশ্বর প্রথম স্প্রেকালে যে জাতিব যে অঙ্গ প্রত্যঙ্গ ও ক্ষ্মা, তৃষ্ণা, নিদ্রা, মৈণ্ন, ও অন্যান্ত কর্ম্ম যাহা নিদ্ধিষ্ঠ করিয়াছেন তাহা এবং কর্ম্মজন্ত প্রারক্ধ অর্থাৎ কর্ম্মের ফল অদৃষ্ঠ তাহাই ভোগ হইবার যে নিয়ম ঈশ্বর কর্তৃক নিবদ্ধ হয় তাহা। এ কর্ম্ম তিন প্রকারে ঘটনা হয়। মানসিক বাচনিক ও কারিক; এই তিন প্রকার কর্মের কর্ত্তাই পুক্ষ, অর্থাৎ জীব। কেননা পুরু-যের মন. হইতে বাসনা হয়। \* তাহাতে পুক্ষ সদসৎ বিবেক পরিচালন না করিয়া নানা প্রকার মনোরাজ্য করিতে থাকে। তাহাতে বাস্থাকরতক্ষ ঈশ্বর ঐ বাসনা পূরণ করেন; ইহা ঈশ্বরত্বের মহিমা। অতএব শুভাশুভ প্রত্যেক বাসনাই কর্ম্মস্ত্র; এ কর্ম্মস্ত্র হইতে কর্ম্মের চেষ্টা হয়, তাহা হইতে উদ্যোগ হয়, পরে সেই কর্ম্মস্ত হইয়া, তাহার ফলভোগ করে। ইহার মধ্যে মনের দৃঢ় বাসনা যত প্রকরে হয়, তন্মধ্যে অগ্র পশ্চাৎক্রমে কতকগুলি প্রারক নিব্দ্ধ হয়, ও কতকগুলি সঞ্চিত থাকে। ঐ সঞ্চিত কর্ম্ম

<sup>\*</sup> নমুর ১২ অধায় হইতে ৯ম শ্লোক।

পর-জন্মকালীন প্রারন্ধ নিবন্ধ হুইতে পাকে। এবং ঐ পর-জন্মে যত-প্রকার বাসনা কবে, তাহা স্ঞিত হইয়া থাকে। মনের অসংখ্য বাসনা প্রযুক্ত শীঘ্র কর্মান্থত্রের ক্ষয় হয় না। তবে এ বিষয়ের উপায় চতুর্থভাগে নির্ণয় कता यारेटवक। वाखिविक मनरे ममूनांत्र जनर्थत्र मृतः, এरे मन रहेटल সকল শুভাশুভ বটনা হয়। অতএব পুরুষকার হইতেই প্রারন্ধের উৎপত্তি ভয়। এবং কাল তাহার সহকারি-কাবণ হইয়া থাকে। কেননা পুরুষ रगकारल कर्ष करत, शूनतात्र रमटे कारलटे रमटे कर्स्यत (ভाগ द्य; এবং বেঁকালে কর্ম্মের ফলভোগ হইবার নিয়ম থাকে, সেই কালেই কর্ম্মফল প্রাপ্তি হয়। ষদ্যপি পুরুষকার হইতে প্রারন্ধ উৎপত্তি হয় বটে, কিন্তু প্রারন্ধ ভোগ বাতীত ক্ষম হয় না। বেমন কোষকার কীট অর্থাৎ গুটীপোকা হইতে সূত্র উৎপত্তি হয়, কিন্তু তাহাতে ঐ কীট আবদ্ধ হইয়া পড়ে; তদ্ৰূপ পুৰুষকার হইতে কর্মসূত্র উৎপন্ন হইয়া পুক্ষ তাহাতে আবদ্ধ হইয়া থাকে। পশ্চাৎ শুভাশুভ ফলভোগের নিমিত্ত পুক্ষের চেষ্টা আপনি ঘটনা হইয়া থাকে: তথন পুৰুষ তাহা নিবারণ করিতে পারে না। কর্মজন্য প্রারন্ধ এতই প্রবল যে. স্বাভাৰিক প্রারন্ধকে অতিক্রম করে। কেননা ঈশ্বরের নিয়মামুদারে ষাহার যত প্রকার অঙ্গ প্রত্যঙ্গ হইবার নিয়ম আছে, তাহা কর্ম জন্য বিপ-রীত হইতে দেখা যায়; যণা অন্ধ, বধির, হীনাঙ্গ, অধিকাঙ্গ, প্রভৃতি দেখা যায়। ইহার কারণ পূর্ব্ব পূর্ব্ব জন্মের কর্ম্মের ফল জন্য ঐরপ ঘটনা হইয়া থাকে: ইহাই ঈশ্বরের নিয়ম, ও শাস্ত্রকাবেরা তাহাই বলিয়াছেন। ভ্যোতি শাস্ত্রে যে, তমু, ধন, সহোদর, বন্ধু, পুত্র, রিপু, জায়া, মৃত্যু, ধর্মু, কর্ম, আয়, ব্যয়, এই দাদশ বিষয়ে প্রারদ্ধ পরিচালন হয় বলিয়াছেন, ঐ প্রারন্ধ হুঁই প্রকার; অর্থাৎ দৃঢ় যাহা থণ্ডন হয় না, এবং অদৃঢ় যাহা থণ্ডন इयु. अर्थाए नियमाधीन घटेन। इयु । जनात्मा पृष् शावस अल, शावरस्व প্রাধানা; ও অদৃঢ় প্রারব্ধ হলে পুরুষকারের প্রাধানা; কাল এই উভয়ের সহকারি কারণ। কেননা কাল উপস্থিত না হইলে প্রারক্ষের ঘটনা হয় না; ও পুরুষকারের চেষ্টা বিফল হয়। ঈশবের এইরূপ নিয়ম যে শুভাশুভ क्लावर, कर्मकालीन, अनुष्ठे ও পুরুষকারের চেষ্টা, এবং কাল, এই তিন এক বোগ হয়। তবে পুরুষকারের চেষ্টা তিন প্রকার; যথা সুতঃ ইচছা, ও

অনিচ্ছা প্রেচ্ছা ক্রমে ঐ চেষ্টা হয়। যেস্তলে প্রত্যক্ষ-ফল-জনক কর্ম হই-বার দৃঢ় প্রারব্ধ আছে, সেম্থনে প্রারব্ধের বলবত্ত প্রযুক্ত পুরুষকাবের চেষ্টা আপনিই হইয়া থাকে; এবং নিয়মিতকালেই অদুষ্টবশতঃ ঐ চেষ্টা इस । जाहात जैनाहरन वहे (य, संश्रुतन शुन्न जन्नाहिनांत मृत श्रातक जाएं), তৎকালীন স্ত্রীব রজো যোগ উপস্থিত হয়; এবং ইচ্ছাবশতঃ স্ত্রী পুক্ষের भिलन इस ; खी निकटि ना शांकित्लंख (कान ना क्लान घटनांधीन निकटि উপস্থিত হয়। এসলে শ্বীর অপটুতা থাকিলেও অনিচ্ছাৰশতঃ মিলন ১ইনা থাকে। এবং কোনব্যক্তি পথিমধ্যে গমন করিতেছে, ভাববছন করিতে তাহার ইচ্ছা নাই, কিন্তু রাজপুক্ষ কর্তুক ভারবহন করায়; এন্তলে তাহাব অনিচ্ছা থাকিলেও পরেচ্ছাবশতঃ ভার বহন করিতে হয়। কোন বালক তাহার ইচ্ছা বা অনিচ্ছা না থাকিলেও তাহাকে রাজার দত্তক পুরুক্পে গ্রহণ করতঃ রাজপদে অভিষিক্ত করা যার; এ স্থলে কেবল প্রেচ্ছাবশতঃ ঘটনা হইয়া থাকে। কোন ব্যক্তির ব্জাঘাতে অথবা প্রাসাদ ভগ্ন হইয়া মন্তকে পতিত হওয়ার মৃত্যু হয়; এন্থলে স্বতঃ ইচ্ছা অথবা পরেচ্ছা না থাকায় অনিচ্চাবশতঃ মৃত্যু ঘটনা হয়। এই সকল স্থলে দৃঢ় প্ৰাৰ্কেৰ ফল প্রাপ্তি হইয়া থাকে। আর যে কার্য্যে কোন ফললাভ হইবেক না বলিয়া দৃঢ় প্রারন্ধ থাকে, ভাষাতে পুরুষকারের সমাক চেষ্টা, ও সহকারী কাল তাহার অমুকুল হইলেও ফলপ্রাপ্তি হয় না। তাহাব উদাহরণ এই বে, কোন ব্যক্তিব পুল্ল জনাইবে না বলিয়া দুঢ় প্রাবন্ধ থাকে; দেহলে স্বীৰ ঋত-কাল-সহকারে পুরুষকারের যথোচিত চেষ্টা, এবং নানা প্রকাব উর্বি প্রদান করিলেও কথনই সন্তান হয় না। আবও পুক্ষকারের চেটায় ধালাদি বোপন, অথবা বপন করে, কালেতে বুষ্টি হইয়া শস্ত উৎপন্ন ও পরিপক ১য়, কিন্তু ছুবদুষ্টবশত বস্তার জলে নিমগ্ন হইয়া কিছুই প্রাপ্ত হয় না। আর কোন অনিবার্যা ঘটনা বিষয়ে দৃঢ় প্রারন্ধের কাল উপস্থিত হয়; সেহুলে পুক্ষ-কারের চেষ্টায় নিবাবণ হইতে পাবে না; এবং চেষ্টাও ঘটে না। যথা কোন বাক্তির পীড়া উপস্থিত হইরাছে তাহাতে তাহার মৃত্যু হইবেক, এইরূপ দৃঢ় প্রারন্ধ আছে; এস্থলে উপযুক্ত চিকিৎসাদারাও রক্ষা পার্না; হয়ত উপ-যুক্ত বৈদা, ছুথবা ওবধ পাওয়া নায় না। এবং উত্তম বৈদা, ও ব্যাধি কি

তাহা নির্ণয় করিতে পারে না, অথবা চিকিৎসার ইচ্ছাও থাকে না, কিয়া অনিচ্চাতে ঔষধ থায় না, এবং পবেব ইচ্ছাও গুনে না; অত এব দৃঢ় প্রার-কোর ভূলে পুরুষকাবের চেষ্টার অপেক্ষা থাকে না; এবং চেষ্টা থাকিলেও অভিমত ফলপ্রাপ্ত হওরা যায় না। আর অদ্ত, অর্থাৎ নিয়মাধীন প্রথনীয় প্রাবন্ধের স্থলে পুরুষকারের চেষ্টার প্রয়োজন; তাহা চেষ্টা ব্যতীত হয় না। কেননা প্রারম্বে এইরূপ থাকে যে, যদি কোন কর্ম্ম করে তবে ফল প্রাপ্ত **इहेरवक। नजुरा कर्या ना कतिला कल्याल्डि इहेरवक ना। यथा व्यातरक्र** এইব্রাপ থাকে বে, অধ্যয়ন করিলে বিদান হইবেক, এই স্থলে অধ্যয়নের নিতান্ত প্রয়োজন, তাহা পুরুষের নিজের ইচ্ছা বশ্তই হটক অথবা তাহার নিজের অনিচ্ছা থাকিলেও পরেচ্ছা অর্থাৎ পিতা মাতা ও গুরু ইত্যাদির ইচ্ছাপুর্বক অধ্যয়ন হইতে পারে। কেহ কেহ বলেন যে, অনিচ্ছাপূর্বক যে घटेना इस किया भरत्रकाळ्या त्र घटेना इस, এवः हेक्का ७ भरत्रकाळ्या त्य কম্মসিদি না হয় তাহাই দৃঢ প্রারদ্ধ বলিয়া নির্ণয় করা যায়। আর যেস্থলে স্ব ইচ্ছাপুর্বেক কার্য্য করিয়া ফল প্রাপ্তি হয়, সেন্থলে নিয়মাধীন প্রারব্ধ ধাকা নির্ণ ধ কবা বাইতে পারে। यদি বল যে, প্রারদ্ধ তুই প্রকার হইবার কারণ কি? ভাহাতে বক্তব্য এই যে, যে সকল কর্ম হইতে অদৃষ্ট জন্মিয়া প্রারন্ধ নিবদ্ধ হয়, তাহার তাবতমা অনুসারে প্রারক্ত প্রকার হইতে পারে। তাহার উদাহরণ এই যে, দ্রব্যাপহারক দস্ম্য চুরি করণকালে স্ত্রীলোকের নাদিকাভরণ চাহিয়া লয়, অথবা কখন নাদিকা ছিল করিয়া লয়; ইহা উভয় কর্মাই পাপকার্য্য বটে, কিন্তু কম্মগতিকের ফলাত্মসারে দৃঢ় বা অদৃঢ় প্রারম হইয়া থাকে। কামাতুর ব্যক্তি স্বদার অপ্রাপ্তে বেখাুসক্ত হয়; এবং নিজ্পত্নী সাক্ষাৎ থাকিতে তাহাকে অবজ্ঞা পূৰ্ব্বক বেখাসক্ত হয়, এই উভয়ের পাপের তারতমা অবশ্রষ্ট হইতে পারে। অত্যন্ত ক্ষুধিত ব্যক্তি কে অন্ন প্রদান, ও দরিদ্রকে দান; এবং অক্ষ্রিত ব্যক্তিকে অন্ন প্রদান, এবং ধনীকে দান, এই উভয়ের পুণ্যের তারতম্য অনুসারে ফলের তারতম্য হইতে পরে। এই সকল কারণে ছই প্রকার প্রারদ্ধ হইয়া থাকে। এই ছুই প্রকার প্রারক্ধ অনুসারেই লোকে ফল প্রাপ্ত হয়। यদি বলা যায় যে, দৃচ প্রারন্ধের ফল পুরুষ-কারের চেষ্টা ব্যতীতও প্রাপ্ত হওয়া মায়' তবে'পুরুষ- 885

কারের চেষ্টার প্রয়োজন কি? তাহাতে বক্তব্য এই যে, প্রারব্ধ দৃঢ়, কি নিয়মাধীন, তাহা অগ্রে জানিতে পারা যায় না; এবং প্রারক্ত অদুশু বস্তু विधाय मश्माती लाक्तित शूक्षकात महकारत मकन ७७ कर्त्यत एहा ও উদ্যোগ করা কর্ত্তব্য। কেন না উদ্যোগী পুরুষ লক্ষ্মী লাভ করে; ইহা যুক্তি যুক্ত ও মহু এবং যোগ-বাশিষ্ঠ গ্রন্থে তাহাই বলিয়াছেন। বিশেষতঃ পুক্ষ-কার হইতেই অদৃষ্ট জিমিয়াছে, এজন্ম পুরুষকার শ্রেষ্ঠ বলিতে হয়। তবে উপযুক্ত চেষ্টা করিয়াও যদি শুভ ফল প্রাপ্ত না হয়, তবে জানা গেল যে, দুঢ় প্রারন্ধ বশতঃ ঘটনা হইল না; ইহাতে পুরুষের কোন দোষ নাই। এবং বিনা চেষ্টায় শুভ বা অশুভ ফল প্রাপ্ত হইলেও, এ রূপ দৃঢ় প্রারন্ধ অনুভক করা যাইতে পারে। তাহা কচিত ঘটনা হয়, এজন্ত সমুদায় শুভ কর্ম সাব-ধান পূর্ব্বক পুরুষকার সহকারে যত্ন ও উদ্যোগ দারা করা উচিত। এবং অশুভ-কার্য্য সকল পরিত্যাগ করা কর্ত্তব্য। যথা পীড়াদি বিপদ উপস্থিত হইলে, ঔষধি দেবন ও শান্তি স্বস্তায়নাদি করা কর্ত্ব্য; কারণ ঈশ্বরের উপাসনা দারা নানা প্রকার বিপদ হইতে উদ্ধার হওয়া যায়। কেন না ঈশ্বরের আরাধনা দারা অশুভ বিনাশ হইয়া শুভ ফল ঘটনা হইয়া থাকে। চৌর্য্য ও পারদর্য্যদি কার্য্য কদাচ ইচ্ছা পূর্ব্বক করা কর্ত্তব্য নহে। পরস্ত <del>ঈশ্বরের আরাধনা দারা যে ফল প্রাপ্ত হওয়া যায়;</del> তাহা প্রারন্ধ দারা কোন কোন স্থলে প্রতিবন্ধক হয় না। পুরাণে আছে যে, মার্কণ্ডেয় ঋষির জন্ম কালীন ৭ম দিবস পরমায় নির্ণয় হইয়াছিল; কিন্তু ঈশ্বরের উপাসনা দারা বর প্রাপ্তি হইয়া সপ্ত কল্প পরমায়ু প্রাপ্ত হইয়।ছিলেন। ইহার তাৎপর্যা এই যে, ঈশ্বর সকলের কর্ত্তা; ভক্তিপূর্ব্বক তাঁহার উপাসনা দ্বারা নিয়মিত ক্রপে নৈমিত্তক অথবা কামা কর্ম করিলে, তাঁহার তুষ্টি জানিতে পারে; काशांक चलुक विनाम ९ एक कन थाथि शहेरक भारत। यनि वन त्य. অনেক সময় দেখা যায় যে দৈব কর্ম্ম অর্থাৎ ঈশ্বরের উপাসনা রূপ শাস্তি श्वखाग्रन विकल इत्र ? ইহার কারণ এই বে দৈব কর্ম নিয়মিত রূপে হয় না; অর্থাৎ কর্ত্তার শ্রদ্ধা ও উপযুক্ত দ্রব্য ও পুরোহিত এবং মন্ত্রের অভাব বশতঃ ফল প্রাপ্ত হওয়া যায় না। এই বিষয় শাস্ত্রকারেরা বলেন যে, কাম্য ও নৈমিত্তিক কুর্মের অঙ্গ ভঙ্গ হইলে ফল প্রাপ্ত হয় না; এবং মন্দ কর্ম্ম করিবার

অভিসন্ধি পূর্বক কু-কর্ম করিয়া বিপদাপর হইলে, তাহাতে তুই একবার ঈশ্বকে ডাকিলেও উদ্ধার হওয়ার সম্ভব নাই। কারণ তাহা হইলে পাপ কর্মের শান্তি হয় না। তবে অকস্বাৎ প্রয়োজন অথবা অনবধানতা বশতঃ বিপদাপন্ন হইলে ঈশবের স্মরণাপন্ন হইয়া একান্ত ভক্তিপূর্বক উপাদনা कतित्व व्यवश्रहे ए छ इंटेर्ड शाद्ध ; छाहात मत्मह नाहे। यिन वन रय, रा স্থানে নিয়মাধান প্রারক্ষ থাকে সেই স্থালে ঐ রূপ ঈশ্বরের উপাসনায় ফল প্রাপ্ত হওয়া যায়; কিন্তু দৃঢ় প্রারব্বের স্থলে ঘটে না? তাহাতে বক্তব্য এই যে, প্রাবন্ধ দৃঢ় কি নিয়মাধীন তাহা অগ্রে জানা যায় না; এই জন্ম উপাসনা আবশুক, তাহা উপযুক্ত রূপে দাধন করিয়া ফল না পাইলে ঐ রূপ অনুভব হইবেক। পরস্ত ঈশবের উপাসনা যাহা মনেতে করা যাইতে পারে, তাহা অন্ত কাৰ্য্যে ব্যাপৃত থাকা-ৰূপ যে প্ৰাবন্ধ তাহাতে প্ৰতিবন্ধক হয় না। কেননা কারাবদ্ধ ব্যক্তি মনে মনে ঈশ্বর চিন্তা করিতে পারে; যদ্যপি তাহাতে দৃষ্ট ফল কিছুই না হয়, তথাপি জন্মান্তরে ফল প্রাপ্ত হইবেক; এবং প্রতিবন্ধ প্রাণর না থাকিলে ইহ জন্মেই মুক্তি লাভ করিতে পারে। অতএব যে ব্যক্তি, যে প্রকাব অবস্থায় থাকুক না কেন, সকল সময়ে ঈশ্বর চিন্তা করা কর্ত্তব্য। ইহা পুক্ষকারের প্রধান কার্য্য। এই কার্য্যদারা ঋষিরা যোগ সিদ্ধি করিয়া আকাশগামিত্ব লাভ ও দেবতার ভাষ পূজা হইয়া ছিলেন। অতএব ঈশ্বর উপাসনায় দৃষ্ট ফল হউক বা না হউক, পর-জন্মে শুভ ফল হইবেক, তাহার সন্দেহ নাই। কেননা দৃষ্ট-ফল-জনক কর্ম অদৃষ্ট সাপেক্ষ হইলেও অদৃষ্ট-कन-जनक-कर्म अमृष्टित जनक वाहे, अथीर ता कर्म कतिया त्नाटक कन श्रीक्ष হয়, তাহা দৃঢ় অথবা অদৃঢ় প্রারন্ধ জন্তুই হয়; আর যে কর্ম করিয়া অবা-ন্তব ফল প্রাপ্ত না হয়; তাহা ভবিষাত ফলাবহ হইবেক। কোন ব্যক্তি পাপ-কার্যা করিয়াও হুথ ভোগ করে; ও কেহ পুণ্য-কর্মা করিয়াও ছঃখ ভোগ করে। ইহাতে পাপের ও পুণাের ভোগ ইহ-কালে না হইলেও পর-জন্মে হইবেক; তবে ইহ-ক্ষমে পাপ করিয়া ফল না পাওয়ার কারণ এই যে, যে সময়ে প্রারন্ধ বশতঃ পুণ্যের ভোগ ছইতেছে, তৎ সময়ে পাপের ভোগ হইতে পারে না; ও পাপের ভোগের সময় পুণ্যের ভোগ হয় না; তবে অতি উৎকট পাপ, অথবা পুণোর ভোগ ইহ জনেই হইয়া থাকে।

তাহা পূর্ব-জন্মে উদ্যোগ ইইয়া ছিল, কেবল কর্ম ক্কৃত ইইয়াই ফল প্রদান করার প্রারন্ধ থাকার ঐ রূপ ফল প্রাপ্তি ইইয়া থাকে। ঈশ্বর, নব-গ্রহ-রূপ ধারণ করিয়া জগতের শুভাশুভ ফল অদৃষ্টারুদারে প্রদান করিয়া থাকেন।\* ইহা জ্যোভিষ শাস্ত্র-দারা জানা যাইতে পারে। ঈশ্বরের নিয়ম কেহ লজ্বন করিতে পারে না। তবে খগুনীর প্রারন্ধ পুরুষকারের চেষ্টা-দারা খণ্ডন হয়, কিন্তু তাহার উপায় না করিলে হয় না। আর দৃঢ় প্রারন্ধ ভোগ করিলেই ক্ষন্ম হয় + ইহা বিবেচনা পূর্বেক ধৈন্যাবলম্বন করিয়া সতত পুরুষকার সহকারে শুভ চেষ্টা করাই সাংসারিক লোকের কর্ত্বরা। এবং উলাসীনদিগের দৃঢ় প্রারন্ধ ভোগ ব্যতীত সাংসারিক লোকের কর্ত্বরা। এবং উলাসীনদিগের দৃঢ় প্রারন্ধ ভোগ ব্যতীত সাংসারিক শুভ চেষ্টায় পুরুষকার পরিচালন না করিয়া কেবল ঈশ্বর চিস্তায় নিময় হওয়া কর্ত্বরা। এক্ষণে বিবেচনা করা যাউক যে, যে ধর্মাধর্ম্ম দ্বারা অদৃষ্ট জন্মিয়া লোকে স্থ হঃথ ভোগ করে; সেই ধর্মাধর্ম্ম কি ? তিদ্বিরের নীমাংসা করা আবশ্রক ইত্তেছে।

#### সপ্তম অধ্যায়।

#### धर्माधर्म निर्वय ।

জনস্ত শক্তিমান্ পরমেশ্বর জনস্ত প্রকার মনুষ্য ও জনস্ত প্রকার দেশ সকল স্ষ্টি করতঃ ঐ মনুষ্যাদির ধর্মাধর্ম স্থাষ্টি করিয়াছেন। অর্থাৎ যে কার্য্যে ধর্ম ও যে কার্য্যে অধর্ম হয় তাহার নিয়ম করিয়াছেন। ধর্ম শব্দের অর্থ ধারণ হয়। তাৎপর্য্য এই যে, জগৎ স্থিতি, অর্থাৎ রক্ষা ও পালন হইবার জন্ম ধর্ম-কর্ম, ও তদিরীতাচরণে অধর্ম কর্মের নিয়ম নির্ধারিত

<sup>\*</sup> গ্রহ গণ অদৃষ্টের ফল প্রকাশক ও ফল প্রদানের সহকারী কারণ বলিয়া গ্রহ গণ ফল দেন বলা যায়।

<sup>†</sup> ভগবলগীতা। এীধর-স্বামীর টিপ্সনী।

হইয়াছে। এবং ঈশ্বর, ধর্মাচরণে ত্রথ ও অধর্মাচরণে ত্রংথ প্রাপ্ত হইবার নিয়ম করিয়াছেন। ঈশ্বর দেশ ভেদে, ব্যক্তি ভেদে, ও সাধারণ-রূপে ও বর্ণ-ভেদে এবং আশ্রম-ভেদে নানা-প্রকার ধর্মাধর্মের নিয়ম করিয়া তাহার কোন কার্যা ধর্ম, ও কোন কার্যা অধর্ম; ইহা জানিবার জন্ত নানা-দেশে নানা প্রকার ধর্ম শাস্ত্র প্রচার করাইয়াছেন। তাহা এইরূপ প্রকার প্রচলিত হইয়াছে যে, পরম্পরাগত কার্যা দর্শনে কি কার্যা ধর্ম ও কি কার্যা অধর্ম, এবং তাহা স্ব স্থ দেশে কিপ্রকার আচরণ করিতে হয়, তদ্বিষয় প্রায় অনৈকেই সহজ বিবেচনা করিয়াছেন। কিন্তু আধুনিক স্থপণ্ডিত মহাশয়েরা কেহ কেহ বলেন যে, ধর্মা-ধর্ম শাস্ত্রমূলক নহে ; তাহা কেবল যুক্তিমূলক ; ও তাহা কতকগুলি লোক একত্র হইয়া যুক্তি অনুসারে যাহাকে ধর্ম ও याहारक व्यथन विवाहिन, जाहारे निर्स्वां (लारकता धर्माधर्म विवान मान করিয়া আসিতেছে; ইহা সঙ্গত নহে। কেননা প্রথম সৃষ্টিকর্ত্তা ধর্মা-ধর্ম্মের নিরূপক শাস্ত্র প্রচার না করিলে, এবং তাঁহার উপদেশ প্রাপ্ত না হইলে, কেবল যুক্তি-বারা ধর্মাধর্মের নিরূপণ হইতে পারিত না। কারণ যুক্তি দারা ধর্মাধর্ম নিরূপণ করিতে হইলে, তাহাতে অনেক তর্ক উপস্থিত হইতে পারে; যথা প্রচলিত কার্যা দৃষ্টে অমুমান হয় যে, উপকার ধর্মা, ও অপকার অধর্ম ; কিন্তু ইহাতে দেখা যায় যে, এক পক্ষের অপকার ব্যতীত অন্ত পক্ষের উপকার হয় না। যেমন এক জন দস্তা স্বীয় জীবিকা নির্বা-হের জন্ম একটি সাধু-লোকের ধন অপহরণ করে; তাহাতে এক ব্যক্তি দস্থার নিকট হইতে বল পূর্ব্বক ঐ ধন পুনরায় গ্রহণ করত: ঐ সাধ্যক প্রদান করে; স্থতরাং এক পক্ষের অপকার হওয়াতে, ঐ কার্য্য অন্ত-পক্ষের উপকার জনক হইলেও, তাহাকে ধর্ম বলা যায় নাঃ বরং অপকার-রূপ অধর্ম ঘটনা হইতে পারে। তজ্রপ সত্য কথা উপকার জনক; কিন্তু কোন হত্যাকারীর বিরুদ্ধে সভ্য সাক্ষ্য দিলে, তাহার প্রাণ দণ্ড রূপ অপকার .इ.स. : এ इतन मठा-कथा धर्म वना यात्र ना ; এवः मामान तात्र शानी वध ক্রিলে, রাজা তাহার প্রাণ কণ্ড করেন; এই উভয়ে হিংসাত্মক অপকার কার্য্য করাতে, রাজার অধর্ম হয় না; সামান্ত লোভকর অধর্ম হয়। অত-এই যুক্তি স্বারা ধর্মাধর্ম নির্ণয় করা যাইতে পারে না। যদি বলা যায় যে,

সমাজের লোকের স্থবিধা বিবেচনা করিয়া ধর্মাধর্ম নিরূপণ হইয়াছে ? তাহাও বলা যাইতে পারে না; কেননা অলায়াসে ও অল্ল-বায়ে, লোকে সহোদরা ভাগিনীকে বিবাহ করিতে পারিত। এবং স্ব সম্পর্কীয় বিধবা खीलारकत প্রতি আদক্তি হইলে লোকে অধর্ম-কার্য্য বলিয়া ঘোষণা করিত ना। यनि वन (य. वस्त्रव छेख्याध्य वित्वहना कविया धर्माधर्मा निकाशन হইয়াছে ? তাহা বলিতে পাব না ; কারণ এই যে, জন্তুব মধ্যে মনুষ্য শ্রেষ্ঠ ; এবং তাহাবা পায়সাদি নানা-প্রকার উত্তম দ্রব্য ভোজন করে; তাহাদিগের বিষ্ঠা মৃত্র অতি অপবিত্র। এবং গো-জাতিরা ন না-প্রকার অপবিত্র অধাৎ মহব্যের বিষ্ঠা পর্যান্ত ভোজন কবে, কিন্তু তাহাদিগের বিষ্ঠামূত্র পবিত্র এবং তাহা নানা প্রকার ধর্মকার্য্যে, বিশেষতঃ দৈব ও পিতৃ কার্য্যে নিতান্ত আবিশ্রক হয়। যদি বলা যায় যে, গো-জাতি পশু, তাহার সহিত মনুষ্যেব তুলনা হয় না ? কিন্তু শৃগাল প্রভৃতি অনেক পশু আছে তাহাদিগের বিষ্ঠাদি কেহ স্পর্শ করেন না কেন ? অতএব গোজাতির বিষ্ঠা মৃত্র যে শাস্ত্র-মূলক পবিত বস্তু, এবং ধর্ম-শাস্ত্র সকল যে ঈখরের নিয়মামুরপ, তাহার সন্দেহ नारे। यनि वल (य, धर्मभाख प्रकल देशदात नित्रमालूक्र नरह, जारा স্বেচ্ছাচারীর মতে প্রচার হইয়াছে? ইহাও সম্বত নহে; কেননা ধর্মশাস্ত্র সকল, স্বেজ্ছাচারীর মতে প্রচাব হইলে চুরি, প্রদাবগমন ও হিংসা, মিপ্যা বাক্য সকল ধর্ম বলিয়া ব্যাখ্যাত হইত। কারণ স্বেচ্ছাচারী লোক বলবান না হটলে তাহার কথা, লোকে গ্রাহ্য করার সম্ভব ছিল না? অগচ উপ-বোক্ত कार्या प्रकल श्विष्ठां होती ও वनवान लांक्ति इंट श्वविश क्रमक वरहे. স্থতরাং ঐ সকল বিষয় ধর্ম-কর্ম-রূপে নির্দিষ্ট হইতে পারিত; যাহা কোন (मर्में) धर्म कर्म तिन्या वावशाव नार्डे, अवः धर्म भाजवकाता । वतन नार्डे, वदः अथर्ष विनिष्ठ िकता इरेग्रोए। यनि वन (य, ताका मानतिव নিমিত্ত বলবান রাজার আজা ক্রমে ধর্ম-শাস্ত্র সকল প্রচাব চইযাছে, তাহা क्रेयरवर नियमाधीन नटह ? रकनमा वाषा-कर्जुक रव वावछा श्रावसन हयु, তদ্বাবা লোকের শুভাশুভ হইয়া থাকে; এবং রাজা যাহাকে ধর্ম বলেন, তাহাই ধর্ম, ও তিনি যাহাকে অধর্ম বলেন তাহাই অধর্ম। <sub>যে,</sub> তেতৃ লোকে বাছ, নিষম উল্লেখন করিয়া অধর্ম কর্ম কবিলে, বাজা তাহাকে গাস্তি

(मन। এবং রাজ নিয়ম পালন করিলে তাহাকে উৎকৃষ্ট পদ দিযা থাকেন: ইহাও সঙ্গত নতে; কেন না কতকগুলিন দৃষ্ট ফল বাজা কর্তৃক প্রাপ্ত হওয়া দেখা যায়; অর্থাৎ রাজ-নিয়ম পালন বা উন্নজ্জনে লোকের শুভা-শুভ হয় বটে; কিন্তু অদৃষ্ট ফল যে, রোগ শোকাদি, তাহা রাজনিয়মে হয় না। এবং রাজার নিয়নাতুসারে লোকের যে স্থপ তঃথাদি প্রাপ্ত হয়: তাহাও পূর্ব-জন্মের কৃত ধর্মাধর্মের ফলে হইয়া থাকে; তাহাও পুর্বে মীমাংসা করা হইরাছে। অতএব রাজার বাবস্থা সকল ধর্মাধর্মের নিয়ামক নহে: তাহা কেবল লোকেব পূর্ব-জন্ম-ক্লত ধর্মাধর্মের ফল ভোগের নিয়!-মক বটে; বেহেতু রাজা ও রাজনিয়ম সকল, ঈশ্বরের নিয়ম অনুসারে হই-য়াছে; কারণ প্রথমে ঈশ্বর স্ষ্টি-কার্য্যের জ্বন্তে রাজা, রাজ নিয়ম, এবং ধর্মাধর্ম, ও ধর্ম শাস্ত্র সকল সৃষ্টি ও প্রকাশ করিয়াছেন। তদমুসারে লোকে ইচ্ছা পূর্ব্যক ধর্মাধর্ম আচরণ করায়, তাহার ফল সকল ইহ-কালে ও প্রকালে ভোগ করতঃ অদৃষ্ট বশতঃ পুনঃ পুনঃ দেহ ধারণ করিয়া, ঐ কর্ম ফল স্বরূপ শান্তি অথবা শান্তি রাজা কর্ত্তক প্রাপ্ত হয়; এবং রাজা কৰ্ত্তক সৰ্বাদা লোক রক্ষা হয়। ও সময়ে সময়ে রাজবাবস্থা দ্বারা জগতের লোকের বাবহারের পরিবর্ত্তন হইতে থাকে। ইহা সকল সহকারি কারণ, এবং ঈশরের নিয়ম, মূল কারণ। তাৎপর্যা এই যে, ঈশর স্পষ্টির আদিতে যে নিয়ম এক কালীন করিয়াছেন, তদুস্পারে দেবতা মহুষ্য এবং পশু পক্ষী প্রভৃতি, যে প্রকার কর্মাচবণে যাহা ঘটনা হইবেক; এবং যে সময়ে যে রাজা হইবেক, ও যে বিধি যে সময়ে চলিবেক, ও ধর্মাধর্মের পরিবর্ত্তন ইত্যাদি ভবিষ্যত ব্যাপার সকল নিয়ম হইয়া, তাহার কার্য্য সকল স্বয়ং নানা প্রকার মূর্ত্তি ধারণাদি করিয়া প্রচার করিতেছেন। এবং কতক জ্ঞালন ব্যাপার অভীত হইয়াছে; এতাবতায় ভত ভবিষ্যুৎ বর্ত্তমান সকল বাপোরেব কর্তাই ঈশ্বব; ইহা শাস্ত্র দারা বিশেষ রূপে জানাইতেছে; অতএব এই সকল কারণে ধর্মাধর্ম শাস্ত্র নির্দিষ্ট বিষয় ভিন্ন আর কিছুই বলা যাইতে পারে না। তাৎপর্যা এই সে, শাস্ত্রের লিখিত কর্ত্তবা বিধির লজ্মন, ও নিষ্কেধ বিধির আচরণই এবং कर्डवा विधित जाहत्रन, उ निरुष विधित आहंद्रनहे- ধর্ম '\* এবং কতক-শুলিন কর্ম করণের বিহিত বিধি, অথবা নিষেধ বিধি না থাকায়, তাহাতে ধর্মাধর্মই নাই। ইহা প্রায় ব্যবহারিক কার্য্যের অন্তর্গত স্বাভাবিক কার্য্য বলিয়া পরিগণিত হয়। এবং তাহার মধ্যে কতক শুলিন কার্য্যকে শাস্ত্র কারেরা পর্যাদস্ত বলিয়া নির্দিষ্ট করিয়াছেন। অর্থাৎ যে কার্য্যের দৃষ্ট ফল আছে, তাহাকে ব্যবহারিক এবং যে কার্য্যের দৃষ্ট ফল নাই, তাহাকে পর্যাদস্ত বলে। অতএব শাস্ত্র বিধি দারা ধর্মাধর্ম নির্দিষ্ট হওয়াই সিদ্ধান্ত হইতেছে। এক্ষণে ঐ বিধি কত প্রকাব, এবং কি প্রকার কার্য্যকে কি বিধি বলা যায়, তাহা নির্ণয় কর, যাইতেছে।

# অফ্টম অধ্যায়।

#### কি কার্য্যে কি প্রকার বিধি নির্দিষ্ট হইয়াছে তাহা নির্ণয়।

অপ্রাপ্ত প্রাপকের নাম বিধি। তাহা ছই প্রকাব, প্রথমত: উৎপত্তি
বিধি, অর্থাৎ পিতৃ-শ্রাদ্ধ, দেব-পূজা, যাগ যজ্ঞ, ও ঈশ্বরের উপাদনা এবং
দশবিধ সংস্কার প্রভৃতি যাহা কর্ত্তব্য বলিয়া নির্দিষ্ট স্ইয়াছে। দ্বিতীয়ত: বাগ
প্রাপ্তির উপায় বিধি, অর্থাৎ সাংসারিক দৃষ্ট বস্তর পান ভোজন ও জীনক্ষ
প্রভৃতির ব্যবহাবের নিয়ম নির্দিষ্ট যাহা হইয়াছে তাহা। এই ছই প্রকার
বিধি চারি শ্রেণিতে বিভক্ত, নিয়ম, পরিসংখ্যা, নিষেধ, পর্যাদা্দ; তল্মধ্যে
নিয়ম-বিধি, যাহা, নিশ্চয় করিতে হইবেক; তাহা না করিলে পাপ জন্ম।
যথা সন্ধ্যা-বন্দনাদি নিতা ক্রিয়া, এবং ঋতু-কালে স্ত্রীসক্ষ ইত্যাদি। এবং

কেছ ৰলেন যে, নিষেধ বিধির আচবণ নাকরিলেই ধর্ম হয় না, কিন্ত রাগ নিনৃত হেতু
 অবশাই ধর্ম বলা বায়।

<sup>†</sup> কেহ বলেন কোন কোন হলে নিয়ম বিধি প্রতিপালন না করিলে পাপ হয় না, কেবল প্রতিপালনে পুণা হয় যথা। তাতুদি তীয়ায় ভগিনীর হল্তে ভোজন ও শবাহগমনে মৃত ভোজন ইহা না করিলে পাপ হয় না ইহা সার্ভ ভটাচার্য্যের সিন্ধান্ত, কিন্তু এই হুই স্থল ব্যতী গুসর্ক্ত এই নিয়ম অ্থালনে পাপ জ্যো।

নৈমিত্তিক পিতৃ-শ্রাদ্ধ ও পুত্রের উপনয়নাদি সংস্কার। পরিসংখ্যা-বিধি, ইহা স্বেচ্ছা পূৰ্ব্বক প্ৰতিপালন বটে, কিন্তু তৎসদৃশ কৰ্ম্মের নিষেধ। যথা ঋতুকাল ভিন্ন স্থদারে উপগত হওয়া ইহা স্থেছা বশত হয়, না করিলে পাপ নাই; কিন্তু প্রদার গমন নিষেধ ইহা-দারা হইয়াছে। প্রায়শ্চিত্ত-কারী-ব্যক্তি যদি ভোজন করে তবে সায়ংকালে দ্বাবিংশতি গ্রাস ভোজন করিবেক। ইহা দ্বারা অধিক ভোজন নিষেধ হইল; কিন্তু উপবাস করিয়া থাকিলে অর্থাং দাবিংশতি গ্রাস ভোজন না করিলেও ব্রত ভঙ্গ হয় না। নিষেধ विधि, हिश्मा, दिय, व्यानी-वध, कोर्या शतनातामि शमन, षालका लकन उ অপের পান প্রভৃতি নিষেধ হইয়াছে; ইহা করিলে পাপ হয়। এই নিষেধ বিধি ছই প্রকার অর্থাৎ যে বিষয়ে পাপ হওয়া উল্লেখে নিষেধ হইয়াছে তাহাকে নিন্দিত বিধি বলা যায়। \* স্থার কেবল নিষেধ মাত্র হইয়াছে তাহা আচরণ করিলে পাপ অথবা পুণ্য কিছুই হয় না। যেমন গ্রহণ ভিন্ন সময়ে, রাত্রিতে প্রাদ্ধ করা নিষেধ হইয়াছে, ঐ প্রাদ্ধ করিলে পাপ পুণ্য কিছুই হয় না; ইহাকে পর্যাদাস বিধি পণ্ডিতেরা বলেন। কিন্ত কেহ কেহ বলেন যে যথন শাস্ত্রে নিষেধ হইয়াছে, তথন ঐ বিধি অমান্ত করিয়া অনুর্থক অর্থ-নাশ, এবং শারীরিক কট্ট করিলে অবশুই পাপ জলো। তবে যে কার্য্যে निरंघ प्रथवा विधि नारे जाशांक পर्यानांत्र वना वारे जिला है हो প্রাত্যহিক দাংদারিক পমন ভোজন স্থিতি ও উপবাদাদি। বিধি শ্রুতি भनक; ইহার অন্তর্গত কার্য্য সকল আচরণে ধর্মাধর্ম হইতে থাকে। ষ্ঠাতএব ধর্মা শাস্ত্রে লিখিত বিধি দারা ধর্মাধর্মা জানা যাইতে পারে। তাহার কি কার্য্যে কি প্রকার ধর্ম অথবা অধর্ম হয় তৎ সমুদায় লেখা যাইতে পারে না; তাহা শাস্ত্র দুষ্টে নির্ণয় করা যাইতে পারে। কেন না প্রমেশ্বর নানা-প্রকার দেশ ও নানা-প্রকার বর্ণ এবং নানা প্রকার আশ্রম ও নানা প্রকার দ্রব্য ও কর্ম্ম সকল সৃষ্টি করিয়াছেন। তাহাতে ধর্মাধর্ম ও নানা-প্রকার সৃষ্টি করা অভিপ্রেত বোধ হয়; অতএব তৎদমুদায় নির্ণয় করা স্কঠিন। তবে কতকগুলি নিয়ম যদ্ধারা ধর্মাধর্ম নির্ণয় হইতে পারে তাহা

ভিথি বিশেষে নিম্বা ঘটনা বিশেষে অথবা চিরকালের জন্য যে এব্য ভক্ষণ ও পান নিষেধ হইয়ছে তাহাও ইহার অস্তর্গত।

শাস্ত্র যুক্তি অনুসাবে প্রকাশ করা যাইতেছে। সতা-কথা, অহিংসা, এবং অচে হিল্ল অর্থাৎ অক্তায়-রূপে পর-ধন গ্রহণ না করা, দ্য়া, দান, পরোপকার জীরবৈর আরাধনা, ইহা সকল দেশেই ধর্ম বলিয়া মান্ত আছে। মিথ্যা-কথা অবৈধ হিংসা, চৌর্য্য, নুসংশতা, প্রবঞ্চনা, ও ঈশ্বরের নিন্দা, পরের অপকার, প্রদাৰ-গ্মন, ইত্যাদি কর্মকে স্কল দেশেই অধ্যম ৰলিয়া নির্দিষ্ট হইয়াছে। এই সকল ব্যাপার সমুদায় দেশের ধর্ম শাস্তে বিধি-বদ্ধ হওয়াই অনুভব হয়। মতুর ষষ্ঠ অধ্যায়ে ৯২ শ্লোকে আছে বে, ধৃতি (সন্তোষ) কঁমা, (অপকারীর প্রত্যপকার না করা) দম, (বিষয় সংসর্গে মনের অবিকার) অস্তেয়, (অস্থায়ে -প্রধন হরণ না করা) শোচ, (মৃত্তিকা ও জল দ্বারা শাস্ত্র সম্মত দেহ শোধন) ইন্দ্রি নিগ্রহ, (বিষয় হইতে ইন্দ্রিয়াকর্ষণ) ধী, (শাস্ত্র ভ্রান) বিদ্যা, (আত্ম জ্ঞান) সত্য (যথার্থ কথন) অক্রোধ (ক্রোধের কার্য্য ঘটনা হওয়া সত্তেও ক্রোধ না কর।) এই দশ-বিধ ধর্মের সাধারণ লক্ষণ। মহুর দ্বিতীয় অধ্যায়ের ৬ হইতে ১৫ পর্যান্ত শোকে ধর্মের মূল নিয়ম সকল বেদ ও স্মৃতি হইতে প্রকাশ হওয়া ব্যক্ত হইয়াছে। হাবীত সংহিতা হইতে উদ্ধৃত শ্বতিশীল শব্দের তাৎপর্য্য। ব্রহ্মণ্যতা দেব-পিতৃ ভক্ততা-সোম্যতা অপ বোপ তাপিতা, (পরকে তাপ না দেওয়া) অনস্যতা, মৃত্তা, অপারুষ্য, মৈত্রতা, প্রিয়বাদির, কুতজ্ঞতা, দারল্য, কারুণা, প্রশান্তি, এই রূপ মনুতে নানা প্রকার ধর্মের মীমাংসা হইয়াছে। কিন্তু সকল প্রকার ধর্মের বিধি সকল দেশে ব্যবহৃত নাই। এবং দেশ ভেদে পান ভোজন ও বিবাহ এবং পিতৃশাদ্ধ ও দেব পূজা প্রভৃতি পৃথক্ পৃথক্ রূপে নির্দিষ্ট হই রাছে। ইহা সমস্তই ঈর্বরের নিরমানুসারে লোকের কর্ম ফল ভোগের নিমিত নির্দিষ্ট হইয়াছে; তবে কোন কোন অসভ্য-দেশে ধর্মাধর্মের ব্যবস্থা নাই, তাহারা কেবল পশুবৎ ব্যবহার করিয়া থাকে; তাহা কেবল তাহা দিগের কর্ম্ম ফল ভোগিবার নিমিত্ত সেই দেশে জন্ম-গ্রহণ করিয়াছে বলিতে হইবেক। নতুবা তাহাদিগের ঐ রূপ ঘটনা হইত না। যদ্যপি স্বস্ব কর্ম্মের ফলে লোকের স্বতন্ত্র ভাগা ও স্বতন্ত্র প্রবৃত্তি দেখা যায় বটে, কিন্তু কোন একটি কর্ম্মের এরপ ফল আছে যে, ঐ রপ কর্ম অনেক লোকে করাতে তাহারা সকলেই ধর্ম বিজিত্হইয়া এক দেশে জনাগ্রহণ করে ইহা অসম্ভাব্য নহে।

যত প্রকার অমভা মনুষা পাকুক না কেন, প্রায় সকলেই রাজ নিয়নেব বনী 🕫 হ ইরা থাকে। তবে বাজ-নিয়ম দেশ ভেদে নানা-প্রকাব হর বটে; ইহা সকলই ঈশ্র ইচ্ছা। বাহীত নহে। এক্ষণে রাহা ও রাজ নিয়ম কি ভাহা বিবেচনা করা যাউক।

#### নবম অধ্যায়।

#### রাজা ও রাজনিয়ম কি তাহা নির্ণয়।

প্রশ্মশ্ব এই জগ্ৎ সৃষ্টি ক্বতঃ ভাহার রক্ষার জন্ম রাজাকে সৃষ্টি ক্বি-য়াছেন। মনুৰ সপুম অধ্যায়েৰ ৩য় শ্লোক হইতে ১৪ চতুৰ্দশ শ্লোকে ৰলা **ত্ররাছে নে, অবাজক ত্রল প্রজারা বলবদ্ধরে ব্যাকুল হ্রবেক, অর্থা**ৎ দস্য ও বলবান লোক কর্তৃক ছর্কল বাক্তি পীড়িত হইবেক, ধর্মাধর্ম পরি-চালন হটবেক না, ইত্যাদি বিবেচনা পূর্বক ইন্দ্র, বায়ু, অগ্নি, বরুণ, চন্দ্র, কুৰেৰ এট অষ্ট লোক পালেৰ সাৰাংশ ছইতে ঈশ্বৰ ইচ্ছা পূৰ্ব্বক রাজার সৃষ্টি কবিয়াছেম। এবং আল্ল-তেজ হইতে বাজ দণ্ডের স্প্টিকরিয়া বাজাকে প্রদান করিয়াছেন। রাজা দেশ কাল ও লোকের শক্তি ও বিদ্যাদি বিবে-চনা পূর্দক ধর্মণাসাম্নারে ব্যবস্থা প্রণয়ন করিয়া লোকের শুভাশুভ ফ:৷ পোদান কবিবেন। ঈশ্ব, বাজাব সভের ধর্ম নিরপণ করিয়াছেনে∗। প্রথমভঃ মনু প্রভৃতি বাজা হইয়া ছিলেন; তাহাবা ঈশ্বর ইচ্ছা ক্রমে রাজ্পদে অভিষিক্ত হইবাব জ্ঞাস্ট হইয়া ছ্ঠ দমন শিষ্ঠ পালন করতঃ যথার্থ ধর্মা-মুসারে বাঞ্চ কাগা পর্যালোচনা করিয়া ছিলেন। তদনন্তর যে স্কল বাজা হইযাছেন, ভাঁচার। পুণা কর্মের ফলে রাজ পদে অভিষিক্ত হইয়া আদিদেছেন; এবং রাজার বাবস্থাসকল ঈশ্বরের নিয়মানুসারে যে হইয়া পাকে, তাখা পূর্দের নীমাংসিত হইবাছে। শাস্ত্রকারেরা বলেন যে, রাজাকে সাধারণ মনুষ্য জ্ঞান করা উচিত নহে। যে হেতু রাজা ঈশ্বরেব প্রেরক, এবং তাঁহাব প্রধান বিভৃতি অ°শ†। কেছ কেছ বুলেন যে, বাজা ঈশ-

<sup>\*</sup> মাণ । ৮ ম অধনায়ে দৃষ্ট কব। † নৰাণামাঞ্চনবাধিপ ,। ভানলগীতায়াং দশমোধায়ে।

রের কৃত নহে; উহা প্রজা-তম্ব অর্থাৎ প্রজারা একত্র হটয়া এক জনকে শাসন কার্য্যের জন্ম রাজপদে নিযুক্ত করিয়া দিয়াছেন। ইহা সঙ্গত নহে কেননা প্রজারা এক জনকে রাজা করিতে চাহিলে তাহার মধ্যে সমত্লা অনেক লোকেরই রাজা হইবার ইচ্ছা থাকায় কোন ক্রমে একমত হইতে পারিত না; এবং যদ্যপি একজন ব্যক্তি মনোনীত হইবার সম্ভব হয়; তথাচ সে মরিয়া গেলে অহা উপযুক্ত লোক থাকা সত্ত্বেও ঐ মৃত রাজার অমুপযুক্ত পুতাদি কদাচ রাজা হইত না; এবং মমুষ্য ক্লত শাসন প্রণালীও মান্ত হইত না। যদি বল যে, বলবান ব্যক্তি স্বীয় পরাক্রম প্রদর্শন করতঃ রাজপদে অভিষিক্ত হইতে পারে, তাহাও সম্ভব নহে। কেননা স্বাভাবিক মনুষা একপ বলবান হইতে পারে না যে, বছতর লোককে একাকী আক্রমণ কবিরা রাজা হইতে পারে। \* তবে কোন কোন স্থল দেখা যায়, এবং শুনা বায় যে, প্রজারা একত হইয়া এক জনকে রাজ-পদে নিযুক্ত করে: এবং কেহ কেহ বল পূর্বক রাজ-পদ প্রাপ্ত হয়। ইহার মূল কারণ, ঐ ব্যক্তির দৃঢ় প্রারন্ধ বশত: সে রাজা হইয়া থাকে। নতুবা কথনই ঐ রূপ ঘটনা হইতে পারে না; কেননা দকল লোকের মন যে এক ব্যক্তির প্রতি অনুরক্ত হওয়া ঈশ্বরের নিয়ম ব্যতীত কোন ক্রমেই হইতে পারে না। অত-এব রাজা যে প্রাণ দণ্ড, অথবা কারাবাদদণ্ড, কিম্বা অর্থ-দণ্ড কবেন, সে কেবল লোকের অদৃষ্টানুসারে হইয়া থাকে। কেননা তুরদৃষ্ট-প্রযুক্তই লোকে অপরাধের কার্যা করে, তাহাতে শান্তি প্রাপ্ত হয় নতুবা রাজা কথনই निज्ञ भाषि अमान करतन ना। यमि वन या, जाक-विहादत कथन কথন নিরপরাধীর শান্তি হইতে দেখা যায় ? তাহার কারণ পূর্ব্-জন্মের ক্বত কর্ম্মের ফল ভোগ রূপ শান্তি প্রাপ্তি হয়। কারণ কর্মের ফল নানা প্রকার, তাহা পূর্বে মীমাংসা করা হইয়াছে। আর যে প্রকার ঈশ্বরের নিয়মামূ-সারে গ্রন্থ নক্ষত্র মেঘ ও বৃষ্টি সকল এবং ঝটিকা প্রভৃতি-দাবা লোকের অদৃষ্ট ফল ভোগ হইয়া থাকে; তজ্ঞপ রাজা কর্তৃক ঐ রূপ নানা প্রকার ফল প্রদান হইয়া থাকে। রাজা যে বংশ সম্ভূত হউন না কেন, তিনি ঈশ্বের

<sup>॰</sup> প্রাংণ যে সকল বীরপুরুষের কথা লেখা আছে তাহারা সকলেই দৈব বং বলবান হইয়াছেন।

প্রেরক ব্যক্তি তাহার সন্দেহ নাই। যদি বলা যায় যে, প্রথমত ঈশ্বর কর্তৃক ক্ষত্রিয় এবং অঙ্ক্রবাণ রাজা হইয়া ছিল; এক্ষণে অন্ত জাতিরা রাজা হইবার কারণ কি? অত এব বর্ত্তনান রাজা ঈশ্বরের প্রেরক হইতে পারেন না? ইহা যুক্তিযুক্ত নহে। কেন না ক্ষত্রিয়ণ চিরকাল রাজা হইয়া আসিতে-ছেন, তবে কখন কখন সম্বরেরা রাজা হইত; তাহারা ক্ষত্রিয়-ধর্মাবলম্বী ছিল; কিন্তু বর্ত্তনান রাজা সকল ঐ ঐ বংশ সন্তুত বটে, তবে নানা দেশে বাস হওয়াতে তাঁহারা নানাধর্মাবলম্বী হইয়াছেন। অত এব কি কারণে পৃথিবীতে নানা জাতি ও নানা-ধর্মা প্রচার হইয়াছে, ভাহা নির্ণয় করা যাইতেছে।

#### দশ্ম অধ্যায়।

#### নানা প্রকার ধর্ম্মের কারণ নির্ণয়।

সমূব ১০ ম অধ্যায় দৃষ্টে জানা যায় যে, মহুষা-জাতির মধ্যে প্রথমতঃ চারি-বর্ণ নির্দিষ্ট হইমাছিল; অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র। ইহারা সকলেই সনাতন বৈদিক-ধর্ম আচরণ করিতেন: অর্থাৎ বেদে যে বর্ণের যে ধর্ম নির্দিষ্ট হইয়া ছিল, তাহাই আচরণ করিতেন। তদনস্তর এই চারি বর্ণ হইতে আর ছয়ট বর্ণ উৎপর হইয়াছে; যেহেতু পুরাকালে ক্রাহ্মণেরা, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্র; ও ক্ষত্রিয়েরা, ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্র; এবং বৈশ্যেরা বৈশ্য এবং শৃদ্র; ও শৃদ্রেরা কেবল শৃদ্র বর্ণের কন্তা বিবাহ করার প্রথা ছিল । তাহাতে সবর্ণা বিবাহিতা স্ত্রীর গর্ত্ত-জাত সন্ত্রান সবর্ণা অর্থাৎ নেই-সেই-বর্ণ হইয়া ছিল; এবং ব্রাহ্মণের বিবাহিতা ক্ষত্রিয়ার গর্ত্ত-জাত মৃদ্ধাভিষিক্ত; ও বৈশ্যার গর্ত্ত-জাত অম্বর্গ্ত, অর্থাৎ বৈদ্য; এবং শৃদ্রা গর্ত্ত জাত মাহিষ্য; শৃদ্র গর্ত্ত-জাত উত্রক্ষত্রিয়, এবং বৈশ্য হইতে বৃশ্যার গর্ত্তজাত সন্তা-বের নাম করণ। \* এই ছয়টি বর্ণ, অর্থবা জাতি হইয়া ছিল। ইহারা

<sup>•</sup> কবণকে কেহ কেহ কায়স্থ বলেন। বিস্ত কায়স্থই আদি শুদ্র তাহা ব্যবহার দৃষ্টেই জানাধ্যায়।

পিতৃসদৃশ বটে, কিন্তু মাতৃ দোষে, অর্থাৎ মাতা হীন বর্ণেব কন্থা প্রযুক্ত স্বৰ্গ তে সন্তান অপেক্ষা কিছু নিকৃষ্ট হওয়াতে ইহাদিগকে অপসাদ বলিয়া নিদ্দি করা হইরাছে। কিন্তু ইহারা মাতৃকুল হইতে উৎকৃষ্ট। এত্তির প্রতিলোমন্ত কতক-গুলিন জাতির উৎপত্তি হইয়াচে; অর্থাৎ বান্ধাণী-গর্ত্তে ক্ষত্রিশ-জাত সন্তানকে স্ত, ও বৈশ্য-জাতকে বৈদেহ, ও শূদ্জাতকে চণ্ডাল বলা যায়। এবং ক্ষত্রিয়া গর্ব্তে বৈশ্য-জাত সন্তানকে মাগধ. ও শ দ-कांट्रक काला, এवर देवशांव शर्द्ध मूच-कांच मलानरक आरंगांगव वला गांव, ইহাবা অপধ্বংসজ। ইহার মধ্যে চণ্ডাল অতি নিরুষ্ট, স্পূর্ণ যোগা নহে। কারণ অবম হইতে উত্তমাব গর্তুজাত সন্তান মাত্রেই অপক্রি; ত্রাধ্যে অতি অধম ও অতি উচ্চ জাতি হইতে বিলোম জাত সন্থান সৃতি নিকুঠ ভইনাছে। এবং অনুলোম বিলোম ক্রমে এক জাতি হইতে অন্ত ভাতিতে উৎপন্ন, অর্থাৎ যাহারা ব্যক্তিচার দোষে জন্ম গ্রহণ করে, ও যাহাবা অবি-च'ला जीत्क विवाह कवाटा जनाय, अवः गांशवा असम् गां गांत करन, ঢোহারা সকলেই বর্ণসঙ্কৰ জাতি ∗। ফলত ঐ সকল জাতি, যে জাতি হইতে উৎপন্ন হইয়াছে, এবং বাহার বে নাম ও কর্ম এবং ব্যবসায় ইহা সমদায় মুকুর ঐ দশম অধ্যায়ে লেখা আছে। তৎ সম্দায় বিথিতে চইলে এই প্তক অনেক বাছলা হইয়া উঠে। বাস্তবিক যত প্রকাব জাতির নাম निर्फिष्ठ च्टेग्राट्ड, ও यादात नाम निर्फिष्ठ दश नाटे, अथवा नाम जाना वास ना, তৎ সমুদার প্রায় হিন্দু নামে থ্যাত আছে; কিন্তু কি জন্ম হিন্দু নামে খ্যাত হইল তাহার বিষয় শাস্ত্রে কিছু নির্দিষ্ট দেপিতে পাই নাই। তবে বহু দিন হুইতে ঐ শব্দ প্রচলিত হুইতেছে। ফলিতার্থে ব্রাহ্মণাদি চাবি বর্ণ প্রথমতঃ ত্রহ্মাবর্ত্ত দেশে, অর্থাৎ সবস্বতী ও দুশদীতী নদ্ধৰ মধ্য তানে যে দেশ আছে, ষাহাকে দেব নিমাত দেশ বলা যায়, তথায় বাস করিতেন। কারণ এই দেশের আচরই সদাচাব চদনত্তর ঐ তানে লোক সংগা অনিক হইতে থাকায় কতক-গুলি ক্ষতিয় স্থানস্তরিত হইরা অফুর নিশ্মিক

<sup>\*</sup> শরু ২০ ম অধারি ২৪ লোক । † নরু ২ুজধারি ১৭ ও ১৮ লোক ।

মেজভুনিতে বাদকবিতে লাগিলেন; এবং কতক গুলি লোক উষ্ট্র, ও পৌগু ওঁড, দ্রাবিড়, কাল্বোজ, গবন, শক, পারদ, অপক্রব, চীন, কিবাল, দরদ, থস দেশে বাস কবিতে লাগিল। ভাহারা কেত কেত ইচ্চা পর্বক, এবং কেত কেত্ বাজাৰ অপ্ৰাপ্ত হইয়া বেদ বিহিত ক্ৰিয়া লোপ করতঃ স্বেচ্ছাচারী হইয়া ছিলেন।। তদনন্তৰ ঈশ্ব ইচ্ছা বশতঃ ঐ ঐ দেশেৰ মহাত্মা লোক দাবা তং তং দেশোপস্ক ধর্মাস প্রচাব ছইতে লাগিল। কিন্তু স্নাতন বেদ ্তিত ক্রিণা কাও কপে ধর্ম প্রচলিত হুটল না। এবং সুগুর রাজা ঐ সকল দেশেব লোকেব কেশ মণ্ডন ও খাল ধাবণাদি চিহ্ন করিয়া দিয়া-ছিলেন । অনন্তব ঐ ঐ দেশেব লোক যে যে দেশে বাস করিতে লাগিলেন, তথাৰ তাহাদিগেৰ ধৰ্ম শাস্ত চলিতে লাগিল। এই সময় বাহাৰা মনাত্র বেদ বিভিত ধর্ম মান্ত কবিয়া তদ্মুসাবে ক্রিয়া কলাপ করিতে লাগি: নন, তাহাবা হিন্দু নামে থাতে হইবা ছিলেন বলিবা অনুসান হয়। ইলা লবো নিদান ত্ইতেতে বে, আক্ষণাদি চাবি বৰ্ত আদি মহুষা জাতি তিল: তদনসূর পূর্বোক্ত কাবণ বশতং নানা প্রকাব জাতি ও নানা প্রকার ধন্ম হট্যাছে। কিন্ত বর্ণ-ধর্মাদি সকল বেদ ও শ্বতি হইতে নির্দিষ্ট হট্যার তাগা স্মত্র প্রান্তি না থাকার অন্ত দেশের ধর্মের স্থিত অনৈক্য দেখা ষাইতেছে। যদি বলা যায় যে, ভিন্ন দেশবাদীবা যে আদি ক্ষত্রিয জাতি ছিল, ইহাৰ অনুমান কি প্রকারে হইতে পারে? তাহাতে বক্তবা এই যে, শাদে ব্রাহ্ম বৈশ্য ও শুদ্র জাতিকে মৃত্র সভাবাপর, এবং ক্ষত্রিয় সকল রাজা ও রাজ বংশ সন্ত ত এবং সাধীন ও বীর্ণবান বলিয়া বাাথাা কবা হইয়াছে। তজ্জ্য ভিন্ন দেশবাদী মেচ্ছদিগকে প্রায় ঐ রূপ স্বাধীন ও বীর্যাবান দেখা যায: এবং এতদেশ বাদীদিগের মধ্যে ক্ষত্রিয় জাতি বাতীত অন্ত লোক সকলকে প্রায় মৃত্যুভাবাপর দেগা যায়; বিশেষত ভিন্ন দেশবাদীরা यक कार्ट्या, এदः श्रम्पानि वावन विषया, विलक्षन निश्रन जन्न जारानित्रात পূর্মপুক্ষ বাজা ও বাজবংশভৃত্তত ক্ষত্রিয় বলিয়া অনুমান হয়। অতএব

<sup>🌞</sup> অফ্ৰেৰ বাস্ভুমৰ নান য়েচ্ছভূমি।

<sup>†</sup> শুলু ১০ এখার ৪০। ৪৪ শ্লোক ।

<sup>্</sup>র বিকু পুরাণ ও অন্যান্য পুরাবেও আছে।

সকল দেশ-বাসীলোক যে আদিম চারি বর্ণ সন্তু এবং আর্য্য বংশীয়, ভাহার আর সন্দেহ নাই। আরও দেখা যায় যে, বৈদ হইতে স্কল ধর্ম প্রকাশ হইয়াছে; তাহাতে অহিংসা সত্য, ও দয়া প্রভৃতি ধর্ম, সকল দেশেই আদিম কাল হইতে প্রচলিত হইয়া আসিতেছে। এবং কোন কোন দেশে পূর্ব্ব কালে বৈদিক নিযমানুসারে অগ্নির পূজার বিধি প্রচলিত ছিল। যাহা এইক্ষণ পর্যান্ত ভারতবর্ষে প্রচলিত আছে। এই সকল কাবণে বিবেচনা হয় যে, প্রমেশ্বর অনস্ত কার্য্য করণ জন্ম অনস্ত প্রকার দেশ ও ধর্ম শাস্ত্র সকল প্রচলিত ক্রাইরাছেন। তাহার কার্য্য কারণ সম্বন্ধ সকল বিবেচনা ক্রিয়া দেখিলে জানা যায় যে, পুরাকালের লোক প্রথমতঃ ত্রাহ্মণাদি বর্ণ চতুইয় ছিল, তাহারা সকলই সনাতন বৈদিক ধর্মাবলম্বী ছিলেন। তদনম্বর বিভাগ মতে নানা স্থানে বাস করিতে থাকায় হিন্দু প্রভৃতি নানা নামে निर्किष्ठ इरेब्राएइ; এবং हिन्दुनिरगत चुि ও পুরাণ এবং তন্ত্র-শাস্ত্র ধর্ম-শাস্ত্র নামে খ্যাত হইয়াছে। এবং অভাভ ধর্মণান্ত প্রচার হইয়াছে। যে যে সময়ে যে দেশে ধর্মের হানি, ও অধর্মের বৃদ্ধি হইতে থাকে, ভগবান ঈশ্বর ধর্ম রক্ষার জন্ম নানা-প্রকার অবতার হইয়া ধর্ম প্রচলিত করণ জন্ম ধর্ম-শাস্ত্র সকল প্রকাশ করিয়া থাকেন। ইহা পুরাণ প্রভৃতি শাস্ত্রে ভূরি ভূরি প্রমাণ পাওয়া যাইতেছে∗। যদি বলা যায় যে, ভিল্ল দেশ বাসী দিগের মধ্যে ব্রাহ্মণ জাতি ন। থাকার কারণ কি ? তাহাতে বক্তব্য এই যে, ভিন্ন দেশে, যদিচ ব্রাহ্মণেবা গমন কবিয়া থাকেন, তাহা আর চিনিতে পারা যায় না। কারণ, বর্ণ-ধর্ম কেবল ভারতবর্ষে প্রচলিত থাকায় জাতি প্রভেদ জানা যাইতে পারে; অক্তাক্ত দেশে বর্ণধর্ম প্রচলিত না থাকায় সকল বর্ণই এক বর্ণ তুল্য হইয়াছে। অতএব ঈশ্বর যে দেশে যে প্রকার শীত গ্রীম্ম বর্ষা প্রভৃতি ঋতু সকল, এবং জল বায়ু মৃত্তিকা ও অন্তান্ত দ্ব্যু সকল, ও ধর্মা-ধর্মের নিয়ন সকল নির্দিষ্ট করিয়াছেন, তাহাই চলিতেছে। পরস্ক এই ভারতবর্ষের স্থানে স্থানে নানা দেশ নানা-প্রকার ধর্ম প্রচলিত আছে .: কিন্তু কোন্ দেশের কি প্রকার বিশেষ ধর্ম চলিত আছে, তৎসমুদায় জানা

<sup>🔹</sup> ভগব**ল্গী**তা চতুর্থ অধ্যায়।

স্থকঠিন বলিয়া ক্ষান্ত থাকা গেল। এক্ষণে ভারতবর্ষের বিশেব ধর্ম কি তাহা বিবেচনা করা যাউক।

#### একাদশ অধ্যায়।

### ্ ভারতবর্ষের বিশেষ ধর্ম্ম কি তাহা ও ত্রহ্মচারী এবং বানপ্রস্থ ও যতির ধর্ম্মনিণ্য়।

ভারবর্ধেব লোকের বিশেষ ধর্ম এই যে \* ব্রাহ্মণ-ক্ষত্রির-বৈশ্রদিণেব দশ বিধ সংস্কাব, অর্থাৎ বিবাহ, গর্ড্ডাধান, পুংসবন, সীমোন্তনয়ন, জাতকর্ম, পৌঞ্চিক-কর্ম, নামকরণ, অরপ্রাশন, চূড়া, উপনয়ন; এবং শৃদ্র জাতির মধ্যে উপনয়ন বাতীত আর নববিধ সংস্কার প্রচলিত আছে। এবং শৃদ্র জাতিরা স্বয়ং বেদ মন্ত্র পাঠ কবিবেক না; তাহাবা ব্রাহ্মণেব দ্বারা-পাঠ কবাইবেক। ব্রাহ্মণের বিশেষ ধর্ম যজন, যাজন, বেদ অধ্যয়ন ও বেদ অধ্যাপন, এবং দান, ও প্রতিগ্রহ; তন্মধ্যে যজন অর্থাৎ দেবার্চনা ও প্রাত্যাহিক বেদ-পাঠ, হোম, অতিথি-সেবা, এবং পিতৃ-শ্রাদ্ধ ও তর্পণ, এবং বলিবশু এই পঞ্চ মহা-যজ্ঞ ও সন্মোপাদানা ইহা নিত্য ধর্ম্ম; এতদ্বির শ্রুতি স্বত্রবহিত নানাপ্রকার কর্ম আছে। ক্ষত্রিয়ের বিশেষ ধর্ম্ম প্রজা পালন, দান, এবং বেদাধ্যায়ন, যজ্ঞ ও বিষয়ে অনাস্তিক হইয়া ভোগ করা; এবং পঞ্চ-মহা-যজ্ঞাদি নিত্য ত্রিয়া সকল আচবণ করা। বৈশ্য দিগের

<sup>\*</sup> পুরাণাদি শান্ত পাঠে জানা যায় যে, পূর্বেক অখক্রান্ত বিষণু ক্রান্ত এই তিন দেশে ভারতব্য বিভক্ত ছিল। এবং ইহাতে দ্বীপ ও উপদ্বীপ অনেক আছে। ঐ ঐ দেশের নাম ও বাবহার এবং মুম্বাদির আকাবের সহিত শান্তলিখিত কথা মিলন করিলে প্রমাণ হয় যে, অবক্রান্ত দেশকে ইবুজাত ইদানীং উয়রোপ বলে, বধকান্তকে স্থাাবিকা ও ইদানীং আফিকা ও বিষণ ক্রান্তকে অনেচনক ইদানীং আসিয়া বলে। এবং কুমারহীপ অথবা মাহেয় দেশকে ইদানীং আমিকা বলে। এবং কুমারিকাকে ভারতবর্ষ অথবা ইণ্ডিয়া বলে। কুমারিকা সিন্ধুনদের পূর্বে হিমালযের দক্ষিণ দেশ কথিত হয়। এই দেশে ৰণবিচার ও আযার্থর্ম প্রচলিত থাকার ইহাকেই বর্ষনানকালে ভারতবর্ষ বলাতে এই দেশের ধর্ম বলা হইল। পূর্বেলিত দেশ সকলেব বিষয়া শান্তের সহিত মিলন করিয়া পূর্বেপ্রচলিত ও বর্ত্তমান নাম ব্যবহার লিখিতে গেলে গ্রন্থ বিষয়া হয় ধলি। গেল।

বিশেষ ধর্ম এই যে, পশু-পালন দান যক্ত বেদাধায়ন বাণিজা কৃষি এবং কুশীদ, অর্থাৎ স্থদ গ্রহণে ঋণ দান এবং পঞ্চ যক্ত প্রভৃতি নিতা ক্রিয়া করণ। শুদ্রেব বিশেষ ধর্ম বিপ্রাদেবা ও ক্ষত্রিয় বৈশ্যেব কম্মচারী হওয়া এবং শিল্ল কম্ম করণ, ও অমন্ত্রক পঞ্চ-মজ্ঞ এবং তান্ত্রিকী সন্ধ্যা ও পূজা প্রভৃতি কম্ম কবা। এই প্রকার চাবি বর্ণেব বিশেষ ধর্ম সকল মতুব গ্রন্থে এবং সঞ্জান্য শাসে লিখিত আছে। ইহার মধ্যে কতক-গুলিন জীবিকা জনা ও কতক-গুলিন প্রকালের উপকার জনা নিদিষ্ট হইয়াছে। তাহা গৃহস্তের ধম্মের অন্তর্গত বিধায় সেই অধ্যায়ে বিশেষ কবিয়া লেখা যাইবেক। এত ছিন্ন এত্রদেশের শৌচ একটী প্রধান ধর্ম, অর্থাৎ ভোজনান্তর আচমন এবং বিষ্ঠা মত্র পরিত্যাগানস্তব মৃত্তিকা জল দারা হস্ত পাদাদি প্রক্ষালন ও আচমন করা: এবং পান ভোজনে জবা নিরূপণ, ও বিবাহাদি কম্মে জাতি ভেদ এবং স্পৃত্ত অস্তু জাতি ও দ্বা নিদিট রূপে ব্যবহার প্রচলিত আছে। আরু ব্লাচ্ন্যাদি আশ্রম বিহিত ধর্ম সকল এতদেশেই প্রচলিত। এই ত্তক্ষচিষ্য ধর্ম ব্রাহ্মণ ক্ষতিয় ও বৈশ্য জাতির হইয়া থাকে। ঐ ব্রহ্মচানী ছই প্রকার, যথা— নৈষ্ঠিক ও উপকুর্ব্বাণ। নৈষ্ঠিক ব্রহ্মচানী উপনয়ন।নন্তর আমবণ পর্যান্ত গুক কুলে বাদ; এবং স্ত্রী, তৈল, মধু, মাণ্সাদি, বাবহার বর্জিত হবিষ্যার ভোজন এবং ভিকা লব্ধ দ্বাদি সমুদাৰ পুক্কে অপুৰ, এবং গুরু আজা ব্যতীত কোন কর্মানা কবিয়া ব্রাহ্মণের নিত্য ধর্ম পালন প্রবিক বেদাধ্যয়ন করা ইত্যাদি। এই নৈষ্ঠিক ব্রহ্মচারী প্রায় ব্রাহ্মণ জাতি-রাই হইয়া থাকেন। ক্ষত্রিয় বৈশ্য ঐ রূপ হওবা প্রায়ঘ ট না; ক†বন তাহারা বিষয় ভোগী বলিয়া এই ধর্ম যাজন করিতে অধিক লোকের প্রবৃত্তি হয় না। উপকুর্বাণ ব্রহ্মচাবী উপনয়নানন্তর গুককুলে বাস করতঃ ঐ রূপ নৈষ্ঠিক ব্ৰহ্মচাৰীর স্থায় আচরণ ও নিয়মিত কাল অতীত ২ইলে ওক্ত দ্বিক্রা প্রদান পূর্বক গৃহত্ব আশ্রমে প্রবিষ্ট হইয়া দার পরিগ্রহ করিতে হয়। এই গ্রন্থ ধর্ম পরে প্রকাশ হইবেক∗। এইক্ষণে বানপ্রাস্থ ধর্ম লেখা যাই--তেছে। ইহা অর্দ্ধ বয় ক্রম গতে আচরণের সময় উপস্থিত হয়; তাহাতে নিয়ম এই যে, গৃহস্থ ব্যক্তি যধন আপনার দেহে চর্ম্মের শিপিলতা, ও কেশ

<sup>\*</sup> কলিমুগে দ্বপন্যনানন্তব প গৃহে এক্ষত্ব্য অবলম্বন পুশ্বক গৃহস্তাশ্রন করিতে হয়।

পकडा, এवः পৌতের মুথাবলোকন করিবেন, সেই সময়ে বনে গমন করা উচিত, তাহাতে মাপন স্ত্রী বর্ত্তমান থাকিলে তাহাকে পুত্রের প্রতি-পালনে রাখিয়া অথবা সঙ্গে লইয়া বনে গমন করিবেন। মতুর ষষ্ঠাখ্যায়ের ১ম হইতে সকল শ্লোকের তাৎপর্য্য এই যে, ইন্দ্রিয় সকল শিথিল হইয়া বিষয়স্পূ হারহিত হইলে স্কুতরাং আর গৃহে না থাকাই কর্ত্তরা। তাহাতে বন পমন পূর্বকি বভা ফল ও কন্দ মূলাদি ভক্ষণ করিয়া ব্রহ্মচারীর ভায় আচরণ করিতে <sup>°</sup>হয়। বানপ্রস্থের প্রধান ধর্মই তপস্তা; তন্মধেদ গ্রীম্ম কালৈ পঞ্পতা, মর্থাৎ চতুর্দ্ধিকে মগ্নি প্রজালিত কবিয়া মন্তকের উপর সূর্য্য দেবের তাপ সত্ম করণ পূর্দাক, ও শীত কালে জলে ও বর্ধাকালে অনাবুত স্থানে থাকিয়া ঈশ্বরের প্রতি মনোনিবেশ করা; তদনন্তর বয়দের তিন ভাগ গত হইলে নর্যান ধর্ম আশ্রয় করিবেক। সন্যাসীর ধর্ম এই যে. বিধিপূর্লক নিত্য নৈমিত্তিক কল পকল পরিত্যাগ পূর্বক দণ্ড গ্রহণ, ও ভিক্ষা ধারা কেবল প্রাণ ধারণ করিয়া পর-ব্রহ্মে মনঃ সমাধান করিতে হয়। তদনন্তব কুটিচর, বহুদক, হংস, জটা, মুগুী, শিথী প্রভৃতি যে সকল আশ্রম নিদিটে চইয়াছে; ইহা সকলই উদাসীনের আশ্রম; কিন্তু তাহা সল্লাসাশ্রমের অন্তভূতি, সল্লাসিরা সাংসারিক বিষয় সমুদায় পরিত্যাগ কবতঃ কেবল ঈশবের ধ্যান দারা জ্ঞান প্রাপ্ত হইয়া দেহাতে মুক্তি লাভ করে। এতবিষয়ে আর বিস্তারিত লেখা অপ্রয়োজন। এইক্ষণে গৃহত্তের धया वित्यवत्तर (लथा गाहेर छ ।

#### দাদশ অধ্যায়।

#### গৃহস্থের ধর্মানির্ণয়।

. গৃহস্থের ধর্ম তুই প্রকার, ঐহিক এবং পারমার্থিক। তাহাতে ঐহিক ছুই প্রকাব, অর্থাৎ ইহকালে স্থ্য-স্বাচ্ছন্য লাভ, এবং তৎ কর্ম ফলে পরকালে স্থর্গ-ভোগ। পারমার্থিক কার্য্যে স্থর্গ স্থাদি ভোগ ও মুক্তিলাভ হয়। গৃহস্থ ধর্ম নিকল ধঃশার শ্রেষ্ঠ বলিয়া শাস্ত্রে নিদ্ধিত ইইবাছে:

কেননাধ্যুদারা অর্থ উপার্জন করিয়া ভোগ করতঃ জ্ঞান লাভ করিয়া মৃক্তি পদ পাইতে পারে; অর্থাৎ ধর্ম, অর্থ, কাম, মোক্ষ, এই চতুর্বর্গ সাধন এই আশ্রমে হয়, ও অভাত আশ্রমী সকলের অন্নাতা ও আশ্রম স্বরূপ বর্ত্তমান থাকে। শাস্তে চারি বর্ণের যে ধর্মনির্ণীত হইয়াছে\* ভন্মধ্যে অনাপংকালে জীবিকা নির্কাহের জন্ম, ব্রাহ্মণের যাজন অর্থাৎ পুরোহিতের কার্য্যে দক্ষিণা প্রাপ্তি, এবং অধ্যাপনা অর্থাৎ বেদ পড়াইয়া শিষ্য দারা শুরু দক্ষিণা লাভ, ও প্রতিগ্রহ, সৎ দান গ্রহণ করা, এবং উঞ্শালা অর্গাৎ পরি-ত্যক্ত শস্তু এক একটি করিয়া সংগ্রহের নাম উঞ্জ; ও মঞ্জবী রূপ ধানীাদি সংগ্রহের নাম শিল , এবং যাচ্ঞা ব্যতীত লাভ। তদনস্তর ক্রমাধীন আগেদ্ উপস্থিত অর্থাৎ পরিবার অধিক হইতে লাগিলে তাহাদিগের ভরণ পোষণার্থে বাণিজ্য ও কৃষি। অনন্তর অত্যন্ত আপদ্ উপস্থিত হইলে বিদ্যা অর্থাৎ তর্ক, বৈদ্য বিষ্চিকিৎসাদি বিদ্যা, শিল্প-কার্য্য, ভৃতি, বেতন গ্রহণ পূর্ব্বক, কর্ম করা, অর্থাৎ চাকরী করা, সেবা, ব্রাহ্মণের পাচক-বৃত্তি, স্থদ গ্রহণ করতঃ ঋণ প্রদান করা, এবং যথা কণঞ্চিৎ লাভে সস্তোষ লাভ, ও ভিকা, এবং বৈশ্র ও ক্ষত্রিয় বৃত্তি অবলম্বন করা।‡ এই সকল কার্য্যের দ্বাবা জীবিকা নির্ব্বাহ করিতে পারেন। কেবল ত্রাহ্মণেরা সেবা অর্থাৎ পরিচ্ন্যা-কর্ম করিতে পারেন না। এবং ভাহাদিগের বাণিজ্য কম্মের মধ্যে চম পাত্কা, মদ্য, মাংস, লাক্ষা, লৌহ, লবণ, প্রভৃতি বিক্রয় নিষেধ আছে। আর অত্যধিক আপদ না হইলে হীন জাতির নিকট দান গ্রহণ করাও নিষেধ আছে। এই জীবিকাধর্ম। এবং তাহাদিগের কতক গুলিন নিষিক কম আছে। অর্থাৎ মদ্যপান ও পরদার গমন, এবং গো-মাংস, কুকুট, প্লাণ্ডু,রশুন প্রভৃতি, এবং হীন জাতির কৃত বাঁস্পর্শ হওয়া অরাদি ভক্ষণ, ও অস্পৃত্ত জলাদি পান শাস্ত্রে নিষেধ করা হইয়াছে;§ এই সকল বিষয় ব্যবহারিক ধর্ম। এবং অতিথি দেবা, যজ্ঞ, দান, তপস্থা,

<sup>॰</sup> এই ভাগের ১১শ অধ্যায় দৃষ্ট কর।

<sup>†</sup> মনুসংহিতা ৪র্থ অধায়।

<sup>‡</sup> মন্ ১০ম অধ্যায় ১১৬ শ্লোক।

জু এই সকল নিষিদ্ধ কর্মাচবণে পাপ ও জাতি নাশ হয়, ইহার শাস্ত্রসঙ্গত প্রায়শ্চিত ব্যতীত
 ভ্রির উপায় নাই।

দেবার্চনা, ও পিতৃশাদ্ধাদি, তীর্থস্থান, দেবতা-প্রতিষ্ঠা, পুষ্ণবিণী ও মঠাদি প্রতিষ্ঠা, এবং ব্রত, ও উপবাসাদি নিতা নৈমিত্তিক প্রায়ন্চিত, ও ঈশ্বরোপা-সনা প্রভৃতি স্বর্গম্ববাদির নিমিত্ত, এবং ইন্দ্রিয় সংযম পূর্বক ঈশ্বরের ধ্যান ধারণার ঘারা জ্ঞান প্রাপ্তি হইয়া মুক্তি লাভের নিমিত্ত নির্দিষ্ট হইয়াছে; ইহা পারমার্থিক ধর্মা। বাহ্মণের ধর্মের কিঞ্চিৎ বাতিক্রেম ক্ষতিয় বৈশ্র ও শৃদ্রেব ধর্ম নির্দিষ্ট হইরাছে। যথা ক্ষত্রির বৈশ্র ও শৃদ্রেব পক্ষে দান গ্রহণ, ও পুবোহিতির কার্য্য এবং বেদ পাঠ-করান, ও শুদ্রের বেদমন্ত্র পাঠ করা নিষেধ হইয়াছে। পরস্ত শুদ্রেব যে ত্রিবর্ণের সেবা করা শাস্ত্রে উক্ত হইয়াছে, তাহাব তাৎপর্যা এই যে, শূদ্র, পরকালের উপকারের জনা বিপ্র সেবা অর্থাৎ ব্রাহ্মণের পরিচর্য্যা করিবেক; ও জীবিকা নির্দ্বাহ ভন্য ক্ষত্রিয় বৈশ্রেষ সেবা অর্থাৎ লিখনাদি কার্য্য করিবেক। কাবণ ক্ষত্রিয় বৈশ্র ধনী হওয়াতে **काहामिश्वर देवर्याक कार्या निक्तांट क**ित्रमा अर्थ नाज, उ विश्व (म्वा-मात्रा জ্ঞানালোচনা করতঃ পরকালের স্কাতি লাভের চেষ্টা করিবেক। এছিল শিল্প দারা জীবিকা নির্বাহ করিতে পাবে। এবং অন্যান্য হান বর্ণের পুণক পুণक জीবিকা ও পারমার্থিক ধর্ম নির্দিষ্ট যে হইয়াছে, তাহা প্রায় একই মূল নিয়ম আছে। কিন্তু মনুতে ও অন্যান্য ধর্মশান্ত্রে তহিষয় বিশেষ ক্রপে লিখিত থাকায় এই গ্রন্থ বাহলা হইবাব আশস্কায় লেখা হইল না। উপবে যে বর্ণের যে ধন্ম নিদিষ্ট হইরাছে; তাহার বিপরীত আচরণে ভাধর্ম হইরা থাকে। কৈহ কেহ ধর্মশাস্ত্রের প্রতি দোলারোপ কবিয়া বলেন যে, ব্রাহ্মণ্দিগের প্রতি শাস্ত্রে রাজ দণ্ড-কিছু ন্যুন হইবায়, ইহা ঈশ্বরের নিয়ন বলা যাইতে পারে না, তাথা অসমত। কেননা ত্রাহ্মণের দারা জগতের অধিক হিত সাধন হওয়াতে বিষয় বিশেষে রাজ্প-দণ্ড কিঞ্ছিৎ নান ছিল বটে: কিন্তু প্রায়শ্চিত্ত সর্বাপেকা অধিক ছিল ও আছে; বিশেষতঃ পূর্বকালে ত্রাহ্মণেরা জ্ঞানী এবং নয়ালুও সরলম্বভাব সম্পন্ন থাকাতে তাহাদিগের দারা অধিক পরিমাণে কুকর্ম হইবার সম্ভাবনা না থাকার, কেবল অনৰধানতা প্ৰযুক্ত পাপ কৰ্ম ঘটনা হওয়ায় ঐ রূপ দণ্ড বিধান হইয়া ছিল। এই ক্লণে ঐ রূপ স্বভাব ব্রান্ধণদিগের প্রায় না থাকায় সমান রূপে রাজ্-দ ও বৈধান হইয়াছে। অতএব ধর্মশাস্ত্রের কোন দোষ নাই; ঈশবের নিয়মা-

মুসারে নানা-প্রকার ধর্ম এবং তাহা কর্ম জন্য ফলে পরিবর্তিত হইয়াছে ও হইতেছে এবং হইবেক। নতুবা জগতে ব্যক্তির ও ধর্ম্মের বৈষম্য অম্বাৎ ছোট বড় ভাব ও স্বতন্ত্ৰ-ধৰ্ম নিৰ্দিষ্ট হইত না\*। কেননা সকল লোকই স্থ ইচ্ছা করে; তুঃখ কেহ ইচ্ছা করে না; তবে ব্রহ্মচারী কি জন্য সাংসারিক স্থুখ এককালীন পরিত্যাগ করত: শারীরিক এত কট্ট সহ করেন? তদ্ধপ বানপ্রস্থ ও যতিরা কি নিমিত্ত বিষয় ত্যাগ করেন ? এবং হীনবর্ণ বাহক বেহারা ও ম্যাথোর, ধোপা ও নাপিত প্রভৃতি, সকল গীন কম্ম করে ? যদি বল যে, মহুষ্যেরা আপনা আপনি করিয়াছে ? তাহা ক্রনই সম্ভাব্য হয় না; কেননা স্থুপ তঃখ ও মান অপমান সকলই বোঝে, তাহাতে স্বেচ্ছা পূর্বক কেহ উহা স্বীকার করিয়া হীন হইয়াথাকিত না। यদি বল যে, রাজ-শাসনে ঐ রূপ হইয়াছে; ইহাও সঙ্গত নহে; কেননা রাজ শাসনে ঐ রূপ হওয়ার কোন নিয়ম দেখা যায় না; এবং পুবাকালের কোন ইতিহাসেও শুনা যায় না। বরং হীন বর্ণেরা উত্তম ব্যবসায় প ব্যবহার করিতে দেখা যায়; তাহাতে কোন রাজ-শাসন নাই; অতএব ঈশ্বরের নিয়মানুষায়ী আদৃষ্ট বশতঃ ঐ রূপ হইয়া থাকে। কিন্তু কি আশচর্যা, ঈশরের নিয়ম যে কোন ব্যক্তি উৎকৃষ্ট ব্যবসায় এবং ব্যবহার করিলেও উৎকৃষ্ট জাতি প্রাপ্ত হইতে পারে না; বরং উত্তম বর্ণেরা হীন জাতি প্রাপ্ত হইয়া থাকে; ইহা ধর্ম শাস্ত্রে নিরূপণ হইরাছে; তাহা কার্যাতও দেখা যাইতেছে। ধর্ম শাস্ত্রে নিরূপণ আছে যে, যুগে থুগে ধর্মের পরিবর্ত্তিত হইতে থাকে। তাচাতে ধমেরি ও জাতিব হীনতা ব্যতীত উত্তমতা হয়না। অতএব সুগ্ধম কি, তাহা বিবেচনা করা যাউক।

<sup>\*</sup> ছিতীয় ভাগের ১১শ অধ্যায় দৃষ্ট কর।

#### ত্ৰয়োদশ অধ্যায়।

#### यूर्गधर्मा निक्तभा ७ किनकारलव व्यवसा वर्गन।

কাল ক্রমে ধ্যেরি পরিবর্ত্তন হইতে দেখা যাইতেছে: ইহা ঈশ্বেব নিয়ম ব্যতীত নহে। কেননা প্রথমতঃ মনুষ্য জাতিব মধ্যে চারি বর্ণেব স্টি' হইয়া; পরে নানা-প্রকার জাতি ও নানা-প্রকার ধর্ম প্রকাশ হইয়াছে। অর্থাৎ প্রথম যুগারভ্তের পূর্বের এক প্রকার ধর্ম ; তদনস্তব সত্য যুগ আবস্ত হুটলে অন্য প্রকার: ও (ত্রতা, দাপর এবং কলিতে স্বতন্ত্র প্রকার ধর্ম নিরূপণ হইয়াছে। যথা যুগারন্তেব পুর্বের প্রজা বৃদ্ধিব জনা প্রজাপতি প্রভৃতি তেজীয়ান মহাত্মাগণ, যাঁহারা স্বষ্টি কার্য্যের সাহায্য হেতৃক জন্মগ্রহণ কবিষা ছিলেন; তাঁহাদিগের স্ত্রী পুক্ষের বতি ক্রিয়াব নিয়ন ছিল না অর্থাৎ স্ত্রী পুরুষের ইচ্ছা বশতঃ রতি কার্যা সমাধা, এবং পুত্র উৎপাদন হইত: প্রায় বিবাহ বিধি প্রচলিত ছিল না। অন্যান্য বিষয়ে বৈদিক ধল্ম প্রচ-লিত ছিল। ত্রনম্ভর বহুতর প্রজা রুদ্ধি হইলে নানা প্রকার জাতির উংপত্তি হইয়াছিল। ধর্ম শাস্ত মহাভারতাদি দর্শনে জানা যায় যে. সত্য-যুগ আরম্ভ হইলে বিবাহ বিধি প্রচলিত হইয়াছিল। এবং উদ্ধালক ঋষির পুন খেতকেতু হইতে পুত্রোৎপাদন বিষয়ে পূর্ব বীতি রহিত হইয়া চিল। তৎকালে ত্রাহ্মণেবা চতুবর্ণেব; ক্ষত্রিয়েরা ত্রিবর্ণেব; ও বৈখ্যেরা তুই বর্ণের কন্যা বিবাহ করা প্রচলিত ছিল। এবং পরদাব গমনে পাপ হইত। কিন্তু সামী কর্তৃক নিয়োজিত হইয়া ক্ষেত্রজ পুত্র উৎপন্ন হইবার এবং অক্ষত যোনি বিধবার বিবাহ, ও স্থানে স্থানে দেবরের দারা সন্তান উংপন্ন করাইবার বিধি প্রচলিত ছিল। এই নিয়ম দ্বাপর যুগেব শেষ পর্যান্ত চ্লিয়া আসিয়াছে; এবং অন্যান্য ধর্ম অনেক প্রকার প্রচলিত ছিল: তাহা কলিবলে মন্ত্রোবা হান বাষা বিধায় রহিত হইয়াছে। অর্থাৎ অখনেধ, ও গোমের বক্ত, ও বেদোকে সন্নাস, এবং মাংস-ছাষ্টকা প্রাদ্ধ, দেবর দ্বারা शुर्द्धारभामन, 3 विषवा किवाह, व्यवः छिन्न वर्धात कछ। विवाह, निष्ठिक

বৃদ্ধাবিৰ আশ্ৰম, হান বর্ণের অন্ন ভক্ষণ, \* মহাপ্রস্থান গমন; অর্থাৎ হিমালয় পর্বতের মধো একটি তুর্গম গহবর আছে তথায় গমন, অগ্নি-প্রবেশ, বা উর্দ্ধ হইতে পতন পূর্বক প্রাণ-ত্যাগ ইত্যাদি বহুতর বিষয় নিষেধ হই-য়াছে। সভাযুগে বেদ, ত্রেভায় স্মৃতি, দাপরে পুঝাণ, কলিতে জন্ত্রশাস্ত্রোক্ত কর্ম সকল আশু ফলবান হইবার বিধি আছে। স্তাযুগে তপস্থা এবং ত্রেভায় জ্ঞান, ও দ্বাপরে যজ্ঞ, এবং কলিতে দান, প্রধান ধর্ম বলিয়া নির্দিষ্ট হইয়াছে। সত্য-যুগে বেদতুল্য মন্ত্র স্মৃতি, এবং ত্রৈতায় গৌতম, দাপরে শঙ্খ লিথিত, কলিতে পরাশর স্মৃতি মান্ত। ইহার তাৎপর্যা এই বৈ, পূর্ব্ব পূর্ব্ব যুগেৰ প্রচলিত শাস্ত্র এককালীন রহিত না হইয়া কোন কোন বিষয়ে অতিরিক্ত বিধি প্রচলিত হইয়াছৈ মাত্র। কেননা মনুর প্রস্থেত প্রকার বিষয়ের ব্যবস্থা লেখা আছে, তাহার শতাংশের একাংশও গৌত্যাদি স্থৃতিতে নাই; স্বতরাং মহুর মত রহিত হইলে এককালীন ধর্ম কর্ম বর্জিত হইয়া পড়ে। অতএব সকল যুগেই সকল শাস্ত প্রচলিত ছিল ও আছে; এবং স্থল বিশেষে যুগ ভেদে মতের প্রবলতা মাত্র। এই বিষয়ে একটা উদাহরণ এই যে, মনুব মতে সভা বর্ণের কভা বিবাহ করা ব্রাহ্মণাদির বিধি ছিল; কিন্তু পরাশবের মতে কলিতে তাহা নিষেধ হটরাছে; স্কুতরাং ঐ বিষয়ে মনুর মত সত্য-শুগে প্রবল ছিল ; কলিযুগে পরাশরের মত প্রবল হটয়াছে। এই সকল বিষয়ে রঘুনন্দনের ক্লুত মন্তাবিংশতি তত্ত্ব স্থৃতি শাস্ত্র দৃষ্টি করিলে অনেক মীমাংসা জানা যাইতে পারে। অতএব যুগভেদে নে. ধর্ম্মের পবিবর্তুন হয়, ইহা ঈশ্বরের নিয়ম; ধর্ম্ম-শাস্ত্র-কর্ত্রা-দিগের ক্বত নচে; কেন না ঈশ্বরের অভিপ্রায় না থাকিলে লোকে কথনই ঐ দকল শাস্ত্র মান্ত করিত না। বিশেষতঃ কলিযুগের ব্যবহার বিষয়ে ভবিষত কথা যাহা পুরাণাদি শাস্ত্রে লেখা আছে, তাহা আলোচনা করিয়া বর্ত্নান কালের আচরণ দৃষ্ট করিলে শাস্ত্র সকল সত্য ও নিতান্ত ঈশ্বরের নিয়ম বলিয়া

<sup>\*</sup> প্রের বান্ধবো ক্ষত্রিয় বৈশোর প্রকার ভোজন ও শ্জের আমার ভোজনের বিধি চিল তাহারহিত হইরাছে। শ্জেব প্রকার ভোজন নিষেধ। মৃত্ত অধায় ২২৩ শ্লোক। কৃষক, কুল মিজ, গোপাল, দাস, নাপিত, ভোজ্যার বলিয়া কথিত আছে, কিন্তু ইহা দ্বৃর্য। ব্রান্ধনাদিরা স্বর্ম ইহাদিগের আমার, উহারা প্রার ভোজন বিধি ছিল।

প্রতীতি হইবেক। যথা অধ্যাত্ম রামায়ণে, ঘোব কলিযুগ প্রাপ্ত সময়ে মহুবোর। পুণা বজিত, এবং ছ্রাচার রত, মিথ্যাবাদী, প্রাপ্রাদনিরত, প্রদ্রব্যাভিলাষী, প্রদাবে বভ, প্রহিংসা প্রায়ণ, দেহাত্মবাদী, মৃত, নান্তিক, পশু-বৃদ্ধি-যুক্ত, মাতৃপিতৃংৰবা, স্ত্রীর বশতাপন্ন, কামের দাদ ; ও বিপ্রাসকল লোভী এবং বেশবিক্রয়ী, ধনার্জনার্থ বিদ্যা শিক্ষা করিয়া ভাচার গর্নেরতে উন্মত্ত হইবেক; স্বজাতীর কর্ম ত্যাগ কবিবেক; প্রায় প্রবঞ্চ হইবেক। ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশৈয়রা স্বধর্ম্ম-ত্যাগী; এবং শুদ্রে কেহ কেহ ব্রাহ্মণাচার তং-পর ছইবেক। অধিকাংশ স্ত্রী-লোক ভ্রষ্টা হইবেক; এবং কেহ কেহ স্বামীকে অবজা করিবেক ইত্যাদি। ভাগবতে আছে নে, কলিযুগপ্রভাবে লোক मकल कू च मृष्टि, कू प- जागा, कू प्रमा ; कू प- जीवी, वह- पूज, वह मित्र ; वदः ন্ত্রী-সকল স্বেচ্ছাচার বিহারিণী ও অসতী হইবে। জনপদ সকল দস্কা প্রধান; বেদ সকল পাষওছ্ষিত; রাজা সকল প্রজা ভক্ষক; ত্রাহ্মণাদিরা শিলোদর পরায়ণ হইয়া অভক্ষা ভক্ষণ ও অপেয় পান ও অগ্যাা গ্যন কবিবেক; ব্রহ্মচারিরা বিহিতাচার বর্জিত ও শৌচ শৃত্য; ক্রমে ক্রমে সভ্যের কথা মাত্র, জ্ঞানের লেশ মাত্র, তপস্থার কথা মাত্র, দানের নাম মাত্র থাকিবেক না। লোক সকল হ্রস্ব-কায়, নির্ল্জ্জ, কটুভাষী, চোর, মায়াবী, মদ্য-পাগী, ও ছঃ সাহদী হইবে। ধূর্ততা ও কপটতার বুদ্ধি হই-বেক, কেহ কাহার উপকার বা সাহায্য কবিবেক না। লোক সকল স্থাৰ্থ-পরতা, ও বণিক সকল কুজ এবং কৃটকারী হইবে। ধর্ম দ্রে পলায়ন করিবে, ন্যায় পরিহৃত হইবে, লোককচিরই প্রাধান্ত হইবে, অনেকেই দাধু বিগর্হিত দূষিত বৃত্তি অবলম্বন করিবে, এক মাত্র ধন এবং ধনেরই আদর ও विना। वृक्तित अनानत श्रेट्त। खीटनाक अधिग्रवाहिनी, शांछी मकन ছগ্নহীনা, ভূমি সকল শস্ত হীনা, বৃক্ষ সকল ফল হীন হইবে। লোক সকল পিতা মাতা ভাতা ভাগনী স্বহৃৎ ও জ্ঞাতিদিগকে পরিত্যাগ করিয়া একার ন্ত্রী-পরায়ণ হইয়া ভালক প্রভৃতিকে সমাদর করিবেক। তুর্ভিক্ষ মরক এবং দ্রিদ্রতার বৃত্তি ও হঃথ কেশের একশেষ হইবে; সকলেই আপনা আপনি লইয়া ব্যস্ত হইবে; কেহ কাহার শোক ছঃথে কর্ণপাত বা দৃষ্টিশাত কবিতে প্রায়ুত হইবে না। যাহারা ধর্মের লেশ মাত্র অবুগত নহে, সেই সকল

কপট মতি ত্রাচার উত্তম আসনে অধিরোহণ করিয়া ধর্মের উপদেশ করিবে। অপণ্ডিত পণ্ডিত অধার্মিক ধার্মিক এবং অশাস্ত্রী শাস্ত্রী ও অজ্ঞানী জ্ঞানী বলিয়া অভিমানী হইবে। অতি বৃষ্টি অনাবৃষ্টি অকাল বৃষ্টি ও অল্লবৃষ্টি প্রভৃতি উৎপাত ঘটনা হইবে। রোগ শোক চিন্তা বিষাদ অকাল মৃত্যুর সীমা থাকিবে না। প্রতি নিয়ত ছভিক্ষ হইয়া পিতার সমক্ষে পুত্রকে এবং পুত্রের সমক্ষে পিতাকে ভক্ষণ কবিবে। লোক সকল বিকলেন্দ্রিয় হইবে। উপর্গেরি ছভিক হইয়া, ও অনার্ষ্টিতে সমুদায় সংসার নিরন্ন ও উপায় শূন্য হইলে, সমস্ত প্রজা লোক অর পান ভোজন পরিধান শয়ন স্নার্ন ও ভ্ষণাদি বিখান হইয়া নিতান্ত শ্রীগীন-আকার হীনপিশাচের ন্যায় একান্ত কুৎসিত ও মলিন হইবে। অবিক কি, বিংশতি কণৰ্দ্দক জন্য লোকে পরস্পর নৌহার্দ পরিত্যাগ পুরুক বৈরানল প্রজ্ঞালিত করিবে; তাহাতে প্রাণ পর্যান্ত পরিত্যাগে কৃত সংকল্ল হইবে। এবং আত্মীর্দিগকে বিনাশ করিবে; স্বধর্ম ত্যাগ পূর্বক কুৎিনিত আচরণকে ধর্ম বলিয়া প্রশংনা করিবে ইত্যাদি। এবং দ্রন্ধ-বৈবর্ত্ত পুরাণের প্রকৃতি খণ্ডের ষষ্ঠাধ্যায়ে\* আছে যে, কলির পঞ্চ সহস্র বৎসর গতে ভগবতা ভাগীরণী পৃথিবী ত্যাগ করিবেন; তথন কাশী এবং বুলাবন ব্যতীত প্রায় সকল তীর্থ লোপ হইতে থাকিবেক। ক্রমশলোপ ছইতে হইতে যখন দশ সহস্র বৎসর গত হইবেক, তথন শ্রীশ্রীঈশ্র জগন্নাথ দেব ও শ্লেগ্রাম শিল। সকল অন্তর্হিত হইবেন। তার্থসকল লোপ হইবেক; এবং তংকালে বিষ্ণু ভক্ত ও পুৰাণাদি শাস্ত্ৰ এবং শ্ৰাদ্ধ তৰ্পণ ও বেদোক্ত কৰ্ম্ম সকল হরিপূজা ও তরাম সংকীর্ত্তন ও বেদাঙ্গু শাস্ত্র সকল সাধু ও ধম্ম ও সতাব্রত ও তপস্থা ও অনশন ব্ৰত ইং। সম্ভ লোপ হইবেক। লোক সকল মিথ্যা কপট ও বামাচাররত ও তুলদীবর্জিতা পূজা ও একাদশী রহিত হইবেক, ও লোক সকল হরিনামে বিমুখ, কেবল শঠ, ক্রুর, দান্তিক,অহঙ্কারী, চোর,ভিংসক হই-বেক। স্ত্রী পুরুষের বিবাহ ভিন্ন বর্ণে হইবেক, এবং দ্রব্যের স্বামী নির্ণয় थाकित्वक ना। लाक मकन खोत वभाजायत्त, अ गृह गृह खीलाक मकन वां कि हारियों इटेरवक ; श्वाभीरक मर्सना कब्बन ও छ९ मन कतिरवक ; किन

ত আমার নিকট যে পুস্তক আছে, তাহা ১০৮৩ শকের লেখা, তাহার কলেবর দৃষ্টে তাহা যথার্থ বোধ হয়।

शुरुवती, अवाभी पृष्ठात अथम श्रेट्यन; युखत मांखाकी मान मानीत नाति इटेरवक। बलवान वाक्तिरे कहीं इटेरवक। धवः त्यानि मध्यहे बाखवः ष्यना मण्यकीय लाटकवा वाल्यव इहेटवक ना ; वबः नि मण्यकीय लाकटक বন্ধু বলিয়া আদর করিবেক; স্ত্রীর আজ্ঞা ব্যতীত পুরুষ কোন কার্য্য করিতে পারিবেক না। দিজাতিবা সন্ধ্যা বন্দনাদি ও যজোপবীত বর্জিত হইয়া বর্ণ-ভেদ রহিত হঠবেক; ও মেছোচারী হইয়া-স্ব শাস্ত্র সকল পরিত্যাগ-পূর্দ্ধক কেবল মেচ্ছ শান্ত অধ্যান কবিবেক; ব্রাহ্মাণাদিরা শূদ্রের দেবক এবং পাচক পাবক বলদবাহক হইবেক। মহুষ্য স্কল সভা হীন, পৃথিৱী শশু-হীনা ,রুজ সকল ফলহীন, স্ত্রীলোক প্রায়ে বন্ধা ও গাভী তুর হীনা, ও তুর মত থীন; দম্পতী সকল প্রীতি হীন হইবেক। রাজা শঠও প্রজাবা কর পীজিত, নদ নদী ও দিঘী আদি সকল জল হীন ও চতুর্বর্ণ ধর্ম ও পুণু হীন इंटेरक। नक जरनव मर्पाउ धकी शृगावान भाउम गृहिरक ना; नत নারা ওবালক বালিকা সকল কুৎসিত বিক্লতাকাব কুভাষী ও কুৎসিত শ্লুকারী হুইবেক। কোন কোন গ্রাম ও নগর মন্ত্রা শূন্য ভয়ানক হুইবেক। আরণ্ড সকল গ্রাম ও নগৰ হইবেক, তাহাতে স্বল্প কুটীবে বাস করিয়াও লোক কর-शीं पृष्ठ इंदेरक ; नम नमीटि भस्र ७ महदः भ मकल त्नाभ इटेरक : ক্ষন ক্থন নিপ্যাবাদী গুর্ত্তরা, সভ্যবাদী, পাপিরা পুণ্যবান, লম্পটেরা জিতে-ক্রিয় সভী, বেখারা পাতকাবা তপস্বা, অবৈফবেবা বিফুভক্ত, ও চোর নর-ষাতীরা অহিংসক ভিক্ষক বেশ ধাবণ কবিয়া হাস্ত ওলোককে নিলা করিবেক। ফনত অধার্মিকেবাই পূজা হইবেক। নর নারী সকল বামনাঙ্গ হইবেক; অলায়ু ভোগী ও সর্বাদ। পীড়িত, ও বোড়শ বর্ষ বয়ঃক্রমে বুদ্ধ হইবেক ; বিংশতি वर्ष महातुक हरेतक, अष्ठम वर्ष खीलांकिव तक ও वरमतास्त्र मन्त्रामः সহস্রের মধ্যে জানৈক প্রস্থা, নতুবা প্রায়ই বন্ধ্যা হইবেক, বর্ণ চতুষ্টয় কন্যা বিক্রয় এবং কন্যা ভগিনী ইত্যাদি স্ত্রী লোকের ব্যভিচার উপার্জ্জিত ধন দারা জীবিকা নির্দাহ করি:বক; কীর্তি ধর্মের নিমিত্তে দান করিরা পরে কাড়িরা লইবেক. দেববুত্তি গ্রাহ্মণবৃত্তি গুরুর বৃত্তি স্বয়ং দাতাই হউক বা পর দাতারই হউক তাহা উচ্ছেদ করিয়া লইবেক। কেহ কন্যা, কেহ শাওড়ী, কেহ পুত-ব্ধ, কে্হ ঐ দকল ; এবং কেহ ভাগিনী, কেহ বিমাতা, কেহ ভাতৃপ্রী গ্যন

করিবেক, প্রায় ঘরে ঘরে অগম্যা গম্মন করিবেক; পদ্ধীর নির্ণয় থাকিবেক না; ক্বাবসায় ক্কর্ম শালী ও মেচ্ছ আচারী হইবেক; ইহা সকল কলির প্রান্ত আরম্ভ হইয়া ক্রমশই বৃদ্ধি হইতে থাকিবেক; তদনস্তর হস্ত প্রমাণ বৃক্ষ ও অঙ্গু প্রমিত মন্ত্র্যা সকল হইবেক ইত্যাদি। আর আর সকল বিষয় আনেক পুরাণে লিখিত আছে। কিন্তু এই সমস্ত বিষয় আরম্ভ হইয়াছে, পরে প্রবল কলি প্রবর্ত হইলে ঐ সকল ঘটনা হইবেক। যে সময় পঞ্চমহন্ত্র বংসর গত হইয়া ভাগীরথী তিরোহিতা হইয়া পৃথিবী পরিত্যাগ করিবেন; তথন প্রবল কলি আরম্ভ হইবেক। তদনস্তর পর্যান্ত, কিছু দিন মহান্ত্রিকাণ তল্পের মতে স্থানে স্থানে ধর্মাধর্মের বাবস্থা চলিবেক। তৎপরে প্রিশ্রীজ্ঞানরাথদেব ও সালগ্রাম শিলা সকল তিরোভ্ত হইলে একবর্ণ। হইবেক। ও কলির শেষে কন্ধি অবতার হইয়া অধর্মের বিনাশ করতঃ ভগবান ঈশ্বর প্রয়য় সত্যযুগের স্কৃষ্টি করিবেন\*। এইক্ষণতক দেব পূজা চলিতেছে; ক্রমশঃ তাহা লোপ হইরা কেবল নাম সংকীর্ত্তনে ধর্ম্ম রক্ষা হইবেক; পশ্চাৎ তাহাও লোপ হইবেক। এক্ষণে যে দেব পূজা প্রচলিত আছে, তাহার উদ্দেশ্য ও ফল ও দেবতা কি, তাহা নির্ণয় করা যাউক।

# চতুর্দশ অধ্যায়।

#### দেবতা নির্দেশ ও তাহার পূজার প্রয়োজন।

দেবতা ছই প্রকার; তাহার কতক গুলি দেখা যায়, ও কতক গুলি
দেখা যায় না। স্ষ্টিকের্ত্তা ঈশার কতক গুলি স্থা শরীর বিশিষ্ঠ দেবতা ও
কতকগুলি স্থ্ল শরীর বিশিষ্ট চন্দ্র স্থা গ্রহ নক্ষত্রাদির স্ষ্টি করিয়াছেন।
ইহাঁরা সমস্ত পৃথিবীতে ব্যাপ্ত থাকিয়া জগৎ কার্যা নির্বাহ করিতেছেন।
তাহার মধ্যে কেবল চন্দ্র স্থা গ্রহ নক্ষত্রাদি কতকগুলি জ্যোতির্মায় পদার্থ

<sup>°</sup> সিংহলে এবং পর্বতে ও অন্যান্য স্থানে তপস্বী ও যোগী স্ত্রীপুরুষ এবং রাজবংশীয় সকল ধার্দ্ধিক লোক থাকিবেক। কন্দী ফ্লেচ্ছ বিনাশ কয়িলে ঐ সকল লোকের দ্বারা সত্যব্গ হইবেক ; কন্দাঁ প্রাণে আছে।

দেখা যায়; এবং বায়ুকে প্রত্যক্ষ করা যায় ও জল অগ্নি ও পৃথিবীকে গ্রহণ করা যায়। ইক্র প্রভৃতি দেবতা সকল একণে দেখা যায় না ; কিন্তু শাস্ত্র-कारतता वरनन (य, रनवजा मकन रनाकिनिरागत भतीरत আছেন। अर्थाए শরীরস্থ বিরাটের বাষ্টি বিশ্ব-নাম-ধারী আত্মা দিক্, বায়ু, অর্ক, বরুণ, অবিনীকুমার কর্তৃক ক্রমান্বরে শ্রোত্র, ত্বক্, চক্ষু, জিহ্বা, নাসিকা, এই পঞ্চ জ্ঞানে ক্রিয়ে হারা ক্রমেতে শক্ষ, স্পর্শ, রূপ, বস, গরু, এই পঞ্বিষয় অনুভব করেন। এবং অগ্নি, ইক্র, উপেক্র, যম, প্রজাপতি কর্ত্তক বাক্,পাণি,পাদ,পায়ু, উপস্থ, এই পঞ্চ কর্ম্মেক্রিয় দারা ক্রমেতে বচন, গ্রহণ, গমন, ত্যাগ, আনন্দ, এই বাহ্ বিষয় অমুভব করেন। চন্দ্র, ব্রহ্মা, শঙ্কর, বিষ্ণু কর্তৃক নিয়োজিত হইয়া মন, বৃদ্ধি, অহঙ্কার, চিত্ত, এই চারি অন্তরিক্রিয়, ইহারা ক্রমেতে সঙ্কল্প, বিকল্প, নিশ্চয়, অহঙ্কার্যা, চিত্ত, এই সকল বিষয় অমুভব করেন।\*, ফলিতার্থে প্রত্যেক ইন্দ্রিয় ও মনাদি প্রত্যেকে এক একজন দেবতার অংশ আছে; ইহারা কর্মাত্মা দেবতা : ঐ সকল ফুল্মরূপী দেবতারা ক্রীড়া করণ मानरम निक निक अश्म इटेट इस अनामिति मिहे श्रीय श्रीय नामशादी হইয়া অর্থাৎ ইক্র প্রভৃতি নাম ধারণ করিয়া কশুপ প্রজাপতি হইতে অদি-তির গর্ব্তে জন্মগ্রহণ করতঃ কিঞ্চিৎ সুল দেহ† ধারণ করিয়াছিলেন। ইহা ঈশ্বরের নিয়মামুদারে হইয়াছিল; ঐ দকল দেবতারা তপস্তাদারা দিদ্ধি লাভ করতঃ হিমালয় পর্কতের মধ্যে স্থমেরু নামক পর্কতের উপরে স্বর্গ নামক স্থানে বাস করিতেন। তথায় অনির্কচনীয় স্থুখ সম্ভোগ করতঃ পুথিবীর স্কল স্থানে বিচরণ করিতেন। কিন্তু ঐ কশ্রপ ইইতে দিতির গর্ত্তে কতকগুলি দৈত্য, যাহাদিগকে অস্ত্রব এবং দানব বলা ষায়; তাহারা জন্মগ্রহণ করতঃ দেবতাদিগের ঐ অনির্বাচনীয় স্থথ দর্শনে লুক হইয়া ঐ ম্বর্ম স্থান অপহরণ করিয়া লইবার নিমিত্ত যত্নবান হইয়াছিল। তজ্জ্য সময়ে সময়ে দেবাস্থবের সংগ্রাম হইত; অমুরেরা তপন্থী এবং বলবান বিধায় ঐ শরীরধারী দেবতাদিগকে সময় সময় পরাজয় করিয়া স্বর্গস্থান অধিকার করিয়াছিল। তমিনিত্ত ভগবান বিষ্ণু এবং ভগবতী হুর্গা এবং

<sup>े (</sup>वर्षाञ्च मात्र। चै चूल (म्ट्डिंग छोग्न (म्ट्र)

লক্ষী ও শিব, ইহাঁদিগের অংশ হইতে নানাপ্রকার অবতার হইয়া ঐ অভায় কারী অন্তর দিগকে বিনষ্ট করিয়াছেন। ইহা নানা পুরাণে ব্যক্ত আছে; দাপরযুগের শেষ এবং কলির প্রথম সময় পর্যান্ত অন্থরের প্রাত্মভাব থাকাতে দেবতারা সময় সময় মর্ত্ত-লোকে বিচরণ করিয়াছেন। অধুনা অহুর সকল তপভাহীন হওরাতে আর প্রবল না থাকার স্বর্গস্থান আক্রমণে সমর্থ হয় না; এজন্ত দেবতারা স্বর্গে বিশ্রাম স্থুখ অমুভব করিতেছেন। তাঁহারা তথায় থাকিয়া স্বীয় স্বীয় শক্তিদারা জগৎকার্য্য চালাইতেছেন। দেবতারা যোগবলে এরপ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন যে, তাঁহারা ইচ্ছাপূর্বক সাকার ও নিরাকার ছই হইতে পাবেন। তাহাতে স্থল দেহ কপে সাকার না হইলে সুথ সন্তোগ হয় না বলিয়া সাকার হইযাছিলেন; এবং এখনও বর্ত্তমান আছেন। কিন্তু নিরাকাব রূপে জগৎ কার্য্য করিতেছেন; অর্থাৎ ইলু, মেঘ ছারা; ও প্যন বায়ু ছারা, বরুণ জল ছাবা, এবং চলু সুর্যা আলোক দারা, ও নবগ্রহ সকল লোকের অদৃষ্ট জনক শুভাশুভ ফল প্রদান দ্বারা, জগংকার্য্য সাধন করিতেছেন। দেবতারা যোগ বলে এই সকল কার্য্য সমাধা করিতে পারিতেন, ইহা আশ্চর্য্য নহে। কেননা অষ্ট সিদ্ধির ভাংপর্য্য এই বে, অনিমা, (স্ক্র হওয়া) লঘিমা, (ছোট হওয়া) মহিমা (বড় হওয়া) গরিমা, (গুরুত্ব) ঈশিত্ব, (ঈশ্বরত্ব) বশিত্ব, (বশীভূত করা) প্রাপ্তি, (ইচ্ছা-বিষয় লাভ) প্রাকাম্য, (ইচ্ছাপূর্ব্বক কার্য্য সমাধা করণ) এই অইসিন্ধি, ইহার মধ্যে ঈশিত্ব তাণ সকল দেবতাৰ ছিল না; কেবল ব্ৰহ্মা, বিষ্ণু ও সহেশ্বর ইহাঁদিগের অপ্তিনি ছিল । কেহ কেহ বলেন যে, ইক্র দেবতাব রাজা, তাঁহারাও ঈধিত্ব সিদ্ধি ছিল। কিন্তু বোধ হয় তাতা তাঁহার মলমাত্র ছিল; সমুদায় ঈথরত্ব তুণ ছিল না; ইক্তের যে বজ্র ছিল, তাহা দণীচি মুনির অহিতে হইয়াছিল। বৃষ্টির সময় যে বজাঘাত হয়, তাহা সেই বজ্ঞ নহে, ইহা মেঘের তেজ হইতে নির্গত হয়। দেবতাদিগের ঈশ্বরত্ব না থাকার তাৎপর্য্য এই যে, তাঁহার। ত্রন্ধা, বিষ্ণু ও শিবের আরাধনা করিয়া ঐ রূপ কর্তৃত্ব প্রাপ্ত হইয়াছেন; স্বরং ঈশ্বর হইলে ঈশ্বরের উপাদনা করিতেন না। তবে দেবতারা জগৎ কার্য্যে মনুষাদিগের প্রতি কর্ত্তর থাকার তাগ-দিগের পূজা, ছোম ই ত্যাদির বিধি নির্দিষ্ট হইয়াছে; তাঁহারা আমাদিগের

অভী ও ফল প্রদানে সমাক প্রকারে সমর্থ, তাছার সন্দেহ নাই। এই বিষয় ভগবদগীতার তৃতীয় অধ্যায়ের ১০ ম হইতে ১৬ শ শ্লোকে নির্দিষ্ট হইয়াছে যে, প্রজাপতি ব্রহ্মা যজ্ঞের সহিত প্রজা সৃষ্টি করিয়া প্রজাদিগকে বলেন যে, এই যক্ত তোমাদিগের বৃদ্ধির হেডু, এবং যক্তই তোমাদিগের অভীষ্ট ফল-দাতা হইবেন। কারণ তোমরা যজ্ঞ দারা দেবতাগণকে পূজা ও ঘুতাত্তি প্রদান দারা ভুষ্ট কর: এবং দেবতারা বৃষ্টি ইত্যাদি দারা অন্নাদির উৎপত্তি করিয়া তো্মাদিগকে বৃদ্ধি করন। অতএব পরস্পার ইষ্ট্রসাধন করিলে উভয়ে শ্রেষ লাভ কবিবে। বিশেষতঃ যজ্ঞ দারা তুষ্ট চইয়া দেবতারা ভোমাদিগকে ভোগ সামগ্রী সকল প্রদান করিবেন। তোমরা তাঁহাদিগকে প্রদান না কবিয়া ভোজন করিলে চোর হইবে। কেননা যাহারা দ্রব্য প্রদান করেন, তাহাদিগকে তাহা নিবেদন না করিয়া ভোজন করিলে, সে অবগ্রই ধর্মতঃ চোর হইবেক,তাহার সন্দেহ নাই। যিনি যজ্ঞাবশিষ্ট ভোজন करवन, जिनि शां रहें ज मुक हायन ; धवः विनि त्वजादक श्रान ना ক্রিয়া কেবল নিজের নিমিত্ত পাক ও ভোজন করেন, তিনি পাপভোজন কবেন। কারণ যক্ত ধৃম দারা মেঘ হয়, মেঘ-দারা বৃষ্টি হয়, বৃষ্টি দারা শস্তাদি জন্মে; ঐ শস্যাদি ভোজন দারা শুক্র শোণিতের উৎপত্তি হয়; ভাহাতে প্রজার দেহ সৃষ্টি হইয়া থাকে। এই যক্ত লোকের কর্ম হইতে হয়, কর্মানকল বেদ হইতে নির্দিষ্ট হয়; বেদ পরমেশ্বর হইতে উদ্ভব হওয়াতে তিনি সকল যজে প্রতিষ্ঠিত আছেন। অতএব কর্ম দারা বিনি দেবতা-দিগের আরাধনা না করেন, তাহাব রুণা জীবন; এবং তিনি অনবরত নরক যাত্রনা ভোগ করিতে থাকেন। তাৎপর্য্য এই যে, ধ্র জ্যোতি অর্থাৎ তেজ এবং জলীয় পরমাণু ও বায়ু দারা মেঘের উৎপত্তি হয়। ঐ মেঘ যজ্ঞভিতির ধন নাহা সুধান ওলে যায়,দেই ধূন দ্বারা উৎপন্ন হইলে,তাহা হইতে যে বৃষ্টি হয়, তাহা অথওনীয় শশু উৎপাদক। এবং ঐ মেঘের দ্বারা অতি-বুষ্টি বা অনাবৃষ্টির সম্ভাবনা থাকে না। কিন্তু অক্ত ধূম দ্বারা যে মেঘ হইয়া বৃষ্টি হয়, তাহাতে উত্তম শদা ও ফলাদি জন্মে না ; ও তাহাতে অভি-বৃষ্টি ও অনাবৃষ্টি হইতে থাকে। ইহা এইক্ষণ প্রত্যক্ষ ইইতেছে; কারণ পূর্বে যে পরিমাণ শভা হইত, এফাণে তাহা হয় না; ক্রমে বত যজ্ঞ নিবারণ হই-

বেক, তত্ত শশু হইবেক না; এবং অকাল বৃষ্টি প্রভৃতি দোষ সংঘটন ছইবেক। ফলত: মন্ত্ৰুক্ত শ্বত আহতি শ্বারা যে মেঘ হয়, তাহাতে উত্তম ক্লপ ঘটনা হয়; তাহা দ্রব্য গুল স্বীকার করিলেও অমুভব হইতে পারে। এক্ষণে কলিকাল উপস্থিত হইবাতে যজ্ঞ বিদ্ন জন্ম এরূপ মন্দ কাল ঘটনা इहेट्डिए । क्लिट युक्क विरुद्ध कांत्रण वर्डे, यात्रवानिष्ठ श्रुष्ट लिथा चार्ड যে, দেবভারা ব্রহ্মজ্ঞান লাভের জন্ম কেবল তপস্থায় নিরত থাকেন, তাহাতে জগৎ কার্য্য বিশৃথাল হয়, এজন্ত ঈশ্বর-ইচ্ছা-ক্রমে অস্থরের সৃষ্টি হইয়াছিল। ভাহারা তপস্থা দারা বলবান হইয়া দেবতার সহিত যুদ্ধ করাতে দেবগণ সর্বদাই ব্যস্ত থাকাতে আর তপ্সা করিতে না পারিয়া ব্রশ্ধ-জ্ঞান লাভ করিতে পারিলেন না: কেবল জগৎকার্য্য নির্ব্বাহ করিতে থাকিলেন: ক্রমশঃ অমুরেরা যক্তভাগ স্বয়ং গ্রহণ করিতে আরম্ভ করিয়া অতিশয় বৃদ্ধি প্রাপ্ত হইয়াছিল। কিন্তু বিষ্ণুপুরাণে আছে যে, অক্সরেরা প্রবল হইলে দেবতারা বিষ্ণুর আরাধনা করিয়া বলেন যে,কলিতে অস্তুরেরা তপদ্যাবলে স্বয়ং যজ্ঞভাগ গ্রহণ করতঃ আমাদিগের ইক্তত্ব প্রভৃতি পদ অপহরণ করিতে মনস্থ করি-য়াছে; তাহা নিবারণ ব্যতীত জগৎকার্য্য চলে না। ভগবান বিষ্ণু দেখিলেন যে, ক্রুর অম্বরগণকে নিবারণ না করিলে জগংকার্য্য বিশৃঙ্খল হইতে পারে। কেননা দেবতার কার্য্য অন্তের দারা হইতে পারে না; ইহা বিবেচনা কবিয়া ছুষ্ট্রুদ্ধি-অস্তর-দিগকে নোহনার্থ বৃদ্ধ অবতার হইয়া মায়া মোহকে অস্ত্র সমীপে প্রেরণ করেন। তাহারা অহুরদিগকে ভূলাইয়া যাগ্যক্ত ক্রিয়াকাণ্ড मकल त्रिक कतारेलन; अञ्चलका किया-शैन ও जनमा शैन रहेगाय, তাহার। সামান্ত মনুষ্যের ভায় হইয়া গেল; স্মৃতরাং তাহাদিগের দার। আব দেবগণের অনিষ্ট হুইতে পারে না। এবং ভগবানের মার অবতার হুইতে হয় না; কারণ সামান্ত মন্থবোরা যতই জগতের অনিষ্টকারী হউক না কেন, তাহাদিগের ওপন্যা না থাকায় দেবতারা তাহাদিগকে স্বয়ংই নষ্ট করিতে পারেন। ভগবান্ বিষ্ণু ঐ বৃদ্ধ অবতার হওয়ার পরে কলিযুগের প্রাহর্ভাব হইয়া উঠিবায় এককালীন অ্কালে ধর্ম কর্ম যাগ যক্ত রচিত হইয়া নান্তি-কের বৃদ্ধি হইয়াছিল। তদনস্তর ঈশ্বরের ইচ্ছা ক্রমে শঙ্করাচার্য্য প্রভৃতি অবতার হইয়া নাস্তিক নিরাস করতঃ যাগ যক্ত প্রভৃতি ধর্ম কর্ম প্রচার করিয়াছিলেন। কিন্তু পূর্ববিৎ সমাক্ রূপে প্রচলিত হয় নাই; সে কেবল কণির মাহাত্ম্য প্রযুক্তই হয় নাই। ভগবদগাতার চতুর্থ অধ্যায়ের ৭৮ ম শ্লোকে আছে যে, যে সময় ধর্মের প্লানি ও অধর্মের বৃদ্ধি হইতে থাকে, সেই সময় "আমি" অর্থাৎ ঈশ্বর অবতার রূপে অধিষ্ঠিত হইয়া সাধুদি:গ্র পরি-ত্রাণ এবং পাপীদিগকে বিনাশ করতঃ ধর্মসংস্থাপন করিয়া থাকি। এইরূপ যুগে যুগে হইতে থাকে। অতএব ঈশ্বরেব কার্য্য তিনিই করিয়া থাকেন: কি জন্ম তিনি কি কার্য্য করেন, তাহা তিনিই জানেন; পুরাণে আছে যে, অত্যন্ত অধর্মের বৃদ্ধি হইলে ভগবান কন্ধীরূপ ধারণ করিয়া পুনরায় ধর্ম সংস্থাপন করিবেন: কেননা ধর্ম ব্যতীত জগৎকার্য্য স্থচাক্ল-রূপে নির্বাহ হয় না। এবং যাগ যজ্ঞাদি কর্ম বাতীত ও ধর্ম হয় না; ও যাগ যজ্ঞাদি কেবল দেবতাদিগের ও পিতৃলোকের এবং ঈশ্বরের উপাদনা মাত্র, বেদে তাহাই বিহিত হইয়াছে। অতএব দেবতা-দিগের পূজা ও হোম করা অতীব কর্ত্তবা; তাহা প্রকৃত প্রস্তাবে করা হইলে কামা ফল প্রাপ্তি হইতে পারে: এবং দেবতাদিগের অর্চনা না করিলে মহাপাপ জল্মে, তাহাতে পর-कारल नत्रक (ভाগ এবং ইहकारलও কোन স্থখলাভ হইবার সন্তাবনা নাই। যেরূপ দেবতাদিগের পূজা করা প্রয়োজন, তজ্রপ পিতৃ-দেবতা-দিগের পূজা করাও আবশুক, অত এব পিতৃলোক কি, ও তাঁহাদিগের শ্রাদ্ধাদির আবশু-কতাই বা কি, তাহা বিবেচনা করা যাউক।

## পঞ্চদশ অধ্যায়।

পিতৃলোক এবং তাঁহাদিগের আদ্ধাদির আবশ্যকতা নির্ণয়।

মনুর ৩ য় অধ্যায়ের ১৯৪ হইতে ২০০ শ্লোক দৃষ্টে জানা যায় বে, মরীচ্যাদি প্রজাপতিগণের পুত্র পৌত্রাদির মধ্যে কএক জন পিতৃলোক নামে
অভিহিত হয়েন। অর্থাৎ সোম দদ দাধ্যগণের, ও অগ্নিদ্বা দেবগণের
ও বর্হিষদ দৈত্য দানব যক্ষ রাক্ষদ গন্ধর্ম স্থপর্ণ কিন্নরদিগের, এবং সোমপ।
ব্রাক্ষাগণের, হবিভূজি ক্রিরেরের, আদ্যাপা বৈশ্রের, স্কালিন শ্রের পিতৃ-

লোক হইয়াছিলেন। এবং অগ্নিদগ্ধ, ও অগ্নিদগ্ধ ও কাব্য, বর্হিষদ, এবং অগ্নিষ্মা ও দৌমা ইহারাও বাহ্মণগণের পিত্লোক অর্থাৎ ইহাঁদের হই-হইতেও অনেক বাহ্মণ জন্মাইয়াছেন। ইহার তাৎপর্য্য এই যে, যে সকল ঋষিরা কেবল তপস্থা-নিরত ছিলেন, তাঁহারা কেহ প্রঞাপতি ও কেহ মহর্ষি ও কেহ দেবর্ষি হইয়াছিলেন; আব বাঁহারা সংসারে থাকিয়া গৃহস্তধর্ম প্রতিপালন করতঃ পুত্র পৌত্রাদি উৎপন্ন করিয়া ক্রমে ক্রমে নিয়মিত পরমায় ভোগান্তে দেহ পরিত্যাণ পূর্ব্তক স্বর্গতুগ্য স্থানে পিতৃলোককে আকল্প পর্যন্ত বাস করিতে লাগিলেন; তাঁহারাই পিতৃলোক নামে খ্যাত হইলেন। ৩ র অধ্যায়ের ২০১ শ্লোকের তাৎপর্যা দৃষ্টে জানা যায় যে, যাঁহারা পিতৃলোক হইতে প্রথমে জন্মগ্রহণ করেন, তাঁহারা দেবতা-নামে খ্যাত হয়েন। এই নিনিত্ত তাঁহাদিগকে পিতৃদেবতা বলা যায়। তাঁহাদিগের অংশ হইতে ক্রমে মামাদিগের পূর্ব্বপুরুষগণ ও তাহা হইতে আমরা জন্মগ্রহণ করিয়াছি; অর্থাৎ জগতের সকল মুমুষ্ট হইয়াছে। বদাপি ঈশর হইতে সকল পদার্থ ও মনুষ্যাদি হইয়াছে; কিন্তু পিতৃলোকের সহিত আমাদিগের সাকাৎ সম্বন্ধ আছো। কেননা পুত্রেতে যে রূপ পিতার অংশ আছে, তদ্ধুপ পিতা প্রভ-তিতে পিতামহাদির অংশ আছে। ঐ রূপ পূর্ব্বাপর পিতৃলোকে প্রজাপতির অংশ এবং প্রজাপতিতে সাক্ষাৎ হিরণ্যগর্ত্ত ঈশবের অংশ আছে; অতএব মনুষ্য মাত্রের সাক্ষাৎ ঈশ্বর পিতা মাতা হইতেছেন; তাহার সন্দেহ নাই। মুমুর ২য় অধ্যায় ২২৫ শ্লোকে আছে, পিতা প্রজাপতি ও মাতা পৃথিবী তুলা; এবং পিতা মাতা অপেকাউৎকৃষ্ট বস্তু জগতে আর কিছুই নাই। এক্ষণে শ্রাদ্ধ শব্দের অর্থ কি তাহা দেখা যাউক। শ্রদ্ধা পূর্বক যাহা দেওয়া যায়, তাহাকে শ্রাদ্ধ বলে। শ্রদ্ধা শব্দে শাস্ত্রার্থে দৃঢ় প্রত্যয়। তাহাতে মৃত পিত-लाक निरंगत উर्फिंग रा नकन ज्वा नान कता यात्र, छाहारक आह बरन ; এবং জলদানকে তর্পণ বলে; দেবতা উদ্দেশে যে দান করা যায়, তাহাকে পূজা বলে; বাস্তবিক ঐ সকল দান সকলই শ্রদার কার্যা। ধর্মণান্তে আছে যে. দেবধান, ঋষিধান, মতুষ্যাধান, এবং পিতৃথানগ্রস্ত হইয়া লোকে জনাগ্রহন করে। তাহাতে যজ্ঞদারা দেব-ঋণ, ও বেদপাঠে ও নিত্যক্রিয়া-দারা ঋষি-ঋণ, ও মতুষা দিগকে অরপ্রদান এবং তাহাদিগের উপকার দারা মতুষ্য-

খাণ হইতে মুক্ত হয়; পিতৃখাণ পরিশোধের আরে উপায় নাই কেবল শ্রাদ্ধ তপ্ন ও গরাক্ষেত্রে পিগুদান, এবং পুরোৎপাদন দারা ঐ ঋণ পরিশোধ হওয়া শাস্ত্রে বিধান হইয়াছে। পুত্রোৎপাদনের তাৎপর্য্য এই যে, পুত্রের দারা ঐ সকল আদ্ধাদি কার্য্য সম্পন্ন হইবেক বলিয়া ঐ বিধি হইয়াছে। वित्मव उः भूतानानि मात्य चार् एत, विधि भूर्त्तक भूत्वा ९ भागन कता इहेरन যাগ যজ্ঞাদি তাহার যেড়েশাংশের একাংশও হইতে পারে না ; ইহার তাং-পর্যা এই যে, গুত্র পৌত্রাদিবংশের সম্ভান কর্ত্তক যে শ্রাদ্ধ তর্পণ হয়, তাহাতে পিতৃলোকের তৃপ্তি দাধন ছইয়া থাকে, এই বংশ পরস্পরার মুলই পুত্র। অত এব যে কারণ পিতা মাতার বৈধ পুত্র উৎপাদন করা আবশুক, সেই কারণের কার্য্য কবাও পুত্রগণের কর্ত্তব্য , অতএব ভক্তি পূর্ব্বক পিতৃকার্য্য কর। পুত্রাদির নিতান্ত আবশুক। ভক্তি শদের অর্থ ভালবাসা; তাহা তিন প্রকার, অর্থাৎ আপনা হইতে গুরুতর ব্যক্তিকে ভাল বাসা হইলে তাহাকে ভক্তি বলে; ও তুল্য ব্যক্তিকে ভালবাসার নাম প্রেম; এবং ল্যুকে ভাল-বাদার নাম স্নেহ। তাহাতে পিতা মাতা যে প্রকার স্নেহ করেন; পুত্রা-দিরও পিতা মাতার প্রতি তাদৃশী ভক্তি করা উচিত; এবং পিতা মাতাই লোকের ভক্তির পাত্র। কেন না পিতা বিধি পূর্বক মাতার পাণিগ্রহণ করণানন্তর যথাকালে পুত্র উৎপাদন ও মাতা দশম মাস পর্যান্ত গর্ব্তে ধারণ करतन, हेशाट य जैनरवत मर्था अकृषा मञ्जूषात जात वहन क्रिट इत्र এবং গাত্র ভঙ্গ প্রভৃতি বাহ্যিক ও আন্তরিক যাতনা সহ্য করিতে হয় তাহা অনেকেই জ্ঞাত আছেন; পরে প্রদাববেদনা উপস্থিত হইলে সে যাতনাতে মৃত্যু-প্রায় হইতে হয়। এমন কি কেহ কেহ ঐ সময়ে প্রাণ পর্যান্তও পরি-তাাগ করেন। তদনম্ভর ভূমিষ্ঠ বালকের প্রাণ রক্ষার নিমিত্ত নানা প্রকার কষ্ট ভোগ করিতে হয়; অর্থাৎ বালকের বিষ্ঠা মূত্রাদি পবিত্যাগ করান; এবং সময়ে সময়ে ঐ বালকের নিমিত্ত মাহার নিদ্রা বৰ্জ্জিত হইয়া থাকেন। পিতা স্বেহ-বশতঃ বহু কটে ঐ পুত্রের নানা প্রকার আহার্য্য দ্রব্যাদি প্রদান: এবং यथा विधि मःस्रात ও विम्यान्यान चाता भवम উপकात करवन; এবং অন্তান্ত কত প্রকার কট সহু করিয়া পিতা মাতা পুত্রের মঙ্গল দাধন করেন, ভাহা সমূদায় লেখা অসাধ্য। অতএব যাহারা পুতাদির নিমিত্ত এতাধিক

বেক, তত্ই শস্ত হইবেক না; এবং অকাল বুষ্টি প্রভৃতি দোষ সংঘটন হইবেক। ফলত: মন্ত্ৰযুক্ত দ্বত আহতি দাবা যে মেঘ হয়, তাহাতে উত্তম ক্লপ ঘটনা হয়; তাহা দ্রব্য গুণ স্বীকার করিলেও অমুভব হইতে পাবে। এক্ষণে কলিকাল উপস্থিত হইবাতে যক্ত বিদ্ন জন্ম এরূপ মন্দ কাল ঘটনা হইতেছে। কলিতে যজ্ঞ বিল্পের কারণ এই, যোগবাশিষ্ঠ গ্রন্থে লেখা আছে যে, দেবভারা ব্রহ্মজ্ঞান লাভের জন্ত কেবল তপস্থায় নিরত থাকেন, তাহাতে জগৎ কার্য্য বিশুখাল হয়, এজন্ম ঈশ্বর-ইচ্ছা-ক্রেমে অম্বরের স্ষষ্টি হইয়াছিল। তাহারা তপস্থা দারা বলবান হইয়া দেবতার সহিত যুদ্ধ করাতে দেবগণ সর্বদাই ব্যস্ত থাকাতে আর তপ্সাা করিতে না পারিয়া ব্রন্ধ-জ্ঞান লাভ করিতে পারিলেন না: কেবল জগৎকার্যা নির্বাহ করিতে থাকিলেন: ক্রমশঃ অমুরেরা যক্তভাগ স্বয়ং গ্রহণ করিতে আরম্ভ করিয়া অতিশয় বৃদ্ধি প্রাপ্ত ছইয়াছিল। কিন্তু বিষ্ণুপুরাণে আছে যে, অক্রেরা প্রবল হইলে দেবতারা বিষ্ণুর আরাধনা করিয়া বলেন যে,কলিতে অস্থরেরা তপদ্যাবলে স্বয়ং যজ্ঞভাগ গ্রহণ করতঃ আমাদিগের ইক্রত্ব প্রভৃতি পদ অপহরণ করিতে মনস্থ করি-য়াছে; তাহা নিবারণ ব্যতীত জগৎকার্য্য চলে না। ভগবান বিষ্ণু দেখিলেন যে, ক্রুর অম্বরগণকে নিবারণ না করিলে জগংকার্য্য বিশৃত্থল হইতে পারে। কেননা দেবতার কার্য্য অন্তের দারা হইতে পারে না: ইহা বিবেচনা কবিয়া ছষ্টবন্ধি-অস্তুর-দিগকে নোহনার্থ বৃদ্ধ অবতার হইয়া মায়া মোহকে অস্তুর সমীপে প্রেরণ করেন। তাহারা অস্করদিগকে ভূলাইয়া যাগ যজ ক্রিয়াকাও मकल त्रहिङ कताहेलनः, अञ्चलता किया-शैन ও उपमा शैन इहेवाय, তাহার। সামাভ মনুষ্যের ভায় হইয়া গেল; স্মৃতরাং তাহাদিগের ছার। আব দেবগণের অনিষ্ট হুইতে পারে না। এবং ভগবানের আর অবতার হুইতে হয় না; কারণ সামান্ত মহুষ্যেরা যতই জগতের অনিষ্টকারী হউক না কেন, তাহাদিগের তপদ্যা না থাকায় দেবতারা তাহাদিগকে স্বয়ংই নষ্ট করিতে পারেন। ভগবান্ বিষ্ণু ঐ বৃদ্ধ অবতার হওয়ার পরে কলিযুগের প্রাহর্ভাব হইয়া উঠিবায় এককালীন অকালে ধর্ম কর্ম যাগ যজ্ঞ রহিত হইয়া নান্তি-কের বৃদ্ধি হইয়াছিল। তদনস্তর ঈশ্বরের ইচ্ছা ক্রমে শঙ্করাচার্য্য প্রভৃতি অবতার হইনা নাস্তিক নিরাস করতঃ যাগ যক্ত প্রভৃতি ধর্ম কর্ম প্রচার কবিয়াছিলেন। কিন্তু পূর্ববিৎ সমাক্ রূপে প্রচলিত হয় নাই; সে কেবল কণির মাহাত্ম্য প্রযুক্তই হয় নাই। ভগবদগাতার চতুর্থ অধ্যায়ের ৭৮ ম শ্লোকে আছে যে, যে সময় ধর্মের গ্লানি ও অধর্মের বৃদ্ধি হইতে থাকে, সেই সময় "আমি" অর্থাৎ ঈশ্বর অবতার রূপে অধিষ্ঠিত হইয়া সাধুদিংগ্র পরি-ত্রাণ এবং পাপীদিগকে বিনাশ করতঃ ধর্ম্মসংস্থাপন করিয়া থাকি। এইরূপ যুগে যুগে হইতে থাকে। অতএব ঈশ্বরেব কার্য্য তিনিই করিয়া থাকেন: কি জন্ম তিনি কি কার্য্য করেন, তাহা তিনিই জানেন; পুরাণে আছে যে, অক্যান্ত অধর্মের বৃদ্ধি হইলে ভগবান কন্ধীন্ধপ ধারণ করিয়া পুনরায় ধর্ম সংস্থাপন করিবেন; কেননা ধর্ম ব্যতীত জগৎকার্য্য স্কলক্ষ-ক্রপে নির্ব্বাহ হয় না। এবং যাগ যজাদি কর্ম বাতীত ওধর্ম হয় না; ও যাগ যজাদি কেবল দেবতাদিগের ও পিতৃলোকের এবং ঈশ্বরের উপাদনা মাত্র, বেদে তাহাই বিহিত হইয়াছে। অতএব দেবতা-দিগের পূজা ও হোম করা অতীব কর্ত্তবা; তাহা প্রকৃত প্রস্তাবে করা হইলে কাম্য ফল প্রাপ্তি হইতে পারে; এবং দেবতাদিগের অর্চনা না করিলে মহাপাপ জন্মে, তাহাতে পর-काल नत्रक (ভाগ এবং ইश्कालिও (कान स्थनां श्हेरात महायन। नाहे। যেরপ দেবতাদিগের পূজা করা প্রয়োজন, তদ্ধপ পিতৃ-দেবতা-দিগের পূজা করাও আবশুক, অত এব পিতৃলোক কি, ও তাঁহাদিগের শ্রাদ্ধাদির আবশু-কতাই বা কি, তাহা বিবেচনা করা যাউক।

# পঞ্চদশ অধ্যায়।

পিতৃলোক এবং ভাঁহাদিগের আদ্ধাদির আবশ্যকতা নির্ণয়।

মনুর ৩ র অধ্যায়ের ১৯৪ হইতে ২০০ শ্লোক দৃষ্টে জানা যায় বে, মরীচ্যাদি প্রজাপতিগণের পুত্র পৌত্রাদির মধ্যে কএক জন পিতৃলোক নামে
অভিহিত হয়েন। অর্থাৎ সোম দদ সাধ্যগণের, ও অগ্নিদ্বা দেবগণের
ও বর্হিষদ দৈত্য দানব যক্ষ রাক্ষদ গদ্ধর্ম স্থপ কিন্নরদিগের, এবং সোমপ।
ব্যক্ষণগণের, হবিভূজি ক্ষত্রিয়ের, আদ্যাপা বৈশ্রের, স্কালিন শ্দের পিতৃ-

লোক হইয়াছিলেন। এবং অগ্নিদগ্ধ, ও অগ্নিদগ্ধ ও কাবা, বর্হিষদ, এবং অগ্নিষ্মা ও সৌম্য ইহারাও বাহ্মণগণের পিতৃলোক অর্থাৎ ইহাঁদের হই-হইতেও অনেক ব্রাহ্মণ জন্মাইয়াছেন। ইহার তাৎপর্য্য এই যে, যে স্কল ঋষিরা কেবল তপস্থা-নিরত ছিলেন, তাঁহারা কেহ প্রজাপতি ও কেহ মহর্ষি ও কেহ দেবর্ষি হইয়াছিলেন; আব বাঁহারা সংসারে থাকিয়া গৃহস্তধর্ম প্রতিপালন করতঃ পুত্র পৌত্রাদি উৎপন্ন করিয়া ক্রমে ক্রমে নিয়মিত পরমায়ু ভোগান্তে দেহ পরিত্যাগ পূর্বাক স্বর্গতুল্য স্থানে পিতৃলোককে আকল পর্যান্ত বাস করিতে লাগিলেন; তাঁহারাই পিতৃলোক নামে থ্যাত হইলেন। ৩ র অধ্যায়ের ২০১ শ্লোকের তাৎপর্যা দৃষ্টে জানা যায় যে, যাঁহারা পিতৃলোক हरेट ख्राप्ट क्या बहुत करतन, ठांशात्रा (प्रवणा-नाम्य था। वह নিমিত্ত তাঁহাদিগকে পিতৃদেবতা বলা যায়। তাঁহাদিগের অংশ হইতে ক্রমে সামাদিগের পূর্বপুরুষগণ ও তাহা হইতে আমরা জন্মগ্রহণ করিয়াছি; অর্থাৎ জগতের সকল মনুষাই হইয়াছে। যদাপি ঈশ্বর হইতে সকল পদার্থ ও মুমুষ্যাদি হইয়াছে; কিন্তু পিতৃলোকের সহিত আমাদিগের সাকাৎ সম্বন্ধ আছে। কেননা পুত্রেতে যে রূপ পিতার অংশ আছে, তদ্ধপ পিতা প্রভ-তিতে পিতামহাদির অংশ আছে। ঐ রূপ পূর্ব্বাপর পিতৃলোকে প্রজাপতির অংশ এবং প্রজাপতিতে দাক্ষাৎ হিরণ্যগর্ত্ত ঈশ্বরের অংশ আছে; অতএব মুমুষ্য মাত্রের সাক্ষাৎ ঈশ্বর পিতা মাতা হইতেছেন; তাহার সন্দেহ নাই। মনুর ২য় অধ্যায় ২২৫ শোকে আছে, পিতা প্রজাপতি ও মাতা পৃথিবী তুলা; এবং পিতা মাতা অপেক্ষা উৎকৃষ্ট বস্তু জগতে আর কিছুই নাই। এক্ষণে শ্রাদ্ধ শব্দের অর্থ কি তাহা দেখা যাউক। শ্রদ্ধা পূর্বক যাহা দেওয়া বায়, তাহাকে শ্ৰাদ্ধ বলে। শ্ৰদ্ধা শব্দে শাস্তাৰ্থে দৃঢ় প্ৰত্যয়। তাহাতে মৃত পিতৃ-लाक निरंगत উष्मिं य नकन ज्वा नान कता यात्र, जाशास्त्र आह वरन ; এবং জলদানকে তর্পণ বলে; দেবতা উদ্দেশে যে দান করা যায়, তাহাকে পূজা বলে; বাস্তবিক ঐ সকল দান সকলই শ্রন্ধার কার্য্য। ধর্মণাস্তে আছে যে. দেবঋণ, ঋষিঋণ, মনুষ্যঋণ, এবং পিতৃঋণগ্রস্ত হইয়া লোকে জন্মগ্রহণ করে। তাহাতে যজ্জদারা দেব-ঋণ, ও বেদপাঠে ও নিত্যক্রিয়া-দারা ঋষি-ঝাণ, ও মহুষা দিগকে অরপ্রদান এবং তাহাদিগের উপকার দারা মহুসূ-

ঋণ হইতে মুক্ত হয়; পিতৃঋণ পরিশোধের আর উপায় নাই, কেবল শ্রাদ্ধ তপ্ন ও গরাক্ষেত্রে পিগুদান, এবং পুত্রোৎপাদন দারা ঐ ঋণ পরিশোধ হওয়া শাস্ত্রে বিধান হইয়াছে। পুত্রোৎপাদনের তাৎপর্য্য এই যে, পুত্রের দারা ঐ সকল আদাদি কার্য্য সম্পন্ন হইবেক বলিয়া ঐ বিধি হইয়াছে। বিশেষতঃ পুরাণাদি শাস্ত্রে আছে যে, বিধি পূর্ব্বক পুত্রোৎপাদন করা হইলে যাগ যজ্ঞাদি তাহার ষোড়শাংশের একাংশও হইতে পারে না ; ইহার তাং-পর্যা এই যে, গুত্র পৌত্রাদিবংশের সস্তান কর্ত্বক যে শ্রাদ্ধ তর্পণ হয়, তাহাতে পিতৃলোকের তৃপ্তি দাধন ছইয়া থাকে, এই বংশ পরস্পরার মূলই পুত্র। অত এব যে কারণ পিতা মাতার বৈধ পুত্র উৎপাদন করা আবশুক, সেই কারণের কার্য্য কবাও পুত্রগণের কর্ত্তব্য, অতএব ভক্তি পূর্ব্বিক পিতৃকার্য্য কর। পুত্রাদিব নিতান্ত আবশুক। ভক্তি শব্দের অর্থ ভালবাদা; তাহা তিন প্রকার, অর্থাৎ আপনা হইতে গুরুতর ব্যক্তিকে ভাল বাসা হইলে তাহাকে ভক্তি বলে; ও তুল্য ব্যক্তিকে ভালবাসার নাম প্রেম; এবং লঘুকে ভাল-বাদার নাম স্নেহ। তাহাতে পিতা মাতা যে প্রকার স্নেহ করেন; পুত্রা-দিরও পিতা মাতার প্রতি তাদৃশী ভক্তি করা উচিত; এবং পিতা মাতাই লোকের ভক্তিব পাত্র। কেন না পিতা বিধি পূর্ব্বক মাতার পাণিগ্রহণ করণানন্তর যথাকালে পুত্র উৎপাদন ও মাতা দশম মাস পর্ব্যস্ত গর্ব্তে ধারণ करतन, देशांट य जैनरतत मध्य अकरे। मल्लात जात वहन कतिए इस এবং গাত্র ভঙ্গ প্রভৃতি বাহিক ও আন্তরিক যাতনা সহ করিতে হয় তাহা অনেকেই জ্ঞাত মাছেন; পরে প্রদাববেদনা উপস্থিত হইলে দে যাতনাতে মৃত্য-প্রায় হইতে হয়। এমন কি কেহ কেহ ঐ সময়ে প্রাণ পর্যান্তও পরি-ত্যাগ করেন। তদনন্তর ভূমিষ্ঠ বালকের প্রাণ রক্ষার নিমিত্ত নানা প্রকার কষ্ট ভোগ করিতে হয়; অর্থাৎ বালকের বিষ্ঠা মূত্রাদি পবিত্যাগ করান; এবং সময়ে সময়ে ঐ বালকের নিমিত্ত আহার নিক্রা বর্জ্জিত হইয়া থাকেন। পিতা স্নেহ-বশতঃ বছ কটে ঐ পুত্রের নানা প্রকার আহার্য্য দ্রব্যাদি প্রদান; এবং यथा विधि मःस्रात ও विम्राভागि नाता भत्रम উপकात करतन; এবং অস্তান্ত কত প্রকার কট সহু করিয়া পিতা মাতা পুরের মঙ্গণ দাধন করেন, ভারা সমূদায় লেখা অসাধ্য। অতএব বাহারা পুতাদির নিমিত এতাধিক

কষ্ট ভোগ করেন এবং যথোচিত ম্বেহ করেন; তাঁহাদিগের ভক্তি অর্থাৎ ভালবাদার পাত্র, পিতা মাতা ব্যতীত জগতে আর কে হইতে পারে ? তাঁহাদিগকে এই রূপে ভক্তি করা আবশুক যে, জীবতমানে বাক্য প্রতিপালন, এবং নানাপ্রকার উৎকৃষ্ট এবং প্রিরদ্রব্য সাধ্যাত্মসারে প্রদান, ও যাহাতে তাঁহাদিগের হিত্যাধন হয় এমত কার্যা সর্বতোভাবে করা কর্ত্ব্য। কোন ক্রমে তাঁহাদিগের সহিত বিবাদ অথবা যাহাতে তাঁহাদিগের অহিত হয় শাস্ত্র ও যুক্তি অনুসারে তাহা করা কর্ত্তব্য নহে; বরং তাঁহাদিগের সাক্ষাতে বা অসাক্ষাতে হউক অমুরাগ কবা বিধেয়। স্বভাবতঃ তাহা করিতেও দেখা ষায়; এবং তাঁহাদিগের মৃত্যু হইলেও শ্রাদ্ধ তর্পন দারা তৃপ্তি সাধন করা কর্ত্তব্য; এই সকল কার্য্যই ভক্তির চিহ্ন। যদি বল যে, মরণোত্তর প্রাদ্ধের প্রবোজন কি ? তাহাতে বক্তব্য এই যে, মরণোত্তর মহুষ্যের যে প্রকার যাতনা ভোগ করিতে হয়, তাহা ধর্মশাস্ত্রে নির্দিষ্ট আছে। এবং তাহা এই তৃতীয় ভাগের ষষ্ঠ অধ্যায়ে বর্ণিত হইয়াছে। ঐ সময়ে শ্রাদ্ধ বিধানে দানাদি দ্বারা তাঁহাদিগের তুপ্তি দাধন করা অতীর কর্ত্র্য। কেন না যাহারা জীবত-মানে পুতাদির প্রতি অতি মেহ করেন, এবং মৃত্যু হইলে বাঁহাদিগের ত্যাজ্য সম্পত্তি প্রাপ্ত হওয়া যায়; তাঁহাদিগের পারলৌকিক কট নিবারণ করা যে, নিতান্ত আবশ্যক তাহা সকলেই ব্ঝিতে পারেন। যদি বল যে, পিতা মাতা জীবতমান থাকন সময়ে তাঁহাদিগকে বে সকল দ্রব্য দেওয়া যায়, তাহা ভাঁছারা প্রাপ্ত হইয়া সম্ভূত হরেন। কিন্তু মৃত হইলে তছদেশে যে দ্রবাসকল প্রদান করা যায়, তাঁহরা তাহা প্রাপ্ত হওয়া অসম্ভব এবং তাহারা মুক্তি লাভ করিয়া থাকিলে ঐ জবা তাঁহারা নিশ্চর প্রাপ্ত হইবেন না? অতএব মৃত ব্যক্তির উদ্দেশে দানাদি বিফল ? তাহাতে ব্যক্তব্য এই যে, পিতা নাতা মুক্তি লাভ করিয়াছেন কি'না তাহা জানা যায় না; এজন্ত দানাদির আবশ্রক এবং मिक नांच ना कतिराव थे प्रकल ख्यां नि छाँशात्रा श्राश्च इहेरवन कि ना, এবং ভদ্ধার৷ তাঁহাদিগের তৃপ্তি সাধন হইবেক কি না, তাহা আপাততঃ বিচার করা কর্ত্তব্য নহে। কেন না ধর্মণাত্ত্রে আছে যে, আদাদি করা অবশ্য কর্ত্তব্য এবং শ্রাদ্ধাদির দাবা পিতলোকের ভৃপ্তি সাধন হইয়া থাকে: ঐ কথার প্রতি সম্পূর্ণরূপে বিশ্বাস করিয়া আদ্ধ করা কর্তব্য। কেন না

বাঁহারা পুত্রাদির জন্ম কন্ত ভোগ করেন; এবং বাঁহাদিগের ত্যক্ত সম্পত্তি প্রাপ্ত হওয় যায়, সে হলে তাঁহাদিগের উদ্দেশে দান করা শাস্ত্র ও যুক্তিসিদ্ধ হইতেছে। যদি বলা যায় যে, পিতৃলোকের উদ্দেশে যে দ্রব্য দান করা যায়, তাহা তাঁহারা প্রাপ্ত না হইলে তৃপ্তি সাধন হওয়া সম্ভব নহে ? তবে শাস্ত্রে যে তৃপ্তি সাধন হওয়ার কথা লেখা আছে তাহা কিব্লুপে সঙ্গত হইতে পারে? हेशार वे वक्क वा अहे रा, रा मकन खवा निवृत्नात्कत्र छेटमर मान कता यात्र, তাহা পঞ্জুতাত্মক; এবং পঞ্জ ভূত সকল পরস্পার যোগ খুক্ত আছে; ও ও আত্মা এবং শক্ষপর্শরপরস্গন্ধ জগদ্যাপ্ত রহিয়াছেন। তাহাতে মন্ত্র-পাঠ-দারা ঐ শব্দের ও বায়ু এবং কুর্যা-তেজের আকর্ষণে পিতলোকেরা পুত্রাদির শ্রাদ্ধ কার্য্য জানিতে পারেন; এবং দ্রব্যাদিব সার-ভাগ গ্রহণ করিতে পারেন। যেরূপ বিছাতীয় যন্তের\* দাবা বছতর তার সংযুক্ত থাকিলেও নিদিষ্ট স্থানে নিদিষ্ট ব্যক্তির সংবাদ প্রাপ্ত হওয়া যায় অক্সান্ত দুশু বস্তু সকল ভাহার প্রতিবন্ধক করিতে পারে না; তদ্ধপ মন্ত্রেশ শব্দ সহযোগ হইরা, এবং শ্রাদ্ধ-কর্ত্তার আত্মার সহিত পিতৃলোকের আত্মার যোগ থাকার, আত্ম-মনঃ সংযোগে ধ্যান বারা নির্দিষ্ট পিতৃলোকেরা সংবাদ প্রাপ্ত হইতে পারেন; এবং দ্রব্যাদির সূক্ষ দার ভাগ তথায় যাইতে পারে; অথবা তাঁহারা মন্ত্রের আকর্ষণে স্ক্ররূপে আসিয়া তাহা গ্রহণ করিতে পারেন। যদি পিতৃলোকেরা অন্ত যোনিতে জন্ম গ্রহণ করিয়া থাকেন, তবে যে যোনিতে জন্ম গ্রহণ করেন; তথায় শ্রাদ্ধীয় দ্রব্যের সার ভাগ দ্বারা তাঁহাদের তৃপ্তি সাধন হয়। ইংার তাৎপর্য্য এই যে, পিতৃলোকের উদ্দেশে যে সকল দ্রব্য দান করা যায়. ভাহার সার-ভাগ অলক্ষিত ভাবে অর্থাৎ লোকের দর্শনাভাবে পিতৃলোক যে যোনিতে জন্ম গ্রহণ করেন তাঁহার আহারীয় দ্রব্যের সহিত সংলগ্ন হয়; এবং তিনি তাহা ভক্ষণ করিয়া তৃপ্তি লাভ করেন। ফলিতার্থে মহুষ্যেরা প্রাত্য-ধিক যে আহার করেন তাহাতে কোন কোন সময় একটা শাকান ভোজনেও যথেষ্ট ভৃপ্তি লাভ করিয়া থাকেন। ইহার তাৎপর্য্য পূর্ব্ব জন্মের পুত্রাদির

<sup>\*</sup> টেলিগ্রাফ্।

<sup>†</sup> বিধি পূর্বক মন্ত্র পাঠ করায় ঐ মন্ত্রের গুণ জব্যগুণ বিবেচনা করা যাইতে পারে। অর্থাৎ বাব্য দ্বারা বশীভূত বা বৈরতা হইয়া থাকে, ইহা জব্য-গুণের জার গুণ বলিত্বে হইবেক।

ক্বত শ্রাদ্ধ। যদিচ ইহা আপাতত: অসম্ভব বলিয়া বোধ হয় বটে; কিন্ত ইহা শাস্ত্র-সিদ্ধ, এবং বিবেক সহকারে বিবেচনা করিয়া দেখিলে, যে পুত্রা-দির শ্রাদ্ধ জন্ম ঐ তৃথি লাভ হয় তাহা অনুভব করা যাইতেও পারে। এই বিষয় ঋষিরা যোগবলে স্পষ্ট অনুভব করিয়া শান্তে প্রকাশ করিয়াছেন। প্রাদ্ধ দ্বারা যে পিতৃলোকের তৃপ্তি সাধন হয় তাহা কথনই মিথ্যা নহে। তুর্ভাগ্য বশতঃ এক্ষণে কর্ম্ম সকল প্রাক্ত প্রস্তাবে না হওয়ায়, এবং লোকের বিবেক শক্তি ও যোগ-বল না থাকায় জানা যায় না; পুরাণাদিতে আছে যে, পূর্ব্বে দেবতারা ও পিতৃলোক আরাধিত হইলে তাহারা প্রত্যক্ষ হইয়া বর প্রদান করিতেন। ভীমাদেব পিতৃবর প্রাপ্ত হইয়া ইচ্ছা মৃত্যু লাভ করিয়া-ছিলেন\* অতএব পিত। প্রভৃতির মৃত্যুর পর হইতে যে অন্ত্যাষ্টক্রিয়া ও পুবগ পিও প্রদান; তদনন্তর আদ্য প্রাদ্ধ ও মাসিক সপি ভীকরণ এবং একোদিই ও প্রতি মাদে অমাবস্থার পার্কাণ এবং পিতৃষোড়শী ও মাতৃষোড়শী এবং নবার ও নবোদক প্রান্ধ এবং নব-যব-প্রান্ধ, শাকাষ্টকা, পূপাষ্টকা, মাংসাষ্টকা এবং গুয়াশ্রাদ্ধ ও তীর্থশাদ্ধ ও ভতকর্মে বুদ্ধি শ্রাদ্ধ প্রভৃতি নানা প্রকার শ্রাদ্ধের বিধি ধর্মণাত্তে নিরূপিত হইয়াছে। ইহা সময় মত করা অভীব কর্ত্তব্য ; ইহা অকরণে প্রত্যবার হয় ; এবং প্রাত্যহিক তর্পণ ও পিতৃ উদ্দেশে জল রান করাও প্রয়োজন। নতুবা পাপভাগী হইতে হয়। এক্ষণে বিবেচনা করা যাউক যে, প্রান্ধে ও দেবপূজায় কি কি দ্রব্যের প্রয়োজন; এবং দ্রব্যাদি বাতীত কেবল স্তবের দ্বারা প্রাদ্ধাদি সিদ্ধি হয় কি না।

মহাভারতে ও অক্তান্ত শাস্ত্রেও ইহার অনেক উদাহরণ আছে। ইহা অসম্ভব নহে কেন না ঈশবের কার্য্য সকলই সম্ভব ।

### ষোড়শ অধ্যায়।

#### শ্রাদ্ধ ও দেবপূজার দ্রব্যাদির নিয়ম, ও স্তবের ফল কি, তাহার নির্ণয়।

<sup>\*</sup>প্রথমতঃ শ্রাদ্ধের জ্ব্যাদি এইরূপ হওয়া আবশ্রুক যে, যে সকল বৈধ দ্রব্য আমরা নিত্য পান ভোজন করি; এবং ভালবাসি তাহা আমাদিগেব ভক্তির পাত্রকে দান করা অতীব কর্ত্তবা। এবং পুষ্প চন্দন ধূপ প্রভৃতি মনোহর সুগন্ধি দ্রব্য প্রদান করা, ও নানা দ্রব্য মিপ্রিত পিওদান করাও কর্ত্বা\*। বিশেষতঃ পিতা মাতা প্রভৃতি যে বর্ণের অথবা যে জাতির লোক হউন তদকুদারে তাঁহার বৈধ পান ভোজনীয় এবং ব্যবহার্য্য দ্রব্যাদি প্রদান কবাও বিধেয়। এই সকল কারণে ষোড়শ দান ও নানা প্রকার ভক্ষ্য ভোজ্য দ্রব্য দারা পিতৃলোকের তৃপ্তি সাধন করা হইয়া থাকে, ইহাতে বিভ শাঠ্য † করা উচিত নহে। আর পিতৃলোকের স্তব করা, যে শাস্ত্রে বিধি হট্মাছে তাহা করাও কর্ত্তবা; কিন্তু ধন নত্ত্বে কেবল স্তব করিলে কিছুই ফল হয় না। কেননা ক্ষাব যাতনা বচনে নিবৃত্তি করা হইতে পারে না। ষ্মতএব যেরূপ সঙ্গতি থাকে তদুত্মারে পিতৃশাদ্ধে দ্রব্যাদি দান করা বিধেয়। তবে সঙ্গতি না থাকিলে ক্রমে ফল মূল গন্ধ পুষ্প জল ও স্তব দারা অর্চনা দিদ্ধি হ'ই তে পারে। কাবণ স্তব অতি উৎকৃষ্ট বিষয়; যে ছেতু দামান্ত মনুষ্য যথন স্তবের দারা তুষ্ট হয়, তথন দেবতা ও পিতৃদ্বেতা যে স্তবে তুষ্ট হটবেন ইহার সন্দেহ কি ? ‡ পরস্ক শ্রাদ্ধাদিতে শ্রেষ্ঠ-বর্ণ ত্রাহ্মণ-দিগকে ও সজাতীয় ও স্বর্ণ লোককে ছোজন করান আবশুক, ইহাতেও পিতৃলোকের

মধ্কৈটব অস্বরের মা•দে মেদিনী হওষাধ মৃত্তিকাতে পিওদান হয় না. কুশ ও ছর্কার উপর অমৃততাও স্থাপিত হওয়ায় ক্শের উপর পিওদান বিধি হইয়াছে।

<sup>†</sup> বিত্ত শাঠ্য ধন সংখ কুপণতা।

<sup>া</sup> গানায়ণে আছে যে, এক ধালীন সঙ্গতি অভাবে কেবল শুব দারা আদ্ধি কায্য সমাধা হয়।

তৃপ্তি দাধন হইতে পারে; কেননা ভোজন দ্বারা সকলেবই তৃপ্তি সাধন ছইয়া থাকে; ইহাতে পিতৃলোকের তৃপ্তি সাধন হওয়ারও সম্ভব। ভগবান বিষ্ণুর অবতার রামচক্র, জটায়ু পক্ষীব নিমিত্তে পক্ষী-গণকে মাংস ভোজন কবাইয়া তাহার তৃপ্তি-দাধন করিয়াছিলেন। এই কারণে সজাতীয় লোককে উপযুক্ত পান ভোজন করান নিতান্ত আবশুক। শান্ত্রে যে বিধি নিদিষ্ট ছইয়াছে; তাহার তাৎপর্য্য বিবেচনা করিলে জানা যায় যে, যে জাতির ও যে বর্ণের যাহা ভক্ষ্য তদ্ধারা তাঁহাদিগের শ্রাদাদি করা বিধি সিদ্ধ বটে; তবে অধম বর্ণের প্রাদ্ধে যে উৎকৃষ্ট দ্রব্য দেওয়া যাইবে না এরূপ বিধি হয় নাই। যেরূপ পিতৃ প্রাদ্ধে ত্রব্যাদি দানের বিধি হটয়াছে; তজ্ঞপ দেব পূজা-তেও বিধি আছে। কেননা যে সকল পুষ্প চলনাদি এবং নৃতন দ্ৰব্য ও ফল জল ও অন প্রভৃতি পিতৃ লোকের অর্চনাতে দিতে হয় তৎ সমুদায় দেব পূজাতেও দেওয়ার বিধি হইরাছে। অতএব এই দকল কার্য্য দ্বারা ভক্তি প্রকাশ হইয়া থাকে। বিশেষতঃ দেব-যক্ত ও পিতৃশ্রাদ্ধ দারা ঈশ্বরের উপা-সনা হয়। যদিচ স্বতন্ত্র রূপে ঈশ্বর আরোধনার নিয়ম আছে। কিন্তু শাদ্ধ ও দেবপূজা তাহার প্রধান অঙ্গ। ফলিতার্থে অগ্র কামনা রহিত ১ইরা ঈশ্বরের প্রীতির নিমিত্ত পিতৃশ্রাদ্ধ ও দেবপূজাদি করিয়া ঈশ্বরে সমর্পণ করিলে তাহা কেবল ঈশ্বর আরাধনায় পর্য্যাপ্ত হয়। আর ফলাভিসদ্দি পূর্ব্বক দেব-পূজা ও পিতৃশ্রাদ্ধ যাহা করা বায় তাহার ফল দেবতা ও পিতৃলোকের তৃপ্তি সাধনের নিমিত্ত যে হইয়া থাকে তাহাও ঈশ্বর আরাধনা, যেহেতু তিনি সর্ব-যজ্ঞেশর। এই বিষয় মোক্ষ প্রকরণে বিস্তারিত প্রকাশ করা যাইবেক। এক্ষণে বিবেচনা করা যাউক যে, দেবযজে ও পিতৃশাদ্ধে যে পৃশু হিংদার বিধি হইয়াছে ইহার কারণ কি ?

### সপ্তদশ অধ্যায়।

#### যজ্ঞাদিতে পশুহিংসার কারণ নির্ণয়।

(तरम चारक रा, मकूरवाता लागी हिश्मा कतिरान ना। ∗ है हा माश्म ভোজী পশুপক্ষীদিগের প্রতি নহে। যে হেতু ঈশ্বর তাহাদিগের মাংদের দ্বারা জীবিকা নির্বাহের নিয়ম করিয়াছেন। এজন্ত উপরি উক্ত বিধি মন্ত্র-ষ্যের প্রতি হইয়াছে। কেননা মনুষ্যেরা বৃদ্ধিমান প্রযুক্ত তাহারা হিংসা করিলে পৃথিবীর সমস্ত জীব জন্ত নত করিরা ফেলিবেক বলিয়া তাহাদিগকে নিষেধ করা হইয়াছে। বেদে ইহাও বলা হইয়াছে যে, বায়ুব পূজা খেত ছাগল দারা, এবং পশুর দাবা কদের পূজা, অগ্নি সোমীয় যাগ পশু দারা ক্রিবেক + এবং পশু মাংস রারা যক্ত ও পিতৃশাদ্ধ ক্রিবেক‡ ইহাতে কিছু विदाध दिशा गांच वरहे ; कि छ है हो त्र शिकां छ अहे दिश, विधिशृर्वक यखानित জন্ম যে হিংসা তাহা অহিংনা ইহা মনু বাজ্ঞবন্ধ্য প্রভৃতির গ্রন্থে লেখা আছে। অতএব বিধিপুর্ম্নক হিংসা ব্যতীত অন্ত হিংসা কবিবেক না। তাৎপর্য্য এই বে, মাংস স্থসাত্ বস্তু বিবেচনার মহুব্যেবা অকারণে পশু সকল ভক্ষণ করিয়া এককালীন বিনাশ করিবেক বিবেচনার মন্থব্যের প্রবৃত্তির সার্থক্য হয় অথচ পশু-দিগের উদ্ধার হয়, এবং সৃষ্টিকার্য্য স্থচাক রূপে চলিতে পারে বিবেচনায় জম্বর নিয়ম করিয়াছেন যে, যজ্ঞের জন্ত বিধিপূর্ব্যক যে পশু বিনষ্ট করা যাইবেক, তাহাতে পাপভাগী হইবেক না। । যজ শব্দে দেব-যজ্ঞ, ও পিতৃবজ্ঞ। ঐ যজ্ঞে যে সকল পশু ও পক্ষী এবং জলচর বিনষ্ট হইবেক, তাহারা স্বর্গে গমন করি-বেক। এবং পশুযোনি হইতে মুক্তিলাভ করিয়া মহুষ্যযোনি প্রাপ্ত হই-

<sup>\*</sup> মা হিংমাৎ সর্কা ভূতানি।

<sup>†</sup> বায়বাাং থেত ছাগল মালভেত। পশুনা কুদ্রুং যজেত। অগ্নি সোমীয় পশু মালভেত ইতি বেদ।

<sup>‡</sup> মহুতে বিধি আছে।

<sup>§</sup> मसूर पश्चम अशास्त्रत ०० स्नांक ।

বেক। ও যে ব্যক্তি বিধিপূর্বক পশু পক্ষী দ্বারা যজ্ঞাদি কার্য্য করে, সে এবং পশু প্রভৃতিরা স্বর্গে গমন করে। ইহা পশু উৎসর্গের মন্ত্রে প্রকাশ আছে: ইহাতে যজ্ঞাদি সাধনের জন্ম দানকর্তা ও পশু উভয়েরই উপকার বিবেচনায় এই বিধি নির্দিষ্ট হওয়াই শাস্ত্র ও যুক্তিসিদ্ধ। যদি বল যে, স্ত্রীপশু যজে গ্রাহ্ম না হওয়ার কারণ কি ? তাহাতে বক্তব্য এই দে, স্ত্রীপভ হিংসা হইলে পশু সম্বনীয় প্রজা বিনষ্ট হয়। কেননা প্রজা বৃদ্ধির নিমিত্ত স্ত্রীজা-তির অধিক আবশ্যক; যথা একজন পুরুষ একশত স্ত্রীতে অধিক প্রজা বৃদ্ধি হইতে পারে। কিন্তু একটী স্ত্রী ও একশত পুরুষে তাদৃশ পরিমাণে প্রেজা বুদ্ধি হওয়ার সম্ভব নহে। তজ্জ্ঞ স্ত্রীর অধিক আবিশ্রক বিধায় স্ত্রী পশুর হিং বা নিষেধ হইয়াছে। এইরূপ মুম্যা বিষয়ে বৈধ হিংবাব বিধি আছে যে, যুদ্ধে মাহারা হিংসা করে, তাহারা এবং যাহারা প্রাণত্যাগ করে তাহারা উভয়েই পাপী হয় না, ববং যুদ্ধে প্রাণত্যাগ করিয়া স্বর্গে গমন করে। কিন্তু স্তালোকের যুদ্ধের বিধি নাই। পূর্বের নরমেধ ও গোমেধ যজ্ঞের বিধি ছিল; তাহা এক্ষণে শাস্ত্র দারা রহিত হইয়াছে; কারণ ততুপযোগী মন্ত্র পাঠ এবং দ্রবাদি সকল প্রাপ্ত না হওয়ায় অঙ্গ হীন প্রযুক্ত যজের ফল প্রাপ্ত **ट्रेंट** পারে না; বরং অবৈধ হিংদা জক্ত পাপ-ভাগী হইতে হয়। আর প্রাণী হত্যাকারী পাপী-দিগের প্রাণ নাশ করা বিধি আছে; ইহাতেও পাপ নাই, বরং হত্যারপ-পাপ-কার্য্য নিবারণ হয়। বিশেষতঃ রাজদত্তে দণ্ডিত ব্যক্তি নিষ্পাপ হইতে পারে\* এতাবতায় বিধিপুর্বক হিংনায় পাপ নাই। কেবল অবৈধ হিংসায় পাপ থাকা ঈশ্বরের অভিপ্রেত ও তাহাই ধর্ম শাস্তে প্রকাশ আছে। কেই কেই বলেন যে, সাত্মিকী কর্ম্মে ভিংনা নিষেধ হই-য়াছে; তাহা শাস্ত্র সঙ্গত নহে; কারণ সাত্বিবী রাজসিকী কর্মের প্রভেদ এই যে, ফলাভিসন্ধান ত্যাগ পূর্বক শ্রদ্ধা ও ভক্তি সহকারে যে কর্মা করা যায় তাহাই সাত্বিকী। এবং ফল কামনায় যে কর্ম্ম করা যায় তাহা রাজ-निकौ। তাহাতে अर्गानि कामना कतिया यद्ध (य हिश्ना कता यात्र, তाहा

<sup>\*</sup> মমু ৮ম অধারের ৩১৮ শ্লোকে বিধি আছে। কিন্তু যদি স্বয়ং অপরাধ স্বীকার করিয়া দণ্ডপ্রাপ্ত হয় তবে।

রাজসী; এবং ঈশবের প্রীতির নিমিত্ত যক্তে যে হিংসা করা যায়, তাহা माहिकी। তাৎপর্যা এই যে, সূর্গ কামনায় অখনেধ যাগ করা, ও ঈশ্বরেব প্রীতির নিমিত্ত অধ্যমেধ যাগ করা উভয়বিধি শাল্তে নির্দিষ্ট হইয়াছে; এ স্থলে উভয় যজেই অস্থ পশু বিনাশ ব্যতীত যজে সম্পন হয়না; এবং দেবী পূজা প্রভৃতিতে পশু বলিদান প্রধান অঙ্গ বলিয়া নির্দিষ্ট হইয়াছে: তাগতে দাशिकी तालिमको एडम नाई। (कवन कुर्ला शत्र निवासिय अ मानिय नৈবিদ্য गाँधिक लाखिमक ভেদেব কাবণ হইয়াভে\*। বরং বলিদান ব্যতীত প্রধান অঙ্গের হানী হইতে পারে; তজ্জন্য শক্ত পক্ষে তাহার অফু-কল্পও বিধেয় নহে। তবে বাহারা ফল কামনা কলে না, তাহাদিগের অঙ্গ হানী হইলেও ক্ষতি নাই; এই বিবেচনায় কেহ কেহ বলিদান করেন না। ও কেহ কেহ কুবাচার না থাকা বলিয়াই বলিদানে ক্ষান্ত থাকেন। ফলি-তার্থে বলিদানে দোষ নাই; ও তাহাতে সাত্তিকী কর্মের ব্যাঘাত হয় না; এবং শাস্ত্রেও নিষেধ ২ব নাই; এ বিষয় মহাসহোপাধ্যায় রবুনন্দন ভট্টাচার্য্য আর্ভ মহাশর হুগোৎসৰ তত্তের বলিদান প্রকরণে বিশেষ বিচার করিয়া লিখি-য়াছেন। তবে ছাবেব বিষয় এই যে, আধুনিক সভা মহাশয়েরা কেহ কেহ অকারণে পশুবধ করিয়া ভক্ষণ করেন, অথচ বলিদান করণ সময়ে পশু হিংসা বড় দুষা ও নিষ্ঠ রের কার্যা বলিয়া প্রকাশ করিয়া থাকেন। এক্ষণে विरंवहना कता यांडेक र्य, रकान् श्रकात शृक्ष शृक्षी ও अनहत विनान, अ যজের উপযুক্ত ও অমুপযুক্ত ; ত।হাতে বক্তবা এই যে, পূর্ব্বে বছতর পশু পক্ষী ইত্যাদি যক্ত সাধনের নিমিত্ত বিধি নিদিষ্ট ছিল: তাহাব প্রত্যেকের স্বতম্ব মন্ত্র ও স্বতন্ত্র প্রকরণ ছিল। এক্ষণে তৎসমূদার প্রায় লোপ হওয়াতে কেবল ছাগ পশু ও মেষ এবং মহিষ বলিদানের বিধি প্রচলিত আছে। প্রকৃত প্রস্তাবে পশু যাগাদি কর্ম না হওয়াতে অন্ত পশু-হিংনা কেবল অবৈধ হিংসা হইয়া পডে। এজ্ঞ অন্য পশু বলিদান করা কর্ত্ব্য নহো। তবে কতক-

সাত্তিকী কর্ম্মে বলিদান ও নিরামিষ নৈবেদ্য, রাজসীতে বলিদান ও সানিষ নৈবেদ্য,
 র্গোৎসব তত্ত্বে লিখিত আছে। ঐ বচনের তাৎপ্রয় ছারা নির্ণয় হইবেক।

<sup>†</sup> তন্ত্র শান্তে অভিচারাদি কার্য্যের নিমিত নান্য প্রকার বলিদানের বিধি আছে ডাহা অন্য কার্য্যে নহে।

গুলি পশু পক্ষী ও জলচর ভক্ষা ও কতকগুলি ভক্ষা নহে। ইহার তাৎপর্য্য এই যে, জগতে জীবের অভক্ষা কিছুই নাই; কেবল নাত্বিকী ও রাজনিকী ও তামনিকী প্রবৃত্তিযুক্ত হওয়াতে ঐ ঐ গুণবিশিষ্ট দ্রব্য সকল দেশ ভেদ ও ব্যক্তি ভেদে এবং জাতি ও বর্ণ ভেদে ভক্ষ্যাভক্ষা নিরপণ হইয়াছে। এ বিষয় ধর্মশাস্ত্রেও ভগবদগীতা প্রভৃতি গ্রন্থে বিশেষ রূপে নিবিত থাকার তাহা আর লেখা গেল না। পূর্ব্বাপর প্রচলিত আচার যাহা ধর্মশাস্ত্র সকত, তদ্প্তে জানা যাইবেক যে, যে জাতির ও ব্যক্তির যে যে দ্রব্য ভক্ষ্য ও অভক্ষ্য তাহা ধর্মাধর্মের নিয়মের সহিত ঐক্য আছে; অর্থাৎ যাহার বাহা ভক্ষ্য নহে, তাহা ভক্ষণে অধর্ম, এবং ভক্ষ্য দ্রব্য ভক্ষণে করা উচিত নহে; ইহাতে ইহকালে পীড়া হয় না ও পরকালেও দোষ থাকে না। এই সকল কারণে বিবেচনা করা যাউক যে, নানা প্রকার ধর্ম্ম প্রচলিত থাকার, ধর্মা-চরণের কোন নিয়ম আছে অথবা যথেছা রূপ ধর্মাচরণ করা যাইতে পারে।

## অফাদশ অধ্যায়।

নানা প্রকার ধর্ম প্রচলিত মধ্যে কি প্রকার ধর্মাচরণ করা কর্ত্তব্য, তাহার নির্ণয় ওম্বেচ্ছাচার অনৌচিত্য।

ভগবদ্ণীতার ১৬ অধ্যায় ২৪ শ্লোকে আছে যে, যিনি শাস্ত্রবিধি উল্লজ্জন করিয়া স্বেচ্ছাচার রূপে চলেন, তাঁহার ইহকালেও স্থথ নাই এবং পরকালেও সদ্গতি লাভ হয় না। এবং স্বধৃদ্ধে নিধন হওয়াও ভাল, তত্ত্বাপি পরধর্ম্ম ভয়াবহ প্রযুক্ত তাঁহা আচরণ করা কর্ত্তব্য নহে। এই বিধি সকল দেশের ও সকল লোকের এবং সমুদায় বর্ণের ও জাতির উপকার-জনক; ইহার তাংপর্যা এই যে, ধর্মাধর্ম পরকালের এবং ইহকালের উপকার ও অপকার-জনক। পরকাল যে আছে, তাহা পূর্কে সিদ্ধান্ত করা হইয়াছেও। যদ্যপি

<sup>\*</sup> এই ভাগের ৩র অধ্যার দৃষ্ট কর।

ক্ষমা ধৈৰ্যা, ইন্দ্ৰিয়, সংযমন, অহিংসা, সত্যা, দান ও অচৌৰ্য্য এবং প্ৰতিষ্ঠা ও পরোপকার, এই ধর্ম সকল সভা দেশেই প্রচলিত আছে। কিন্তু পান, ভোজন, বিবাহাদি সংস্থার ও দেবপূজা, পিতৃশ্রাদ্ধ, ব্রতোপবাসাদি এবং ঈশবের উপাদনা দর্বত একরপ নহে, তাহা পৃথক-পৃথক্-রূপে চলিতেছে। ইহার কারণ অনস্ত শক্তিমান ও অনস্ত কীর্তিমান পরমেশ্বর অনস্ত কার্য্য সাধনের জন্ম নানাপ্রকার ধর্মাচরণের নিয়ম করিয়াছেন: কিন্তু যে জ্বাতির ও যে দেশের প্রবং ব্যক্তি ভেদের যে পান ভোজনাদি ধর্মা নিরূপণ করিয়া-ছেন, তাহাই স্বধর্ম; ও তাহার ব্যতিক্রম আচরণ করিলে ঈশ্বরের নিয়ম লজ্মন করা হয়; এবং তাহাতে পাপ জন্মে। যদিচ ঈশ্বর এক বস্ত এবং তাঁহাকে যে ব্যক্তি যে ভাবে উপাসনা করে, তাহা ভক্তি সহকারে করিলে সকলই তাঁহার ভূষ্টিজনক হয় বটে; কিন্তু উপাদনার পথ পুথক রূপে নির্দিষ্ট আছে, তাহা স্বধর্মাচরণে থাকিয়া করিতে হয়। যেরূপ নানা পথগামী নদ নদী সকল সমুদ্রে গমন করে, অণ্চ তাহাদিগের পথ সকল পুথক পুথক রহিয়াছে, তাহারা স্ব স্ব পথে অতি শীঘ্র গমন করিতে পারে: তজ্ঞপ স্বধর্মাচরণে থাকিয়া ঈশবের উপাসনা করিলে অতি শীঘ্র মুক্তি লাভের সম্ভাৰনা হয়। যদি বল যে, সকল ধর্মাচরণে ঈশ্বরকে প্রাপ্ত হওয়া যাইতে পারিলে, যে ব্যক্তি যে ধর্মাচরণ করুক না কেন, তাহাতেই মুক্তি ফল লাভ করিতে পারিবেক; তবে স্বধর্ম ও বিধর্মের আচরণে প্রভেদ কি ? তাহাতে বক্তব্য এই যে, স্বধর্ম ত্যাগ করিলে ধর্মের অবমাননা করা হয়। কেননা স্বধর্ম ভাল নহে, পরধর্ম বিশ্বাস্ত ; এই উদ্দেশেই লোক ধর্ম ত্যাগ করিয়া পরধর্মে ধর্ম বৃদ্ধি পূর্বক তাহাই আচরণ করে; স্থতরাং পবিত্র বস্তু যে ধর্ম, তাহার নিন্দা করা হইল। পরন্ত স্বধর্ম ভাল নহে, পরধর্ম ভাল, এ কথা মথে উচ্চারণ না করিলেও কার্য্যতঃ তাহাই ঘটনা হইয়া পডে। অতএব অধর্মাই হউক বা পর ধর্মাই হউক, ধর্মা নিন্দা করা মহাপাপের কার্যা, তাহার সন্দেহ নাই। কেননা রাজনিয়ম সকল মুথে নিন্দা না করিয়াও যদি কেচ বাবস্থা উল্লন্ডন করিয়া কার্যা করে, তবে কি সে শান্তি প্রাপ্ত হয় না ১ অবশ্রস্ত প্রাপ্ত হইবেক, তাহার সন্দেহ নাই। তজপ স্বধর্ম ত্যাগ ও পরধর্মাচরণ অতিশয় ভয়াবহ তাহারও সন্দেহ নাই। বিশেষতঃ ঈশ্বর অনির্কাচনীয় বস্তু, তাঁহার

উপাদনার দারা ফললাভ চেষ্টা করিতে হইলে ধর্মাচরণে থাকিয়া মন:-সংযোগ দারা উপাসনা করিতে হয়, তাহাতে বছদিন উপাসনা না করিলে তাঁহার তৃষ্টি জন্মাইতে পারা যায় না; বরং ধর্মাচরণের প্রতি অগ্রে দুচ্ বিখাস না হইলে উপাসনার পথ নির্ণয় হয় না। কেননা কি প্রকার মৃতি চিন্তা করিতে হইবেক, এবং তাহার শরীর রক্ষাথে পান ভোজন কি রূপ করিতে হয় ও উপাসনার দ্ব্যাদিই বা কিরূপ আবশুক ইত্যাদি নানাপ্রকার বিষয় নির্ণয় করিয়া নিয়ম পূর্বক শুচি থাকিয়া উপাসনা করিতে হয়; নতবা কিছুই হইতে পারে না\* তাহাতে যে ব্যক্তি স্বধর্ম ত্যাগ কারিয়: অন্ত ধর্মাচরণ করে তাহার সেই ধর্ম অবলম্বন কবিয়া তৃপ্তি সাধন হয় না। কেননা ধর্ম্মের প্রতি তাহার বিশ্বাসের অভাব হেন্ত আব একটা অন্ত ধর্মে ষাইতে হয়; তাহাতেও কোন ধর্ম ভাল তাহা দে নির্ণয় করিতে পাবে না; ভাছার চিরকাল ভাল ধর্ম অনুসন্ধান কবিতেই কাল গত হয়: তাহাব ঈশ্বের উপাসনা করা না ঘটিয়া কেবল সেই জন্ম বিফল হইতে থাকে: ক্থনই কোন ধর্মে আহা জনে না, এবং ধর্মের প্রতি শ্রদ্ধা না জনিলেও ভক্তি হয় না, ও ভক্তি বাতীত ঈগরেব উপাসনা বিফল হইয়া যায়। সেমন কোন ব্যক্তি বছদিন একস্থানে বাদ করিলে তথাকাব প্রতিবাদী লোকদিগের সহিত যেরূপ প্রথম হয়, প্রতাহ নুখন নূতন গ্রামে বাস করিলে তথাকাব লোকের সহিত তজ্ঞপ প্রণয় হয় না। এবং অল্ল কলতে বৈরতা ঘটে। তজ্রপ পূর্ব্ধর্ম্ম ত্যাগ করিয়া নৃতন ধর্মাচরণেও ঘটিয়া থাকে। সেমন পীডিত বাক্তি একটি ঔষধ দার্থ-কাল দেবন না কবিয়া প্রত্যহ নূতন ঔষধ দেবন করিলে কোনক্রমে রোগ শান্তি হয় না, তদ্ধপ ভব-বেংগ শান্তির নিমিত্ত সর্বাদা ধর্ম ত্যাগ করিয়া নৃতন নৃতন ধর্মগ্রহণে ঐ রোগ শান্তি হইতে পারে না; বরং বৃদ্ধি হইতে থাকে। আরও দেখা বাটক বে, জীবন অতি অনিত্য ও অচিরস্থায়ী, অথচ ঈশ্ববের আরাধনার দারা শান্তিলাভ করাও নিতান্ত আবেশ্যক: এমতাবস্থায় স্বধর্ষে থাকিয়া বেরূপ অতি শীঘ্র শান্তিলাভ হইতে পারে, তজ্রপ পরধর্মের দারা হইতে পারে না। কারণ পূর্ব পুরুষের এবং সমধর্মাবলম্বা ও সুবর্ণ প্রতিবাদীদিগের আচরণ দৃঠে স্ব-ধর্ম কি, তাহা

<sup>\*</sup> এই মৃত্ন স্কলেশেই প্রচলিত আছে।

এক প্রকার অভ্যান হইয়া যায়, প্রায় শাস্ত্র দেখিবার অধিক প্রযোজন থাকে না। কিন্তু পরধর্ম অবলম্বন করিলে ঐ ধর্ম্মের মর্মা কি ও তাহার শাস্ত্র এবং ব্যবহার জানিতে ও শিক্ষা করিতে (তদ্মতীত ধর্মাচরণ হয় না) অধিককাল সাপেক হয়; কিন্তু ইহার মধ্যে অনিত্য জীবন শীঘ্ৰ ধ্বংস হটলে কিছুই হয় না, কেবল স্বধর্ম ত্যাগ মাত্র ঘটনা হুইয়া পরিণামে নরকভোগ করিতে हम। आद्रा (नथा यात्र (य, कान वाक्ति अधर्य পविज्ञांश कतिया विलिमीय বা বিজাতীয় ধর্ম গ্রহণ করিলে তাহাতেও তদ্দেশবাসী ভদু সমাজের লোঁকেরা তাহার সহিত একত্রে উপবেশন পূর্ব্বক পান ভোজন ও বিবাহাদি कार्या करतन ना ; ध्वः ममरत्र ममरत्र घ्रा : श्राम्बन करतन ; ध्रम्कावन्त्रात्र ইহকালেও যাতনা ভোগ করিতে হয়; অতএব স্বধর্ম ত্যাগ ও পরধর্ম গ্রহণ করা নিতান্ত অকর্ত্র্য। তবে যদি কোন ব্যক্তির দুঢ় প্রারন্ধ বশতঃ স্বধর্ম ভাাগ হইয়া প্রধর্ম গ্রহণ করা ঘটিয়া উঠে; তাঁহার কর্ত্তব্য এই যে, তিনি তদ্ধর্মে থাকিরাই ঈশ্বরেব আবাধনা করেন; তাহার আর অন্ত ধর্মেব আচ-রণে কিন্তা পুনরায় পূর্বাধর্মে আসিবার চেষ্টা করা অথবা পূর্বাধর্মাবলম্বী অন্ত ব্যক্তিদিগের সহিত পান ভোজনাদি কবিয়া তাহাদিগকে দূষিত ও ধর্ম ভ্রম্ভ করা উচিত নহে; তাহাতে সমধিক পাপ ঘটনা হয়। আমাদিগের শাস্ত্র মতে কোন ব্যক্তিকে অধর্ম ত্যাগ করাইলে মহা-পাপ ভ্রে। কিন্ত বিদেশীয় ও বিজাতীয় লোক স্মাজের মধ্যে ইহার বিপরীত প্রথা প্রচলিত থাকা দেশা যায়। অর্থাৎ তাহাদিগের ভিন্ন ধর্মাবলম্বা ব্যক্তি দিগকে স্বধর্ম ত্যাগ করাইয়া নিজ ধর্মে লইতে চেষ্টা করেন। ইহাতে বিবেচনা इम्र (म, मनाजन देविषक आठात-मञ्जल हिन्सू धर्मारे आपि; এवং जिल्लि সকল ধর্মাই আধুনিক; কেননা হিন্দুধর্মাবলম্বী অধিক লোক পূর্বে হইতে থাকার তাহারা ভিন্ন ধর্মাবলম্বী লোককে হিন্দু ধর্মে লইতে চেষ্টা করেন না; এবং তাহ। লইবার বিধিও শাস্ত্রে নাই। অন্ত ধর্মাবলম্বারা হিন্দুদিগকে নিজ ধর্মে লইয়া লোক শ্রেণি অর্থাৎ অদ্যাপি সমাজ বৃদ্ধির চেষ্টা পাইতে-ছেন; এবং ভাহাতে ভাহাদিগের মতে দোষ হইতেছে না। ইহাতে হিন্দু ধৰ্ম যে, আদি তাহার আর সন্দেহ নাই∗। ষদি বল যে, একজাতীয়দিগের

<sup>🐧</sup> এই গ্রন্থের ভূতীয় ভাগের ১০ ও ১২ অধ্যায় দৃষ্ট কর।

मार्या नाना श्रकांत धर्म श्राप्तिक ; व्यर्थाए हिन्द्रितित मार्था मोक, देगव, বৈষ্ণব, সৌর ও গাণপত্য প্রভৃতি; এবং প্রতিমা পূজা, ঘটস্থাপন ইত্যাদি माना প্রকার প্রচলিত থাকায় কর্ত্তব্য কি ? তাহাতে বক্তব্য এই যে, স্ব স্থ কুলাচার অনুসারে যে ধর্মাচরণ হইয়া আসিতেছে, তাহাই আচরণ করা কর্ত্রবা। এই বিষয় কেছ কেছ বলেন যে. মহাভারতে আছে মহাজনগণ ষে ধর্মাচবণ করিয়াছেন, তাহাই করা কর্ত্তবা; কিন্তু ইহার সহিত মনুর ৪ র্থ অধ্যায়ের ১৩৮ শ্লোকে \* ঐক্য করিলে মহাজন শব্দে পিতৃপিতামহাদি বুঝার; কেননা ঐ শ্লোকে আছে যে, বছবিধ ধর্মশাস্তামুসারে ধর্ম প্রচলিত থাকাতে পিতা ও পিতামহগণ যে ধর্মাচরণ করিয়াছেন, লোকের তাহাই করা কর্ত্তব্য; এবং তাহাতে তাহার কোন দোষ নাই। অতএব পিত পিতামহ বাতীত মহাজন অনা বাক্তির পথাবলম্বন করা উচিত নহে। कांत्र धर्माहत्रनकाती মহাত্মারা সকলেই মহাজন; কেহ नान नरहन; ভবে তাহার মধ্যে কোন ধর্ম আচরণ করিবেক ইহার সংশয় ছেদ হয় না। বিশেষতঃ মহাভারতের বচনের† প্রক্লত অর্থ করিলে এই সিদ্ধান্তই হইতে পারে। পরস্ক পুরাণ অপেক্ষা স্মৃতির বাবস্থা বলবতী; কেননা স্মৃতিই ব্যবস্থাশান্ত; তাহার সহিত পুরাণের ঐক্য রূপে মীমাংসা করা কর্ত্তবা। যদি বল যে, মনুর বচনে পিতা ও পিতামহাদির পথাবলম্বন করিতে বলাব কারণ কি ? তাহার তাৎপর্য্য এই বে, পিতা যদি হঠাৎ বিজাতীয় বন্দাচরণ করেন অথবা তাহার মৃত্যু হইলে তৎ পুত্রাদিরা বালক থাকা প্রযুক্ত তাহাব প্রকৃত ধর্ম কি ছিল, তাহা যদি জানিতে না পারে, তবে পিতামহাদি বংশ পরস্পরায় ক্রমাগত প্রচলিত ধর্ম আচরণ করা কর্তব্য; তাহা জানিতে না পারিলেও অগত্যা মাতামহাদির ধর্মাচরণ করা উচিত; নতুবা ধর্মের নিষ্ঠা থাকে না। এইরূপ পিত পিতামহাদির ধর্মাচরণ করা অতি সহল, কেননা এই ধর্মাচরণ করিতে হইলে প্রায় নিয়ম কিছু শিক্ষা করিতে হয় না;

<sup>\*</sup> যেনাস্য পিতরো যাতা বেন যাতাঃ পিতানহাঃ। তেন যায়াৎ নতাং মার্গং তেন গচছ-ল্লবিষ্যতে।। মনুর চতুর্থ অধ্যায় ১৭৮ লোক।

<sup>†</sup> বেদা বিভিন্নী: আন্তয়ো বিভিন্না নামৌ মূনির্বসাম ং ন ভিন্নং। ধর্মসাতত্বং নিহিতং ভিহারাং মহাজ্নো যেন গতঃ স পন্থা, ইতি মহাভারতে বনপর্বের।

কারণ বাল্যকাল হইতে একরূপ বদ্ধমূল সংস্কার হইয়া থাকে। তবে ছর্ভাগ্য-বশতঃ যাহার ধর্মের প্রতি আস্থা না থাকে, সে ব্যক্তি কেবল কুতর্কের বশ-বর্তী হইরা অসঙ্গত ছিদ্রায়েষণ করে। এবং কেহ কেহ বলেন যে, পিতা यि मन्त्रा पीरकन, जरव भूज कि मन्त्रा इहेरवक ? अहे जर्क व्यक्ति व्यक्तिकिंद, কেননা এই বিষয় এইরূপ মীমাংদা হইতেছে যে, কেবল নানা প্রকাব শাস্ত্রের দ্বারা ধর্ম্মের নানা প্রকার পথ প্রাকাতে পিতৃপিতামহের ধর্ম্ম আচরণ করিবেক; বাহা শাস্ত্র অনুসারে ধর্ম নহে, তাহা আচরণ করিবেক না ; কিন্তু मञ्चाठा कान (मर्भावरे भाख अञ्चलादत धर्म कर्म विलग्न निर्मिष्ठ रुग्न नारे। এবং পিতা কোন কারণ বশতঃ কোন সময়ে শাস্ত্র বহিভূতি কোন কর্ম্ম করিয়া থাকেন, তাহাও পুত্রাদির বৈধরণে প্রতিপালন করিতে হয় না। বেমন এক গৃহস্থের বাটীতে একটা হুষ্ট বিড়াল ছিল, শ্রাদ্ধের সময়ে জ্ব্যাদি ভক্ষণ করে বলিয়া তাহাকে বান্ধিয়া রাথিত; ইহা কোন শাস্ত্র সঙ্গত নহে; অতএব পুত্রেরা শ্রাদ্ধ করণ সময়ে, পিতার অমুকরণরূপ যেন একটা বিডাল বান্ধিয়া না রাথেন। অর্থাৎ তাহা ধর্ম কর্ম নহে। তবে পিত। পিতামহ यिन भाक व्यथना रेभन ना रेनक्षन हेजानि धर्माननमी भारकन ; जरन भूजानित তাহাই হওয়া উচিত; এবং তাহারা হিন্দু হইলে পুত্রাদিরা তাহাই হইবেক। यिन वंश्म विनिर्मात्नत्र अथा ना थात्क, जत्व जांश कता छेठिज नत्ह। अवः বৈধপান ভোজন পূর্বানুরূপ করা উচিত। ইত্যাদি বহুতর বিষয় আছে তৎ সমুদায় বিবেচন। করিয়া পিতৃ পিতামহাদির কুলাচারোচিত ধর্মাচরণ পূর্ব্বক ঈশ্বরের উপাসনা করা কর্ত্তব্য ; স্বেচ্ছামতে চলা উচিত নহে ; তাহাই দিদ্ধান্ত হইল। এক্ষণে স্ত্রীলোকের কোন বিশেষ ধর্ম আছে কি না, তাহা আলোচনা করা যাউক।

## উনবিংশ অধ্যায়।

#### স্ত্রীলোকের ও বালকের ধর্ম কি, তাহা নির্ণয়।

যে দেশীর ও যে জাতীর পুরুষের যে প্রকার ধর্মাধর্মের ব্যবস্থা আছে, স্ত্রীলোকেরও তজ্রপ ধর্মাধর্মের ব্যবস্থা নির্দিষ্ট হইয়াছে। তবে স্ত্রীলোকের একটী বিশেষ ধর্ম নিরূপণ হইয়াছে অর্থাৎ পাতিব্রত্য ধর্ম। তাহাতে স্ত্রীলোক পতিপরায়ণা হইলে তাহাদিগের অন্য কোন ধর্মাচরণের প্রয়োজন নাই\*। এবং যাহাতে রাল দও হইতে পাবে, সেইরূপ অধর্ম কর্ম বাতীত অন্য অধর্ম কর্মও কিছু নাই। যদ্যপি পতিব্রতাদিগের রাজ-দণ্ডোচিত অধর্ম কর্ম হইবার সম্ভাবনা নাই কিন্ত প্রাবন্ধ বশতঃ ঘটনা হইতেও পারে: এজন্য ঐ কার্য্য বজ্জিত আছে। তদ্ধিন স্ত্রীলোকদিগের পাতিব্রত্য ধর্মের অন্তর্গত ক্ষমা, ধৈর্যা, দ্য়া, সভ্য ও অহিংনা প্রভৃতি নকল ধর্মই আছে; অর্থাৎ ইহা তাহাদিগের স্বভাবদিদ্ধ কার্য্যের ন্যায় হইয়া পডে। যদি বল যে. স্ত্রীলোকের প্রধানতঃ এই একটা বিশেষ ধর্ম নির্দিষ্ট হইবার কারণ কি ১ ছাহাতে বক্তব্য এই যে, ঈশ্বর স্ত্রী ও পুরুষ উভয় সৃষ্টি করিয়াছেন বটে: কিন্ত তন্মধ্যে স্ত্রীকেই শ্রেষ্ঠ করিয়াছেন। কেননা জগৎ কার্য্যে যাহারা অধিক কট্ট সহ্য করে ও অধিক শক্তি ধারণ করে, যাহাদিগের ক্ষমা, ধৈর্ঘ্য, ও দরা অধিক তাহারাই শ্রেষ্ঠ। তাহাতে স্ত্রীলোকের ঐ সকল গুণ সমধিক থাকাতে তাহারাই শ্রেষ্ঠা। বিশেষতঃ স্ত্রী-পুরুষ সংযোগে যে সন্তান হয়, ভাহাতে পুরুষ স্থপ সম্ভোগে তৃপ্তি লাভ করিয়াই নিশ্চিম্ত থাকেন; স্ত্রী-त्वारकत मुगम मान भगान नजानहीरक छेमत मर्था धातरनत कर नक कतिरक হয়। যাহা কলাপি পুরুষের দারা হইতে পারে না। যদ্যপি শিক্ষাচরিত কর্ম সকলেরই সমান হইতে পারে; কেননা শ্রম সহকারে যে যাহা শিক্ষা करत, अथवा अन्ताना कहे नश करत, जाशांक खी ও পुरुष ज्लाकर कार्या

> भ व्यशीवी

সাধন করিতে পারে। কিন্তু উদরে সন্তান ধারণ রূপ কণ্ঠ সহ্ কথনই পুরুষের হওয়ার দন্তব নহে। ইহা স্ত্রীলোকের বিশেষ গুণ ঈশ্বর কর্তৃক প্রদত্ত হইবাতে তাহাদিগকে শ্রেষ্ঠ বলিতে হইবেক। বিশেষতঃ সাধ্বী खीटनाटकृत कमा देशवा नहा नहताहत शुक्रम कुटलका व्यक्षिक दिशा यात्र, তাহাতেও তাহারা শ্রেষ্ঠা; তজ্জ্ঞ মনুর ০য় অধ্যায়ের ৫৫ শ্লোক হইতে ৬২ শ্লোকে লিখিত হইয়াছে বে, বসন ভূষণ ও ভোক্ষা ভোজা দারা স্ত্রীলোক পূজনীয়া; এবং তাহারা পূজিতা না হইলে অমঞ্চল ঘটনা হয়; ও পূজিতা হইলে মঞ্চল সাধন হয়। আরও দেখা যায় যে, যেরূপ এ দেশের ধর্ম শাস্তে বিধি আছে; তদ্রপ অন্যান্য দেশেও আছে, তাহাদিগের ব্যবহার দৃষ্টে প্রকাশ পাওয়া যাইতেছে। অতএব এইসকল বিশেষ কারণ যাহা সচরাচর দেখা যার সেই সকল কারণে স্ত্রীলোকই শ্রেষ্ঠা; এজন্য তাহার দিগের একটা পাতিবাতা ধর্ম থাকিলেই অন্ত কোন ধর্মের প্রয়োজন নাই। यদ্যপি স্ত্রীলোক শ্রেষ্ঠা বলিয়া নির্দিষ্ট হইয়াছে; কিন্তু ঐ স্ত্রীলোক ব্যভিচারিণী হটলে এককালীন হীন অপেক্ষাও হীনতরা হইয়া পড়ে। বেমন হুগ্ধ অতি উৎকৃষ্ট বস্তু, তাহাতে গোমূত্র মিশ্রিত হইলে তাহা এককালীন নষ্ট হুইয়া ষায়, তদ্রুপ ব্যভিচারিণী স্ত্রীলোক নিতান্ত হীনা ও অকর্মণ্যা হইয়া যায়। কেননা ব্যক্তিচারিণীর ক্ষমা, ধৈর্ঘ্য, দয়ার লেশ মাত্রও থাকে না। তাহার। উপপতির বশবর্ত্তিনী হইয়া সমস্ত গুণে জলাঞ্জলি দিয়া পতি পুত্রের প্রাণ্বিনষ্ট করণ আদি মহাপাপে লিপ্ত হয়; এবং নরকে বাস কবে; ও তাহারা প্রায়ই গুর্তুপাত করিয়া থাকে , সেই কট দুছ কবে না ; যদিচ কেহ কেহ গুর্তু ধারণ করিয়া সন্তান রক্ষা কবে; কিন্তু ঐ সন্তান রুখা হইয়া পড়ে। যেহেতু ঐ রূপ পুত্রেরা সকল দে:শই জারজ সস্তান নামে খ্যাত হইরা জঘক্ত ভাবে कालयां पन करत ; ও তাহा निश्तित आक्षि जर्भरनत अधिकात थारक ना ; यनि বনা যায় যে, তাহাদিগের ক্বত প্রাদ্ধ, উৎপাদক ব্যক্তি প্রাপ্ত হইতে পারে ? কিন্তু তাহা বলা যায় না; কারণ যে মন্ত্রের প্রভাবে শ্রাদ্ধীয় দ্রব্য পিতৃলো-কের তৃপ্তিকর হয়, সেই মন্ত্র পাঠ করা জারজ সন্তানের বিধিসিদ্ধ অধিকার না থাকায় ঐ দ্ৰৱ্দান বিফল হইয়া যায়। বিশেষতঃ ধর্মকামনা ব্যতীত ষ্ববৈধ সংযোগে পুত্র উৎপত্ন হ'ইলে ঐ মন্ত্রের গুণ প্রকাশ পায় না। বেমন বিহাতীয় যম্বের সংবাদ প্রেরণ হয়, তাহার বিহাতীয় পদার্থের অভাব হইলে আর সংবাদ চলে না, তজপ মূল ধর্ম সংক্রান্ত বিধির অভাবে অশুচি ব্যক্তির মন্ত্রপাঠ কর্মণ্য হয় না; তবে ঐপরিক নিয়মামুদাবে দাধনী স্ত্রীর গর্ত্তজাত সন্তান প্রকৃত প্রতাবে প্রাদ্ধ করিলে পিতৃলোকের তৃপ্তিদাধন হয়; তাহার মীমাংস: পূর্ন্বে করা হইয়াছে। অতএব স্ত্রীলোক ব্যভিচারিণী হইলে তিনি সর্ব্যক্রারে নিক্ষ্টা ধ্যেন; তাহার সন্দেহ নাই। কেননা যিনি যে গুণে পুজিত, তাহার সেই জণের অভাব হইলে তাহার সম্রম থাকে না; তজ্ঞপ স্ত্রীলোক কেবল পাতিব্রাত্য ধর্মাচরণে সমধিক মান্তা; তাহাব অভাব হইলে আার তাহাব সম্ম থাকে না। একণে সাধ্বী স্ত্রীর লক্ষণ কি তাহা দেখা যাউক। সাংবী স্ত্রীর লক্ষণ এই যে, বিধিপূর্বাক বিবাহিত পতির সেবা কবা; ও পতি ব্যতীত কার-মনোবাক্যে পব-পুক্ষকে পতি ভাব না করা; ও পতি হর্ষ হইনে হর্ষিতা, এবং ছঃখিত হইলে ছঃখিতা; এবং পতি বিদেশ-গামী হটলে সর্জনা মান্ত্র তাহার চিন্তা করা, এবং বাহে মিয়মাণা ও भ्रानवनना २७वा, ७ পতির মৃত্যু হইলে সহ-গমন, অথবা যোগাবলম্বনে প্রাণ ত্যাগ করা: কিন্তা চির-কাল ব্রহ্মচর্যা-ব্রতে থাকিয়া পতির পারল্যেকিক উপকার করাই স্বাধ্বী স্ত্রীর লক্ষণ। তলিমিত্ত অপুত্র। স্ত্রীলোক পতির ধন-ভাগী হইরা পাকে ও মৃত্যু অতে স্বর্গে গমন করে। শাস্ত্রে এই বিধি নির্দিষ্ট হইরাছে। তাহাতে পতিপরায়ণাদিগের প্রধান গুণ পর-পুরুষ সংসর্গ না করাই হইতেছে। কেননা ঐ কার্য্য ঘটলে আর আব সকল গুণই বুথা হইয়া পড়ে। যেনন ছিদ্র কুণ্ডে জল থাকে না; তদ্রপ সকল গুণ অভাব হইয়া পড়ে। পাতিবাতা ধর্মের অর্থ এই যে, পতিই একমাত্র বত যাহার, নেই পতিব্ৰতা; তাহাৰ কি প্ৰকাৰে পতিদেবা কৰিতে হয় তাহা লেখা বাহলা। অর্থাৎ সাংসারিক অবস্থারুসারে পান ভোজনাদি প্রস্তুত এবং বাক্য প্রতিপালন প্রভৃতি প্রয়োজনীয় কার্য্য দাধন; পতির মৃত্যু হইলেও অব্যভিচারিণীরূপে পতির উপকার করাই উদ্দেশ্য। এই ধর্ম সমুদায় সভ্য-দেশে ও সভ্য জাতীয়দিগের মধ্যে উৎক্লষ্ট-ধর্ম বলিয়া প্রচলিত আছে।\*

<sup>#</sup> পাতিব্রাত্য-ধর্ম কাশীবণ্ডের ৪র্থ অধ্যারে বিশেষরূপে বণিত আছে, তাহা দেখিলে জানা যাইবেক।

ভবে কোন কোন দেশে ও জাতিতে স্বামীর মৃত্যু অন্তে পুনর্কার বিবাহের প্রথা প্রচলিত আছে; তাহা সাংনারিক কার্যা চলিবার জন্তই হইরাছে। কিন্তু শাস্ত্রসম্মত ঐ স্ত্রীরা পাতিব্রাত্য ধর্মের ফল পাইতে পারে না; কেননা প্রথমতঃ ্যাহাকে ধর্মাত্মনারে পতিত্বে বরণ করা হইয়াছে তাহাতে এক নিষ্ঠা থাকাই ভক্তির কার্য্য; এবং তাহাতেই পরকালে উংকুষ্ট গতি লাভ হয়; নতুব। ভর্ত্তান্তব করিলে কখনই তাহা হর না। বিশেষতঃ মনুতে আছে বে, माध्वीस्त्रीमिरगत भूनर्सिवाह इटेटज शांदत ना ; हेहात जारशर्या এই त्र, স্ত্রীপোকের ভর্তান্তর হইলে পাতিব্রাতা ধর্মের অভাব হইরা পড়ে। তবে দিতীয়বাৰ বিবাহ হইলে জাতি ও দেশ ভেদে ব্যভিচার দোঘ পণ্ডন হয় বটে; তাহা সমাজ দিন্ধ হইতে পারে কিন্তু পরকালে তাহাতে স্পাতিলাভ হয না, যদি বল বে, অস্ফ্নীয় কাম ধাতনা সহাকরা ছঃসাধা, ইহাতে ভর্তান্তর নিষেধ হইলে সমাজ উচ্ছিন্ন যায় ও শাবীবিক কঠকৰ হট্যা থাকে কিন্তু কাম দমন বাতীত ও পরকালে শুভ হব না। তজ্জা মনেক দেশের স্ত্রী-পুরুষ আদে বিবাহ না করিয়া আজনামবন কাল পর্যান্ত কাম যাতন। সহা কৰিয়া থাকে। যদি বল যে, এ দেশীয় শাল শলুদাৰেও পূৰ্দে বিধনাৰ বিবাহ প্রচলিক ছিল, এক্ষণে নিষেধ হওয়ার বা কারণ কি ? তাহাতে ৰক্তব্য এই যে, পূৰ্ব্বকালে অক্ষত-যোগি বিধবা স্ত্ৰীৰ বিবাহ বিধি প্ৰচলিত ছিল বটে; কিন্তু তাহাতে তাহার পাতি বাতা ধবা রকা হটত না। তবে প্রবারিপর্যাবলম্বিনী স্ত্রীলোক যে পতির সহগামিনী হইতে এবং ব্রন্ধর্যা ব্রত **অবলম্বন কবিতে অশ্ভা হইত সে**ই প্ৰকার অক্ষত যোগি স্থানোত পুলৰ্কাৰ বিবাহ করিত; তাহার কারণ এই যে, ঐ স্থীলোক প্রতিকে জানিতে এবং সহ্বাস মুখ অনুভব কবিতে ও পতিপ্রায়ণা হইতে না পা্রায়; বিশেষতঃ ৰীৰ্যাপাতাদি দোষে দ্যিত না হওযায়; বালিকা বিধবাৰ পুনৰ্ভতুগ্ৰণেৰ আনেশ ছিল, তাহাও সমাজ সিদ্ধ মাত্র, কিন্তু পরকালের শুভকর ছিল না; এবং মাহানিগের বীর্মপাতাদি সংঘটন হইত, তাহাতি গের পুনরিবাহে দিচা-রিণী দোষ হওয়াতে সম্পূর্ণ নিষেধ ছিল; অপিচ পুত্রবতী স্থী. াকের ত কথাই নাই; কেননা যাহার পুত্র অর্থাৎ ভর্ত্তার অংশ,বুর্ত্তমান থাকে তাহার স্বামীর মৃত্যু হওরাই গণা করা যাইতে পারে না; কেননা আ্ত্রাই পুত্র

শ্বপে জন্মগ্রহণ কবে, ইহাই শাস্ত্রদিন্ধ। তবে অক্ষত-যোনি-বালিকা-বিধ-ৰার ধে বিবাহের রীতি ছিল, তাহাও কলিযুগে রহিত হইয়াছে। কারণ এই যে, কলিযুগে সাংবী স্ত্রী প্রায়শ অভাব হইবেক জানিয়া ঐ রূপ বিধি নির্দিষ্ট হইয়াছিল; কেননা অফতযোনির বিবাহের বিধি চলন থাকিলে ঐ উপলক্ষে পতিসহবাদিনী এবং পুত্রবতী বিধবারা পুনর্ভত্গ্রহণ করিবেক; ভাহাতে এককালীন সাধ্বী স্ত্রীর অভাব হইবেক। পরস্ত অধুনা স্ত্রীলোক সকল যে প্রকার স্বাধীন হওয়ার উপক্রম হইয়াছে, ইহাতেও ক্রমশ সাধ্বী স্ত্রীর অভাব হইবার নিতান্ত সন্থাবনা জানিয়া মহাত্মারা বিধবার বিধাহ রহিত করিবার বিধি কবিয়া ছিলেন। যদ্যপি বিধবার বিবাহ হইবার সম্বন্ধে আধুনিক পণ্ডিতদিগের মতানুসারে হিন্দু-সমাজ রাজনিয়ম বিধি-বন্ধ হইরাছে; কিন্তু সাধুনমাজে সর্ক্ত পরিগৃহীত হয় নাই; তবে কাল সহকারে ভবিষ্যতে কি হয় বলা যায় না†। যদি বল যে, পুরুষেরা স্ত্রীর মৃত্যুর অত্তে অথবা অত্য স্ত্রী সহে বিবাহ কবেন কেন? তাহাতে বক্তব্য যে পুরুষের পুত্রের নিতান্ত আবশ্যক বিধায় স্ত্রীর মৃত্যু হইলে অথবা পুত্র না জন্মিলে স্ত্রী সতে ও অত্য স্ত্রীকে বিবাহ করা বিধি সিদ্ধ बर्हे; किन्न काम क प्राप्त विवाद रेवध नरह; जाहा शतकारन অশুভকর হইবেক, তাহার সন্দেহ নাই। यদি বল যে, অহল্যা, দ্রোপদী, কুত্তী, তারা, মন্দোদরী ইহারা পুরুষান্তর ভজনা করাতেও তাঁহাদিগের নাম শরণে পাপ নাশ হয়, ইহার কারণ কি? তাহাতে বক্তবা এই যে, গৌতম-পত্নী অহল্যা সাধ্বী ছিলেন, ইহা রামায়ণ ও অন্তাক্ত পুবাণে আছে: তাহাতে ইল্র-দেব ছলনা করিয়া গোত্মের বেশ ধারণ কবতঃ তাঁহাতে উপগত হয়েন। তজ্জ্অ গৌতমের শাপে ইক্রের শান্তি হইয়াছিল। কিন্ত অহল্যা ইক্রকে কোন শাপ প্রদান না করায় গৌতম তাঁহাকে শাপ দিয়াভিলেন যে, অহল্যা পাষাণবৎ হইয়া থাকিবেন। তাহাতে অহল্যার রোদনে তাঁহাকে নিরপরাধিনী জানিয়া ঋষি অনুগ্রহ করতঃ এই রূপে

আত্মা বৈ জায়তে পুত্র ইতি বেদ প্রে। এবং মহাভারতে শক্তলার উপাথান দৃষ্ট কর।
 পরাশর সংহিত্তার কচনের অর্থ দারা যে ভর্তাণ্ডেয়র বাবস্থা মীমাংসা হইয়াছে তাহা
বাক্ষতা ক্লার প্রতিবাবস্থা বলিয়া অন্যাক্ষ পণ্ডিতেরা যে মীমাংসা করিয়াছেন তাহাই সক্ষৃত।

শাপান্ত করিয়া ছিলেম যে, ভগবান বিষ্ণুর অবতার রামচন্দ্রের পদস্পর্শে তিনি নিষ্পাপী হইয়া পুনর্কার গৌতমের পত্নীরূপে পরিগৃহীত হইবেন। তজ্জ অহল্যা পুনর্কার সাধ্বীপদ প্রাপ্ত হইয়াছিলেন। শাস্তে আছে যে, যদি জ্রীলোকের অনিচ্ছাতে কোম ব্যক্তি বলপূর্বক অথবা ছলনা কবিয়া তাহাতে উপগত হয়, তবে তাহার প্রায়শ্চিত হইলে, ও স্বামী তাহাকে অনুগ্রহ পূর্বক গ্রহণ করিলে, তাহার দোষ ফ্লালন হইয়া পুনরায় স্বাধ্বীপদ প্রাপ্ত হইতে পারে। কিন্তু ইচ্চাপুর্বক পর পুরুষ আসক্ত इहेटैन (कांन क्रांत्रके माध्वीलन आश्र इहेटक लाउन ना। **এके कां**त्रण अक्ना। দোষশূলা হইয়াছিলেন। দ্রৌপদী স্বর্গ-লক্ষ্মীর অংশসম্ভব্য এবং পাওবগণ ইন্দ্রের অংশ সম্ভূত দেবতা বিশেষ। ভৈমিনি ভারতে আছে যে, পুরাকালে ইল্রের শরীব নষ্ট হইয়া তাহার এক এক অংশ ধর্ম ও পবন এবং অখিনী-कुमात, এवः ठेट्स्व मधीतास्त हठेशा धकाः म छाहात निक मतीरत हिल। পরে ঐ ঐ দেবতা হইতে পাওবদিগের\* জন্ম হয় তাহাতে তাহাদিগের পঞ্চলনের সহিত দৌপদীর বিধি পূর্বক বিবাহ হইয়াছিল। এবং কপিলার শাপ ও মহাদেবেব বর ছিল। † তাহা মহাভারতে ব্যক্ত আছে; এই দকল কারণে দ্রোপদীর দতীত্ব রহিত হয় নাই। কুন্তী অবিবাহিতা কালে হুর্য্য-দেবের সহিত সংগতা হওয়ায় তাঁহার ববে সভীত্ব রহিত হয় নাই: এবং তৎপরে পূর্ব প্রচলিত শাস্ত্রের মর্ম্ম াত ক্ষত্রিয় ধর্ম অমুসাবে পতির আজ্ঞাক্রমে দেবতা হইতে পুত্র প্রাপ্ত হওয়ায় তাঁহার কোন দোষ বর্তে নাই। তারা বানরী, ও মন্দোদরী রাক্ষ্মী, ইহাঁরা ঈশ্বর রামচন্দ্রের আজ্ঞা ক্রমে দেববকে ভর্ত্তা রূপে গ্রহণ করিয়াছিলেন; তাহাতে তাঁহাদিগেব স্মরণ করিলে রামচন্দ্রে স্মরণ হয় বলিয়া পাপ নাশক হইয়াছে। পরস্ত পুরাকালে দেবর দ্বারা সন্তান উৎ-পত্তি করার নিয়ম ছিল। কিন্তু কলির লোক হীনবীর্ঘ্য এবং কামাসক্ত প্রযুক্ত

কপিলা শাপ দেন যে,তোমার পঞ্পতি হইবেক। মহাদেব বর দেন যে, তোমার পঞ্পতি
 হইলেও সতীত্ব নয় হইবে না।

<sup>†</sup> মন্মতে যে দেবব দারা সন্তান উৎপত্তি করার বিধি আছে, তাহা যুতাভ্যঙ্গ প্রভৃতি অনেক কঠিন কার্য্য তাহা এইক্ষণে করা অসাধ্য। তবে উৎকলে অদ্যাপি গ্রুচনিত আছে, কিন্তু তাহা বিধিম্বিদ্ধ নহে।

ঐ সকল কার্য্য বিধিপূর্ব্বক প্রতিপালন হইবে না ভাবিয়াই তাহা এক্ষণে রহিত হইয়াছো। অতএব উক্ত পঞ্চকন্তা শাস্ত্র সঙ্গত সতী ছিলেন, তাহাব সন্দেহ নাই; লোকেব সন্দেহ ভঞ্জনার্থে ঐ পঞ্চ কন্তাব শবণ করা বিধি হইন্য়াছে। যে রূপ স্ত্রীপুক্ষের ধর্ম্ম সংক্রান্ত বিষয়ের মীমাংসার সার প্রকাশ কবা হইল; তদ্ধপ বালক ও বালিকাব ধর্ম্ম নিরূপণ হইয়াছে। মহাভাবতে আছে যে, পঞ্চম বর্ষ বয়ংক্রম পর্যান্ত কোন ধর্ম্মাধর্ম্ম নাই; তদনন্তব চতুর্দ্দশ বর্ষ বয়ঃক্রম পর্যান্ত কোন ধর্ম্মাধর্ম্ম নাই; তদনন্তব চতুর্দ্দশ বর্ষ বয়ঃক্রম পর্যান্ত পাপেপুণা কি তাহা যদি বৃঝিতে না পাবে তবে ধর্ম্মাধর্ম্ম নাই, আর যদি বৃঝিতে পারে তবে অধর্ম্ম কর্ম্ম কবিলে পাপ হয়, তাহাব, লঘু প্রায়েশিত বিধিতে নিরূপণ হয়য়ছে। এক্ষণে বিবেচনা কবা যাউক যে, লোশকর প্রমায়্র সংখ্যা নিরূপণ আছে কি না ও কি কারণে তাহা ক্ষয় হয়, তদ্বিষয় নির্থিয় কি।

## ৰিংশতি অধ্যায়।

পরমায়ুর সংখ্যা ; ও তাহার সদসৎ কার্য্যে বৃদ্ধি ও ক্ষয়।

মনুর প্রথম অধায় ৮৩ লোকে; সভাযুগে চারি শত বৎসন, তেতা প্র

ছাপরে ও কলিতে তাহার এক এক শত বর্ষ নান, লোকের পরনায় সংখ্যা

নিরপণ হইয়াছিল; কিন্তু ঐ অধ্যায়ের ৮৪শী শোকে আছে যে, কাম্য
কর্মের ফল জন্ম, এবং ব্রাহ্মণাদির শাপ ও অনুগ্রহ দাবা প্রমায়্ব হ্রাস বৃদ্ধি
হইতে পারে। পুরাণে আছে যে, সভাযুগে লক্ষ্বর্ধ, ত্রেভায় দশসহস্র ও

ছাপরে সহস্র বৎসর, কলিতে প্রথমতঃ এক শত বৎসব তৎপরে নির্ণয় নাই।
ইহাতে কিছু বিরোধ দেখা যায় বটে; কিন্তু বংসর কিরপে ধরা হইয়াছে
তাহা দেখা ষাউক্। মনু প্রধান শাস্ত্র, তাহাতে পরমায়ু যাহা ধরা হইয়াছে
তাহা শ্বাস সংখ্যা অনুসারে; এবং পুরাণ শাস্ত্র প্রত্যক্ষ কার্য্য প্রকাশক
তাহাতে তাঁহারা সৌর, অথবা সাবন বৎসর ধরিয়া ঐ সংখ্যা নিরপণ
ক্রিয়াছেন। এবং জ্যোতিঃশাস্ত্রে গণনা স্থলে প্রায় সাবন বংশ্বর ধরা

হইয়া থাকে। ইহাতে নিঝান্ত এই যে, সারদা তিলক নামক তন্ত্রটীকায় রাঘব ভট্টাচার্যা ধৃত বচনে আছে বে, ষাইটু খালে এক প্রাণ, ছয় প্রাণে এক দণ্ড, ইহার ষাইট্ দণ্ডে এক দিবা রাত্রি হয়; তাহাতে এক দিবসে ও রাত্রিতে জীবহংস মন্ত্র ২ হাজার ৬ শত পরিমাণে জপ করে; এই জপ বতক্ষ'নে সমাধা হয় তত ক্ষণকে এক দিবস বলা যায়। তাহাতে চক্র সূর্য্য প্রবাহিত যে দিন তাহা ধরা বাইবে না; হয় ত সৌর সাবন দ্বিনের ৫ किया व्यक्षिक मित्र रःगमञ्ज करभत्र नियमालू मात्त अक मिन इरेटि भारतः ইহা যোগ শাস্ত্র সত্মত। কেননা বাঁহারা কুম্ভক প্রভৃতি যোগাবলম্বন করিয়া পাকেন; তাঁহারাও এই কালেও সহস্র বৎসরের উর্দ্ধকাল জীবিত पारकम। এवः चारक लाकित मुका ममय चनशाम वहित्व (मथा गाय। তাহাতে অমুভব হয় যে, অজ্পা মন্ত্ৰ বাহাৰ বত প্রিমাণ জ্বপ সংখ্যক প্র মায়ু নির্দিষ্ট আছে; তৎ সংখ্যা ক্ষয় না হইলে মৃত্যু হইবেক না বলিয়া শীঘ্র শীঘ্র খাদ বহিতে থাকে। ইহাতে সৌর অথবা দাবন মতের দৃহিত জপ সংখ্যার বৎসরের ঐক্য নাই অথচ প্রনায় বিষয়ে শ্বাস প্রশাসই বলবৎ? তাহাতে বক্তবা এই যে, সতাসুগের মহুষা ২১শ হাত পরিমিত অর্থাৎ তাহাদিগের ব্যবহারিক হস্তের ২১শ হাত পরিমিত ছিল\*। কিন্তু এথনকার সমুষ্যেবহন্ত নহে; ইহাতে এইক্ষণকাৰ হত্তের যে কত হন্ত হইবেক তাহা নিরু-পণ করাযায় না; ফলতঃ অতিশয় দীর্ঘাকার ছিল; তাহাদিগের স্বাস দনাত্তে এক কি তুই অথবা অনিক্ৰার বহন হইত সেই পরিনাণে চারি শত বর্ষধারলে (मोत अथवा नावन मटजत नक्षवर्ष श्रेटिक भारत श्रेशत मत्नश् नाहे; कक्षभ ত্রেতা ও দাপর বুণে মনুষ্যের পরিমাণ নান হওয়াতে খাস বহন কিছু জ্ঞত হইয়া আয়ু সংখ্যা নান হইয়াছে। এইরূপ খাস প্রস্থাদের সহিত যে সাবন বা সৌর দিনের অনৈকা; তাহার আর একটা উদাহরণ এই যে, পরমেশ্বর সকলের শ্রেষ্ঠ তাঁহার এক নিখাদে সৃষ্টি স্থিতি, ও এক প্রাখাদে লয় হইয়া থাকে। অপিচ শাস্ত্রে আছে যে, ব্রহ্মার এক দিবসে চতুর্দশ মরস্তর হয়;

ধ্যমন এইক্ষণকার মৃত্বারে বাহার যে রূপ হস্ত তাহার চোদ্দপোয়া হয় তজ্প। ষড়্

থবে এক অঙ্গুলি তাহার ২৪ অঙ্গুলিতে এক হস্ত হয় তাহার ২১ ইস্ত পরিমাণ শরীর ছিল কিন্ত

মৃত্বামাত্রেই যাহার যে হস্ত তাহার সাড়ে তিন হাত হইবেক তথন্ও ঐরূপ ছিল।

ঐ দিবস তাঁহার খাস প্রখানের দারা নিরূপণ হইরাছে; কেননা দিবা রাত্তি চক্ত কর্যোর গতির দারা যাহা হয়, তাহা এক নিয়মে চলিতেছে; তবে ব্রহ্মার দিবস ঐ রূপে নিরূপণ না হইলেসঙ্গত হয় সা। অতএব সাধারণ রূপে পরমায়, উপরি উক্ত নিয়মানুসারে নিরূপণ হইয়াছে । \* কিন্তু वाक्ति विस्थारवत भवमायु अनुष्ठाञ्चमाद्य शहेरा भारत, जाहारा मृज् श्रावक বশত: যাহার যে পরমায়ু নির্দিষ্ট, অর্থাৎ যত সংখ্যা যত সৌর বা সাবন দিনে অজপামন্ত্র, জপের নির্দিষ্ট হইয়াছে তাহাই ভোগ হইবেক। আব নিয়মাধীন প্রারব্ধ বশতঃ যে পরমায়ু ভোগ নির্দিষ্ট হইরাছে, তাহা পুরুষের কার্য্য বশতঃ হ্রাস অথবা বৃদ্ধি হইতে পারে। ফলতঃ অজপার সংখ্যার বুদ্ধি হইবেক না; সৌর সাবন মতে বৎসরের হ্রাস বা বৃদ্ধি হয়। অর্থাৎ শীঘ্ৰ শীঘ্ৰ ৱোগাদির দাবা ঘন খাস ৰহিয়া অজপা ক্ষয় হয়। এবং স্বাস্থ্যতা ও যোগানির দারা দীর্ঘ কালপর্যান্ত মৃত্ভাবে খাস বহন, এবং কুন্তকাদির ছারা কিয়ৎকাল খাস বহন রহিত থাকিয়া দীর্ঘপরমায়ু ভোগ করে। মনুর পঞ্ম অধ্যায়ের প্রথম হইতে, বিশেষত ৪র্থ শ্লোকে আছে যে, বেদ অভ্যাস এবং কর্ত্তব্য কর্ম না করায়, ও সদাচার পরিত্যাগ করায়, ও অভক্ষ্য ভক্ষণ, ও অপেয় পান দারা, বাহ্মণাদির পরমায়ু ক্ষয় হইয়া মৃত্যুমুথে পতিত হয়। তদনস্তর ৫ম শ্লোক হইতে ব্রাহ্মণাদির অভক্ষা ও অপেয় প্রভৃতি অকার্য্য সকল বর্ণিত হইয়াছে; তাহাতে নিয়মাধীন প্রারন্ধ বশতঃ রাহ্মণাদিরা ঐ রূপ অভক্ষা ভক্ষণ ও অপেয় পান এবং অগম্যা গমন ও কর্ত্তব্য কর্ম কর্ম ইত্যাদি কার্য্য করাতে নানা প্রকার রোগাদি হইয়। অকাল মৃত্যু হয়। यां शा थकरा तारक व विवास करें हैं एक राज्य व विवास करें विवास करें विवास करें विवास करें विवास करें कि विवास कि विवास करें कि विवास कि विवास करें कि विवास करें कि विवास करें कि विवास करें कि विवास क পূর্ব্বক শাস্ত্র বিধি প্রতিপালন করে তবে কদাচ এই রূপ ঘটনা হয় না। কেবল দৃঢ় প্রারন্ধ স্থলে হইতে পারে তাহা প্রারন্ধ বিচারে তৃতীয় ভাগের ৮ম অধারে বিশেষ মীমাংদা করা হইয়াছে। এই দকল বিষয় এইক্ষণ কার অনেক লোকেই অবিখাদ করিয়া থাকেন; কিন্তু তাহা কলির প্রভাবে হইয়া থাকে; নতুবা আমাদিগের প্রত্যক্ষ শাস্ত্রের প্রতি অবিশ্বাদের কোন

<sup>🐣 &</sup>quot;শতামু বৈ পুন্ধ:" ও ''দাতা শতং জীবক্ত' ইত্যাদি স্থলে শত শব্দে বহুকাল বলা হায় ।

কারণ নাই। ফলতঃ বিবেক সহকারে ইহা আলোচনা করিলে অবশুই ইহার ফল পাওয়া যাইতে পারে। কিন্তু যে পর্যান্ত ভগবান কল্পী অবভার না হইবেন; তভদিন শাস্ত্র সকল অনেক লোকের বিশ্বাশু হইবেক না। এক্ষণে দেঝা যাউক্ যে, ভগবানের অবভার হওয়ার করেণ কি ও তাহা ক্ত প্রকার।

### একবিংশতি অধ্যায়।

ঈশ্বরের অবতার হওয়ার কারণ কি ও তাহা কত প্রকার।

কথবের অবতার অনেক, তাহার সংখ্যা করা যায় না; তবে প্রধানতঃ কতকগুলি অবতার বর্ণনা শ্রীমন্তাগবতের প্রথমস্কন্দের তৃতীয় অধ্যায়ে হইয়াছে তাহার সার ভাগ সঙ্কলন করা যাইতেছে। ফলতঃ তাহা অস্থান্য পুবাণে বহু বিস্তৃতরূপে লিখিত আছে; কিন্তু প্র সকল অবতার কারণ বশতই হইয়াছিল। ভগবান বিষ্ণু পালনকর্তা বলিয়া তাঁহার অংশে বাঁহারা অবতরণ করিয়াছেন তাঁহাকেই অবতার বলা যায়; তদ্তিয় ভগবতী হুর্গা ও শিব প্রভৃতি যে, যেয়প ধারণ করিয়া অহর আদি বিনাশ করিয়াছেন, তাঁহাকে অবতার বলিয়া গণনা কবা হয় নাই; হয়ুমানকে ফুদ্রাবতার বলা হইয়াছে। তদ্তিয় হুর্গার মূর্ত্তি বিশ্বকে আবির্ভাব শব্দে কথিত হইয়াছে\* যদ্যপি ভগবান বিষ্ণুর দশাবতার বিখ্যাত ও সকলেই জ্ঞাত আছেন; কিন্তু কারণ বশতঃ আরপ্ত কতকগুলি অবতার আছে, তাহার সমুদাম কারণের সহিত সংক্ষেপে লেখা যাইতেছে। ভগবান্ বিষ্ণুর অংশ বিরাট পুক্ষ প্রথমতঃ সাকার রূপে প্রকাশ হয়েন; ঐ বিরাটের অংশ প্রজাপতি প্রভৃতি এবং তাহার একাংশে এই জগত রহিয়াছে। ঐ বিরাট প্রথমতঃ বাক্সনরপ

অংশরপে বোড়বকলা সম্পূর্ণ অবতারকে পূর্ণ অবতার বলা যায়, তদপেক্ষা ন্যনাংশকে
 অংশাবতার বলা যায়। ভাগবতে বলেন কৃষ্ণ পর্ণাবতার আর সকলে অংশ ও কলা বলিয়াছেন। ফলতঃ সকলই ঈশ্বাবতার তাহার সন্দেহ নাই।

পবিগ্রহ করিয়া ত্রহ্মচর্য্য ত্রত করিয়াছিলেন। ই<sup>টা</sup>কে অন্ত পুরাণে নর মারারণ বলিয়া থাকে। বিফু বরাহরূপ ধাবণ কবিষা রসাতল গামিনী পৃথিবীকে উত্তোলন করিয়াছিলেন। এবং নিনি দেবর্রি নারদাবভাব চইয়া মনুষ্যের কর্মভোগ নিবাবণার্থ বৈষ্ণবশান্ত প্রভাব করেন। এবং ধর্মের অংশে নরনারারণ কপে তপস্থা কবিয়াছিলেন। কপিলাবভাবে সাংখ্যা শাস্ত্র প্রচার কবিয়াছেন; এবং দত্তাত্রের নপে অনর্ফ প্রভৃতিকে আত্মনিদ্যা বিষয়ক উপদেশ দেন। তিনি যজ নামে স্বাৰস্থ মহতৰ প্ৰতিপালন কৰেন। ঋষভাবতাৰে সকলকে প্ৰমহংস প্য প্ৰদৰ্শন ক্ৰেন। মুনিগ্ৰেৰ প্ৰাৰ্থনা পরতর হইয়া পুডুর্টি পরিএই করতঃ পৃথিতী হইতে ওষ্ধি প্রভৃতি দোহন করিল।ভিলেন। চাক্ষ ময়তেরে সাগর-স্লিলে সমূলার আপ্রাবিত ১ইলে মৎস্থারণ ধারণ কণিয়া নৌকা-সংগোগে বৈশ্যত মহুকে ভীৰ ভাচু≾াণৰ সহিত পরিত্রাণ কবেন। সাগ্র মন্ত্র-সম্পর্মন্ত্র-দণ্ড স্বস্থা মন্দ্র প্রতকে কুর্মিরের পুর্ছে ধারণ কবিয়াছিলেন\*। ধ্রম্ভবীরূপে সাগরগার্ত্ত হইতে অমৃত-কলস আহরণ কবেন; এবং মোহিনী মূঠি ধাবণ করিয়া অত্মরগণ হইতে অমৃত হরণ কবত দেবগণকে পান করাইরাছিলেন। নৃসিংহ মৃর্তি ধারণ করির' হিরণ্যকশিপু নামা অস্তরকে বধ কবিরাছিলেন। বানন মূর্ভি ধাবণ করিয়া ৰশিতে নিবস্ত কবতঃ ইন্দ্রকে ত্রিত্বন প্রদান করিয়াচিলেন। ক্ষতিয় গণের প্রতি ক্রোধ বশতঃ পরশুরামরূপ ধারণ কবতঃ পৃথিবীকে একবিংশতি ৰার নিঃক্রিয়া ক্রিযাছিলেন। দশানন রাবণ্কে বধক্বিবার নিখিত্ত রামরূপ ধাবণ করতঃ নমুত্র বন্ধন ও রাবণকে ব্য করিয়াছিলেন। বেদব্যাস ক্লপ ধারণ করতঃ বেদকে চারিভাগে বিভক্ত এবং পুরাণসকল প্রস্তুত করিয়া ছিলেন। এবং ভূমিব ভার অপহরণ নিমিত্ত বামক্রফ রূপধারী হুইয়া কংস প্রভৃতির বধসাধন করিয়াছিলেন। অনন্তব অহার দিগের মোহনার্থে গয়া প্রদেশে বুদ্ধ অবতার হইবেন † পরে ভয়ত্বর কণিযুগাবদানে নরপতিগণ

কেহ বলেন যে মীনুক্পে বেদের উদ্ধাব করেন এবং কৃষ্ম রূপে পৃথিবাকে ধারণ ইহায়।
 অবতাব, কেহ বলেন উহার। আবিভাব ইটারাই অবতার।

<sup>🕇</sup> ইছার দারা বোধ হন যে বৃদ্ধ অবতারের পূর্বের এই ভাগবত গ্রন্থ প্রচার হইলাছিল।

বেদমার্গ পরিন্নার ও সদাচার বিহীন হইলে কলীক্ষণে অবতার হইয়া ধর্ম সংস্থাপন কবিবেন; ইত্যাদি লিখিত আছে; তদ্ভির আর কতপ্রকার অবতাব আছে তাহাব সংখ্যা কবা যায় না; যখন যখন ধর্মের হানী হয় এবং অফ্বের রুদ্ধি হয় দেই নমর পালন কর্ত্তী অবতার হুইলা রক্ষা করেন; এই বে সকল অবতাব ক'তে হুইল ইহাব মধ্যে ক্লফ অবহারকে এক্ষণকার অনেক লোকেই বলেন ইনি স্বিধন নহেন; কেন্না ইনি প্রদার গোপীদিগেব যহিত রতিকীড়া করাতে শ্রীক্লফ স্থাবের অবতাব হুইতে পাবেন না ইহা অতি ল্লম মূলক বিধায় ক্লফ অবতাবের বৃত্তান্ত শাক্ষের মূল তত্ত্ব সমেত সাবাংশ প্রকাশ করা যাইতিছেছে। বদ্যপি শ্রীক্লফে শাল্লারাম প্রয়েশ্ব হাঁচাব স্বদ্ধা প্রদার নাই; তথাপি মান্ত্র মূলে লীলা করায় কোন মন্কার্য্য করেন কি না ভাহা দেখায়াইক।

### দ্বাবিংশ অধ্যায়।

#### ভগবান্ জীকুষ্ণ ঈশ্বরের অবতার নির্ণয় ৷

ক্ষাবতারে গ্র গ্রন্থ প্রকাণ্ড প্রাণের উত্তর থণ্ড; তাহা পাঠকরিলে জানা নার বে, আদ্যাশকি রাধা, থিনি পর্না প্রকৃতি, এই বিশ্ব সংসার সৃষ্টি দিটি প্রন্য করেন; কোন প্রলয় সময়ে বাস্ক্রদের বিষ্ণু যখন বট পত্রে যোগ নিদ্যা শর্ম করিয়াছিলেন, তখন ঐ গাধিকা তেজােম্বী মূর্ত্তি ধারণ করিয়া বিষ্ণুব নিদ্রা ভঙ্গ ক্ষত ভাগাকে স্কুকির বলিয়া অন্তর্ধান হয়েন। বিষ্ণু তখন কাহাকেও না দেখিয়া ভপস্থা কবিতে লাগিলেন। রাধিকা তখন প্রভাক হইনা বলিলেন বর লও; ভাহাতে বিষ্ণু কহিলেন আমার কিনে সিদ্ধি লাভ হয় ? একপ বর প্রদান কর ? বাবিকা বলিলেন ভূমি প্রথমতঃ শুকুর উপাসনা কর, পরে শক্তির সহিত কুলাচার সাধনে সিদ্ধি লাভ করিবে। বিষ্ণু বলিলেন ভূমি আমার শক্তি হও তাহাতে রাধিকা লাপ প্রদান করিয়া বলিলেন ভূমি আমার পতি হও তাহাতে রাধিকা লাপ প্রদান করিয়া বলিলেন ভূমি আমারে শক্তি হও তাহাতে রাধিকা লাপ প্রদান করিয়া

আবির্ভাব হইলে আমি তোমার পুংশ্চলীরূপা শক্তি হইব\*। বিষ্ণু রাধিকাকে শাপ দিলেন যে, তুমি মযুরী হও; রাধিকা বলিলেন এই ময়ুরের পুচ্ছ তোমার মন্তকের চূড়া হইবেক। পরে গোলোকধামে রাধাক্রম্ভ লীলা বিস্তারিত হইয়াছিল। তদনস্তর ভূভাবহরণের জন্ত পৃথিবীর প্রার্থনা মতে বৃন্দাবনে লীলা হয়। তাহাতে অপুত্রক বৃষভাতু রাজা পুত্রার্থে তপস্থা করায় এক পদাকার ডিম্ব প্রাপ্ত হইয়াছিলেন; ঐ ডিম্বে রাধার জন্ম হয়। রাধা কৃষ্ণকে পতিরূপে প্রাপ্ত হইবার জন্ম তপস্থা করিয়াছিলেন: তাহাতে ভগবান সাক্ষাৎকার হইয়া বর দেন যে, তুমি পূর্বে স্বয়ং অভিশাপ দিয়া-ছিলে যে, পুংশ্চলী শক্তি রূপে রুষ্ণ প্রাপ্ত হইবে ভজ্জন্ত বিষ্ণুর অংশে আয়ান ঘোষ জন্মগ্রহণ করিয়া, সে নপুংসক হইবেক তাহার সহিত তোমার প্রকাশ্ত বিবাহ হইয়া, শ্রীক্ষের নহিত বিহার-কার্যা সম্পন্ন হইবেক। এ দিকে বস্থদেবের গৃহে শ্রীকৃষ্ণ জন্মগ্রহণ করিয়া বস্থদেব কর্তৃক বুলাবনে নলালয়ে আনীত হইয়া তথায় বাল্যলীলা প্রভৃতি নানারূপ ক্রীড়া এবং অস্থ্রাদি বধ করিয়াছিলেন। যথন আয়ান ঘোষের সহিত রাধার বিবাহ হয়, তৎ-কালীন শ্রীকৃষ্ণ আয়ানেব ক্রোড়ে থাকাতে বাধিকা শ্রীকৃতের গলদেশে মাল্য প্রদান করিয়াছিলেন। ঈশ্বরের মহিমা ও মারা, কে ব্ঝিতে পারে; লোকে জানিলে যে, আয়ানের সহিত তাঁহার বিবাহ হইল; কিন্তু বাস্তবিক তাহা নহে। তৎসময়ে আয়ান ঘোষ নপুংসক হইয়াছিল। তাহার রাধাব সহিত কথনই সহবাস হয় নাই; কেবল এক্লিঞ্চের সহিত নানা প্রকার ক্রীড়া ও লীলা হটয়াছিল; এবং ক্লফকালী রূপ দেখাটয়াছিলেন। ও রাধিকার কলম্ব ভঞ্জন প্রভৃতি অনেক আশ্চর্য্য কার্য্য এবং বছবিধ ঐশ্বর্য্য প্রদর্শন করাইয়াছিলেন। আর গোলোক ধামে থাকন সময়ে গঙ্গার সহিত রাধার বিবাদ হওয়াতে রাধিকার শাপে গঙ্গা অংশত মানুষ হইয়া চক্রাবলি রূপে জন্মগ্রহণ করেন; এবং রাধার অংশে আর করেকটা গোপী যাহারা কুমারী ও সহচরী ছিলেন; তাঁহারা জন্মগ্রহণ করেন। একদিন শ্রীক্লঞ

<sup>\*</sup> পরপত্নী পুংশ্চলী। "

<sup>🕇</sup> এই অুবধি কোলবর হইতে আরম্ভ হইল।

রাধার নিকট গমন করিতেছিলেন; তৎকালীন পথিমধো চন্দ্রাবলীর সহিত সাকাৎ হইবায় তাঁহার স্তবে তুঠ চইযা গান্ধর্ব বিবাহ কার্যা সমাধা হইয়া-ছিল। ঐ বাত্রিতে রাধিকার নিক্টস্থ না হওয়ায় তাঁহার মান হইয়াছিল। তদনত্তর শ্রীকৃষ্ণ শিবেব উপাসনা করতঃ যোগীবেশ ধারণ করিয়া ভিক্ষার ছলে মান ভঙ্গ করিয়াছিলেন। পরে শারদীয়া পূর্ণিমার রাত্তিতে রাসক্রীড়া কবেন; ঐ রাস মণ্ডলে রাধার শবীর হইতে তৎ স্বরূপা ষোড়শ সহস্র কামিনী, এবং প্রীক্তফেব শ্রীর হইতে ঐ সংখাক ক্ষেত্রপধারি পুরুষ উৎপন্ন ইটিয়াছিল; এবং অক্যান্ত গোপ গোপীগণ সহায় থাকিয়া নুত্য গীত হইয়া-ছিল। এই অদ্ভূত ঐশব্যক কার্য্য দর্শন জন্ম দেবতা ও খাষিরা এবং গন্ধর্কা সিদ্ধ চাবণ প্রভৃতি সকলই তথায় উপস্থিত হইয়া দর্শন কবিয়াছিলেন। এই একথানি পুৰাণ প্ৰায় দমুদায় সংক্ষেপে অমুবাদ করাইল; ইছার কোন স্থানেই পরদার গমনের লেশ মাত্র কথাও নাই। এই বিষয় ব্রহ্মবৈবর্ত্ত পুবাণে যাহা আছে তাহাতেও প্রদার গমন বৃত্তান্ত কিছুই নাই। বিষ্ণু পুবাণ এবং হরিবংশ পুরাণে ঐক্ফের সমুদায় লীলা বর্ণনা আছে; কিন্তু রাধিকার বৃত্তান্ত কিছুই নাই এবং কোন গোপীর নামও উল্লেখ হয় নাই। তাহাতে রাস লীলা বর্ণনা আছে, তাহার মর্ম্ম এই যে, কেবল গোপীর সহিত নৃত্য গীতাদি জীড়া করা হইয়াছিল; তাহাতে পরপত্নী গোপীকাকে রমণ কবার কোন কথা নাই; বরং গোপিনীরা তৎকালীন ব্রন্ধজ্ঞান অর্থাৎ সমুদার বস্তুট প্রীকৃষ্ণময় জ্ঞান করিয়াছিলেন। এইক্ষণ প্রীমন্তাগবতের বুতান্ত প্রকাশ কবা বাইতেছে; ঐ গ্রন্থের দশমস্বন্দে শ্রীকৃষ্ণের জন্ম ও বাল্য লীলা প্রভৃতি সমুদায় বর্ণনা আছে ; কিন্তু রাধিকার জন্মবুত্তান্ত ও লীলা এবং আয়ান বোষের কথা কিছুই নাই। পবস্ত ঐ গ্রন্থে রাণ্ডিকার নামও নাই। তবে ঐ গ্রন্থে বস্তু হরণ ও বাসলীলা বিস্তারিত বর্ণনা আছে ; কিন্তু পরদার গমনের কোন কথা নাই তাহাতে আছে যে, কতকগুলি কুমারী অর্থাৎ অবিবাহিতা গোপী শ্রীকৃষ্ণকে পতিরূপে প্রাপ্ত হইবার জন্ম কাত্যায়নীর আরাধনা করেন: ব্রত প্রজা সমাধা করিয়া অবভূত-মান\* করণ জন্ত বিবস্তা

ভইয়া তাহাবা বনুনাৰ জবে নিপতিত হুইয়াছিল: ঐ বিবস্তা হওয়া পাপ-কার্মা বিবেচনায় তাহা নিবারণ ও বালা-গোপিনীদিনকে শিক্ষা প্রদানার্থে প্রীকৃষ্ণ ঐ স্কল বস্তু হবণ কবত প্রতার্পিত কালে বলিনাছিলেন যে, বিবস্থা হুট্রা জলে নিম্য হওয়া পাপকার্যা: বিশেষত: ব্রুডধারিণী দিরের পক্ষে অতিশয় দ্যা এজন্ম বস্ত্র-হবণ কথা হইথাছে : যে হউ চ আগামী বাসপূর্ণিমাব রাত্তিতে তোমাদিগের মনোবাঞ্চা পূর্ণ করা যাইবেক। তদনন্তর রাস্থীলা বর্ণন কালে লেগা আছে যে, একিফের বংশীধননি শ্রবণ করতঃ গোপিনার! ঐ বাস-পূর্ণিমার নিশি-যোগে বাস-মণ্ডলে উপস্থিত হইরাছিলেন; তথার শ্ৰীক্লফেৰ সহিত গোপিনী ৰিগেৰ বাস-ক্ৰীড়া অৰ্থাং নুতা গীত বাদ্য প্ৰভৃতি নানা প্রকার লীলা ও অঙ্গ-স্পর্শ প্রভৃতি কার্যা হট্যাছিল। কিন্তু ঐ গ্রুত বিশেষরূপে লেখা আছে যে, জীক্ষ মৈগুন কার্যা অর্থাৎ বীর্যাপাত করেন নাই নিজ শুক্র হত্তন করিয়া রাগিয়াতিলে।। কেবল গোপিনীরা তাঁচাব অঙ্গ ম্পর্শ দারা তৃপ্তি লাভ কবিয়াছিলেন: ইহা ঈশবের মাধান কার্যা। ঐ রূপ অঙ্গ স্পর্শেব ভাংপর্যা এই বোধ হয় যে, পুর্বের যে সকল কুমানী গোপিনী দিগের বব প্রদান কবিয়'ছিলেন ভাহাদিগের বাঞ্চা পূরাণার্গ ঐ ক্লপ ঘটনা হইয়াছিল। কেননা জশ্ব যে বৰদান কৰেন তাহা অবগ্ৰই সফল হইবার সম্ভব। যদ্যপি ঐ অধ্যায়ে আছে যে, একিন্স গোপিনী দিগকে সম্বোধন করিয়া বলিযাছিলেন যে, তোমনা পতি পবিত্যাগ করিয়া আমার নিকট আদিয়া মুল্ল কার্যা করিরাছ ইত্যাদি প্রেরাগ করতঃ পাতিরাতা ধর্মের প্রশংসা কবিষাছিলেন; তাহা রস পুরিত মধুব কাবা বটে: তাহা শ্রীরাধিকার প্রতি উক্ত হইতে পারে: কেন না কোন গোপীব নাম ঐ গ্রন্থ না থাকায় সেন্তলে স্তুৰ তথায় সংলগ্ন হইতে পাবে। যদি বল নে, আনুের পত্নী অন্তান্ত গোপিনীদিগেব প্রতি ঐ কপ উক্তি হইতে পাবে তাহাতেও দোষ বর্দ্তে না; কেননা বীর্ণা পাতাদি কার্ণা তাহাদিগের সহিত হওয়া লিখিত হয় নাই; তবে কুমারী গোপীদিগের সহিত গান্ধর্ব বিধানে বিবাহ

এবং শশাল্পাংশু-বিরাজিতা নিশা স সত্য কামোদত্বত। বলাগণঃ। সিসেব আত্মস্তবক্তব
কারতঃ সর্বাঃ সরুৎ কাব্যকথারদাশ্র ॥ ভগবতে রাস লীলায়াং।

হওয়াই অনুভব হইতে পারে: তাহাতেও ধর্মতঃ কোন বিক্র কার্যা ঘটনা হয় नाहै। यहाशि भे तान हाड़। ममत्त त्य त्य कार्या कहें या जिल जाहा वश्रज्ञ मुवा वरहे ; (कनमा रेमपून आहे अकान अर्थार खनन, कीर्डन, दक्ति, दशकन ভপ্ত-ভারেণ, সংকল্প, অধাবসায় এবং ক্রিনা নিজাতি; ইহাব মধ্যে ক্রিয়া-নিম্পত্তি অর্থাং বীর্যাপাত বাতীত আবাব ৭ সাত প্রকার কার্য্য চইয়াছিল। তাহা দৃশ্ত: দূষণাবহ বটে; কিন্তু ধন্মতঃ বিকন্ধ নহে; ও তাহাতে ঈথবেব প্রম ভক্ত গোপিনীবা থাকায় ভাগার তৎকাশীন ঐক্রফকে প্রনত্তর্জ জীনিয়া উপাদনা করাতে তাহাদিণের বাঞ্চা পুরণার্গে ঐ কার্যা করায় ঈর্ধবের কোন দোষ বা ঈশ্বব্যেব মহিনাব হানী হয় নাই তক্ষন্ত রাজা প্রি-ক্ষিতেৰ প্ৰশ্নে শুকদেৰ উত্তৰ প্ৰদান কৰিয়াছিলেন\* যে, শ্ৰীক্ষণ্ড আত্মাৰাম পরমেশ্ব উহার স্থদার পরদাব কেই নাই। বাস্তবিক রামলীলার অন্তত বুতান্ত আদ্যোপান্ত এবণ কবিলে জানা বার যে, এ রূপ কার্য্য ঈশর বাতীত সমুষ্যের সাধায়ত্ব নহে: কেননা একটা গোপিনার দক্ষিণ ভাগে একটা ক্লফ এরপ অনেক ক্লফ রূপ হইয়া রাদ-মণ্ডল দংস্থাপন করিয়াছিলেন: ইগা কথনই মহুষ্য দাধ্য নহে। আনেকেই ভাগৰতের ভাষার্থ ব্রিতে না পারিয়া বলেন যে ঐ পুরাণে শ্রীকৃষ্ণকে প্রদারগামী বলা হইয়াছে: ইহা নিতান্ত অসমত ; কেননা ঐ গ্রন্থে যথন স্পৃত্তী বাকো লেখা আছে যে, রাস্ক্রীডার সময় একিফ নীর্যাপতে করেন নাই গুক্রস্তুন করিয়া রাথিয়া-ছিলেন; তথন যিনি যাহা ব্যাণ্যা করান না কেন কোন ক্রমেই ঐ অর্থ সঙ্গত হইতে পারে না ; তবে কেহ কেহ বলেন বে, জীমন্তাগ্রত বেদ্ব্যাসের কত নহে: কেননা অটাদশ পুরাণের মধ্যে যে, ভাগবত বলিয়া লেখা আছে তাহা মহাভাগ্ৰত; তদ্ধিন দেবীভাগ্ৰত ও খ্ৰীম্ভাগ্ৰত তৃদ্ভগ্ৰত নহে। এবং শ্রীসদ্রাগবতের ইতিহাস ভাগ স্থানে স্থানে অন্ত পুরাণের সহিত অনৈক্য থাকায় তাহা পুৰাণ অথবা উপপুরাণ মধ্যে গণিত নহে। যদি ইহা সত্য হয় তবে শ্রীক্ষের প্রদার গমন করার সন্দেহ মাত্রও থাকে না; কেননা অষ্ট, দশ

পরিক্ষিত যে পরদার গমন বলিষা প্রশ্ন করেন সে অনা সাত প্রকার মৈণ্ন কাষা উপলক্ষ করিয়া জিজ্ঞাসা করেন বলিতে ইইবেক নত্বা পুকে বখন বলিয়াছেন যে বায়পোত হয় নাই তথন তথিষয় উপলক্ষ করিয়া প্রশ্ন করা সঙ্গত নহে।

পুরাণে এবং মহাভারতে এক্লিঞ্চকে ঈশ্বর বলিয়া বাথ্যা করা হইয়াছে তাছার কোন পুরাণেই শ্রীক্লফের পরদার গমনের কথা লেশমাত্রও নাই। তবে শ্রীমন্তাগবতে যে সকল শব্দ প্রয়োগ আছে তাহাতেও এ রপ নাই কেবল কামী লম্পট স্বভাব ব্যক্তিরা ঐ রূপ মন্দ ব্যাথা। করিয়া লোকের লম জন্মাইয়াছে। ফলিতার্থে খ্রীমন্তাগবত ব্যাস ক্বত কিনা তাহাব নীমাংসা করা ভঃসাধ্য বটে; কিন্তু গ্রন্থ থানি যে উৎকৃষ্ট এবং তাহার রচনা চমৎকাব ও জ্ঞান ও ভক্তি পরিপূরিত তাহার সন্দেহ নাই। ঐ গ্রন্থ বছদিনের প্রাচীন এবং রবুনলন ভট্টাচার্য্য স্মার্ত মহাশয় তাঁহার স্মৃতিতে ঐ গ্রন্থের প্রমাণ ধরিয়াছেন; এবং সাধু সমাজে বহুদিন হইতে আদরণীয় হইয়া চলিতেছে। বিশেষতঃ ঐ গ্রন্থে মাধুর্ণ্য রুসেব যে বর্ণনা আছে তাহাও ভক্তি রুস মিপ্রিত থাকায় গ্রন্থথানি সামাত লোকের রচনা বলিয়াও বোধ হয় না\*। অতএব কুফ লীলা যে, সকল অবতারের প্রধান তাহা তাঁহার অনিকাচনীর এখার্যা প্রকাশ থাকাতে সিদ্ধান্ত হইতে পারে। শ্রীক্ষ্ণ মথুরা ও দারকাতে অনেক প্রী গ্রহণ করিয়াছিলেন: কিন্তু তাঁহারা কেহই পরদার ছিলেন ন। সকলেই তাঁহার বিবাহিতা পত্নী ছিল। পুরাণ সমস্ত আলোচনা করিলে জানা যায় যে, কৃষ্ণ অবতারে শৃঙ্গার, বীর, করুণা, অদ্ভুত, হাস্ত, ভয়ানক, বীভৎস, রৌজ, এবং শান্তি এই নব রস সম্যক্ প্রকারে প্রকাশ হইয়াছিল; তাহাতে মাধুষ্য রস কিছু অধিক প্রকাশ হয় বটে; তাহাব কারণ এই যে, রাম অবতারে বীর এবং করুণা রসের প্রাধান্ত ছিল। কিন্তু মাধ্র্যা রসের কিছু । অভাব থাকায় কৃষ্ণাবতারে ঐ রস অধিক প্রকাশ হইয়াছিল। তাহাতে বুন্দাবনের শ্রীরাধিকার সহিত যে পরকীয় ভাবে লীলা করা হইয়াছিল। ইহার তাৎপর্য্য এই -যে, সকল লোকে রাধাক্রফকে ঈশ্বর বলিয়া জানিতে না পারে; কেননা মনুষারূপে লী ।। করাতে সকল লোকের দৃষ্ট ছইবেক; তাহাতে যদি ঈশ্বর রূপে লোকদর্শন করে তবে সকলেরই মুক্তি হওয়ার

<sup>\*</sup> নথলু গোপিকা নন্দনো ভ্ৰান্নিখিল দেছিল। মন্তরাঅদৃক্। বিখন সার্থিতো বিশ্বগুপ্তরে স্থ উদেয়িবান সাত্তঃ কুলে। ভাগবতের রাস-পঞ্চাধ্যার, গোপিনীরা বলিয়াছিলেন যে, হে কুক্ষ হে সংথ তুমি গোুপিকা নন্দন নহ তুমি পরমান্তা।

শস্তব; এই জন্ত পাষ ওদিগের মুক্তিলাভ না হয় বলিয়া বাহ্নিক ত্বণিত ভাব প্রদর্শন করাতে পাষওেরা য়ণা করিয়াছিল। এবং যাহারা পুণাায়া ও জ্ঞানী তাহারা ঈশ্বন জ্ঞান কবিয়াছিলেন। ইহা সকল পুবাণেই প্রকাশ আছে। অতএব ল্পীলা বিস্তার করণ-জন্ত গৃঢ় ভাবে কপট মন্থ্যায়পে লীলা করিয়া-ছিলেন\* ইহা ঈশ্বরের মহিমা; নতুবা গোবর্দ্ধন পর্বত ধারণ, বাড়বানল ভক্ষণ, কালীয়দমন, ব্রহ্মার সন্মোহন, সান্দিপনীর মৃত পূত্রকে পুনরানয়ন, প্রভৃতি অসংখ্য অঁলৌকিক কার্য্য সকল ঈশ্বর ব্যতিত সামান্ত মন্থ্যার কার্য্য হইতে পারে না। অত এব শাস্তবিধি না জ্ঞানিয়া লোকে যে ঈশ্বর-নিন্দা করে সে কেবল সমৃহ পাপ কার্য্য ভিন্ন নহে। ছর্ভাগ্যবশতঃ আমাদিগের এ দেশে অনেক শাস্ত ছাড়া প্রবাদ ও পুস্তক প্রকাশ হওয়াতে দেশ উচ্ছিন্ন-প্রায় হইতেছে। অতএব যাহাব যে বিষয় সন্দেহ থাকে, তিনি যেন প্রকৃত শাস্তের মূল দৃষ্টে তাহার মীমাংসা করেন; নতুবা তাহার সংশন্ধ ছেদ হইবেক না। এই পর্যান্ত প্রক্তি-ধর্ম্ম লিখিয়া তৃতীয় ভাগ সমাপ্ত করা হইল। এক্ষণে নিবৃত্তি ধর্ম কি অর্থাৎ কিরপে লোকের মুক্তি লাভ হইয়া সংসার যাতনা এককালীন নিবৃত্তি হইতে পারে তিনিবয়ের আলোচনা করা যাউক।

তৃতীয় ভাগ সমাপ্ত।

<sup>🛂</sup> শুঙ্গার বিষয়ে পরকীয় রস উৎকৃষ্ট।

### চতুর্থ ভাগ।

#### প্রথম অধ্যায়।

#### মোক্ষ-ধর্ম বিষয় ও বৈরাগ্য কি তাহা নির্ণয়।

মুক্তি লাভের চেষ্টা করিতে হইলে বৈরাগ্য পরিচালন অর্থাৎ সংসার ছইতে নিবৃত্ত হওয়া কৈর্ত্তবা\*; কিন্তু সংসার ছংখময় বলিয়া স্থির করিলে সংসার নিবৃত্তি হইতে পারে; তাহাকে স্থুথ জ্ঞান করিলে হয় না। অতএব সংসার তুঃথময় কি সুথময় তাহা বিবেক সহকারে সম্যক আলোচনা করিলে ছ:খমর বলিরাই সিদ্ধান্ত হয়। কেন না প্রথমতঃ গর্ত্তবন্ত্রনা, তদনন্তর ভূমিষ্ঠ হইয়া জ্ঞান ও বাক্শক্তি এবং গতিশক্তি রহিত প্রযুক্ত নানা প্রকার ছঃধ ভোগ করিতে হয়; এবং ক্ষুৎপিপাদায় কেবল রোদন করিতে, ও সর্বদা বিষ্ঠা মূত্রে সংশিপ্ত থাকিতে হয়। তদনস্তর বিদ্যোপার্জন নিমিত্ত নানা প্রকার ছ্শ্চিন্তা ও তাড়না ভোগ করে। পরে দেশ বিদেশ ভ্রমণ করতঃ অর্থ উপার্জ্জন ও তাহা রক্ষার নিমিত্ত অনেক কট সহ্ করিতে হয়; এবং মধ্যে মধ্যে ঘোরতর রোগ শোকে আক্রান্ত হইয়া থাকে। ইহা প্রায় সকলেরই অনুভব আছে। বিশেষতঃ বিষয় প্রলোভে, যে কত প্রকার কুকর্ম করিতে হয় তাহার সংখ্যা করা যায় না। ফলত: কেহ কেহ তজ্জ্ঞ রাজদত্তে দণ্ডিত হইয়া কারাবাদ প্রভৃতি শান্তি প্রাপ্ত হইয়া থাকে। কেহ কেছ দারিত্র-দোষে সর্কাদাই তুশ্চিস্তায় নিমগ্ন থাকিয়া ধনীদিগের উপাসনায় कानत्कर्भन कतिरा थारकन। धार कि धनी कि पतिष्र मकरन है क्ली ज़ा-কারকের হস্তস্থিত শৃঙ্খলে বন্ধ বানরের নৃত্য করার স্থায় স্ত্রী পুতাদির বশবর্ত্তী হুইয়া অনবরত পরিভ্রমণ করিতে থাকেন। সময় সময় এরূপ ঘুণা বোধ হয় যে, পরাধীন মহুষ্য অংপেকা স্বাধীন পশু পক্ষীরাও স্থী আছে। বিশেষতঃ ধনীরা সময় সময় বিষয়ের নিমিত্ত এরূপ পরপীড়নে রত হয়েন

<sup>🗣</sup> সংসার শহ্তের অর্থ মিখ্যা জ্ঞান জস্ত বাসনা ,

বে, তাহাদিগেব কার্য্য অপেক্ষা দম্ম কার্য্যও উৎক্রন্থ বলিয়া বোধ হয়। পরস্ত যৌবনকাল কেবল অনর্থের মৃণীভূত; কারণ যৌবনকাল কেবল অভিমানাত্মক মদগর্ব পবিপূরিত; এবং তৎকালে সম্পত্তি প্রাপ্তে অধিক প্রভুতা হইয়া উঠে; স্তরাং নিরস্তর অবিবেকের বণীভৃত হইয়া নানা প্রকার কুকর্ম্ম করিতে পাকে। তদনন্তর বৃদ্ধকাল উপস্থিত হইলে ইন্দ্রিয় সকল শিণিল হইয়া ক্রমে ক্রমে ভোজন শক্তিহীন ও তুর্বল অবস্থাপর হয়; তাহাতে দৃষ্টিশক্তি, শ্রবণশক্তি, রতিশক্তি, গতিশক্তি বৃদ্ধিশক্তি রহিত হইয়া নিরম্ভর খাস কাশ উদরাময় প্রভৃতি রোগে আক্রান্ত হইয়া পড়ে, ক্রুমাধীন প্রকেশ বিগলিত-দক্ত ললিত-চর্মা হইয়া শ্রীতেই এবং উত্থানশক্তি রহিত হইয়া যায় ; যেরূপ বাল্যকালে বিষ্ঠা মূত্রাদিতে পরিপ্ল ত থারিয়া পরাধীনতা-রূপে পান ভোজন করিতে হয় তজ্ঞপ বুদ্ধাৰস্থায় জ্বাগ্রস্ত হইয়া পরিবার-বর্গের বশবর্তীতায় সতত ছংখ ভোগ করিতে থাকে। এই সকল বিষয় **प्यारलाहना क**रितल त्वांथ रुष्ठ; (यक्तश यांवड्जीवन कांदावारन थांकिया অপরাধীরা ত্রুখ ভোগ ও রাজকিঙ্করের তাড়না সহ্য করে; ততোহধিক সাংসা-রিক কষ্ট ভোগ করিতে হয়। তদনস্তর ভয়ঙ্কর মৃত্যু সময় উপস্থিত হুইলে · মৃত্যু বাতনাতে একপ কষ্ট হয় যে, যেন অবিরত সহস্র সহস্র বুশ্চিকে দংশন অথবা অগ্নি-সারা দগ্ধ করিতেছে। তদনস্তর কালের করালগ্রাসে নিপতিত ছইলে যমকিন্ধরগণ নানা প্রকার তাড়না কবিতে থাকে। পরিশেষে পাপ কর্ম জন্ত নরকে নিমগ্ন করায়। ইহাতে যে কত যাতনা শাস্ত্রে লিপিত হই-মাছে; এবং যুক্তি দারা অনুভব হইতেছে, তাহা লিখিতে প্রবর্ত্ত হওয়ায় কাষ্ঠেব লেখনীও রোদন করিতে লাগিল বলিয়া ক্ষান্ত হওয়া গেল।\* অতঃ-পর দেখা যাউক যে, সংগারে কিছু স্থুখ আছে কি না; তাহাতে সিদ্ধান্ত হয় যে, সাংরাবিক অনিতা স্থপ স্থাই নহে; কেননা যাহাতে যংকিঞ্চিৎ স্থ বিবেচনা করা যায় তাহা বাহে কিছু স্থু বলিয়া বোধ হয় বটে; কিন্তু প্রকৃত পক্ষে তাহা কিছুই নহে, বরং তুঃপময় বলিয়াই বোধ হয়। যেমন তপ্ত বালুকাময় ভূমিতে প্রবেশ করতঃ রৌদ্রের উত্তাপে প্রাপ্ত হইয়া একটা কুপিত কালদর্পের ফণার ছান্নায় উপবেশন করিয়া শ্বিশ্রাম স্থুপ অনুভব

এই গ্রন্থের তৃতীয় ভাগের ৬
 প্রধারে লিখিত থাকায় পুনয়ণ্ডি করা ইইল না।

কবিবার চেষ্টা করে; তল্লায় দারা পুত্রাদি ক্ষেত্র ও বিষয়োপভোগাদিতে স্থামুভব হয় মাত্র। ফলত: যাহাকে উৎকৃষ্ট বস্তু বিবেচনায় ভোগ করত: স্থামুভব করার চেষ্টা করা যায়, তাহা বিষ মিশ্রিত ক্ষীর লড় কের স্থায় ভোজন করিলে মৃত্যুমুথে নিপতিত হইতে হয়; কেন না স্ত্রী সংসর্গে আপাততঃ কিছু স্থজ্ঞান হয় বটে : কিন্তু ক্রমশঃ বহু সন্তান উৎপন্ন হইয়া আনেক কট্ট সহা করিতে হয়; এবং স্ত্রী বস্তু কি তাহা বিবেচনা করিয়া দেখিলে ঐ রূপ স্থাজ্ঞান কদাচ হইতে পারে না; কেননা কতকগুলিন অন্তি চর্ম্ম-রক্ত-মাংদ-বদা-মজ্জা-মন্ত্র একটা শরীর, ও ভাহার মুথ লালাকীর্ণ-ময়, এবং স্থাথের স্থান অতি তুর্গন্ধ মৃত্র পুরীষ পরিপূর্ণ ; (ঐ রূপ স্ত্রীর পক্ষে পুরুষ) ইহাতে কখনই স্থুখ চইবার নহে। তবে ঐশ্বরিক মায়ায় মুগ্ধ হইয়া মৃঢ়ের স্ত্রী ও পুত্রে স্থবজান করে\*। এবং নানা প্রকাব ভক্ষা ভোজা দ্রব্য ও সুথকর নহে; কেননা তাহা জল ও মুগ্রায় পদার্থ; তাহা ভোজনাস্তে বিষ্ঠা মৃত্র হইয়া নির্গত হয়; পুনরায় মৃত্তিকা হইয়া দ্রবারূপে উৎপন্ন হইতে থাকে। এবং যান বাহন ও অট্টালিকায় শয়ন প্রভৃতিতে যে সুথামুভব হয় তাহা নিতান্ত ক্ষণ-ধ্বং নী; এবং কষ্টে তাহার আহরণ করিতে হয়। তাহা আপাততঃ রমণীয় অব্যাহ পরকাল বিবোধী; যেমন বড়শীর সহিত আহার্য্য দ্রব্য দেওয়াতে মীন তাহা গ্রান করিয়া প্রথমতঃ স্থুখী চইতে পাকে: কিন্তু পশ্চাৎ বড়শীব দ্বাবা প্রাণত্যাগ কবে। এবং যেরূপ প্রজ্ঞলিত অগ্নি দৃষ্টে পতক্ষ পতিত হয়, সে পতিত হইবার পূর্বের স্থানুভব করে (নত্বা পতিত হইবে কেন) কিন্তু পরিশেষে দগ্ধ হইয়া যায়, তদ্ধপ সাংসা-तिक सूथ भवकान विद्याधी झानित्व। यमि वन त्य, हित्रकान भर्यास द्वारा শোক বৰ্জিত হইয়া কোন ব্যক্তি নানা প্ৰকার বস্তু উপভোগ কবে তাহাকে সুথী বলা যায় ? কিন্তু তাহা কদাপি কাহারও হয় না; কারণ মনুষ্য মাত্রে-ৱট কাম লোধ লোভ মোহ মদ মাৎস্থ্য আছে; তাহাতে কোন ক্রমেই সর্ব্বক্ষণ সুথী হইতে পারে না: এবং আকল্প পর্যান্তও কেহ জীবিত থাকে नाः जीवन चाि क्रग-ध्वः भीः यिति किय़ पिन थे ज्ञा घरेना इय जाहा अ

<sup>\*</sup> পুত্র মুর্প হইলে যন্ত্রণা ও পণ্ডিত এবং উপার্জ্জক হইলৈ দর্মদা তাহার মৃত্য আশৃকা হয় এবং রোগাক্রান্ত হইলে নষ্ট ভোগ করিতে থাকে।

স্থাপের কারণ নছে। কেননা আহার নিদ্রা সৈথুনাদি বিষয় উপভোগের भीमा नार्र, वतः जनत युक्त अनान कतित (यथकात जन क्रमः अजनिक হইতে থাকে তজ্ঞপ বিষয় উপভোগ যত কর তাহাই ক্রমশঃ বৃদ্ধি হইয়া বিষয়াসক্ত প্রযুক্ত পরকালের শুভ চেষ্টা এককালীন রহিত হইতে থাকে: কেবল পশুর ভার জন্ম যাতা নির্বাহ হয়। ফলতঃ মৃত্যু নিশ্চয় হইবেক তাহার যাতনা, এবং পুনঃ পুনঃ জন্মগ্রহণে, গর্ত্তবাতনা প্রভৃতি নানা প্রকার যাতনা নিশ্চয় ভোগ করিতে হইবেক; তবে কি জন্ম এক দ্রবা প্রকাষ ভোগ করিয়া স্থানুভব করা যায়, তাহা বলিতে পারিনা। যদি মৃত্যু না হইত, অথবা এক দ্রব্য একবার ব্যবহার করিয়া চিরকালের জ্ঞান্তে তুপিলাভ করা যাইতে পারিত; তবে বিষয় ভোগকে স্থুথ বলা যাইত। অতএব বিষয় ভোগ কেবল আপাত রমণীয়, কিন্তু পরিণামে বিষের স্থায় তাহার আব সন্দেহ নাই। এই বিষয় যোগবাশিষ্ট প্রভৃতি নানা শাস্তে স্থবাক করা হইয়াছে। যদি বল যে, লোকে ইহা জানিয়াও কিজন্তে সংগার পরিত্যাগ করে না ?\* তাহার কারণ কেবল ভগবানের মায়ায় মুগ্ধ হুট্রা লোকে সংলার পরিত্যাগ করিতে পারে না। যদি কেছ ঐ মারা হইতে পবিত্রান লাভ করিতে পারে, তবে তাহার মুক্তি হয় : কিন্তু ব্রহ্ম-জ্ঞান বাতীত ঐ মায়ার বিনাশ হয় না। অতএব ঐ ব্লক্ষান কি; যাহাতে ভগবানের মায়া হইতে লোকে উদ্ধার হইতে পারে; তাহা বিবেচনা করা যাউকু।

# দ্বিতীয় অধ্যায়।

#### ব্ৰহ্মজ্ঞান কি তাহা নিৰ্ণয়।

বক্ষজ্ঞান এই যে, আবক্ষ স্তম্ব পর্যাপ্ত অর্থাৎ বন্ধা হইতে তৃণ পর্যাপ্ত সম্পায় পদার্থ মায়া দারা করিত বিধায় এই জগৎ মিথাা; কেবল অদৈত শক্তিমান নচ্চিদানন্দ বক্ষই সতা; অতএব জীবও বুক্ষ হইতেছে; স্ক্তরাং

 <sup>\*</sup> সংসার প্রিত্যাগ করিষা উলাসীন হওয়। অথবা আসন্তি পরিত্যাগ ক্রা এই উভয়কে
 জংসার পরিত্যাগ বলা যায়।

আমিও ব্রহ্ম এবং ব্রহ্ম বাতীত আর কিছুই নাই∗। এই অপরোক্ষ ব্রহ্ম-জ্ঞান ইহার দার৷ সমুদার সাংসারিক যাতনা এককালীন নিবারণ হয়: ইহাই মহাত্মারা শাস্ত্র যুক্তি দারা মীনাংদা করিয়াছেন। তাৎপর্য্য এই বে, মিথ্যা জ্ঞান জন্ম ৰাসনার নাম সংসার; ঐ জ্ঞান রহিত হইয়া স্ত্যা-জ্ঞান অর্থাৎ পরমেশ্বরই সত্য আর সকলই মিথ্যা: এই মিথ্যা বল্কতে বাসনা করাও মিথা।; এইরপ জ্ঞান হইলে সংসার হইতে নিবর্ত্ত হয়। দৃশ্যমান জগৎ কি প্রকারে মিথ্যা হইতে পারে ? তদ্বিয়ের মীমাংসা এই যে, বেদে আছে এই সমুদায় জগৎ ব্রহ্মময়। ইহা চারি প্রকার সামানাধিকরণাের অর্থের দ্বারা পরোক্ষ ও অপরোক্ষ রূপে নির্ণয় করা হইয়াছে। ঐ সামানাধি-করণা এই, বিশেষ্য বিশেষণ সামানাধিকরণা, ঐক্য সামানাধিকরণা, অধ্যাস সামানামিকরণা ও বাধ সামানাধিকরণা। বিশেষ্য বিশেষণ অর্থাৎ ব্রহ্ম বিশিষ্ট এই সমুদায় জগৎ; তাহাতে সমুদায় পদার্থেই ব্রহ্ম আছেন। এই জ্ঞান পরোক্ষ জ্ঞান বলিয়া নির্দিষ্ট হইয়াছে। ইহা সাংখ্য মতের সহিত ঐক্য হইতে পারে; কেন না ঐ মতে আছে যে, পদার্থ সকল জড়া প্রকৃতি এবং হৈতক্ত পুরুষ। ইহা যোগ হইয়া এই জগৎ হইয়াছে: এবং বিদ্যান আছে। তাহাতে প্রকৃতি হইতে পুরুষকে ভিন্ন জ্ঞান করিতে পারিলে ব্রহ্ম জ্ঞান হয়। বেমন জলের সহিত মীন পৃথক ভাবে থাকে, তদ্ধপ জড়েব স্হিত চৈত্তসম আত্মা পৃথক্রপে আছেন। ঐ আত্মা চৈত্তস, দেহ ব্যতীত উপলব্ধি হয় ना বটে ; किन्छ विচার করিয়া দেখিলে তিনি সমুদায় বস্তুতেই আছেন। তাহা জানিবার জন্ত বেদান্ত মতের সহিত ঐক্য করিয়া অন্ত তিন প্রকার সামানাধিকবণ্যের মীমাংগা করা যাইতেছে। পূর্ব্বোক্ত প্রকা সামানাধিকরণ্যের অর্থ এই যে, এই জগতের সহিত ত্রন্ধের ঐক্য অথাৎ অভিন্নতা আছে। যেমন স্থবর্ণের কুগুল ও মৃত্তিকার ঘট সমুদ্রের উল্মীমালা অর্থাৎ ঢেউ এবং জলবিম্ব এই সকল বস্তু যেরূপ স্বকীয় বস্তুর বিকার ব্যাটীত ভিন্ন বস্তু নহে; তজ্ঞপ ব্রহ্ম নিমিত্ত এবং সহকারী ও উপদান কারণ হও-

আব্রহ্মন্তম্পর্যন্তং মায়য় কল্পিতো জগং। ব্রহ্মসত্যং জগন্মিথ্যা জীব বুলেব কেবলং।
 ইতি শকরাচার্য ধৃতং।

<sup>†</sup> मर्दाः थर्निषः एक त्वर ना नाश्चि किकन।

মাতে এই জগৎ উৎপন্ন হইবা ব্ৰহ্মের সহিত মতিন তাবে আছে; স্থতরাং জগৎ ও ব্রহ্ম ভিল, আর কিছুই নহে। যদি বল যে, ব্যবহারে জড় ও চৈত্ত ভিন্ন ভাব দেখা যায়, এবং জড়ের সহিত চৈত্ত্তের তাদাম্ম সম্বন্ধ অর্থাৎ শিশ্রিত ভাব নাই ? তজ্জ্য অধ্যাস সামানাধিকরণ্যের মীমাংসা করা ছইতেছে; তাহার অর্থ এই যে, দুখ্যমান জড় বস্তু সকল চৈতভাতে অধ্যাস অর্থাৎ আরোপ অথবা কল্পনা মাত্র। বস্তুতঃ কোন পদার্থই নহে; যেমন রজ্বতে দর্প, ও স্থক্তিতে রজত, এবং মৃগত্ঞা অর্থাৎ মরীচিকাতে জল ভ্রম হয়, তজপ পর অকা চৈততে জড়রূপ জগৎ আরোপ হইয়াছে; অম প্রযুক্ত তাহা দ্রব্যরূপে প্রতীয়মান হয়; বাস্তবিক তাহা কোন বস্তই নহে। তবে পূর্বেবি বে, এই জগতের উপাদান কারণ পরমেশ্বরকে বলা হইরাছে; তাহা विवर्त्त डेलानान व्यर्थाए मात्रिक ও मिथा। , यिज्ञल डेल्डान विना व्यर्थाए ভোজবাজীর বারা এক বস্তুকে অন্য বস্তু বলিয়া প্রতীতি জন্মে; তজ্ঞপ পরমেশ্বরীয় মায়া কর্তৃক এই জগৎ উৎপত্তি হইয়া চৈতন্য বস্তুতে জড়ের আরোপ হওয়াতে তাহা বস্তুরূপে প্রতীতি হইতেছে। ফলত: যাহারা ইক্রজাল বিদ্যা না জানেন তাঁহারা তাহার কৌশল বুঝিতে না পারিয়া আশ্চর্য্য বোধ করেন; আর যাহারা ঐ বিদ্যা জানেন তাহারা মিখ্যা বলিয়া স্থির করিয়া থাকেন; তদ্ধপ অজ্ঞানীরা এই জগতের দৃশ্য জড় বস্তু সকল দত্য বলিয়া বিখাস করেন; জ্ঞানীরা ইহা মিথ্যা ও আরোপিত বলিয়া জানেন। ফলতঃ ইহা দীর্ঘস্থপ্রং প্রতীয়মান মাত্র বস্তুত কিছুই নহে। ইহা বস্তবিচার ঘারা দিদ্ধান্ত করিবার জন্য বাধ সামানাধিকরণ্যের ব্যাখ্যা করা হইরাছে; অর্থাৎ এই জগতে ত্রন্ধ ভিন্ন অন্য কোন বস্তু নাই; ভ্রম প্রযুক্ত ব্যবহারে যাহা দেখা যায়, তাহা কিছুই নহে কেবল এই জগৎ ত্রহ্মময় যেহেতু শক্তিমান চৈতন্য নিত্য পদার্থ তিনি কারণরূপে মুখ্যগুণ গুণ পদার্থে; এবং ঐ গুণ ভৌতিক জড়পদার্থে দ্রব্যরূপে পরিণত হইয়াছে। এতাবতার সমুদার পদার্থেই কারণরূপে বস্তুর সর্কাবরবে শক্তিমচৈতন্য আছেন; তাহা অবশুই সিদ্ধান্ত করা যাইতে পারে। পূর্ব্বে সিদ্ধান্ত করা হইরাছে যে পঞ্ভূত রূপ জড়ের স্বীবয়বে যে শ্লাদিণ্ডণ আছে তাহাতে

ঐ জড় কেবল গুণময় পদার্থ মাত্র\*। তদ্রপ গুণের সর্বাবয়বে শক্তিম-চৈত্ত আছেন তাহাতে সমুদায় বস্তুই শক্তিমচৈত্য : তদ্বাতীত আর কিছুই নহে। তবে শক্তি অব্যক্ত এবং অব্যক্ত শক্তিমচৈতন্য অর্থাৎ কেবল শুদ্ধ চৈতন্য মাত্র পদার্থই সিদ্ধান্ত হয়। 'সত্তব সমুদায় বস্তু আর কিছুই নহে, তাহা কেবল অব্যক্ত শক্তিগলৈতত্ত্ব-ময় অর্থাৎ ব্রহ্মম মাত্র। এইরূপ জ্ঞানকেই অপরোক্ষ ব্রহ্মজ্ঞান বলা যায়। এই বিষয় সৃষ্টি ও প্রলয় এবং পদার্থ বিচার প্রকরণে অধিক ব্যক্ত আছে, তদুষ্টে জানা যাইতে পারিরেক, এই জ্ঞানকে উপলব্ধি করিতে হইবে প্রথমতঃ স্বীয় দেহস্থিত আত্মার অমুসন্ধান করিতে হয় নতুবা জানা যায় না; এই বিষয় জানিবার জন্ম বেদের চারিটা মহামন্ত্র দারা আত্মার স্বরূপের প্রত্যক্ষ হইতে পারে। । এই মন্ত্রের সারার্থ গুরু শিষ্যকে উপদেশ দেওয়াতে শিষ্যের ত্রহ্মজ্ঞান হইয়াছিল। প্রথমতঃ গুরু বলেন যে, প্রজ্ঞান আনন যে জীব তিনিই বন্ধ। অর্থাৎ শরীরত্ত জীবাত্মাই বন্ধ। শিষ্য বলিলেন জীব কি ? গুরু বলিলেন এই আআই জীব এবং আআই ব্রহ্ম। তাহাতে শিষ্য আত্ম। কি অর্থাৎ শরীরের মধ্যে আত্মা কোন পদার্থ তাহা বুঝিতে না পারায় ব্রহ্ম কি তাহা নির্ণয় করিতে পারিলেন না। পরে গুরু বলিলেন যে, তুমিই আয়াও তুমিই ব্রন্ধ। এই তুমি শব্দের প্রতিপাদ্য যে বস্তু তাহাই ব্রহ্ম। তাহাতে শিষ্য বিবেচনা করিলেন যে, তবে আমিই ব্রহ্ম। কেননা আমি সুলদেহ নহি, এবং দেহস্থিত গুণ পদার্থও নহি আমিই দেই চৈত্ত অর্থাং দেহের মধ্যে আমি বে জ্ঞান পদার্থ তাহাই ব্ৰহ্ম; এবং ঐ জ্ঞানকে আশ্ৰয় করিয়া মন বুদ্ধি ও ইন্দ্রিগণ স্ব স্ব কার্য্য क्तिटिह। किन्न छान दिन कार्या करतन ना अथि मूल कर्छा; त्यमन अमीरा वालारक रनारक कर्य कित्रमा थारक जारात मृन कर्छ। अमील किंदु कार्रात्र कर्छा अमीन नर्द ; किनना अमोन वाजीक कार्या इय

<sup>\*</sup> এই গ্রন্থের প্রথম ভাগের চতুর্থ অধ্যায় দৃষ্ট কর।

<sup>†</sup> প্रज्ञानमानम उक्त। श्राकर्तन। अर्थ। जीवहे उक्त।

অরমায়ারকা। যজু/ " আয়াই রকা।

তক্ষসি। সাম। "তুমিই ব্ৰহ্ম।

व्यशः उक्ति। • व्यर्थ • " वािमरे उक्त।

না অথচ প্রদীপ নিজে কিছু করেন না। তদ্ধপ জ্ঞানময় সামি নিজে করি না, আমাকে অর্থাৎ জ্ঞানকে আশ্রয় কবিয়া মন বুদ্ধি প্রভৃতিরা কার্য্য করি-তেছেন; স্থুতরাং আমি কার্য্যের কর্তা নহি; আমি মূলকর্ত্তা অথচ কার্য্য বিষয়ে অকর্তা। তবে আমি অজ্ঞান অবস্থায় যে আমাকে আমি ভাবিয়া-ছিলাম সে আমি প্রকৃত আমি নহি; সে আমি মিথাা কেবল কাল্পনিক আমি; ও তাহাতে আমি যে কার্য্যের কর্ত্তা বলিয়া ভান করিয়াছি এবং স্থুখ ত্বঃথ ও পাপ পুণ্যাদি অনুভব করিয়াছি তাহাও মিথ্য।; বাস্তবিক আমি স্থী নহি ও জুঃখী নহি ও পাপপুণাে লিপ্ত নহি নেরপ পদ্পত্রস্তিত জল ঐ পত্রে লিপ্ত হয় না। আমিও তদ্রপ অলিপ্ত; অত এব আনিই ব্রহ্ম; ঐ ব্ৰহ্মই অথণ্ড সচ্চিদানল তাঁহা হইতে এই মান্ত্ৰিক জগতের উৎপত্তি ও বিনাশ ছইতেছে। আমিই সর্বাল ব্যাপী আমা ভিন্ন আর কিচুই নাই। এইবল জ্ঞানের দারা শিষোর অপবোক তক্ষজান হইয়াছিল। যদি বল বে, দেহ-স্থিত আত্মাকে জানিয়া যে, আমি অথও সচিচ্ নেল সর্কাব্যাপী ব্রহ্ম বলিয়া শিষ্যের জ্ঞান হইয়াছিল ইহা কিকপে সম্ভব হইতে পাবে ? তাহাতে বক্তব্য এই যে, বস্তুব এক দেশ নির্দিষ্ট হইলেই তাহার স্বরূপ জানা যাইতে পারে। रयमन तुरु कलमत अनार्थ ममूज, ठारात এक रमन रमियल काना यात्र रय, সমুদ্রের সর্ব্বতই কেবল জলময় মাত্র তাহার সর্লস্থান না দেখিলেও সমুদ্র দেখা সতা হয়, তজ্ঞপ অপণ্ড ব্রহ্ম চৈতন্যের একদেশ অর্থাৎ দেহস্থিত আখার প্রতাক হইলেই সমুদার প্রতাক হয়। যেরূপ মহাকাশ ও ঘটাকাশ একবস্তু কেবল উপাধিভেদে বিভিন্ন নাম মাত্র। ফলিতার্থে ঐ ঘট ভগ্ন ছইলে উভন্ন আকাশই এক আকাশ বলিয়া দিদ্ধান্ত হয়। তত্ৰপ দেহস্থিত আত্মা অর্থাৎ জ্ঞান, অজ্ঞানে আবৃত ধাকায় জন্ত সকল ভ্রান্ত হইয়া থাকে। তাহাতে ঐ অজ্ঞানরপ ঘটের বিনাশ হইলে একই অথও চৈতন্য ভিল্ল আব কিছুই হইতে পারে না অতএব দেহস্থিত আত্মার দারা আত্মাকে প্রতাক্ষ করিতে পারিলেই আমি যে সর্বব্যাপী আত্মা তাহা নিশ্চয় দিদ্ধান্ত হইতে পারে। অতএব যেমন মধুর মাধুর্যা গ্রহণ করিতে হইলে অন্য নিষ্টদ্রব্যের প্রয়েজন হর না; ও দীপ দর্শন করিতে হইলে দীপান্তরের প্রয়োজন থাকে না; তজ্ঞপ নির্মাণ মনের দারা আত্মাকে প্রত্যক্ষ করা যাইতে পারে; \*
অন্য বস্তব প্রয়োজন থাকে না মনঃপ্রান্ন অর্থাৎ নির্মাণ হইলেই ঐ মনঃ
আত্মাকারাকারিত হইয়া যায়। অর্থাৎ মনের মল কেবল নানাপ্রকার
বাসনাকে বলা যায়; যদি বিবেকের দারা ঐ বাসনা রহিত হয়; তবে
স্থতরাং মনঃ আত্মাতে লয় হইয়া কেবল আত্মা মাত্র অবশিষ্ট থাকে।
তাহাতে ব্রক্ষজান লাভ হয়। ঐ মন কি প্রকারে নির্মাণ হইয়া ব্রক্ষজান
লাভ হয় তাহার উপায় কি তদ্বিয় বিবেচনা করা য়াউক।

### তৃতীয় অধ্যায়।

#### ত্রক্ষজ্ঞানের উপায় নির্ণয়।

ভগবতীগীতায় আছে যে, যাগযজ্ঞাদি ধর্ম কর্ম ধারা ভক্তি জনায়; এবং ভক্তিতেই ব্রক্ষজান জন্ম ঐ জ্ঞানের ধারা মুক্তি লাভ হয়। কেহ কেহ বলেন যে, বেদান্ত প্রভৃতি শাস্ত্র বিচার ধারা ব্রক্ষজ্ঞান জন্ম ; উপাসনা ধারা জ্ঞান জন্ম না; ইহা সত্য বটে যে, জ্ঞানশাস্ত্র আলোচনার ধারা ব্রক্ষজ্ঞান হইতে পারে; কিন্তু কেবল শাস্ত্র আলোচনা করিলে ব্রক্ষ সাক্ষাৎকার হইতে পারে না; এবং ঐ জ্ঞান ধারণাও হয় না, তবে কর্ম ধারা চিত্ত দ্ধি হইলে গুরুর নিকট শাস্ত্র উপদেশ প্রাপ্ত হয় না, তবে কর্ম ধারা চিত্ত দ্ধি হইলে গুরুর নিকট শাস্ত্র উপদেশ প্রাপ্ত হয় না, তবে কর্ম ধারা চিত্ত দ্ধি বাতীত ব্রক্ষজ্ঞান ধারণা হয় না। তবে যদি কাহার শাস্ত্রে আলোচনার ধারা ঐ জ্ঞান হয়, তাহার পূর্বজন্মের কর্ম্মের ফল বাতীত আর কিছু বলা যায় না। অর্থাৎ পূর্বজন্মে কর্ম্ম করিয়া চিত্ত শুদ্ধি লাভ করিয়াছিল; ইতিমধ্যে দেহতাগা হওয়ায়, ঐ পূর্বকর্ম প্রারন্ধ স্বরূপ হইয়া আছে; কেবল বেদান্তাদি শাস্ত্র বিচার করতঃ বস্তুর স্বরূপ অবগত হইলে বৃক্ষজ্ঞান প্রাপ্ত ও ধারণা করিয়া মৃক্তি লাভ করেয়া মৃক্তি লাভ করেয়া ফল

মনুসংহিতা ১ম অধ্যায়ের ৭ম লোক ও তাহার টিপ্পনী দৃষ্ট কর।

<sup>†</sup> ভগল্পীতায় আছে যে, বহু জন্মান্তে জ্ঞানবান্ হইয়া ঈশ্বনকে প্রাপ্ত হয়। এবং বোগ ভুষ্ট হইলে যোগীর গ্রহে জন্ম গ্রহণ করতঃ পূর্ব যোগ প্রাপ্ত হয়।

লাভ করিতে পারে না। যদি উপাসনা ও শাস্ত্র আলোচনা উভয় কার্য্য করিতে পারে তবে অতি শীঘ্র ফল প্রাপ্তি হয়। যেমন স্রোতাভিমুথে নৌকা চালনের সময় যদি বাহকেরা নৌকাদণ্ড দ্বারা বাহন কার্য্য কবে, তবে অতি শীঘ্র অক্ট্রিমত স্থানে যাওয়া যায়; এবং স্থবাতাসে পাইল উঠাইয়া দিতে পারিলে আবও শীঘ্র যাইতে পারে; তদ্ধপ গুরুর উপদেশ ও শাস্ত্রে আলো-চনা এবং উপাসনার দারা অতি শীঘ্র বৃদ্ধজ্ঞান লাভ করিতে পারে। নতুবা ঞ্ল স্থোতের বিপরীত দিগে গমনের স্থায় বহু কটে কেবল বাহক কার্য্যের দ্বারা বিল:ম অভিমত স্থানে যাওয়ার ক্যায়, উপাদনা ব্যতীত কেবল শাস্ত্র আলোচনা দারা ব্রশ্বজ্ঞান লাভের চেষ্টা করা হইতে পারে \*। অতএব কর্ম দারা চিত্ত শুদ্ধি লাভ করতঃ শাস্ত্র আলোচনা দারা জ্ঞান প্রাপ্তি হইবার বিষয় যাহা বেদাস্তসার প্রভৃতি গ্রন্থে বিস্তারিত রূপে শিথিত হইয়াছে ভাহাই শাত্র, এবং যুক্তি সিদ্ধ বটে; তবে জ্ঞান লাভ হইলে আর কম্ম করি-ৰার প্রয়োজন থাকে না। যেমন নদী পার পমন করিবার জন্ত নৌকার প্রয়োজন হয়: কিন্তু পার হইলে তীরে আর নৌকা চালনের প্রয়োজন থাকে না; তব্দপ ব্ৰশ্বজ্ঞান লাভ হইয়া জীবনুক্ততা প্ৰাপ্ত হইলে আর কর্ম্মের প্রােজন থাকে না; তাহার কর্মতাাগ হইয়া বিশ্রাম স্থুখ লাভ হয়। বে পর্যন্ত ব্রহ্ম সাক্ষাৎকার হইয়া ঐ জ্ঞান ধারণা না হর, সে পর্যান্ত কর্ম করা আবভাক। ফলত: কর্মের স্থাব। কর্মকে বিনষ্ট করা কর্ত্বা। যেমন চরণে কটক বিদ্ধ হইলে কটক দারা তাহা বাহির করিয়া নিরাময় হইতে পারে: ভজ্জপ কর্ম্মের দারা সংসারে আবদ্ধ জীব আবার কর্ম্মের দারা মুক্তি লাভ করিতে পারেন। কিন্তু কর্মের কৌশল জ্ঞাত হইয়া কর্মা করা আবশুক: কেননা যে কৰ্ম্ম-দারা জীব বন্ধ হইয়া সংসার যাতনা ভ্যোগ করিতে খাকে ভাহা পরিত্যাগ পূর্ব্বক যে কর্ম্মের ঘারা মুক্তি লাভ হয় তাহাই করা কর্ত্ব্য। कर्य हुत श्रकात : यथा निहा, निधिष्ठिक, कामा, निधिष्क, निधिष्ठिक-निहा. নৈমিত্তিক-কামা। নিতাকর্মা, বৈদিকী ও তান্ত্রিকী সন্ধা এবং পঞ্চযুক্ত

কেবল শাস্ত্রালোচনা ধারা বে জ্ঞান হয় তাহা ভক্তিও উপামনা ভিন্ন পরে থাকে না,
 বেমন বপ খননে প্রথম চোয়া জল উঠে পরে শুখাইখা বায় যদি উন্নই উঠাইতে পারে ভবে
 ছার্কয় হয় না তদ্ধপ ভক্তি-বৃত্ত-জ্ঞানের ক্ষয় নাই।

অর্থাৎ বেদমন্ত্র পাঠ, হোম, অতিথি-সেবা, তর্পণ, নিত্যশ্রাদ্ধ, বলিবশ্র, ও শিব, বিষ্ণু, গণেশ, সূৰ্য্য ও শক্তি দেবী; এবং ইষ্টদেবতা পূজা ইত্যাদি যাহা প্রভাহ করিবার বিধি আছে ভাহা। নৈমিত্তিক কর্ম্ম; প্রায়শ্চিত্ত অর্থাৎ চাল্রায়ণ ব্রতাদি ও তীর্থ স্থান, নাম সংকীর্ত্তনাদি পাপক্ষয় নিমিত্তক, কর্ম্ম, ও দেবতা প্রতিষ্ঠা, মঠ এবং বৃক্ষ ও পুষ্করিণ্যাদি প্রতিষ্ঠা, পীড়া জন্ম স্বস্তা-য়নাদি, গ্রহণ জন্ম প্রান্ধ ও পুরশ্চরণ প্রভৃতি নিমিত্ত জন্ম যে, স্কল কার্য্য করা যায় তাহা। কাম্য কর্ম স্বর্গাদি কামনা পূর্বক যাগ যজ্ঞ ব্রত নিয়মাদি যাহা করা যায় তাহা। নিষিদ্ধ কর্ম ব্রহ্মহত্যা প্রভৃতি হত্যা ও অবৈধ হিংসা, এবং অসত্য কথন ও চৌর্য্য পাবদারিক প্রভৃতি শাস্ত নিষিদ্ধ কর্ম সকল। নৈমিতিক নিতা পিতৃ শাদ্ধ ও পুত্রেষ্টি যাগ ও পুত্র কন্তার বিবা-হাদি সংস্কার, এবং একাদশুসপবাসাদি, এবং চুর্গোৎসব প্রভৃতি তিথি বিশেষে অথবা ঘটনা বিশেষে যে কর্মের আবশুক শাস্ত্রে বিধি বন্ধ হইয়াছে তাহা\*। নৈমিত্তিক কাম্য, রিপুজয় প্রভৃতি অভিষ্ট সিদ্ধি কামনায় মারণ উচাটন বণীকরণ স্তম্ভন মোহন আকর্ষণ প্রস্তি যাহা কামনা প্রস্ত্রক করা যায় তাহা। ইহার মধ্যে কাম্য ও নিবিদ্ধ ও নৈমিত্তিক কাম্য কর্ম্মণকল বদ্ধজ্পনক বিধায় তাহা পরিত্যাগ পূর্বক স্বর্ণাশ্রমান্ত্রাবে নিতা; নৈমিত্তক, এবং নৈনিত্তিক নিত্য, কর্ম সকল চিত্ত গুদ্ধিব নিনিত্ত স্থাবস্থাক, তাহাতে স্বর্গাদি ফল কামনা কবা কর্ত্তবা নহে। যদিচ কামনা বাতীত কোন কর্মই হইতে পারে না, কিন্তু শান্তে মীমাংসিত হটগাছে বে, ঈশ্বরের প্রীতি কামনা করিয়া কর্মা क्तिरा ांश विद्युक्त इंग्र ना उ थे नकन कर्य नेश्वरत व्यर्भन क्रियल मुक्ति কালে তাহার ফল ভোগ করিতে হয় না। যদি কোন প্রতিবন্ধকতা বশতঃ মুক্তি লাভ না হয় তবে ঐ কর্মের টংকুট ফল সকল ঈশ্বর কর্তৃক প্রদত্ত হইয়া ভোগ হয়; তনন্তর জন্মগ্রহণ করতঃ উত্তম প্রবৃত্তি হইতে থাকে এবং পীড়ার উপশম জন্ম স্বস্তায়নাদি কর্ম ও পাপক্ষর জন্ম প্রায়শ্চিত ও তৎ ফলে পর্যাপ্ত হয়; তাহা বদ্ধকর হয় না। পিতৃ শ্রাদ্ধ প্রভৃতি কর্ম্ম, পিতৃ লোকের তৃপ্তি দাধন হয়; তাহা বদ্ধকর নহে। কেবল স্বর্গাদি কামনা পরতন্ত্র

কারণ করে একাদশীন উপবাস নিত্য অলজ্বনীয়। কারণ ইহা ব্রহ্মচর্ব্যের অন্তর্গত
 প্রধান রূপে ঈয়রেয় উপাদনা এই তিথির মাহায়্য়া শাল্তে নির্দিষ্ট ইইয়াছে।

ছট্যা যে কর্মা কর। যায় তাহাও নিষিদ্ধ কর্মা সকল বদ্ধকর হয় ইহাই শাস্ত্র-কাবেরা মীমাংদা করিয়াছেন। অত এব চিত্ত গুদ্ধিব জ্বন্থ নিতা ও নৈমি-ত্তিক এবং নৈমিত্তিক নিতা কর্মা করা আবশ্রুক। ও ঈশ্বরের ভক্তি হইবার নিমিত্ত ১ সত্ত্বণ প্রক্ষের সাকার মূর্ত্তি অর্থাৎ শক্তি ও শিব ও বিষ্ণু এবং সূর্য্য ও গণেশ ইহাদিগের কোন এক সুল মৃত্তির উপাসন। করা বিধেয়। ঐ উপাসনা এই রূপে করিতে হয় যে, প্রথমতঃ গুরুদেবের নিকট ঐ ঐ দেবতার মন্ত্র গ্রহণ\* করতঃ নিতা সন্ধ্যা ও ইষ্টদেবতার নিতা পূজার অতিরিক্ত ঐ ইষ্ট দেবতার উপাদনা অর্থাৎ তাহাতে চিত্ত অর্পণ ও তদাত প্রাণ ও তলাম সংকীর্ত্তন ও প্রবণ ও তদগুণ গান করণ ও প্রবণ ও কথন ও মনন ও মন্ত্র অথবা নাম জপ এবং রূপ চিস্তা । এবং ঐ দেবতার স্ক্র রূপ জানিবার জন্ম পুবাণাদি অধ্যাত্ম শাস্ত্র শ্রবণ ও অধ্যয়ন ইত্যাদির দারা ভক্তি লাভ হয়। এই রূপ ভক্তি যোগ দারা চিত্তের একাগ্রতা লাভ হইলে তদনস্তর ব্রহ্মজ্ঞান প্রাপ্তি হইবাব সম্ভব আছে। যদি বল বে, বাসনাত্মক মন তাহার বাসনা ক্ষয় না হইলে চিত্তের একাগ্রতা হইতে পারে না; কারণ বাসনা হইতে ক্ষ-সূত্র উদ্ভব হয় তদ্বারা আগামীও সঞ্চিত কর্ম সকল হইতে etco । এবং ঐ কর্মের দারা যে প্রারন্ধ জন্মায় তাহাও ভোগ বাতীত ক্ষয় হয় না তবে কি প্রকারে চিত্তের একাগ্রতা লাভ হইতে পারে? তাহাতে বক্তবা এই বে, দৃচ প্রারন্ধ কম ভোগ হইতে থাকুক কিন্তু প্রায়শ্চিতের দারা সঞ্জিত পাপক্ষয় করা যায়; এবং নিত্য নৈমিত্তিক আদি কর্মান্বারা কর্ত্তব্য কর্মের ক্রাট জন্য যে পাপ হইতে পারিত তাহা নিবারণ এবং আফুসাঙ্গিক পুণ হয় এবং তং পুণা ও সঞ্চিত পুণা কর্ম্মের বিনিময়ে ঈশ্বরে ভক্তি জনাইতে থাকে; কেননা তাহার ফ নাকাজফান! হওয়ায় স্থতরাং ঐ কর্ম বিনিময় ষ্পরূপ হইরা ঈশরে ভক্তি হইতে পারে। তদনস্তর বিবেক বৈরাগ্য ও ক্ষমা ধৈষ্য পরিচালন পূক্ষক ঈশবের উপাদনা করিলে ঈশবে দৃঢ় ভক্তি জনাইয়া

<sup>\*</sup> অর্থাৎ কল গুরুর নিকট কুলদেবতার মন্ত্র গ্রহণ। কিন্তু মূর্থ ও পতিতের নিকট মন্ত্র গ্রহণ করা কর্ত্ব্য নতে।

<sup>†</sup> ভাগবতে, এবণ, কার্ত্তন, স্মরণ, পদ সেবন, অর্চ্চন, বন্দন, দাস্ত, সথা, আব্দ্র সমর্পণ,। ইহার মূল, পাস্ত, দাস্ত, সথা, বাৎসলা, মধুর, একাদণীতত ধৃত। রোদন, হসন, নৃত্য, ধুলিফুক্ষণাদি উন্মত প্রায়।

মনের একাগ্রতা ও ভাবি অনিষ্ট জনক বিষয় বাসনা রহিত হইয়া ক্রমণঃ জ্ঞান লাভ হইতে পারে\*। যদি স্বয়ং বিবেক বৈরাগ্য পরিচালনে অসমর্থ ছয় তবে সাধু সঙ্গে শিক্ষা প্রাপ্ত হইতে পারে। কি প্রকারে বিবেক বৈরা-পাাদি পরিচালন করিতে হয় তাহা এই যে, চঞ্চল মনঃ যে যে স্থানে যাউক ভাহাকে ফিরাইয়া আনিয়া ঈশ্বরে অর্পন করা হইলে মন স্থির হয়। তাৎপর্য্য **এই यে, वामनाश्रक मनरक रकान এकी वामनाश्रक कार्या नियुक्त क**िवल সে অবশ্রই স্থির হইতে পারে; স্কুতরাং মনঃ যদি মুক্তি লাভের বাসনায় ঈশ্বরের উপাসনায় নিযুক্ত থাকে তবে অন্য বাসনা রহিত হইয়া ক্রমে ক্রমে স্থাত্তির হয়। কিন্তু ইহার প্রতিবন্ধককারী ইন্দ্রিগণ ও ষড় রিপু; তজ্জন্য বিবেকাদি ধারা মনকে স্থাশিক্ষিত করিয়া ইন্দ্রিয় ও রিপুগণকে দমন, অর্থাৎ স্বৰশে আনিতে হয়। যেরপ স্থানিকিত সার্থি অখরশ্মি ধারণ করিয়া অশিক্ষিত অশ্বগণকে কশাঘাত পূর্বকি আপনার রথকে অভিমত স্থানে লইয়া ষাইতে পারে; এবং অশিক্ষিত সার্থি স্কুচারু রূপে অধ্বগণকে চালাইতে পারে না; বরং সময় সময় গর্ত্তে পতিত হইয়া কট পায়। তজ্ঞপ স্থাশিকিত মনঃ ইক্রিয় ও রিপুরূপ অথগণকে বিবেক রজ্জ্ র ছার। বন্ধ করিয়া বৈবাগ্য ক্ষমা ও ধৈর্যা রূপ কশাঘাত করতঃ দেহ রূপ রথ চালনা করিতে থাকিলে অভিমত স্থানে যাইতে পারে; অর্থাৎ মনের একাগ্রতা লাভ করিতে পারে। নত্বা মনঃ অশিক্ষিত হইলে ইন্দ্রিয় ও রিপুগণ সর্বদা কুপথে লইয়। যাইতে থাকার সময়ে সময়ে নোহগর্তে নিপতিত করে। বিবেক বৈরাগ্য ও ক্ষমা বৈর্ব্য অবলম্বনে ইক্রিয় এবং রিপুগণকে স্ববশে অনিবার প্রাণালী এই যে. চকুর স্বভাব দর্শন কবা তাহাতে পরস্ত্রী দর্শনে কাম রিপুর উদ্রেক হইর। বিকার উপস্থিত হইলে বিবেকের দারা এই রূপ মামাংসা কবিতে হয় যে, এই কার্য্য অতিশয় মল; কেননা পরস্ত্রী গমন পাপ কার্য্য এবং দৈতিক कारें के बात्रण इंडेरवक। ७ देवताना श्रीतिनात्म धडे जाश निर्वय इय त्य. ঐ স্ত্রী অতি ঘূণিত বস্তু তৎক্রমে আক্রমণ করা কর্ত্বর নহে গৈর্যা হওয়াই উচিত; ইহার দারা চকু এবং উপস্থ ইন্দ্রির এবং কাম রিপুর দমন হুইতে

বিবেক, ভাল মন্দ বিচার, বৈরাগ্য, সংসারে ঘূণা, ক্ষমা, অপকার্নার অপকার করিতে
সক্ষম থাকিয়াও তাথা না করা, থৈয়া, ক্রোণাদি রিপু বেগ দাম্য করা।

भारत । जल्म कर्त्यत दाता भन्न निक्ना निक्न निक्ना ७ क्रेचरत्नत निक्ना विदे গুরু নিন্দা ও কটুবাকা শ্রবণে জ্রোধ, রিপুর উদ্রেক হইলে বিবেক দারা নির্ণয় হয় যে, ক্রোধ অতিশয় অপকাবী; এবং বৈরাগ্য দ্বারা নির্ণয় হয় যে, নিন্দাত্তে শরীরের কিছু ক্ষতি নাই অতএব নিন্দুক্কে ক্ষমা করিয়া ধৈর্ঘ্যা-বলম্বন পূর্ব্বক স্থানান্তবে গমন করাই উচিত; তাহাতে প্রবণেক্রিয় এবং ক্রোধরিপুর শান্তি হইতে পারে। এইরূপ হস্ত দ্বারা প্রধন গ্রহণ ও হিংসাদি এবং রসনার দারা অভক্ষা ভক্ষণ ও অপেয় পান না করিলে হস্ত এবং রস-নেক্রিয় ও লোভ রিপুর দমন হইতে পারে। চরণের দ্বারা গুরুতর ব্যক্তিকে ও দেবতার প্রতিমূর্ত্তি প্রভৃতিতে আঘাত না করায় পাদেক্রিয় দমন চইতে পাবে; বিশেষতঃ পাণকার্য্যে অথবা পাপস্থানে গমন না করিয়া ক্ষান্ত इटें ए अंकिटन क्यांथीन भाभविष्ट विश्व इटेंट आकाम भारतिसम् अ মোহরিপুর দমন হটয়। যায়। যাহাতে কামের উদ্রেক বৃদ্ধি হয় এ রূপ অবৈধ দ্রব্যাদি অঙ্গে লেপন না করিলে ত্রনিন্দ্রিয়কে বশীভূত করা যায়। দেবস্থান ও যাগ স্থান এবং সভাস্থান ও অন্যান্য প্রকার পরিত্র স্থানে মল মুত্র ও অধোবায় নিঃসরণ না করিলে পাধিক্রিয় অর্থাৎ গুহু ইক্রিয় দমন হয়। এবং পরস্ত্রীর সহিত কামভাবে আলাপ না কবিলে কামবেগ উদ্রেক হইতে পারে না; তাহাতে উপস্থেক্তির দমন ও তদারা মদরিপু বাহাতে মত্ততা জ্বন্মে সেই রিপুর শান্তি হয়। এবং ধন অথবা বিদ্যা হইলে তাহাতে গৰ্কিত হইয়া কটুবাকা ও মিথ্যাবাকা এবং গৰ্কবৃক্ত ৰাকা না বলিলে বাগিক্রিয় এবং মাৎসর্যা রিপুর দমন হয়। তুর্গন্ধি দ্রব্য অথবা পরস্তীর গাত্রের পবিমল আত্রাণ না হইলে ভাণেক্রিয়ের দমন হয়। যদি সহকে উপরি উক্ত কার্য্য পরিচালন না করিতে পারে, তবে ইন্দ্রিয়গণকে কার্যা। স্তবে ও স্থানাস্তবে নিযুক্ত করিতে হয়; অর্থাৎ স্বস্ত্রী দর্শন পরগুণ প্রবণ দান ও সাত্তিক বস্ত আহার সংপথে ও সংকার্য্য করণার্থে ভ্রমণ মল মৃত্র বায় প্রভৃতি ষথা স্থানে ত্যাগ এবং মৃত্তিকা ও জলের দারা শুচি ও স্বদারে নিরত থাকা এবং সুগন্ধি অথচ দোষ শূন্য বস্তুর আঘাণ লওয়া এই সকল কর্মের দ্বারা ঐ ঐ ইন্দ্রিগণকে বশীভূত করা যায় ৮ . ও স্বদারে কাম এবং ক্রোধের প্রত্তি ক্রোধ, স্বীয় দ্রবো ন্যায়্য রূপে লোভ, পাপু রিষয়ে মোহ

অর্থাৎ ভ্রম, ইষ্টদেবতার চরণ স্থবণে মন্ততা, এবং ঈশ্বর আছেন এই বিষয়ে গর্ব প্রকাশের দারা ঐ ঐ রিপুগণকে হুয় করা যায়; ইহাতে ইন্দ্রিয় ও রিপুগণকে বশীভূত করা যাইতে পারে। ইহা যেরূপ পরকালের উপকারী; তদ্ধপ ব্যবহার বিষয়েও উপকারী তাহার সন্দেহ নাই। পরস্ত জ্ঞান লাজের জন্য ঈশ্বরের উপাদনার দ্বারা ইক্রিয়গণকে পবিত্র ও বশীভূত কবিবাব বিশেষ একটা উপায় আছে; যথা দেবমূর্ত্তি দর্শনের ঘারা চক্ষ্, নাম জপ ঘাবা জিহ্বা, পূজার দ্বারা হস্ত, পুরাণাদি ও ঈশ্বরের নাম ও গুণামুর্বাদ শ্রবণের দাবা কর্ণ, তীর্থরজঃ এবং প্রসাদী চন্দন ও গঙ্গামৃত্তিকাদি লেপন দারা ছগিলিব এবং নাম সংকীর্ত্তনের দারা বাগিল্রিয়, নির্ম্মালা পুস্পাদির আত্রাণ লওয়ার দার। ভাণেক্রিয়, দেবতা প্রদক্ষিণ ও তীর্থ ভ্রমণের দারা পাদেক্রিয়, এবং মল মূত্রাদি যথা স্থানে ত্যাগানন্তব জল মৃত্তিকাদির দ্বারা শুচি হইয়া উপা-সনাদি-করণ-দারা অপানেক্সিয় দয়কে পবিত্র ও বশীভূত করা যায়; স্তরাং এই সকল কর্মে নিযুক্ত থাকিয়া সর্বাদাই বিবেক বৈরাগ্য ও ক্ষমা ধৈর্য্য পরিচালন করিলে মনের একাগ্রতা লাভ হইতে পারে। যে ব্যক্তি এই রূপ আচরণ কবেন তিনিই সাধু; এবং সাধুব নিকট উপদেশ গ্রহণ ও তাহার আচরণ দর্শন করিয়া শিক্ষা প্রাপ্ত হইলে সে ব্যক্তিও সাধু হয়েন। অতএব এই কার্যাকেই শম দম সাধন বলা যায়। ইহার দ্বারা অথবা তন্ত্র শাস্ত্রোক্ত কুলকুণ্ডলিনী সাধনের দারা মনের একাগ্রতা লাভ হঠলে, পশ্চাৎ নিত্য নিত্য বস্তু বিবেক অর্থাৎ ব্রহ্মই নিতা বস্তু; এবং ভদ্তির সকলই অনিতা এই রণ বিচার করিয়া মুমুক্ অর্থাৎ মুক্তি ইচ্চ্ক ব্যক্তি এক্সজ্ঞান প্রাপি হইয়া मर्सना निकन्नक मगिंध दात्रा थे छान थात्रना कतिएक शास्त्रन। यनि তাহাতে জ্ঞান ধারণা না হয় তবে তিতিক্ষা অর্থাৎ শীতোফাদি সহ্য করিবার নিমিত্ত বানপ্রস্থোপযুক্ত পঞ্চপা ও জলতত প্রভৃতি কার্য্য শিক্ষা করিয়া **অবিরত ঈশ্বর চিস্তায় রত থাকিলে ত্রশ্বজ্ঞান ধারণা হয়। ফলতঃ গুহাশ্রমে** থাকিয়া বেদান্ত ও পুরাণাদি শ্রবণ ও ঈশর বিষয়ক মনন এবং অন্তঃকরণে ব্রহ্মজ্ঞানের প্রবাহ রূপ নিদিধ্যাদন দারা স্বিকল্পক স্মাধিতে ব্রহ্ম সাক্ষাং-কার লাভ করিতে পারে তাহাই অগ্রে চেষ্টা করা কর্ত্তব্য। যদি গৃহস্থা-

শ্রমে থাকিয়া ঐ কার্য্য ঘটনা না হয় তবে মুক্তি ইচ্ছ্ক ব্যক্তি বানপ্রস্থ ধর্ম অবলম্বন পূর্বক তপভারে দারা শ্বীরকে বণীভূত করিয়া ঐ আশ্রম অথবা গৃহস্থ আশ্রম হইতে বিধি পূর্বাক নিত্য নৈমিত্তিকাদি কর্ম ত্যাগানম্ভর দণ্ড প্রাচণ করিয়া উপরতি অর্থাৎ সন্ন্যান† আশ্রম অবলম্বন করিবেক; তাহাতে শ্রবণ মনন নিধিধ্যাদন ও দ্যাধি দ্বারা ব্রহ্ম দাক্ষাংকার লভে হইয়া পাকে ! শ্রবণ অর্থাৎ বেশান্ত বাক্যের দারা ব্রহ্ম বিষয়ক শ্রবণ; মনন অর্থাৎ অহৈ চ ব্ৰহ্মচিস্তা; ও নিদিধাাদন অগাৎ ঐ চিন্তাব প্ৰবাহ। সমাধি ছুই প্ৰকাৰ সবিকলক ও নির্বিকলক; সবিকলক অর্থাৎ জ্ঞান, ব্রহ্ম, জ্ঞাতা, জীব, জ্ঞের জড়াদি বস্তু দকল, এই ত্রিপুটা মর্গাৎ ভেদ-জ্ঞান থাকা সত্ত্বে আদিতীর অণও চৈত্য বন্ধ বস্তুতে চিত্ত বৃত্তিব অবস্থান। নির্বিকল্পক সমাধি অর্থাৎ জ্ঞান, জ্ঞাতা, ক্ষেম, এই ত্রিপ্টীব লম করণ দারা আত্মাকারা করিত জ্ঞান অর্থাৎ ব্রহ্ম ভিন্ন অন্ত কোন বস্তুব জ্ঞান নাথাকে। বাহুজ্ঞান রহিত হইয়া যায়; এই প্রকাব সাধনা দাবা চিত্তের রাভ নিরোধ হইরা ত্রন্ধ সাক্ষাং-কার লাভ হয়। यদি পূর্ব্বোক্ত কার্য্য সকল দায়া সমাধিতে থাকিতে না পাবে তবে বোগশাস্থ্যত স্থান্ধ বোগ সভ্যাস কৰিতে হয়; যুগা যুম, নিয়ম, সাসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধাবণা, ধ্যান, এবং স্বিকল্পক স্মাধি; এই বোগ অভ্যাস করিলে নিশ্চয নির্বিকল্পক সমাধিতে স্থিতি করিতে পাবে। বন, অহিংদা দতা অচৌষা ব্রহ্ম ব্যা অপরিগ্রহ অর্থাৎ দঞ্চয় রহিত নিয়ম, শুচি সভোষ তথকা ক্ষায়ন ঈশ্বরেতে প্রণিধান। আসন, যোগ-শাস্ত্রোক্ত হটবোগের অন্তর্গত পলাসনাদি। প্রাণায়াস অর্থাৎ পূবক, কুন্তুক রেচক রূপ প্রাণ দমনাদি। প্রভ্যাহার শকাদি বিষয় হইতে ইক্রিয়গণের নিবারণ। ধাবণা, তদিতীয় একা বস্ততে মনের অভিনিবেশ। ব্রহ্মবস্তুতে মনের প্রবাহ। সমাধি পূর্বের বলা হইরাছে। যদিচ স্বতন্ত্ররূপে (याशनाञ्चाक्रुनादत এই श्रष्ठाञ्चरयाश वना इहेन; किन्न शूर्व्सांक भन्न मनानि

<sup>॰</sup> বানপ্রস্থ কলিতে নাই তৎপরিবর্ত্তে এক্ষণে তীর্থবাসে থাকিতে হয়।

<sup>🕇</sup> এক্ষণে ডল্লোক্ত সন্ন্যাস বিধি আছে, বৈদিক সন্ন্যাস নাই।

<sup>‡</sup> এই আশ্রম হুই প্রকার অর্থাৎ বনে থাকিয়া ভিক্ষার ভোজন, ক্লথবা পুত্রের গৃহে থাকিয়া ভাষার দারা প্রাসাচ্ছাদন মাত্র গ্রহণ করিবেক। মতু ৬৪ অধ্যায় ৯৫ লোক তাৎপর্যা শরীর ধকারে ভোজনে দোষ নাই।

ও শ্রবণ মননাদির সহিত ইহার কার্য্যতঃ ঐক্য আছে। এই বোগ দারা দানা লবিমা প্রভৃতি কাম্যবোগও সিদ্ধি হইয়া থাকে। ঋষিদিগের কাম্যবোগ ও জানবোগ ছই সিদ্ধি ছিল; তজ্জ্প তাঁহারা জগৎ পূজা ও ঈশর তুল্য ছিলেন। কিন্তু কেবল মুক্তি ইচ্ছুক বাক্তিদিগের পক্ষে কাম্যবোগ কর্মণা নহে; কেননা তাঁহারা তাহার ফল আকাজ্জী নহেন; তবে শরীরকে অধিক কই দেওয়ার প্রবোজন কি লোকে আশ্চর্য্য দেখিয়া মৃদ্ধ হয় বটে; কিন্তু জানীরা কোন আশ্চর্য্য দেখাইতে চাহেন না; তাঁহারা সমাধি অবস্থার প্রাণ ত্যাগ করিয়া মুক্তি লাভ করেন। যদি প্রারন্ধ বশতঃ সমাধি হইতে উপিত হইতে হয়; তবে তাঁহারা জীবয়ুক্ত হইয়া সংসারে বিচরণ করেন। পরে দেহ ত্যাগ হইলে নিশ্চয় মুক্তি লাভ হয়\*। অতএব সমাধি হইতে উপিত জীবয়ুক্ত ব্যক্তিকে জ্ঞানী বলা যায়। এবং যিনি ভক্তি যোগের দারা একাগ্রচিত্ত হইয়া শ্রবণ মননাদিতে ব্রহ্ম সাক্ষাৎকার করিয়াছেন, তাঁহাকেও জ্ঞানী বলা যায়; তাঁহারও দেহান্তে মুক্তি লাভ হইবেক। ঐ জ্ঞানীদিগের চিন্তু অর্থাৎ লক্ষণ কি তাহা বিবেচনা করা বাউক।

## চতুর্থ অধ্যায়।

#### জ্ঞানী কাহাকে বলে, তাহার নির্ণয়।

ভগবদদীতা প্রভৃতি শাস্ত্রে আছে যে, যে সময় কোন ব্যক্তির অর্থাৎ সাধকের মনোগত সমস্ত বাসনা রহিত হইয়া আত্মাতে আত্মতৃষ্টি জন্মে, তথন তিনি জ্ঞানী হয়েন। এবং যাঁহার মনঃ হঃথেতে উদ্বিগ্ন না হয়; এবং যাঁহার স্থেতে স্পৃহা না জন্ম ও বিষয়ে অনাস্তিক, এবং ভয় কোধ পরিভ্যাগ হয় তিনি জ্ঞানী হয়েন। এবং যিনি শক্র মিত্র সমান জ্ঞান করেন ও ভভাভভ ঘটনা হইলে আনন্দ অথবা দ্বেষ্কুক না হয়েন; এবং যাঁহার হেয় উপাদের কিছুই নাই; ও যিনি নিরস্কর প্রশান্তভাব অববস্থন করেন; এবং

শনাখিতে, মনের খরপ লয় হইলে দেহ ত্যাগ হয়। ও মনের বৃদ্ধি লয় হইলে পুনরদিত হইতে পারে সমাধির এই অবস্থা আছে।

कृषं वर्षा करून चीय रख नानानि रेका नृर्क्तक रवक्रन महीरतत मध्य अरबन করার; দেইরূপ ইক্রিয়গণকে বিনি ইচ্ছা পূর্ব্বক বশীভূত করিতে পারেন, তিনিই জ্ঞানী। ইহার দারা জ্ঞানীকে দেখিয়া তাঁহার বাহু অবস্থাসুসারে श्राप्त कहनी विषया कांना यात्र ना ; जत्व विनि कांनी रात्रन, जिनि कांनात्क चार्थान कानिए शास्त्रन । किन्न कथन कथन कार्या पृष्टि এवः उाँशात्र निक्रे উপদেশ প্রাপ্ত হইতে লাগিলে অন্তেরা তাঁহাকে জানী বলিয়া অফুভব করিতে পারে। যদি বল শান্তে আছে যে, জ্ঞানীদিগের কোন কর্মাই নাই তাঁহারা সর্ব্ব কর্ম্ম পরিত্যাগী ও বিধি নিষেধের বশীভূত নহেন, তবে তাঁহা-मिरा कार्या मुखे कि धाकारत जाना गाहेर्ड भारत ? जाहार वक्कता धहे रय. कानी इटे (अंशिष्ठ विज्रु ; वर्षा देनांगीन अ गृहस ; जाहात मस्या गाहाता চিত্ত ভদ্ধি ও চিত্তের একাগ্রতা লাভ করিয়া বিধিপূর্বক সর্ব্ব কর্ম্ম পরি-ত্যাগানস্তর সন্ন্যাস ধর্ম আশ্রয়, অর্থাৎ দণ্ড গ্রহণান্তর শ্রবণ মনন নিদিধ্যাসন ও সমাধি ছারা ব্রহ্ম সাক্ষাৎকার করিয়া উথিত হইয়াছেন উাহাদিসের কোন कर्म नाहे: छाहाता शृद्स्वेहे विधि शृद्मिक कर्म छा। कतिबादकन: आह বাঁছারা দণ্ড গ্রহণ বাতীত কেবল সংসার ত্যাগ করিয়া উদাসীন চইয়া ঠ রূপ জ্ঞানলাভ করিয়াছেন, তাঁহার। কর্ম করিলেও বদ্ধ নহেন; এবং না कदित्त औद्योगित दाव नारे। जात त्वाक निकार्थ (कह (कह रकान कर्च कविशा थारकन। এই इट लाकात छानीरे अकत्मानी प्रथाए जेमानीन শ্রেণি ভুক্ত বটেন; আর ঘাঁহারা নিষ্ঠাম কর্ম রূপে ভক্তিযোগ সহকারে জ্ঞান লাভ করিয়া সংসার অর্থাৎ গৃহস্থাশ্রমে আছেন; তাঁহারা জ্ঞানী হওয়ার প্রবাপর সমভাবে কর্ম করিয়া থাকেন; অর্থাৎ জ্ঞানের পূর্বেষে যে সকল কর্ম করেন তাহা চিত্ত খদি ও চিত্তের একাগ্রতা রূপ ভক্তির নিমিত্ত : তদনত্তর জ্ঞান হইলে লোক শিক্ষার নিমিত্তে কর্ম করিরা থাকেন। যদিচ ভাগারা কর্ম করিতে বদ্ধ নছেন তথাপি লোক শিক্ষার্থে কর্ম করা ভাগা-দিগের অতীব কর্ত্তব্য। । ভগবদ্গীতার শ্লোকের তাৎপর্যা এই বে, বেরূপ

<sup>\*</sup> সক্তা: কৰ্মণা বিষাংশো যথ। কুৰ্বস্থি ভাৰত। কুৰ্য্যাৰিষাংত্তধাসক শিচকীৰু লোকসং-গ্ৰহং। ভগৰদগীতা ওয় অধ্যায়ের ২ংশ লোক।

অৰ্থ। যেরূপ আসন্তি পূৰ্বক অজ্ঞানীবা কৰ্দ্ম করে, লোক শিক্ষাতে জ্ঞানীরা তক্সপ কর্দ্ম কয়িবন কিন্তু আসন্তি না থাকে।

অজ্ঞানীরা আসক্ত হইয়া কর্ম করে; তদ্রুপ অনাস্কু হইয়া লোক निकार्थ कानीता कर्म कतिरवन। क्लिजार्थ के शैठा भारत चारह रा. জ্ঞান লাভ না হওয়া পর্যান্ত সকলই নিছামরূপে কর্ম করিবেক; তদনস্তর জ্ঞান লাভ হইলে আর কর্ম্মের প্রয়োজন নাই। এবং লোক শিক্ষাথে কর্ম কবার প্রয়োজন আছে। ইহার তাৎপর্য্য এই যে, গৃহস্ত জ্ঞানীরা ষ্মনাসক্ত রূপে লোক শিক্ষার্থে কর্ম্ম করিবেন। । দণ্ডীরা কোন কর্ম্ম করি-বেন না; এবং কেবল উদাসীনেরা কয় করিতে অথবা না করিতে বদ্ধ নহেন; অর্থাৎ তাহারা কোন বিধি নিষেধের অন্তর্গত নহেন; বান্তবিক ইইারা সকলেই জ্ঞানী, এবং সকলেই তুলা রূপে মুক্তি লাভ করিবেন, তাহার সন্দেহ নাই। ভগবজীতার ৫ম অধ্যায়ের চতুর্থ এবং পঞ্চম শ্লোকে আছে বে, সাংখ্য অর্থাৎ সংস্থাস ও কথ্মবোগ, অর্থাৎ নিষ্কান কর্ম দারা ভক্তিষোগ ইহা উভয় তুরা ফলজনক। কেননাকম্ম যোগীবা সাকার উপাসনাও ঐ সাকারকে নিরাকার সচিচদানল এক্ষাক্রপে চিন্তা করিয়া জ্ঞান প্রাপ্ত হয়েন। এবং সন্ন্যাসীরা প্রথমত: চিত্তশুদ্ধিব নিমিত্ত নিতা নৈমিত্তিকাদি কক্ষাও সাকাব ব্রহ্ম চিন্তা করত: তদনন্তর নিরাকাব চিন্তায় প্রবর্ত হট্যা, নিত্যা-নিত্য বস্তুবিচার, স্বর্গাদি কামনা বৃথা, এবং শম দম উপরতি তিতিক্ষা সমা-ধান এবং শ্রদ্ধা, এই রূপ দাধন চতু ইয়া সম্পান হইয়া শ্রবণ মননাদির দারা ব্ৰদ্জান প্ৰাপ্তি হয়েন। অতএব এই উভয় জানীই তুলা হইতেছেন। জ্ঞানীরা যে কর্ম করেন তাহাতে তাহারা এইরূপ চিন্তা করেন যে, কর্তা, অর্থাৎ কর্মাকর্তা ব্রহ্ম, এবং দ্রবাও ব্রহ্ম, ও বাহাকে দেওয়া যায় তিনিও ব্রহ্ম ইত্যাদি সকলই ব্রহ্ম; ব্রহ্ম ভিন্ন কিছুই নহে। এইরপ চিন্তাদারা তাঁহারা কি সাংসারিক কি দৈব পৈত্যকর্ম সকলই ব্রহ্মজ্ঞান সহকারে নির্বাহ করিয়া থাকেন। এইরপ কর্ম বন্ধকর নহে; কেননা জ্ঞানীদিগের কোন বাদনা নাই; এজন্ত ভর্জিত বীজের তায় তাঁহাদিগের কর্ম ফলবান হয়না; जागाता मध्य वरस्तत्र नागा वर्खमान थारकन मांव : मिथशां अ मिर्थमा ना अनि-য়াও শোনেন না এই প্রকার জীবনাত রূপে জীবনন্ত জ্ঞানীরা বিচরণ

<sup>•</sup> अनवाषिता।

<sup>†</sup> বীজ ভাজিলে তাহাতে সঙ্গুর হয় না।

কবেন। এবং তাঁহারা বিদ্যা বিনয় সম্পন্ন ব্রাহ্মণ এবং গবি ও হত্তী শুনি স্বপাক, চণ্ডাল ইত্যাদি হেয় উপাদেয় সকল বস্তুতে ব্ৰহ্মজ্ঞান করেন। কিন্তু পান ভোজনাদি বিষয়ে যথেচ্ছচাব রূপে চলেন না। তবে কোন কোন পর্মহংশ বাঁহার এককালীন বাহাজান রহিত হইয়াছে তাঁহাকে যিনি বাহা দেন তাহা তিনি আহাব করেন। কিন্তু যদি তাঁহার ভেদজ্ঞান থাকে তবে অভক্ষাভক্ষণাদি কবিলে তাঁহাকে জীবনাক্ত বলা যায় না। এবং তিনি লোক শিক্ষার্থে উপদেষ্টাও হইতে পারেন না। কেন না যিনি গুরু হইবেন তাহার আচার ব্যবহার সম্মত হওয়া প্রয়োজন ; নত্বা যদি তাঁহারা অভক্ষা ভক্ষণাদি করতঃ পশুব ক্যায় ব্যবহার করেন, তবে তাঁহাকে গুরু বলিয়া কে মান্ত করিবেক। তবে পূর্বেকি পরমহংদ ঘাঁহাবা বাহ্নজান শুন্ত হইয়াছেন তিনিও উপদেশ দেওয়ার পাত নহেন; কেননা বাহুজ্ঞান না থাকিলে উপদেশ দিতে পারেন না। এই কারণে জগতে ব্রহ্মজ্ঞানের উপদেশ এক-कालीन तहि इस विलिया ब्लानीता वावशांत विषय मार्गाततात्व विहतन, अ কেছ কেছ অনাদ্ভি কপে কর্মাও করিয়া থাকেন। ফলতঃ যাহারা ব্রহ্মজ্ঞানী বলিয়া অভিমান কবতঃ অভকা ভক্ষণ ও অপেয় পান এবং অগ্যা গ্য-নাদি ব্যবহার বিরুদ্ধ কার্যা কবিয়া থাকেন তাঁহারা স্বেচ্ছাচারী ব্যতীত কখনই জানী নহেন। কেন্না জানী হইবার জন্ম যাহা আবশ্রক তাহা श्रुक्तिशास्त्र (म्थान इरेग्नाह्य ; जाराट ध्यकान चाह्य त्य, अकाराती इरेग्ना নানা প্রকার সাধনা দারা ব্রহ্মজ্ঞান লাভ করিতে হয়; নতুবা কোনক্রমেই হয না। বাস্তবিক শারীবিক কষ্ট না কবিলে ঈশবৈব দ্যা হওয়া স্থক্ঠিন জানিবে। এমতস্থলে অনাচার অবস্থায় থাকিয়া কতকগুলি লোক সমবেত হইয়া ছুই চারিবার ঈশবের নাম ও গুণাত্রবাদ বক্তৃতা এবং কএকটী সঙ্গীত গান করিলে যে ব্রহ্ম সাক্ষাৎকার লাভ হয় ইহা কদাচ সম্ভাব্য নহে; সে কেবল বুথা পরিশ্রন মাত্র।∗ অতএব সংসার হইতে মুক্তি লাভের চেটা করিতে হটলে বিষয় সভোগ পরিত্যাগ ব্যতীত মুক্তির চেষ্টায় আসকি পূর্বক বদ্ধকর বিষয় সম্ভোগ করিতে লাগিলে কথনই সিদ্ধি লাভ হয় না;

 <sup>\*</sup> বেমন ক্ষীণ পুত্রকে স্থলা করণের নিমিত্ত দৃশ্ধ পান করার ব্যবস্থা হইলে একবার একগ্রুষ
ক্রম্ব পান করাইয়া, জিজ্ঞাদা করে । য়, তুমি কি স্থল হইতেছ ? তেজপ ।

বরং তাহাতে আরও সাসক্তি জনায়। বেমন পশ্চিম দিগস্থিত বস্তু আনয়ন করিতে হইলে, পূর্ব দিগে গমন করিলে আরও দ্র হইরা পড়ে, তরাায় বিষর ভোগীর মুক্তি লাভ হইরা থাকে; অতএব বিষয়াসক্তি পরিত্যাপ্র করিয়া মুক্তিলাভের চেষ্টা করাই বিধের। তবে ভক্তিতে যে মুক্তিলাভ হয়, তাহা সদাচারে থাকিয়া বৈধ কর্ম করিতে হয়; নতুবা হয় না; ইহা শাস্ত্র ও যুক্তি সিদ্ধ বটে। এক্ষণে মুক্তি কি ও তাহা কত প্রকার, তাহা বিবেচনা করা বাইক।

### পঞ্চম অধ্যায়।

মুক্তি কি ও তাহা কত প্রকার, তাহা নির্ণয়।

সাংখ্যাদর্শনে আছে যে, আতাত্তিক ত্রিবিধ হঃধ নিবৃত্তির নাম মৃক্তি ; ও বেদান্তদর্শনে বলেন যে, নিত্য হুথ প্রাপ্তির নাম মুক্তি; তিবিধ তু:থ অর্থাৎ স্থুল স্থা কারণ এই ত্রিবিধ শরীবের যে ছু:থ তাহা আত্যন্তিক রূপে নিবৃত্তি অর্পাৎ কথনই ঐ হ:ব হইবেক না; স্থতরাং নিত্য স্থপ প্রাপ্তি হয়; ভাহাকেই মুক্তি বলা যায়। বেদান্তের মতে নিত্য হথ প্রাপ্তি; তাহাতেও ছ:থাভাৰ জানা যাইতেছে; অৰ্থাৎ ছ:থাভাৰ না হইলে নিতা স্থথ প্ৰাপ্তি ছন্ন না, অতএব ছই মতই এক হইতেছে। ঐ ছইটী মত যোগ করিলে আরও স্পষ্ট মীমাংসা হইতে পাবে যে, আত্যন্তিক ছ'থ নিবৃত্তি হইয়া নিত্ত্য अर्थ श्रीशि इटेलारे जोहां क मुक्ति वना यात्र। मुक्ति इटेल चात्र श्रूम बन्न না : এবং দংসার যাতনা আর ভোগ করিতে হয় না। মুক্তি চারি প্রকার,---दिकवना, मायुका, माज्रभा, धवः मार्लाका। धरे किवना मुल्लिक कर (कर निर्सान, ও (कर (कर नाष्टि मुक्ति वानन। धवर नात्नाका मुक्तिक সামীপ্য-মুক্তি বলে। কৈবলা মুক্তি ব্রহ্মজ্ঞানী-দিগের দেহত্যাগানস্কর इहेबा बादक व्यर्थाए जांशांनिरगत निक्र मंत्रीत व्यात भतानादक यांत्र ना ; जांशां ম্ব কারণে বয়প্রাপ্ত, হয়; কেননা জীবাত্মা পরমাত্মার সহিত এক হও-ায়াতে আর লীবের উৎক্রামণ অর্থাৎ স্থানাস্তরিত হয় না ইহা বেদাস্ত প্রভৃতি

সর্ব শাস্ত্র সন্থত। অন্ত তিনপ্রকার মৃক্তি কর্ম ফলে লাভ হয়। স্বর্থাৎ সালোকা মুক্তি যে বাক্তি যে দেবতার ভক্ত তাহার ঐ ভক্তি কলে দেহ-ত্যাগানন্তর সেই সেই উপাস্ত দেবতার লোক প্রাপ্তি হইয়া, তদনন্তর ব্রহ্ম-জ্ঞান প্রমণ্ডে ঐ ঐ দেবতার সহিত মহাপ্রলয়কালে নির্বাণ মুক্তি প্রাপ্ত হয়। ध काल भर्यास आब अब शहर करत ना : এवः अवासुत लालग्र वहना (जान कतिरा रह ना। मायूका-मुक्ति वर्षा श्रेष्टतत रामाजा माछ ; हेरा वरिक्र যোগ সাধনের মধ্যে ঈশিছ-যোগের ফল; ইহা অস্তান্ত কর্ম ফলেও লাভ क्टेंटि शादा। बाम, नातम, विषष्ठे, প্রভৃতিরা যোগ বলে ইছা লাভ করিয়া-ছিলেন। সারূপ্য মুক্তি ঈশ্বরের স্বরূপতা লাভ; গঙ্গা জলে গঙ্গা জান পূর্বক মৃত্যু হইলে বিষ্ণুরপধারী হইরা বিষ্ণুলোকে গমন করে; তাহার পूर्म जन्म इस ना ; अड्डारन मतितन बक्करनाक श्रीशि इस। এवः कामीरा करन, অথবা স্থলে কাশী জ্ঞানে, অথবা কোন জ্ঞান ব্যতীত অজ্ঞানাবস্থায় মরিলে निवष शांशि वर्षा निव ज्ञान शांत्र भूक्ति निव-लाटक नमन करत : ७ ष्यकानो की । পতनापि अ मुक्ति नां करत । (कह (कह वतन (य. महाएप व स्त्रांन अनान कराएं रेकवना-मुक्ति लांख करत , हेंग अकहे कथा ; रकनना षा मुक्तिए अतिरमर देक वना इहेरवक; ना इम्न उरक्षनार इहेन। প্রসাসাপর সঙ্গমে, জলে স্থলে পাথবা অন্তরীকে চরমকালে প্রাণত্যাগ হইলে बन्नातारक भ्रमन करत । किन्न चरिय आञ्चराजीत मुक्ति नाट्य मत्नर चाह्य । কেন না তাহারা ঈশবের দেখী প্রযুক্ত তাহাদিগের মুক্তি লাভ যুক্তি সঙ্গত नहर । এই প্রকার অবোধ্যা, মধুরা, মায়া, (মায়াপুরী হরিষার) কাঞ্চী, অৰম্ভিকা, দাৱাৰতী প্ৰভৃতি তীৰ্থ স্থানে মৃত্যু হইলে মুক্তি লাভ হয়; তাহা भारत निर्मिष्ट चारह। उद्धित चरनक चरनक मश्कर्यात क्रांविक मुक्ति লাভ হয়, অর্থাণ কিছু কাল পর্যান্ত ঈশার লোকে বাস হয়; তাহা স্বৰ্গ ভোগের স্থায় ভোগ মাত্র। ফলিতার্থে মৃত্যুকালে যাহার যে প্রকার ভাব মনে উদর হর, তাহার তাহাই হইয়া থাকে; মৃত্যু স্থান ও উপাসনা সহকারা কারণ মাত্র: কেননা প্রারন্ধের ঘটনাতে মৃত্যু সময়ে মনের অভ্য প্রকার

এই তিন প্রকার মুক্তিতে জীবের লিক শবীর অফিরাদি মার্গে উৎকামণ ছইবা অভিট বেশকে বার। ভগবলগীতার ৮ম অধ্যাব २৪শ লোক।

চিন্তা হইলে তাহাই প্রাপ্তি হয়\*। কেবল জ্ঞানীদিগের নিশ্চয় মুক্তি লাভ হয়; কেননা তাহাদিগের কোন বাদনা থাকে না; তাহাতে মৃত্য কালে অন্ত কোন চিন্তা হওয়ার সন্তব নাই; স্থতরাং মুক্তি লাভ হয়। যদি বল যে জ্ঞানীদিগের অন্ত চিস্তা হইতে পারে? কিন্ত তাহা হইলে তবে তিনি জ্ঞানী নহেন; তাহার ত্রহ্ম জ্ঞান ধারণা হয় নাই। কেননা ভাষা ফইলে কদাচ অন্ত বাসনার লেশ মাত্র থাকার সম্ভব নছে। এজন্ত জ্ঞানই সর্কশ্রেষ্ঠ: জ্ঞান ব্যতীত মুক্তি লাভ হওয়া নিতান্ত অসম্ভব। ইহা বেদান্ত সন্মত, তৰ দৃঢ় ভক্তি পূর্বাক যাঁহার৷ ঈশবের মূর্ত্তি বিশেষ চিন্তা করেন তাঁহাদিগের তাহাতে অত্যন্ত আসক্তি প্রযুক্ত একনিষ্ঠ হত্তবাতে মৃত্যু সময় উপাস্ত দেব-তাকে মনে হওয়ার নিতান্ত সম্ভব; এবং ঐ রূপ চিন্তা করিয়া প্রাণত্যাগ ক্রিলে তাঁহাব অবশ্রই মুক্তি লাভ হইতে পাবে। তদ্তির মুক্তি যোগ্য অক্তান্ত কর্ম্ম কল একনিষ্ঠ হট্যা করিলে, অথবা ভীর্থাদিতে প্রাণত্যাগ করিলে ঐ ঐ কর্ম কলে, ও মৃত্যুকালে ঈশ্বরের নাম শ্রুবেণ মৃত্যু হুইলে সেই ফলে. এবং তীর্থ মৃত্যুর ফলে, মরণকালে অন্ত চিন্তা না হইয়া ঈশর চিন্তার প্রাণ্ড্যাগ হওয়ার সম্ভব; তাহা হুইলে মুক্তি লাভ হুইতে পাবে। অগাৎ নিরাকার স্চিদানন্দ ভাবনায় প্রাণ্ড্যাগ হইলে নির্বাণ-মুক্তি এবং সাকাব চিস্তায় প্রাণ্ডাাগ হটলে অন্ত ত্রিবিধ মুক্তি লাভ হয়। ইহার তাৎপর্যা, ভগবলীতা ও বেদাস্থের বচনের সারার্থ ক্রমে ও যুক্তি অনুসারে দিদ্ধান্ত হয় ষে, যে ব্যক্তি শাহাতে নিতান্ত আসক্ত হয় মৃত্যু-কালে জাহার তাহাই মনে উদয় হইয়া তদকুনাথী ফল লাভ করে। যদি অতান্ত বিষয়াসক্ত হয় তবে নিশ্চর সেই সেই বিষয় মনে হইতে থাকে; এজন্ম বিষয়াস্তি পরিত্যাগ পুর্বক জ্ঞান লাভের চেষ্টা করা নিতান্ত আবশুক। তাহাতে জ্ঞান লাভ না হইলেও ঘটনাধীন ঈশর চিন্তায় নিমগ্ন থাকা হেতু মুক্তি লাভ হইতে পারে;

খ খং বাপি শ্বরন্ ভাবং ত্যজ্ঞতান্তে কলেবরং।
 তং তমেবৈতী কোন্তের নদা তন্তাবভাবিত।।

অথ। মৃত্যু সময়ে যে যাহা চিস্তা করে তাহাই প্রাপ্ত হয়। ভগবক্সীতা ৮ম অধ্যায় ৬ শ্রোক। এই মত প্রবল।

<sup>†</sup> এই জন্য তীথ বাদ, মুত্যুকালে ঈশবের নাম শ্রবণ করান আবশ্যক বলিয়া তাহাই ছইয়া ধাকে।

অথবা স্বৰ্গ বা তৰুলা পিতৃলোক লাভ চইতে পাবে। মুক্তি লাভের জন্ত কতপ্রকাব বিধি ও কর্ম বে শাস্ত্রে নিদিই চইয়াছে তাহ। সকল সংখ্যা করা যায় না। কেননা অনস্ত শক্তিমান প্রমেপ্তর কতপ্রকার বস্তু ও কতপ্রকার ক্ষেব ক্ষৃষ্টি কবিবাছেন; এবং কতপ্রকার বস্তুর কতপ্রকার প্তরণ ও স্বভাব নির্পণ কবিবাছেন; এবং কি কর্মের কি কল নির্ণয় কবিবাছেন তাহা সিদ্ধান্ত করা মানাদিগের নাম অজ্ঞানী লোকের সাধ্য নহে বদিও শাস্ত্রে ইহার অনেক বিদ্যা সিদ্ধান্ত আছে; হিন্তু তাহা আমাদিগের নানা দুরোধ্য তবে গুক উপদেশ ও যংকিকিং শাস্ত্র আলোচনার দারা এই প্র্যান্ত লেখা হটল। এইক্ষণ এই সংসাবে নানাবিধ শাস্ত্র ও ব্যবহার প্রচলিত থাকায় সাংলাবিক বাজি।দিগের কর্ত্রর ও অক্তর্য কি, তাহা আলোচনা করা যটিক।

### ষষ্ঠ অধ্যায়।

### কর্ত্তব্য ও অকর্ত্তব্য কি, তাহা নির্ণয়।

এই গ্রন্থে শাস্ত্র যুক্তি অনুনারে ঈশ্বরের অন্তিছ বিষয় এবং জীবের পূর্বনি ও পরজন্ম এবং পরকাল ও পদ্মাপন্ম এবং জান মুক্তি প্রভৃতি সকল বিষয় লেখা হইয়াছে। ইহাতে যদি কেহ অবিশ্বাস করিয়া বলেন যে, ঈশ্বর নাই, ও ধন্মাধন্ম কিছুই নাই, জীব স্বভাব বশতঃ জন্মায়; এবং পুক্ষকার সহকারে কার্য্য করিয়াই জন্মে ও স্থুথ ছংখ ভোগ করিয়া মনিয়া যায়; ভাহার আরে পবলোক গমন ও স্থানরক ভোগ এবং পুনর্জন্ম হর না। এই সকল কুত্র্ক বিশ্বাস করা কর্ত্ত্ব্যা নহে; কেননা প্রোক্ত বিষয়ের অন্তিছ সম্বন্ধে আনেক যুক্তি ও শাস্ত্র প্রমাণ দর্শান হইয়াছে। কুত্র্কবাদীবা ইহার কোন শাস্ত্র বা প্রমাণ দর্শাহিতে পারে না। অতএব ভাহার মত পরিভাগে করিয়া পূর্ব্বোক্ত আন্তিক মত গ্রহণ করা কর্ত্ব্যা; বিশেষতঃ বিক্ষরবাদীরা এ কথা বলিতে পারেন না যে, ঈশ্বরের অন্তিছ ও পরকাল থাঁকা বিশ্বাসে ঈশ্বরের উপাসনা করিলে পরকালে কন্ত্রভোগ করিতে হইবেক; কেনুনা ভাহাদিগের

भट्ड आत्मी भत्रकांन नारे ; ठाशांट आत कहेट्डांग कि इटेटक। वृत्रः আন্তিক মতে আছে যে, ঈখরের উপাদনা না করিলে পরকালে কষ্টভোগ हरेंदिक। (यदहरू भवकान आहि कि ना किर (मरथन नार्ट); (कवन माञ्च যুক্তি অসুসারে মীমাংসা হইয়াছে। যদি পরকাল না থাকে ভবে উভয় মতেই কোন লোষ হইতে পারে না বটে; কেবল আন্তিকের মতামুধায়ী উপাদনা কার্যা বিফল হয় মাত্র। কিন্তু যদি পরকাল থাকে, তবে নান্তিকেব মত অবলম্বন করিলে পরিণামে অতিশয় কষ্টভোগ করিতে হইবেক; তাহার সন্দেহ নাই। এজন্ত নাস্তিকও স্বেক্সাচারীর মত পরিত্যাগ করিয়া আস্তি-কের মত গ্রহণ করতঃ শস্ত্রে বিধি অনুসারে চলাই বুদ্ধিমানের কর্ত্ব্য, ইহার मत्निह नाहै। यनि हेहाटड किह अनामत প्रकान करतन, करव (म महा-ত্মাকে বুঝাইবার আর অক্ত উপায় নাই। যদি বল যে, ঈশ্বরের নিয়মামুদারে এইক্ষণ কলিযুগ উপস্থিত হওরায় ধর্মের সকোচ ও অধর্মের বৃদ্ধি হইয়াছে, এরপ অবস্থায় আব শাস্ত্র উপদেশ দারা কি উপার হইতে পারে? তাহাতে বক্তব্য এই যে, শাংস্থ কলিযুগে যে প্রকার অধ্যের বৃদ্ধি হওয়া লিখিত হই-য়াছে; তজ্ঞপ কলিযুগে ধর্ম কর্ম করাব সহজ উপায়ও নির্দিষ্ট হইয়াছে। বিষ্ণুপুরাণে আছে যে, সভাযুগে দশবৎসরে যে ধর্ম হইত ত্রেভাযুগে ভাহা এक वर्मात ও माभत्रपूर्ण अक मारम अवः किनयूर्ण अक मिनरम लाख इहे-বেক। এবং কলিতে সংসর্গ দোষ প্রায় থাকিবেক না। সভাযুগে ধ্যান, ত্রেতার ষক্ষ, দাপরে পূজার যে ফল, কলিতে ঈশবের নাম গুণামুবাদে সেই ফল লাভ হটবেক; ও কলিতে দান ধর্মই প্রধান ধর্ম; এবং ইষ্টদেবতার প্রতি দৃঢ় ভ ক্তি হইলে সন্ন্যানের ফল প্রাপ্তি হইতে পারে। স্ত্রীলোকের স্বামীর সেবায়, ও শুদ্রেরা কেবল বিপ্রদেবায়, সলাতি লাভ করিবেক। এবং দ্বিজাতিরা গায়ত্রী মন্ত্র জপে সমধিক ফনলাভ করিবেন। ইত্যাদি বছবিধ স্থপম উপায় কলিতে বিধান হইয়াছে অতএব কলিযুগ হইয়াছে বলিয়া স্বধর্ম ত্যাগ করা কর্ত্তব্য নছে:বরং সুমধিক যত্ন সহকারে স্বধর্ম কলা করার চেষ্টা করা কর্ত্বা। যেমন খোরতর যুদ্ধ আবস্ত হইলে যুদ্ধে ব্যাপৃত ব্যক্তি প্রাণ রক্ষা করিয়া প্রত্যাগত হওয়াই বুদ্ধিমানের কর্ত্ব্য; ও তাহাতে সে প্রশংসা ভালন হইতে পারে। এবং অত্যন্ত গভীর স্রোভস্বতা তরঙ্গালিনী

নদীতে নৌকা নিমগ্ন হইলে, যদি তথায় তৃণরাশি পাওয়ায় তবে তাহা আশ্রয় করিয়া প্রাণ বক্ষা করাই বৃদ্ধিনানের কার্য্য; নতুবা নৌকা স্রোতের জলে নিমগ্ন হইয়াছে, ইহাতে আর উপায় চেষ্টার ফল নাই বলিয়া প্রাণত্যাপ করা কণীচ বৃদ্ধিমানের কার্য্য নহে। অতএব উদ্ধারের পথ অনুসন্ধান করা সর্ব:তাভাবে কর্ত্র। পরস্ত যদিচ কলিকাল উপস্থিত হইয়াছে। কিন্তু এইক্ষণতক ঘোরু কলি উপস্থিত হয় নাই; তাহার অনেক বিলম্ব আছে।\* এবং এইক্ষণতক বর্ণভেদ ও দর্মাধর্ম এবং বাজশাসন প্রচলিত মাছে; ও অনেক প্রকাব পাপীলোকের শান্তি হইতেছে। এবং বহুতর স্থানের লোকেরা স্বধর্ম প্রতিপালন কবিতেছেন; কেবল কিয়দংশ স্থানে মদ্দকার্য্য চলিতে আরম্ভ হইয়াছে মাত্র; তাহা অজাতার নিমিত্ত হওয়াই নিতান্ত সম্ভব। অত-এব ঘোর কলি প্রবল না হইতেই ধর্ম কর্ম লোপ করা অকর্ত্রা। যেমন অর্দ্ধনগ্ন নৌকাকে স্বয়ং নিমগ্ন কবা অত্যন্ত মূর্থের কার্য্য; তদ্রূপ সময় থাকিতে অগ্রে কুকর্ম কবা নিতান্ত মুচের ক'গ্য। অভএব কুতর্ক সকল পরিত্যাগ পূর্বক শাস্তামুদারে কালোচিত কর্ত্তব্য কর্ম করাই দংদারীদিগের কর্ত্তবা। কেননা মনুষা দেহধাবীদিগেব ধর্ম অর্থ কাম মোক্ষ এই চতত্বর্গ সাধন কবা নিতান্ত আবশাক। ধর্ম হুই প্রকার, পাবমার্থিক ও এহিক অথবা বাবহাবিক। তাহাতে পাবমার্থিক ধর্মেব দারা স্বর্গ ও মুক্তি লাভ হয়। वावशातिक धर्माव दात्रा है हकारल स्थ मरसाग हहेरछ थारक: 3 शतकारल 3 ম্বর্গ ভোগ হয়। মর্থ, অধর্মের দারা উপার্জন করিলে ইহকালে তুঃথ ও প্রকালে নরক ভোগ হয়। ধর্ম্মের দ্বারা অর্থ উপার্জন করিলে এবং পৈতৃক धन প্রাপ্তি হইলে তদ্বারা কাম অর্থাৎ ইহকালে স্থভাগ ও পরকালে ম্বর্গলোগ হয়। পারমার্গিক ধর্মের দ্বাবা মোক্ষ অর্থাৎ মুক্তিলাভ হয়। ইহাতে আর্থব প্রয়োজন প্রায় গাকেনা; কেবল উপাদনা ও জ্ঞানের আ লোচনা-তেই বিদ্ধি লাভ হয়। ঐ উপাদনাদি, গুরু উপদেশ ও সাধু সঙ্গ এবং শাবীরিক তপস্থার দারা হইতে পারে। জগতে যতপ্রকার আশ্রম আছে তাহা এইক্ষণে চুই শ্রেণিতে বিভক্ত; অর্থাৎ উদাসীন ও গুহী। তাহাতে

<sup>্</sup> কালর ৫০০ হাজাব বৎসব গতে ঘোব কলি আবস্ত হইয়া আর ৫০০ হাজার বৎসব প্রস্তি কর্মু চিলিবেক, ভদনস্তর একবণা হইবেক।

উদাদীনের প্রমার্গ ধর্মানুষ্ঠানের নিমিন্তে অর্থের প্রয়োজন নাই কেবল শ্রীব বক্ষাথে ভিক্ষান ভোজন কৰা দোষাবহ নতে : পরত সকলেও ভাগা কলেন না; কেননা কেহ কেহ বতা ফল মূল ও জল এবং গলিত পতাদি ভোজন ও পর্বতের গুহায় এবং বক্ত কুটীবে অবস্থিতি কবিয়া বৃক্ষ বলল পবিধান কবতঃ বক্তকাষ্ঠের অগ্নিতে শীত নিবারণ পূর্ব্বক তথস্থা করিয়া থাকেন। তাঁচা-ঘটে না; কেননা ইহা অধিক প্রবৃত্তিব কার্যা; এবং ইহাব প্রতিবন্ধক অনেক আদে; যপা বুদ্ধ পিতা মাতা ও সাধ্বী স্ত্রী এবং শিশু সম্ভান পরিত্যাগ কবিয়া উদ:মীন হওৱা শাস্ত্র নিষিদ্ধ; বিশেষতঃ এই কলিয়গে মাযা মোহ জন্ম অধিকাংশলোক ই বিষযাসক্ত; এজ জ ঘটনা হওয়া সুক্ঠিন; তবে যাহার কেছ নাই, এবং যে ব্যক্তি উপযুক্ত পুত্রাদির প্রতি সাংসাবিক ভাব অর্পণ করিয়া নিশ্চিন্ত হইতে পারেন, তাঁচার যদি বিধেক বৈরাগা উপস্থিত হয় তবে তিনি ঐ আশ্রমে যাইতে পাবেন: এবং ভাষাই স্ক্রিও পাস্তু সিদ্ধ বটে। নতুবা গৃহস্থাশনে থাকিলা সকল-কাৰ্য্য করিতে পাবেল+ কেন না শাল্লে গৃহীকে শ্রেষ্ঠ বলিয়া নির্ণয় কবিয়াছেন; এবং এই আশ্রেমেই গাকিয়া চতুর্বর্গ সাধন করিতে পারেন; কিন্তু শাস্থোক বিধানামুদাবে চলা আবশুক। এই ঘাশ্রমে অথের নিতার প্রযোজন; তাহা প্রথমত স্বধর্ম দারা উপার্জন কৰা কৰ্ত্ব্য তাহাতে অচন হইলে আপদ ধৰ্মেৰ নিয়নামুদাৰে অৰ্থ উপাৰ্জন কবিলেও পাপভাগী হয় না। এই গ্রন্থের তৃতীয় ভাগের ১৪ মধ্যায় দুষ্ট কর। কিন্তু মিথা সাক্ষা প্রদান ও হিংসা প্রভৃতি অন্যাধার প প্রধন হরণ ইত্যাদি অধ্যা দারা অর্থ উপাজন কবা নিতান্ত অকর্ত্ব্য। যদিও কেত কেত সাব্ধান বশতঃ পাপকাৰ্য্য কৰিয়া ৱাজদত্তে দণ্ডিত না হয়েন এবং কোন কোন কার্য্যে রাজদভের বিধানও না থাকে তথাপি ভাষাতে প্রকালে অত্যন্ত কন্ত ভোগ হয়; এবং পাপবার্যা পুত্র পৌত্রাদিতেও প্রতিফলিত হয়; মনুতে আন্ত এবং ব্যবহারেও অনেক জলে দেখা যায়। অত্থব সংসাবে ধ্রুই সকল প্রথের মল, ও তাহাতেই সিদ্ধি লাভ হইয়া থাকে। গুহতদিগের উপা-র্জিত অর্থের দাবা স্বীন জীবন এবং অবশ্ব পোষাগণের ভবণ পোষণ অত্যে

<sup>\*</sup> मञ्चन ८ अन्तारेश अन्य दिशाक शृंकरण्यािक कारा को कवित्रां मन्नाम कन्। स भाव आहर ।

কবা কর্ত্তব্য ; কেননা আহার দ্বারা ও পীড়া হইলে ওমণ সেবন দ্বাবা জীবন রক্ষা কবা আবশ্রক এবং পোষাবর্গের ভবণ পোষনই স্বর্গ সাধনের প্রশস্ত পণ বলিয়া ভাষাও কর্ত্বা, কেননা ভাষাদিগকে পীড়া দিলে ও ভরণ আদি না করিলৈ নবকে গতি হয়।\* ইহা ষেরপে শাস্ত্র সিদ্ধ; তদ্রপ যুক্তি সিদ্ধ 3 বটে। বাস্তবিক পৰিণার বর্গের ভরণ পোষণ না করিলে এইক্ষণেও লোক নমাজে নিক্নীনও হইরা পাকে। ঐ পোষাবর্গ এই; পিতা মাতা ওু তলন প্রক্ষ এবং স্ধী ও পুত্র কন্যা অনাগা পুত্রবধূ এবং ভ্রাভূবধূ ও ভগিনী ও পিদি ও অতিপি ইছাবা অবশ্য পোদা; এতদ্ভিন্ন ধন থাকিলে নৈকটা কুটুপ বাঁহাবা উপায় হীন তাঁহাদিগকেও পালন করিতে হয়। অতিথি পদে ভিক্ষুক্দিগকে নিত্য ভিক্ষা দেওখায়ও ব্ঝায়; এবং সমর্থ থাকিলে দরিভকে দান কৰা কৰ্ত্বা : কিন্তু উৎদৰ্গ বস্তু ব্ৰাহ্মণকে দেওয়াই বিধি, কেননা তাহা লাক্ষণকে দিবার নিমিত মন্ত্রপাঠ পূর্বক প্রতিজ্ঞা করা হইয়া থাকে। আন-मान कुरित वाक्तिक, धवः जनमान शिशांत्रार्थीत्क (मञ्जारे कर्छवा ; धवः ম্পাসাধা নিতা নৈমিত্তিক ক্রিয়াদিতে অর্থ বায় কবা কর্ত্বা। ইহাতে লোকেব বে প্রকাব ব্যবসায় ও যে পরিমাণ ধন উপার্জন কবা হয়: তদ্রুপ ব্যাযাদি দ্বারা পান ভোজন ও বসন ভ্যণ পরিধান এবং যান বাহন ও গৃহাদি ব্যবহার করা কর্ত্রা। তাহাতে ধন নত্ত্বে কষ্ট ভোগ করা অথবা অপব্যন্ত্র কবা কর্ত্তব্য নহে, তাহা সমূহ পাপেব কার্য্য: ববং উপযুক্ত অর্থব্যন্ন করিয়া যদি কিছু অবশিষ্ট থাকে তাহা যত্নপূৰ্বক সঞ্চল ও তদ্বাবা সৎকীৰ্তি স্থাপন করা কর্ব্য। কিন্তু অধিক ধনের প্রত্যাশা করিয়া নানা প্রকার উপার্জনের कार्या कवा कर्त्वा नरह; जाशास्त्र मनव मनव लाक धककालीन विनष्ट इटेबा যায়। পান ভোজনাদি কার্যা যাতা সবর্ণাশ্রম সম্বন্ধীয় সামাজিক নিয়ম আছে ও বাহা পুক্ষামুক্রমে চলিয়া আনিতেছে তাহাই করা কর্ত্বা, ও পিত শ্রাদ্ধাদি ও দেবপুজাদি ও যথাবিধ সংস্কাব এবং দীক্ষা ও গুরুভক্তি প্রভৃতি কার্যা পৈতৃক নিয়মানুদাবে কবা কর্ত্বা। প্রয়োজনবশতঃ ভরণ পোষণ ও পিতৃ মাতৃ শ্রাদ্ধ এবং পুত্র কল্যাদির বিবাহ ব্যতীত ঋণ করিয়া অল নৈমি-

<sup>্</sup> ভরণং পোষাবর্গানাং প্রশস্তঃ স্বর্গ সাধনং। নরকং পীড়নে চাস্। তক্ষাং যত্নে তংভরেৎ ইতি স্থৃতি। এবং শরীর মাধ্যং বলু বক্ষ্মাধনং।

ন্তিক কার্য্য করা উচিত নহে। এবং শ্রাদ্ধাদি কার্য্যেও সম্ভবতঃ ঋণ করা কর্ত্তবা; অর্থাৎ যাহা পরিশোধ চইবার সম্ভব পাকে। পরিবার সত্তে সর্বাস্থ অংথবা যাছাতে কট হয়, একপ দান কবা কর্ত্তবা নহে; বরং মহুব মতে তাহাতে অধর্মভাগী হইতে হয়। যদিও বিদেশীয় বিদ্যা শিক্ষা করা এইক্ষণ আপদকালে ঘটনা হইতেচে ও তদ্ধার। অর্থ উপার্জনেব কিছু স্থগম আছে বটে: কিন্তু তাহা বলিয়া সামাজিক ও পরকাল-বিরুদ্ধ পান ভোজন ও স্কীসংস্গাদি করা উচিত নহে; বিশেষতঃ রাজা বা বাজপুরুষের প্রায় আচবণ করা প্রজাবর্গের কদাচ কর্ত্তব্য নহে। যদিচ বর্ত্ত্যান রাজ নিয়মে এ রূপ জাচরণে বাহাকি কোন দোষ দেখা যায় না বটে; কিন্তু রাজপুক্ষেবা অন্তরে বিরক্ত থাকেন তাহার সন্দেহ নাই। কেননা রাজা প্রজা একই ভাবে চলিলে রাজার প্রতাপের হানী হটবার নিতান্ত সম্ভব; ববং তজ্জভা সময় সময় ঐ রূপ আচরণকাবী লোক সকল বাজপুক্ষ কর্তৃক তাড়িত হইতেও দেখা যায়। যাহাতে রাজদণ্ড হইতে পাবে এরূপ কুকর্ম করা উচিত নতে; ৰুৱং রাজনিয়ম পালন প্রভৃতি দ্বারা রাজভক্তি প্রদর্শন কবাই কর্ত্রা। মানী वास्टिक अर्थमान 'अ अकावत्व विवास कता कर्डवा नत्ह। এट एक म-वाशी-দিগের মদ্যপান করা নিতান্ত অকর্ত্রা ; কেন্না মদ্যপান স্বারা অনর্থক অর্থ বিনাশ ও শারীরিক পীড়াদি জন্ম কট ও অকালমূত্য ঘটনা হইয়া পাকে: এমন কি মদ্যপানের দ্বারা অংনেক লোক উচ্চিল ১ইনা নাওয়া দেগং বাই-তেছে। এক্ষণকার নব্য সম্প্রদায়ের লোকেরা অনেকেট বরেন বে. তল্প প্রিমাণে মদ্য পান কবিলে স্বাস্থ্য রক্ষা হয়; ইছা সম্পূর্ণ ভ্রম্লক; কেননা এ দেশীর লোকেরা অল্প মাত্র পান কবিয়া কদাচ গাকিতে পাবেন না। প্রথমতঃ ঐ রূপ প্রপৃত্তিতে প্রবর্ত হয়েন বটে ; কিন্তু পরিণামে সর্প্রস্থ বিনষ্ট ভটরা মহতী বোগে আক্রান্ত হইয়া পড়েন। পূর্বকালে যুদ্ধে ব্যাপুত ক্ষত্রির গণ গোড়ী মাধবী সুবা পান করিতেন বটে; কিন্তু যুদ্ধের সময় স্মথবা আমোদের কার্গোর সময় বাতীত পান কবিতেন না। এক্লণেও দৈনিক পুরুষেরা স্থ্যা পান করিলে তত দোষের কারণ হয় না; তদ্বাতীত ব্রাহ্মণাদির সুরা পান কার্যা নিতাও দুষণাবহ; উহাতে মেরূপ পরকাল বিনষ্ট হয় জন্দ্রপ ইহকালে জান নাশ চইয়া জাতি এই অর্থনাশ প্রভৃতি দোষপ্রস্ত ২ইতে হয়।

যদিচ তন্ত্রণান্তে কুলাচার দাধন প্রভৃতি উপাদনাতে সংশোধিত মদ্যপানের বিধি বর্ণিত আছে, তাহার তাৎপর্যা মনের একাগ্রতা হত্তরার নিমিত্ত ঐরূপ বিধি হই গাছিল; \* তাহা এক্ষণে প্রায় রহিত হই রাছে। কেননা কুলাচার সাধন পত্যস্ত কঠিন ও গোপনীয়। তাহা ভগবান মহা দৰ স্বয়ং তন্ত্ৰ শান্তে ব্যক্ত করিয়াছেন যে, তিনি স্বয়ং বা গণেশ ও কার্ত্তিক বাতীত অক্টেং সাধ্য নাই। তবে অন্তরেরা ঐ ধর্মা কিয়ৎ পরিমাণে যাজন করিয়া অনেকে সিদ্ধি লাভ করিয়াছে বটে; এবং পূর্বকাণেও অনেক সিদ্ধ পুরুষের কথা শুনা যায় কিন্তু এক্ষণে মনুষ্য সকল হীন বীৰ্য্য হওয়াতে ও সাধনার প্রতি অভিক্রচি না থাকাতে ঐ কার্য্যে সিদ্ধি লাভ হয় না; তবে যদি কাহাবও পুরুষামুক্রমে ঐ ধর্ম চলিয়। আসিয়া থাকে ত্রবং তিনি তাহা শাস্ত্র বিধিমতে আচরণ করিতে পারেন, তবে করুন, তৎপ্রতি প্রতিবাদ নাই। কিন্তু ঐক্লপ বিধির ভান করিয়া উদর পরিপূর্ণ রূপে মদ্যপানে ও বেখাসক্ত হইয়া এককালীন বিনষ্ট না হয়েন। অত এব মদ্যপান করা অতীব গঠিত কার্য্য। বরং ইহকালে নিন্দা এবং কষ্ট ও পরকালে নরক যাতনা সহ্য করিতে হয়। পরস্ক ষদ্যপি पूर्वातावन वः व (नर्ग मना शान निरम्ध कतात क्या कान ताक नियम विधि বদ্ধ হয় নাই, তথাপি পূর্বকালের শাস্ত্র দুষ্টে এই সকল ব্যক্তিরা মৃদ্যপানে ক্ষান্ত থাক। উচিত; অর্থাৎ ষাহার। দেশের শান্তি রক্ষা কবেন, এবং যাহার। विहात कार्या करवन ও याहाता वावहात-क्षीवी+, व्यवः याहाता हिकिएमक अ ষাছারা পুরোহিত, এবং যাহারা ধর্মাধর্মের বাবস্থা প্রদান করেন এবং ব্রাহ্মণ জাতিরা। ইইাদিগের পক্ষে নিতান্ত দুষণাবহ; অর্থাৎ ইহকালে কষ্ট ভোগ, ও পরের অনিষ্ট সাধন, এবং শাস্ত্র সম্মত পরকালেও নরক হইবার সম্ভাবনা পাকার মদ্য পান না করাই কর্তব্য। আর ব্রাহ্মণ ক্ষত্রির ও বৈশ্য এবং বৈদ্য ও রাজপুত্র (রজপুত) এবং শুদ্র বর্ণের মধ্যে কায়স্থ ও নবশাথ এবং গল্প-ব্যাক ও কাংস্থব্যক এবং শংধব্যক প্রভৃতি জাতিরা আপনা হইতে হীন-वर्त्त वा जिन्न वर्त्त भाक कता अन वाक्षनामि (जाक्षन कता कर्डवा नरः!।

সুরামন্ত্র দ্বারা এরূপ সংশোধন হওবা আবশুক বে তাহার গ্লকু রহিত হয়।

<sup>+</sup> উकिन भारताता।

<sup>°‡ু</sup> ব্রাহ্মণের অল্ল বাতীত অস্ত বর্ণেধা তিন্ন জাতির আল্ল ভোত্বন করিবে,না ১

এবং দেশ ভেদে যে জাতির জল ব্যবহার নাই, ও যে জাতিকে ম্পর্শ করা हम ना, जाहा निरंगत कल भान कता अ कर्डवा नरह। धवः देवस माश्म वर्णाए দেবোদিগু যে ছাগ-পশু বলি দান করা যায়, তদ্ভিন অবৈধ মাংস, এবং গো, শুকর, কুরুট প্রভৃতির মাংস ও পলাওু (পেঁয়াজ) এবং রহান প্রভৃতি অভক্ষা দ্রব্য ভোজন করাও অকর্ত্তবা\*। কেননা ইচা ইচকালে স্থাজ निषिक, जार अबकारण नृष्यावर । जार जामवर्ग खोरक विवाह कवा, अ অসবর্ণ পুক্ষকে কন্যানির বিবাহ দেওয়া কর্ত্তব্য নহে। কেন্না ক্রনশই বর্ণ সঙ্করের বৃদ্ধি হইরা ধর্ম লোপ হইতে থাকে। আরে স্ব দার প্রিত্যাপ করিয়া পরনার গমন করা উচিত নহে। বিশেষতঃ স্বজনা অথাৎ স্বম্প্রার স্ত্রীলোক গমন করা অভ্যন্ত গহিত; তাহাতে আবার প্রদারে আস্ত্রি क्ट्रेल (कान क्रांस्ट्रे भवकारन अड क्ट्रेंट भारत ना। वार क्रेकारन अ পরদারগামীকে লোকে নিলা করিয়া থাকে। অতএব স্বদাব নিক্টস্ত না থাকায় কাম বেগ উপস্থিত হইলে বিবেক দাবা বিচাব কবতঃ দৈৰ্ঘ্য অবলম্বন করাই উচিত। যদি বল যে, কাম বেগ সহ্য করা স্লুকঠিন বিধায় তাহা হয় ना ? किन्छ (नगट्टामत अरनक लाकरक (नथा गात्र (य, जाहाता स्त्री शुक्रव व्याना करें विवाह ना कतिया जितकाल कामरवर्ग नश् कतिया थारक। যদি বল পীড়া প্রযুক্ত লোকে থাকিতে না পারিয়া মল মূত্র ত্যাগের ন্যায় কামবেগ নিবারণ করায় ক্ষতি কি ? তাহাতে বক্তব্য এই যে, যদিচ সম্ভব মত কার্য্যের দ্বারা যৌবন কালের পীড়া নিবারণ করিলে লোকিক নিন্দা সম্ধিক না হইতে পারে, কিন্তু ঐ ঐ পাপের উপযুক্ত প্রায় - চত্ত না করিলে পর-कारन करें टार्ग इटेंदिक, डाहात मत्मर नारे। टिकनना द्य टिकान भाभ হউক তাহার সকলেরই প্রায়শ্চিত্ত আছে। অতএব সংসারিক লোকের পাপ ঘটনা হইলে প্রায়শ্চিত্ত করা কর্ত্তব্য, তাহাতে শুদ্দ হইতে পাবে; ভবে যাহাতে জাতি নাশ হইয়া পতিত হয় এরপ পাপের প্রায়শ্চিত করিলে পাপ নাশ হইয়া প্রকালের শুভ হয় বটে, কিন্তু ইহকালে ভাহার সহিত ব্যবহার করা যায় না; কেননা স্থৃতিশাস্ত্রে আছে যে, পাপের হুই শক্তি; অর্থাৎ নরক উৎপাদিকা এবং ব্যবহার বিরোধিকা; তাহাতে প্রায়শ্চিত্ত

<sup>\*</sup> এই मकल मुख्य गाराजित्यन उक्का. उ९व्यंटि এই नानश् नाह ।

দ্বাৰা নৰকোৎপাদিকা শক্তি রহিত হইলেও বাৰহার বিবোধিকা শক্তি রহিত হয় না; এলকা বাহাতে পতিত হইতে হ্য, এবং জাতি নাশ হয় এরপ, কার্যা কদাচ কর্ত্বা নতে। নিজের স্ত্রী যদি ব্যতিচারিণী হয় তবে তাহাকে প্রবিত্যাগ করা কর্ত্রা, বহু করা উচিত নহে। এবং আত্মীয় বর্গ, এমন কি, পুত্র ও পিছা প্রভৃতি পতিত হইলে তাঁহাদিগকে পরিত্যাগ কবা উচিত। এই দুকল বিষয়ে আমাদিগোৰ বাৰহাৰিক নিয়ম বাহা শাস্ত্র যুক্তি অনুসারে নির্দিট হুইবা সামাজিক নিয়ম্রূপে চলিয়া আসিতেছে, এই নিয়ম রক্ষা কবা কঠিন নতে: ববং বিবেক সহকারে বৃদ্ধিমান লোকেবা ইহা অনা-য়াদে রক্ষা কবিতে পাবেন ; এবং ইহাব দ্বাবা ইহকালে সুখী হওয়া যায় ও পরকালে কোন দোন থাকে না; এবং স্বর্গাদি ভোগ হইতে পাবে \*। বিশেষত পূর্বোক কর্ত্ব্য কর্ম করণ ও অকর্ত্ব্য কর্ম না করণ দ্বারা পার-মার্থিক ধর্ম গর্থাং মোক্ষ প্রাপ্তিব কাবৰ কপ ষেত্রন্ধান তাহা লাভ হই-বার স্থগন হইতে থাকে। ভাহাতে গৃহীদিগের সংক্ষেপে মুক্তি লাভ হইবার সম্ভাবনা আছে; কেননা মুক্তি ইচ্ছুক ব্যক্তি পূৰ্ব্বোক্ত মতে ব্যৰহারিক কার্য্য সকল বিবেক সহকারে পরিচালন করত বৈরাগ্য দারা বিষয়ের দোয সকল সমালোচনা পূর্বক বিষয়ে নিতান্ত আসক না হইয়া নিষ্ঠাম রূপে অগাৎ স্বর্গাদি কামনা না কবিষা নিতা নৈনিত্তিক প্রায়শ্চিত্ত করণ দ্বারা পাপ ক্ষয় ও চিত্ত শুদ্ধি লাভ কবিষা ভক্তি যোগা দ্বারা সপ্তণ দ্বীশ্বর অর্থাৎ আপন ইউদেবতার প্রতি দৃঢ় ভক্তি তাপন করিলে তাহাতে ইন্দ্রিয় ও রিপু দমন হইয়া চিত্তের একাগ্রতা লাভ হর; তদনস্তব পুরাণাদি জ্ঞান শাস্ত্রে আলো-চনা দাবা ঈশ্বেব স্কুপ ক্রমণ জ্ঞান হটতে থাকে। অর্থাৎ প্রথমতঃ আমি কেহ নহে, দর্মব্যাপী নিগাকার ঈশরই কর্ত্তা, তিনি ঘাঁহা করাইতেছেন তাহাই কবিতেছি; আমি গুভাগুভ ফলভোগী নহি এবং ফলের অনুসন্ধান কবি না এইরূপ চিপ্তা ক বিতে করিতে শাস্ত্র আলোচনা দারা নিও ন এক্ষের

এই সকল বিষণ ধর্মের সহিত ভাপিক সংস্ঠ থাকায় লিপিত হইল ভাঙির সাস্থ্যকলা ও
সভাতা প্রভৃতি সনেক বিষধ মার প্রভৃতি গ্রে আছে, ভাহা লেপা, ভাপায়াজন বিধায় ক্ষাস্ত
থাকা গেল।

<sup>ী</sup> এই ভাপের স্তীর অধ্যাথ।

স্বরূপ জ্ঞাত হইলে স্থামিই ব্রহ্ম এইরূপ অপরোক্ষ জ্ঞান হটরা থাকে। ঐ ব্রহ্মজান ধারণা হইলে দেহ ত্যাগানস্তর মুক্তি লাভ হয়। যদি মরণকাল পর্যান্ত জ্ঞান লাভ না হয় তথাপি ইষ্টদেবতার প্রতি দুঢ়ভক্তি থাকাতে .মৃত্যু-कारन के रमवजात माकात मृर्खि अत्रव रहेशा मत्रव रहेरन मारनाका पुंक्तिनाज হয়; ও নিরাকার আত্মা রূপ শ্বরণ হইলে নির্বাণ মুক্তি লাভ হয়। বদি দৃঢ় ভক্তি না জনাইতে মরে, তথাপি জন্মান্তরে উত্তম পবিত্র ধনীর বংশে, ভক্তিযোগ কিঞ্চিৎ অধিক পরিণত হইয়া মরিলে যোগীদিগের গৃহে জন্মগ্রহণ করত পূর্বজন্মের কৃত ঐ ভক্তি যোগ কথন বিফল হয় না। ভগবলগীতার ৬ৡ অধাায়ের ৪০শ শ্লোক হইতে ৪৩শ শ্লোক দৃষ্টে ঐ রূপ জানা যাইতেছে; অতএব ইষ্টদেবতারূপ ঈশ্বরে ভক্তিযোগ সাধন করা অতীব কর্তবা\*। যদি বল যে, সাংসারিক ধনোপার্জনাদি নানা কার্য্যে ব্যাপৃত থাকায় ঈশবের উপাদনার সময় থাকে না; এবং বিষয় কার্য্যে মনঃ সংযোগ থাকায় উপা-जनाम मनः मः रायांग इम्र ना ? य दश्कु मन छूटे निय्क बांधा वर्फ कठिन ; ভাহাতে বক্তব্য এই যে, প্রাতঃকাল এবং মধ্যাক্তকাল ও সায়ংকাল এই তিনকালে কিঞ্চিৎ সময় অবকাশ সকলেরই হইতে পারে। বিশেষতঃ রাত্রিকাল বিশ্রামের জন্তই পর্মেশ্বর সৃষ্টি করিয়াছেন; সেই সেই সময অনায়াদে নিত্যক্রিয়া ইন্টমন্ত্র জপ এবং পূজা ও কীর্ত্তন ও ধ্যানাদি ও গুণামু-ৰাদ এঘং গান ও আলাপ সৰ্বনাই হইতে পারে; ইহাতে কোন প্রতিবন্ধক নাই; তবে অলসতা ও তাজিলাতা প্রযুক্ত সময় হয় না। যদিচ প্রাতঃ-কালে স্নান না করা যায়, তথাপি ধৌত-বস্ত্র পরিধান করিয়া ঐ কার্য্য কবি-বারও বিধি শাস্ত্রে নির্দিষ্ট হইয়াছে; কেন না অশক্ত বা পীড়িত ব্যক্তির স্নান ক্রিবার আবশ্রক নাই। তরে মনঃ সংযোগ হওয়ার বিষয়ে শাস্ত্রকারের। ষে একটা উদাহরণ দিয়াছেন তাহা নিতাম্ভ যুক্তিসঙ্গত যেমন বাজীকারেরা বাজি করণ সময়ে মুখে গান করে এবং পায়ে নৃত্য করে ও হস্তে তাল ধরে কিন্তু মন্তকে বে কলদী থাকে তাহার প্রতি তাহার মনঃ সংযোগ অবশুই পাকে। তজ্রপ সংসারে ব্যাপৃত থাকিলেও মুক্তি ইচ্ছ্ক ব্যক্তি অবশুই

<sup>\*</sup> ভগবন্দীতার শাদশ অধ্যায়ে গৃহী অর্জুনের প্রতি ভগবান ভক্তিযোগের উপদেশ দেও-স্থাতে গৃহীর পক্ষে এই বোগই শ্রেষ্ঠ।

ঈশবের উপাদনা করিতে পারে। তাহাতে উপাদনা কালীন মন: যে স্থানেই যাউক বিবেক সহকারে তাহাকে ঈশ্বরে অর্পণ করিবাব চেট্টা করিলে অনায়াদে তাহা করা যায়। যদি বল উপাদনা কার্য্যে অর্থের প্রয়োজন षाह १० कि ख ाहा नाहे। श्रीमिश्तत य वर्ष थाक, जाहांत चित्रिक व्यर्थित প্রয়োজন নাই; কেন না বনের পুষ্প এবং নদীর জল ও মন্ত্র জপ এবং शान ইহাতে কোন অর্থ লাগে না, ইহা স্থলভ, তবে ভক্তি পূর্বক ঐ দকল দ্রব্য এবং সঙ্গতি থাকিলে অন্তান্ত দ্রব্যের দারা পূজাদি কর্ম্ম করতঃ তাহার ফল ঈশ্বরে অর্পণ করিলে তাঁহার প্রীতি জন্মে ইহা সকলেই করিতে পারে। তবে স্বেচ্ছাচারীয়া কিছুই পারে না ; কেন না তাহাদিগের ঈশবে দৃঢ় ভক্তি জনোনা। যদিবল অত্যস্ত পাপী ও হবাচার এবং ত্তী শূদ্র ও অপর হীন জাতি চণ্ডালাদি প্রভৃতিরা পাপকার্য্য পরিত্যাগ করিয়া ঈশ্বরে দৃঢ় ভক্তি করে তবে তাহারাও সাধুমধ্যে পরিগণিত এবং মুক্তির ভাজন হইয়া থাকে\*। কিন্তু স্বেচ্ছাচারীরা ঐরপ হইতে পারে না: এবং ঐরপ ভক্তও পুনরার পাপ-কার্যোরত হইলে, হন্তী স্নানের ভাষ তাহার কিছুই সিদ্ধি লাভ হয় না†। কুকর্মশালী পতিত ও হীন জাতীয় ব্যক্তি প্রারক্ষ বশতঃ হঠাৎ ঈশ্বরের ভক্ত ও সাধুশীল হুইয়া পুনরায় পাপকার্য্যে রত না হইলে সে মুক্তি লাভ করে ও তাহার নিকট জ্ঞান বিষয়ের উপদেশ লওয়াও ঘাইতে পারে; ইহা মনু ও মহাভারতে প্রমাণ আছে:। যদি বল যে ঐ ভক্ত হীনজাতি হইলেও, তাহার সহিত উচ্চ জাতিরা কি জন্মে পান ভোজন করেন না ? তাহার কারণ এই যে, পারমার্থিক ও ব্যবহারিক ধর্ম পৃথক্। পূর্বের মীমাংসা করা हहेबाएह (ग. cकान वाकि भवमार्थ विषय ७% हहेटन अ वावशाय ७% हब नाई यिन वन एव (श्वष्कां गित्रोत्र) कि जञ्च जेश्वरत्र खळ रुत्र ना २ जारात्र कात्रन धरे যে, ব্যবহারে স্বধর্ম ত্যাগ করিয়া যদি স্বেচ্ছাচারের স্থায় পান ভোজন ও স্ত্রী

ভগবদ্গীতা ৯ম অধ্যায়েব ২৬ হইতে ৩২ শ্রোক দৃষ্ট কর।

<sup>🕇</sup> रुखौ स्नान कतिया धूलि माथिए शाकाय स्नान विकल रय।

<sup>🛨</sup> মমুর ২য় অধ্যারেশ্ব ২৩৮ শোক। সহাভারতে ধর্ম ব্যাধের উপাখান।

<sup>§</sup> নবদীপের গৌরাঙ্গদেবের টেলা হরিদাস ও রূপ সনাতন, যবন জাতি প্রাপ্তেও জতিশর হরিভক্ত ছিলেন, কিন্তু সন্ন্যাসী গৌরাঙ্গ তাঁহাদিগের সহিত পান ভোজন করেন নাই। চৈওস্ত ভূগিৰত ও চৈতক্তরিতামুতে আছে।

সঙ্গ কবে, তবে তাহাও জ্ঞান জন্ম না। কাৰণ রজস্তমোম্যী অবিদারে বশবর্তী হইয়া জীব সংসারে ভ্রমণ করিতে থাকে। সে যুগন স্তাধিকা বিদ্যার উপাদনা করতঃ তাহাকে প্রদল্ল করিতে পারে, তথন মুক্তি লাভ হয়। যেমন অবিদ্যারপা পর পত্নীতে লোকে আস্কা হটয়া মুর প্রায় इरेग्रा थारक; यथन विनाकिया निक पञ्जीव वर्गवर्जी इत्र ; उथन कविनारक ত্যাগ করিয়া শান্তি লাভ কবে। তদ্ধপ অবিদ্যা কপা অজ্ঞানে আবৃত হইয়া জীব মুগ্ধ হয়; এবং বিদ্যানপা জ্ঞানকৈ আগ্রয় করিতে পাবিলে মুক্তি লাভ কবিতে পারে। এ অজ্ঞানের মূল কাবণ রভস্তযোগুণ, তাহাতে ঐ গুণের কার্য্য পরিত্যাগ ব্যতীত সম্বাধিকা বিদ্যা অথাৎ জ্ঞান লাভ হয় না। ঐ রজঃ তমঃ গুণের আহার বিহার পবিত্যাগ পূর্ব্বক সত্ত্তণের আহাব বিহার করিতে করিতে চিত্ত শুদ্ধি হইতে থাকে। নতুবা তীক্ষ্ণ এবং চুর্গন্ধি ও পর্যাসিত ও মদ্য প্রভৃতি অশুচি দ্রবাদি বাহারজ, তমোওণের আহার বলিয়া শাস্ত্রে নির্দিষ্ট হইরাছে, তথে ভক্ষণ এবং প্রদারাদি সেবা ও হিংসা দেব নুশংসতার কার্য্য ও চৌর্যা এবং পর নিন্দাদি কার্যা সকল ব্যবহার করিলে কথনই রজঃ তমোওণের নাশ হয় না; ববং বৃদ্ধি হইতে থাকে। ভাছা সকল পরিত্যাগ পূর্বাক নাত্মিক দ্রব্য মর্থাৎ শুচি ও মুগনি মিশ্ব ও হল্য দ্রব্য যাহা শাস্ত্রে বিধান আছে তাহা আহার কবা ; এবং স্বদারে অমুবক্ত হওয়া ও দয়া, ক্ষমা, ধৈৰ্য্য, অহিংদা ও অচৌৰ্য্য প্রান্ততি শাস্ত্র নিদ্দিষ্ট বাবহার কবিলে ইহকালের হুথ ও পরকালে জ্ঞান লাভ হইয়া মুক্তি হইতে পাবে। আমা-দিগের শাস্তে ব্যবহারিক বিষয়ে স্বেচ্ছাচার পরিত্যাগ করিয়া শাস্ত্র বিভিত আচারের দ্বারা পারমার্থিক ধর্মের উপকার হওয়া লিখিত হউয় ভে\*। যদি ৰলা বায় যে, শাস্ত্ৰ অধায়ন বাতীত এই সকল বিষয় জ্ঞাত হওয়া যায় না? এবং সকলে শাস্ত্র অধ্যয়ন করিতে পারে না, অত্থব উপায় কি আছে? ভাহাতে বক্তব্য এই যে, যদি মুক্তি ইচ্ছা হয় তবে সাধুসঙ্গ ও গুরু উপদেশেব ছারা অনায়াসে এই সকল বিষয় সিদ্ধি লাভ হয়; বিশেষতঃ স্বধর্মাচলণে

শন্র «ম অধার «৬ শোকে আছে যে বৈধ মাংস ভোজন ও মদা পান এবং নৈথুন লোকের
প্রেবৃত্তিজনক কার্যা তাহাতে দুখার নাই, কিন্তু নিবৃত্তি হইলে মহাফল হয়। তাৎপথা এই যে,
ইহার নিবৃত্তি হইলে ইন্দ্রিষ ও বিপুলনন হই্য' চিত্তেব একাগ্রহা লাভ হইলে জান জনায়;
তাহাতে মৃতির শ মহাফল হইতে খারে।

থাকিলে প্রায় অনেক বিষয় অভ্যাস হইয়া থাকে; সকল বিষয়ের শাস্ত্র জানিতেও হয় না। তবে যদি কোন ব্যক্তির স্বধর্মের প্রতি শ্রদ্ধা ও প্রাক্তা না থাকে; এবং বিবেক বৃদ্ধি পৰিচালন না হয় ও বৈরাগ্য না থাকে; এবং মুক্তির ইচ্ছা না জন্মার, তবে তাহার সাধুনঙ্গ অথবা গুরু উপদেশ কার্য্যকর হয় না, বৰং বিফল হইয়া বায়। যেরূপ বস্তুর গুণারুসারে স্পর্শ প্রস্তুর ধাতু সংযোগ হইলে ু ধাতু স্বৰ্ণ হয়; কাষ্ঠ সংযোগ করিলে তাহা স্ক্রবর্ণ হয় না; এবং উষর ভূমিতে অর্থাৎ বালুকাময় ভূমিতে বীজ বপন করিলে শস্ত উৎপন্ন না হইয়া বুথা হইয়া যায়; তদ্রপ দাস্তিক অভিমানী মুর্গ প্রভৃতি স্বধর্মত্যাগি (मण्डाठाती ९ अदेवश्टाणी वाक्तिक উপদেশ দেওয়। विकल इहेয়। याয়। কেননা শিশোদরপরায়ণ\* ব্যক্তিবা কথনই সতুপদেশ ধারণা করিতে পারে না, এজন্ম আমাদিগের শাস্ত্রে নিষেধ আছে পুত্র ও শিষ্য এবং জিজ্ঞান্ত ভক্ত বাতীত অভক্তকে উপদেশ দেওয়া কর্ত্তব্য নহে। তবে অজ্ঞ ব্যক্তিকে স্তুপ-দেশ দেওয়ায় কোন হানী দৃষ্ট হয় না। কিন্তু অভক্ত ও স্বেচ্ছাচারীরা কেবল শাস্ত্রের ছিদ্রানেষণ করেন; তাহারা শাস্ত্রের উপযুক্ত অর্থ ও তাৎপর্য্য গ্রহণ করে না। আমাদিগের শাস্ত্রে যে নানা প্রকার ভক্ষাভক্ষা ও কর্ত্তব্যা-কর্ত্তব্য বিধি সকল আছে, তাহা কাল ও দেশ ুভেদে, ও ব্যক্তি ভেদে, এবং वर्ग (छात, ও উপাসনা ভেদে হইয়াছে। তাহা यनि সর্ব স্থানে ভেদ নির্দিষ্ট করিয়া বলা হয় নাই; কিন্তু প্রত্যেক শাস্তের পূর্ব্বাপর পর্য্যালোচনা করিয়া দেখিলে এবং শাস্তান্তরের দহিত ঐক্য করিলে, ও তাহার তাৎপর্য্য মীমাংসা করিলে, ঐ ভেদ সকল নিরূপণ করা যাইতে পারে; ভজ্জন্য পূর্ব্ব পূর্ব্ব মহাত্মা শূলপাণি ও রবুনন্দন ভট্টাচার্য্য প্রভৃতি সংগ্রহকারেরা শাস্ত্র সকল একবাক্য করিয়া সিদ্ধান্ত করিয়াছেন। এই বিষয়ের উনাহরণ এই (य. मचानि भारत मनाभान ও পঞ্চনখीর মধ্যে যে সকল পশুপক্ষীর মাংস ভোজন করা বিহিত বলিয়া নির্দিষ্ট হইয়াছে, তাহা পূর্বকালে যুদ্ধে নিযুক্ত ক্ষত্রিয় জাতির প্রতি ও হিনপ্রধান দেশবাসীদিগের প্রতি বিধি ছিল। এবং অধিক স্ত্রীসন্তোগ ক্ষত্রিয় রাজার প্রতি বিধি ছিল। ইহাই শাস্ত্রের প্রকৃত

<sup>\*</sup> যাহারা অভক্ষা ভক্ষণ ও অপেয় পান এবং অগম্যা গনন করে ভাহাদিগাক শিশ্মোদর-প্রীয়ণ বলা যায়।

অর্থ ও তাৎপর্যা এবং পুরাণাদি পাঠে জানা যায়। ফলত: ইহা উষ্ণদেশবাসী ও মৃত্যভাব ব্রাহ্মণাদির প্রতি; বিশেষতঃ বর্ত্তমান কালে কথনই বিধি সিদ্ধ नरह\*। এবং বৈষ্ণবের, মাংস ভোজন কর্ত্তব্য নহে; শাক্তেরা মৎশু মাংস ভোলন করিতে পারে। এইরূপ বাক্তিও লাতিও দেশ কালভেদে বাবস্থা चाटह । चात्र छेना इतन এই या, बाँ हि बहेरन की व वाका वना ७ दाँ है छेठिरन অঙ্গুলিতে ক্টেট করা বিধি মাছে; তাহানা করিলে ব্রহ্মহত্যার পাপ হয়; এবং তুলদী বুক্ষে প্রদীপ দান করিলে ব্রহ্মহত্যার পাপ থণ্ডে। ইহার তাৎপর্য্য বে, পূর্বোক্ত ব্রহ্মহত্যার পাপ প্রদীপ দানে খণ্ডিতেপারে; সাক্ষাৎ ব্রহ্মবধ প্রায়শ্চিত্র ভিন্ন কথনই উদ্ধার নাই। এই সকল বিষয় বিবেচনা করিয় শাস্ত্রের অর্থ করিতে হয়। আমিও প্রাচীন গণের মীমাংদা অনুদরণ কবিয়া কর্ত্ববা-কর্ত্তব্য নির্ণয় ও প্রকরসকল লিপি বদ্ধ করিলাম; ইহাতে অশাস্ত্রীয় কথা লিথি নাই। তজ্জ্য আমার কোন দোষ হইতে পারে না; বরং লোককে সংপথে লওয়াইবার চেষ্টা করাতে উপক রইংইতে পারে। এই গ্রন্থের অনুষ্ঠান खानी अत्रवहा मुकन निभित्र इहेन ना । जाहा (नभात छे एन अ व नरह ; रम সকল বিষয় ধর্মশাস্ত্র ও গুরু উপদেশের কার্য্য। যদি কেহ এই মত ভাল বলিয়া। বিবেচনা করেন, তবে তিনি গুরুর নিকট উপদেশ ও পঁণ্ডিতের নিকট ব্যবস্থা লইতে পারেন। বেহৈতৃক জগতে অনম্ভ কার্য্য নিরূপণ আছে, ভাহার কোন এক কর্ম অথবা তপস্থার দারা নানা প্রকার ফল লাভ ও আশ্র্যা সকল দেখাইতে পারা যায়; তাহা অনেক ক্লেশ্যাধ্য বটে, কিন্তু সাধনাতে দিদ্ধিলাভ অবশুই হয়। এবং যিনি ঈশ্বর উপাসনা সহজ জ্ঞান ক্রিয়া তাঁহাতে দৃঢ় ভক্তি রূপ উপাসনা করেন, তাঁহার দিদ্ধি নিশ্চয় লাভ আর যিনি বলেন যে, ঈশর হজের ও ঠাহার উপাদনা কঠিন বিধার তাহা হইতে পারে না; ঈশ্বর তাঁহার অতি দূরে বিদ্যমান থাকেন। অতএব **এই পর্যান্ত লিখিয়া গ্রন্থ সমাধা করা হইল, এক্ষণে দোব গুণাদি দকল লিখিত** পূর্মক গ্রন্থের উপসংহাব করা যাইতেছে।

শুইসাপ ও শৃকর প্রভৃতি ভক্ষণ করা এ দেশে কথনই চলিত নছে।

<sup>†</sup> তাৎপর্যা এই যে, এক জন্মেই বা বহু জন্মেই হউক ঈশর আরাধনাতে জ্ঞান ও মুক্তি লাভ নিশ্চয় হইবৈক।

#### সপ্তম অধ্যায়।

#### গ্রন্থের উপসংহার।

উপসংহার কালে বক্তব্য এই যে এই গ্রন্থের উদ্দেশ্য ও উপক্রমে যে সকল বিষয় মীমাংদা করিবার প্রস্তাব করা হইয়াছিল, তৎসমুদায় শাস্ত্রযুক্তি ও ও শাস্ত্রের তাৎপর্যান্থনারে মীমাংদা করা হইয়াছে। অর্থাৎ প্রথম ভাগের ১ম অধ্যায়ে গ্রন্থের নাম জ্ঞানতত্ত্বদর্শন, ও তাহা নান। শাস্ত্র হইতে সঞ্চলন করার উদ্দেশ্য সাধন হইয়াছে। এই গ্রন্থেব দ্বারা সাংসারিক ও পারমার্থিক বিষয় জ্ঞানের যথার্থ্য প্রকাশ হইতে পারে বলিয়া ইহার নাম জ্ঞানতত্ত্বদর্শন হইয়াছে। এবং শাস্ত্রসকল বহু বিস্তৃত থাকায় তাহার প্রয়োজনীয় সারভাগ গ্রহণ করা হইয়াছে। ইহাতে ভাগ চতুষ্টয়ে একষ্টি অধ্যায়ে প্রধানত: একষ্ট বিষয় ও তাহার অন্তর্ত নানাবিধ বিষয় মীমাংসিত হইয়াছে। ত্বিস্তারিত সমুদায় গ্রন্থ পাঠে জানা যাইবেক। গ্রন্থ থানিতে যে কি পর্যান্ত পরিশ্রম করা হইয়াছে, তাহা জগদীবর জানেন; ও পাঠক মহাশয়েরা পাঠ করিলেও জানিতে পারিবেন। কিন্তু সমুদায় শাস্ত্রের সংস্কৃত শ্লোক লেখা হয় নাই; তাহা লিখিতে হইলে গ্রন্থানি ইহার চতুও ণের অধিক বৃদ্ধি হইতে পারে বলিয়া ক্ষান্ত থাকা হইয়াছে ; তবে নিতান্ত প্রয়োজনীয় শ্লোক সকল উদ্ধৃত করা হইয়াছে। এবং কোন স্থানে শাস্ত্রের অধ্যায় অথব। শ্লোকান্ধ ও কোন কোন স্থানে শাস্ত্রের উল্লেখ করা হইয়াছে; কোন কোন স্থানে শাস্ত্রের উরেথ করা হয় নাই; কিন্তু তাহা সমুদায় শাস্ত্র সঙ্গত বটে; তবে কোন স্থানে শাস্ত্রের তাৎপর্য্য ব্যাথা৷ করা যে হইয়াছে তাহাও পূর্ব্বকা-লের মহাত্মাগণের সিদ্ধান্তের অমুরূপ হইয়াছে; ফলতঃ সিদ্ধান্ত সকল স্বক-(भानकन्नि इस नारे। ज्ञान शान शान विकक्ति मात्र इरेग्राइ वर्षे, তাহা নিতান্ত প্রয়োজন বশত: উল্লেখ করা হইয়াছে। বিশেষতঃ অধ্যাত্ম বিষয় এবং সৃষ্টি, ও ঈশবের স্বরূপ ইত্যাদি বিষয় অতিশয় ছজে য় ভাষা বুৰিবার স্থান করার জন্ম বারখার উলেথ করা হইয়াছে। . কিন্তু তাহাতেও

কতনূর ক্লতকার্য্য হইয়াছি, তাহা বলিতে পারি না। তাহা পাঠক মহাশয়েরা মনোযোগ পূর্বক পাঠ করিলেও যদি কেছ তৎসমূদায় ব্রাবার ব্যাঘাত বিবেচনা করেন, তবে জনৈক পণ্ডিতের নিকট অত্যন্ন উপদেশ লইলেই অতিশীঘ্র নহজে বুঝিতে পারিবেন; তাহার সন্দেহ নাই। কিন্তু আমি ভরসা করি যে, যাহারা বঙ্গীয় ভাষায় পারদর্শী, তাঁচারা অতি সহজেই বুঝিতে পারিবেন। আমি এই গ্রন্থে পাণ্ডিত্য প্রকাশ করিবার চেগা অথবা এইক্ষণকার প্রচলিত সাধুভাষার তায় কঠিন শব্দ সকল প্রয়োগও कति नाहे. बतः नाधा भर्षास मतल मलहे लिथियाछि; এवः कठिन य मल পরিত্যাজ্য নহে তাহাবও উদাহরণের দারা অর্থ পরিদ্যাব করিয়াছি। কিন্তু ভাষাগুলিন স্থললিত বা স্থ্যাব্য হয় নাই; কারণ স্থানে স্থানে প্রায় তর্ক বিতর্ক করিয়া মীমাংদা করাতেই ঐ রূপ ঘটনা হইয়াছে। দে যাহা হউক, এই গ্রন্থে ধর্ম, অর্থ, কাম, মোক্ষ, এই চতুবর্গ সাধনের উপায় ও নানাপ্রকার পদার্থ নির্ণয় করা হইবাছে। তাহাতে সাংসাবিক ও পাবমার্থিক বিষয়েব উপকার সাধন ও নান। প্রকার পদার্থ জ্ঞান যে, ইহার দারা হইবেক. ভাহার সন্দেহ নাই। তবে যদি কেচ বলেন যে, এই গ্রন্থের প্রকাশক **टकला निष्यात জ**জ जानालाट्डत डेकिल विशास मान्त प्रश्ने व्यापात (ग, তদ্বারায় প্রশুদ্ধরূপে প্রকাশ হইবেক, ইহা সম্পূর্ণ সন্দেহের বিষয়; তজ্জ্ঞ এই স্থানে কিঞাৎ আত্ম পরিচয় দিতে হইল। অস্থাদের পিতৃপিতামহ ও মাতৃল মাতামহাদি, পূর্বপুরুষণণ সকলেই পণ্ডিত ছিলেন; এবং আমিও বালা কাল হইতে মন্তাবিংশতি বর্ষ বয়:ক্রম পর্যান্ত শাস্ত্র চর্চা করিয়া তদ্ন-স্তর দৃঢ় প্রারব্ধ বশত কালোচিত মাপদ্ধধর্মের মনুসবন কবিয়াছি: তাহা-তেও অস্বদের শাস্ত্র বিষয়ে এবং স্বধর্মের প্রতি শ্রদাব ক্রটি জন্মে নাই। বিশে-ষতঃ গ্রন্থথানি যে, শাস্ত্রসঙ্গতরূপে লেখা হইয়াছে; তাহা শাস্ত্রের সহিত মিলাইয়া দেখিলেই জানিতে পারিবেন, তাহাতে অবিশাস করণের কোন কারণ থাকিতে পারে না। পরস্ত এই গ্রন্থ প্রকাশ করাতে অম্বদের ঈশ-বের প্রতি ভক্তিও তদিবরক জ্ঞান জনিমাছে কিনা তাহা কাহারও দেখি-বার প্রয়োজন নাই; কেননা এই গ্রন্থ দারা অক্সদের সম্যক্ জ্ঞানোদয় না ছইলেও পাঠক বর্গের মধ্যে কোন কোন মহান্সার যে উপকার ছইতে পার্বেঃ

### অফ্টম অধ্যায়।

#### পর্মেশবের স্তব।

হে পরমেশর ! তুমি অনস্ত শক্তিমকৈত্র; এবং তুমিই নিতা আমিতীয় সচিদানল ব্ৰহ্ম, তুমি অনাদি এবং এই জগতের আদিও অনস্ত শ্বরূপ। অত এব তুমি এই জগতের স্টি স্থিতি প্রাণয় কর্তাও সর্বাত বাাপী। তুমি নিপ্ত ণি নিরাকার, ও সপ্তাণ, এবং সাকার। হে জগন্ময়! তোমা হইতে এই

<sup>\*</sup> ভগৰক্ষীভাষাং ঈশরঃ দক্তৃতানাং হুক্েশেংর্কুন তির্হতি। আমরন্ দক্তৃতানি ব্যা-কুচানি মায়রা।

ফলত: তিনি যাহা হইরাছেন ও যাহা করিরাছেন ও বাহা হইতেছেন এবং বাহা করিতেছেন ও বাহা ২ইবেন এবং করিবেন তাহাই হইরাছে ও হইতেছে এবং হইবেকু।

জগৎ প্রকাশ হয় অর্থাৎ তুমি কর্ত্তারূপে নিমিত্ত কারণ, শক্তিরূপে সহকারী কারণ, ও বন্ধ রূপে উপাদান কারণ; এবং তুমি পুরুষ ও প্রকৃতি; মহতত্ত্ব ও অহলার; এবং মন বুদ্ধি চিত্ত অন্তঃকরণ; ও শব্দ স্পর্শ রূপ রস গর পরমাণু, এবং আকাশ বায়ু তেজ জল পৃথিবী এই অপঞ্চীকৃত পঞ্চ হক্ষ ভূত, ও পঞ্চী-ক্বত পঞ্চয়ুল মহাভৃত। তুমি কর্ম্মেন্দ্রিয় ও জ্ঞানেন্দ্রিয়, এবং প্রাণ ; ও কারণ স্কাম্থলশরীরধারী ভগবান। অতএব তুমি ব্রহ্মা, তুমি বিষ্ণু, তুমিই শিব, जूमि इनी, जूमि काली, जूमि स्र्वा, जूमि नात्म প्रज्ञि नाकात (पव (पवी ; ও গ্রহ নক্ষত্র প্রভৃতি সকল পদার্থই তুমি; তোমা ভিন্ন জগতে আর কি আছে, তুমি কর্ত্তা, কর্ম, ক্রিয়া, করণ, অপাদান ও অধিকরণ। আমরা যে বস্ত যাহাকে অর্পণ করি ও যাহার দারা এবং যাহা হইতে অর্পণ ও যাহাতে অপিতি হয় তংসমুদায়ই তুমি। এবং তুমি শাস্ত্র ও গুরু এবং শিষ্য, তুমি সর্বত্তে ও বস্তু মাত্রে এবং ভাবাভাব সকল পদার্থে বিরাজমান আছে, অথচ দুখা বস্তুর কিছুই তুমি নহ। তুমি বিবর্ত উপাদান রূপে স্বীয় মায়াশক্তির দ্বারা এই জগৎ সজন পালন লয় করিতেছ। তুমি কেবল প্রমাত্রাস্থকপ খনন্ত; কেহ তোমাকে জানিতে ও দেখিতে, এবং তোমার কৌশলও বুঝিতে পারেন না। আমি দীন হান অবোধ, আমি ভোমার ভাব কি জানিব তাহা কিছুই জানিতে পারি না। তোমাকে, যে ব্যক্তি যে ভাবে ও যেরপে ষে বস্ততে উপাসনা করে; তুমি দেইরূপে ও সেই ভাবে তাহাকে অভীষ্ট ফল প্রদান কর। কিন্তু বাল্যকালে বাক্য ও বৃদ্ধি হীন প্রযুক্ত আমি তোমার উপাদনা করিতে পারি নাই, যৌবনকালে বিষয় মদে মত হইয়া মন কেবল বিষয় চেষ্টায় নিরত থাকায় তোমার সাধনা করা হয় নাই এক্ষণে বুদ্ধকালে উপস্থিত হইয়া খাদ কাশাতিদার প্রভৃতি নানা রোগে আক্রান্ত इट्रेंटिह ; এবং हम्बनकल लिलि उप मञ्जनकल विश्वित अवः (कमनकल ধবলিত হইতেছে; ও শরীর ক্রমে ক্রমে ক্রীণ এবং দৃষ্টিশক্তি ও শ্রবণশক্তি গতিশক্তি মতিশক্তি রহিত হইতেছে তথাপি বিষয়তৃষ্ণা যাইতেছে না; অবচ মধ্যে মধ্যে ক্বতান্তের নাম শ্বরণ পূর্বক মৃত্যু যাতনার আশকা হইতেছে। তাহাতে শমনের দহিক বুদ্ধের আর অধিক কাল বিলম্ব নাই। কিন্তু তোমার ভক্তিরূপ রথে আ্রোহণ করিয়া ধ্যানরূপ শরাদন গ্রহণ করিতে পাবিতেছি না বলিয়া চিম্বাদাগরে নিমগ্ন হইয়া প্রার্থনা করিতেছি যে, হে দয়াময়। তুমি যেমন অর্জ্জনের সার্থি হইয়া কুরুক্তেরের যুদ্ধে তাঁহাকে জয়ী করিয়াছিলে, তদ্ধপ নিজ্ঞণে আমার জ্বদর-রথের সার্থি হইয়া করাল-বদন কুতাক্তেব যুদ্ধ হইতে আমাকে রক্ষা কর। যদ্যপি আমি তোমার ভজনা না করিয়া অনেক কুকর্ম করিয়াছি, কিন্তু তুমি ভিন্ন এ পাপীর উদ্ধারকর্ত্তা আর কেহই নাই। অতএব তুমি আমাকে পাপ হইতে মুক্ত কর। যেরূপ পিতা মাতা পুত্রের অপরাধ ক্ষমা করেন; তক্রপ তোমার এই অবোধ ও ছুরাচার পুরেব অপরাধ ক্ষমা কর; ও হুর্গতি বিনাশ কর। ছে অভীষ্ট দেবতে ! আমার মনোরূপ ভঙ্গ তব পদকমলে সমর্পণ করিলাম, তুমি প্রীচরণে স্থান দান করিয়া শমন ভয় নিবারণ পূর্বক সংসার যাতনা হইতে মুক্ত কর। হে পরমায়ন! যেন তোমায় আমায় আর প্রভেদ জ্ঞান না হয়। কেন না জগতের দৃশ্য বস্তু মাত্রেই মায়িক ও মিথাা, কেবল তুমি এক মাত্র অব্যক্ত শক্তিযুক্ত চৈত্ত ; অর্থাৎ শিবশক্তাত্মিক ব্রন্ধই সতা। তুনি ভূত ভবিষাং ও বর্তুমান কালত্রয়ে সমভাবে বিরাজমান আছ। এই মারাময় জগং লোমাতে আবোপ মাত্র; বস্তুতঃ তুমিই অবিনাশী আত্মা; তোমা ভিন্ন আর কিছুই নাই; সুতরাং আমিও অক্ত কিছু নহি; এবং কিছুই করি না। অতএব আমি ধলাও কৃতকৃতা; এবং আমার আর কিছুই প্রার্থনা নাই; তবে দেহাস্তে যেন আর ভিন্ন ভাব না হয়। যেরূপ ঘট ভন্ন হইলে ঘটাকাশ মহাকাশে মিলিত হইয়া অভিন্নভাবে থাকে ; তজ্ঞপ এই কারণ স্ক্র স্থুল দেহ বিনষ্ট হইয়া জীবাত্মা প্রমাত্মা যেন অভিন্ন ভাবে থাকে, আর ক্থনই পৃথক ना हम । N. B. একণে গ্রন্থ সমাপ্ত করা যাউক।

যদাপি প্রস্তু সমাপ্তির স্বতন্ত অধ্যায় না করিয়া এই অধ্যায়ের স্বস্তুর্গত করা হইয়াছে, কিন্তু ভাহা পদ্যাকারে লিখিত হইল। যথা—

### প্রস্থাপ্ত পদ্য।

শ্রী-গুরু শ্রীপাদপদ্মে প্রণিপাত করি। জ-গতে নিস্তার হেতু যে চরণ ভরি॥

ন-রাধম জনগণে করিতে উদ্ধার। মে-দিনী মণ্ডলে গুরু বিনা নাহি আরু॥ জ-নমেজয় দ্বিজবর ঈশ্বর ইচ্ছায়। য-ছ করি চিন্তা করে জ্ঞানের উপায়॥ ঘ-টনাতে ছিল যাহা তাহাই ঘটিল! ট-ল মল চিভ শেষে স্বস্থির হইল॥ কে-বল শান্তের মর্ম্ম করিয়া গ্রহণ। র-চনা করিলা জ্ঞানতত্ত্বদর্শন॥ ক্ব-তকার্য্য হইলা পরে গুরুর কুপায়। ত-থাপি মহাত্মাগণে সমর্পিলা তায়॥ জ্ঞান-তত্ত্বদর্শন দর্শনের সার। তত্ত্ব-দর্শিগণ তাহে করিয়া বিচার॥ দর্শন-করুন ইহা মনোযোগ করি। সমাপ্ত-হইল গ্রন্থ, বল হরি হরি॥ ত্রীহরি ত্রীহরি ত্রীহরি।

সমাপ্তশ্চায়ং গ্রন্থ।

এই সমাপ্ত বিষরের পদ্যাটীর প্রথম হইতে দাদশ চরণ পর্যন্ত প্রত্যেক চরণের প্রথমাক্ষর এবং ত্রেরোদশ ও চতুর্দ্দশ চরণের প্রথম তৃই চ্ই অক্ষর এবং পঞ্চদশ ও বোড়শ চরণের প্রথম তিন তিন অক্ষর পর্যায় ক্রমে একত্র যোগ করিলে হইবেক বে, শীক্ষনমেক্ষয় ঘটকের ক্কুত জ্ঞানতব্দশন সমাপ্ত।

#### সংগীতানন্দ্রায়িনী হইতে ২৭ সংখ্যক গীত—

রাগিণী থামাজ—তাল ঠেকা।

হরিনাম রদনে, ওরে রদনে।

ময়ন দর্শন কর দদা পীত বদনে।

শ্রবণ কর প্রবণ,

হরিগুণ সংকীর্ত্তন,

নিরন্তর ভাব মনঃ কুন্দরুচি দশনে। ১।

কর তুমি জপে থাক,

বাক্য কেবল ভাঁরে ডাক,

গাত্র তীর্থরজো মাথ, পদ চল রন্দাবনে।

শ্রোণ লও তুলদী-খ্রাণ,

দীন হীনের এ বিধান, ভব ভয় বিনাশনে। ২।

### শুদিপত্ৰ।

		- 11	<b>-</b>
পৃষ্ঠা	<b>ু</b> পংক্তি	অ শুদ্ধ	· <b>ভ</b> দ
5.2	> •	<b>छ</b> ल्	ष्टृन
2 @	8	<b>অ</b> ান্য	অন্য
3.	\$\$ <b>*</b>	(मर्ग	দেখা
se •	>0	<b>उ</b> न	<b>જી 1</b>
२०	8	কিম্মন কলেও	কস্থিন কালেও
\$ D	> 5	<b>र</b> हें ८ ज	<b>ट</b> हेट उ
,,	٤٥	আন্যান্য	<b>अना</b> ना
₹8	<b>\$</b> 5	তৰ্জন্য	তজন্য
२१, २०	কা ১	রহৎ কুর্ম্ম	বৃহৎ ধর্ম
÷ 5-	24	ধর্মশান্তে	ধর্মণান্ত।
52	22	বাভট্ট	বাগভট্ট †
৩১	59	<u>વ્યર્</u> વા ૧	অর্থাৎ
<b>១</b> ২	> 0	জ <b>েন্সজ</b> য	জনমেজয়
৩৫	٩	অখবা	অথবা
91	٩	উদ্ভ	উন্ভ
8 •	६२	কবিস্তে	ক্রিত <u>ে</u>
8 5	<b>⇒</b> ø	<b>म</b> मेटल	मर्गात सर्गात
85	>	কর যাইতে	করা যাইতে
ঐ	•	অভিশ্ব	<b>অ</b> ভিন্ন
ঐ, ২ট কা	>	मा (१)	স্যাপ্য
ঐ, ৩টাকা	>	স্তান্ত	<b>ন্ত</b> াংস্ক
8 7	>	নিদাস্ত	<b>শিদ্ধান্ত</b>
ঐ	৯	উণ্ড	উ <i>৳</i> ,•ত
84	৯	<b>म</b> ळ्त	• মছ্র গ্ৰেছেব্র

### [ 🔻 ]

পৃষ্ঠ	পংক্তি	ত্য শৃদ্ধ	শুক
<b>ھ</b> , ہ	निक! ১	<b>শস্তা</b>	সম্ভবা
<b>a</b> •	क	मकर न	সকল
ده	2	সংখ্যা	স <b>াঝ</b> ্য
<b>@</b>	8	ভোগ	যোগ
ঐ	>•	কাঠিন্যপ	কাঠিনা ০
<b>(2)</b>	>>	<b>তা</b> হা	তাহা
ঐ	: @	বোগ	<b>যোগে</b>
¢ >	₹ 😼	প্রকশে	প্রকাশ
44	e	ভাহার ও	তাহারাও
49	১৬	বুস্বুদের	<b>तृत्र</b> ूटम् व
৬৮	·9	রাহিয়াছে	রহিয়াছে
63	>8	পঞ্চীকয়ন	পঞ্চী করণ
90	₹8	যোগ হওরার	যোগ হওযার
95	>•	ইভি	<b>ইনি</b>
92	8	मण्1	দশ
ক্র	59	<b>थ</b> नश्रां व	<b>শ</b> লয়াব
ক্র	٥د	ধ্যাত	খ্যাত
98	4	<b>इ</b> हे बार इ	<b>इ</b> रेग्ना र इ
ক্র	>>	कट्रक	করেন
5.4	>8	বহা হায়	বলা হ্য
าล, วธิ	কা ১	কেতৃমান	কেতৃমাল
ঐ, ২ট	ोका >	জমুদীপে উপদ্বীপ	জমুদীপে ভাবতবৰে
			উপদ্বীপ
۴.	> e	বদেন	रामन .
৮ ১, ७६	का ३	কোঁপন	ফোঁপল
.P5	, ه	প্রক্তের উপব স্থমের	পৰ্কতের উপর ও সংমেক

পৃষ্ঠা	পংক্তি	অ শুস্ক	শু দ্ব
ট্র	8	কৈলাস সর্কাত	কৈলাদ পৰ্বত
P 9	>> 66	वत्त्रन (व	व <b>लन</b> (य
<b>b</b> 8	₹•	দূবৰ ভী	দূববন্তী হওয়াতে
64	ર	অনেকে	षातक
ঐ, ১টা	কার্ •	পর্বতেব উত্তব	পৰ্কতেৰ উপৰ
ь 🛩	<b>&gt;</b> \$	<b>নিদ্ধাতে</b>	বিদ্ধ <u>া</u> স্ত
ьì	9	পৃথিবীব	পৃথিবী
ঐ, ১ট	ীকা ৩	<b>প্</b> কেতি	প্রকৃত
४२	59	তারাটীব	তাৰাটী
ত্র	\$\$	ভারাটাব	ভারাটী
22	2	পৃথিবীর	পৃথিবী
Ē	₹•	পৃথিনীর বৃহ্ং	পৃথিবী অপেকা বৃহৎ
៦៩	ъ	यिन	যি <b>নি</b>
ঠ	<b>&gt;</b> b	<b>ষো</b> বা	হোরা
<u> </u>	٠ ،	ধর্মশাস্ত্রে	ধর্মশাস্ত
<b>3</b>	२२	একাবণে	অকারণে
ಎ೬	১ পংটি	জর শেষ অক্ষৰ <b>হই</b> ে	ত এই কথা যোগ করিতে ছটবেক
( इ	হার একশত	বংদরে ঈশ্বরের এক	দিন ও ঐ কাল রাত্রি হয় তিনি)
<b>্ব</b>	28	এক বৎসরে	একশত বংসবে
>00	ь	কাৰতে	কালেতে
<b>D</b>	>>	পশ্চিল	পশ্চিম
ঐ	<b>२</b> •	পরেশ্ব	প্রমেশ্ব
١٠٥,	>টাকা ৩	পদাথ	<b>अमार्थ</b>
۶ ° ۶ ,	২টাকা >	কৰিক	কালীক
>>•	ь	<b>ङ्हे</b> (न	<b>ছ</b> ই ল
<b>\$</b> ₹•	>•	প্রাকায়	প্রকার

পৃষ্ঠা	প•ক্তি	অ <b>শুদ্ধ</b>	শুদ্ধ
2.2	5.9	অদৃই।স্!রে	<b>ब</b> ह्ही भगत
2 5 B	. २ ৫	প্রথন	<b>প্রথম</b> -
\$ 99	ďy.	সর্গ	স্বৰ্গ
ঐ	ь	পাপ করিয়া	পাপকারিরা
704	39	সহকারে কারণ	সহকারি কারণ
\$86	>4	তৰিরিতাচরণ,	তদ্বিপরীতাচরণ
\$88	<b>@ ?</b>	জানাইতেছে,	জানা যাইতেছে
<b>3</b>	₹ -	নিযেধ বিধির আচবণ	निरंत्रध विधिव अनाइवन
<b>১৫</b> ૦, ર્		স্বাহ্গমন্	স্বাহুগ্নন
३०५,५ ही	কাব ১	निश्वा	কিম্বা
>60	•	ইচ্ছ্যা	<b>टे</b> स्ट
'ই	>>	করিয়াছে <b>ম</b>	করিয়াছেন
> «	\$8	ভাষাণের	ব্ৰাহ্মণেৰা
> ৫৬	2	অপসাদ	অপস্দ
ক্র	٤,	দৃশদীতিনশ্বর	দৃশ্বতীনদীর
ঐ	₹8.	<b>অ</b> চিরই	আচারই
ঐ	₹@	স্থানস্তরিত	স্থানাম্ভ বিভ
509	5	উ ষ্ট্ৰশব্দ	🗸 (ब्हेरवकना)
ক্র	> @	হ <b>ই</b> বার	হ ইবায়
>69	\$2	তন্ত্ৰবহিত	ভন্তবিহিত
569	ંહ	প্রযুক্ত	প্রযুক্ত
১৬৬	>	<b>हानवर्णव्र</b>	<b>बैनवरर्ग</b> त
<b>ক</b> ্	२२	ভবিষত	ভবিষ্যত
১৬৯	74	সতীবেশ্যারা,	বেশ্যারা সতী
> 9 %	>	ও অগ্রিদয়	ও অনগ্নিদং
<b>े</b> तें• `	9	সেঁকে	শোক "

# [ 8 ]

•			
পৃষ্ঠা	, পংক্তি	অশুদ্ধ	শু দ্ব
ক্র	<b>●</b> 2₽	বর্মাচরণ	ধর্মচিরণ
220	. >.	<b>স</b> মাজ	সমাজে
ঞ্ৰ, ২ট	ীকা ১	ভর্না েওয়র	ভর্তাণ্ডের
इंडन.	>0	<ul> <li>৮ চিহ্ন ইহা ১৫ ছত্ত্রের</li> </ul>	চিহ্ন হ <b>ই</b> বে <b>ক</b>
224	ર	‡ চিহ্ন ইহা ১৯৭ পৃষ্ঠার	২টীকার চিহ্ন হইবেক
522	24	:- <u>ः</u> मनोटख	<b>किनाट ड</b>
۲۰۶	2 0	বিশষ	বিশেষ
ঐ, ১ট	ীকা ১	পর্ণাবভার	পূৰ্ণাব চার
٠, ډه٠	১টাকা ১	ই হয় 1	ইহার।
٠ ৬১,	जैका >	কামোদপ্রতা,	কামোহ্মুরতা
• 9	ર	দৃশ্ভা	দৃশ্যতঃ
٠6	>•	মাধুর্যা রদে রদে	माधूर्या ब्रटमब ८य
	><	অনীর্কচনীর	অনিৰ্ব্যচনীয়
> 2	>>	স্থত্রা	<b>মৃ</b> ঢ়েরা
> @	२७	সুখ্য গুন গুণ পদাৰ্থে	स्था खन नमार्थ
. 22	૭	এবং অব্যক্ত	इडेटन खवाक
ĝ	होका त्मरब	অহং ব্ৰহ্মাস্মি,	অহং ব্ৰহ্মাশ্মি
24	36	<b>শ</b> °েশ্ব	শাস্ত
\$ 5	æ	<b>माटिश</b>	শাস্ত্র"
,	59	নাহর	না হয়
₹ 0	: 5	নেমিত্তক	নৈমন্তি ক
,	9	<b>ञ्चे</b> यदत्त्व	<b>क्रे</b> श्वटत
, ২ <b>২</b> ១	3¢	পান্বিক্রিয়	পায়িছির
२२ <b>७</b> २२8	36	নিত্য	নিত্যা
· <b>&amp;</b>	2>	সমধি	সমাধি
. હા ૨૨ <b>૯</b>	>>	ক্রিড	কারি্ত
774			**

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শু ক
ক্র	20	প্রাণারাস	<u>ক্র</u> াণায়াম
ঐ	२२	তদ্বিতীয়	অন্বিতীয়
२३७	२५	অববশ্বন	অবলম্বন
२२४	8	শিক্ষাথে	শিক্ষার্থে
২৩•	9	যাইক	যাউক
२७२, :	টীকা ২	<b>বৈতী</b>	বৈতি
ঐ	৬	সন্তব	<b>শন্ত</b> ৰ
२७৫	>•	<b>অক্তা</b> তার	অজু হার
২৩৭	8	<b>ষে</b> ত্ৰপ	(ৰক্নপ
২৩৮	74	ষাইতেছে	<b>বাইতে</b> ছে
২৩৯	8	<b>মহাদ</b> ব	<b>म</b> श्राप्ति व
₹85	5¢	८नाम्	দোষ
२8२	24	এঘং	এবং
ক্র	<b>১</b> ৯	প্রযুক্ত	প্রযুক্ত
ঐ	27.	কাৰ্যে <b>ত</b>	কাথ্যে
<b>্র</b>	२२	ভরে	তৰে
ঐ	২৩	বে	শে
२8७	৯	শেহ্চাচারীয়া	স্বেচ্ছাচারীরা
ক্র	२२	यान वन त्य	ें यिन दल (य
288	5	স্থাধিকা	সন্ত্ৰাধিকা
ক্র	8	আদক্তা	<b>আ</b> সক্ত
२8७	৯	<b>ক</b> রিয়	ক্রিয়া
ক্র	50	উপকরই	উপকারই
্ঞ	>>	প্রকর	প্রকরণ
` ঐ, ÷	টোকা ১	'তাৎপষ্য	ভাৎপর্য্য
287	•	<b>য</b> থাৰ্থ্য	ষাপাৰ্থ্য —

#### [ 夏 ]

পৃষ্ঠা	, পংক্তি	অশুক	<b>ভ</b> ন
२२৮	• <b>२</b> ৮	(य	বে
85	9	বে	<b>ে</b> য
. 40	२२	त्रक्षकारम	বৃদ্ধকাল
;•	2F .	(ই বস্তুতে	বে বস্তু:ভ
<u> </u>	<b>.</b>	বস্তু	বস্তু
3	29	<b>गृ</b> एक त	যু <b>্দ্ধর</b>

### বিশেষ জফ্টব্য।

মুদ্রাঙ্কনের দোষে এই গ্রন্থে কতিপয় শব্দ ও অক্ষর
দশ্জ ও ভ্রম হইয়াছে তরিমিত্ত শুদ্ধিপত্র প্রস্তুত করা
ইল। ইহাতে সাধ্যমত সংশোধন করা হইয়াছে, যদি
হোতেও ভ্রম থাকে, তবে পাঠক মহাশয়েরা সংশোধন
বিক পাঠ করিবেন; কিন্তু দ্বিতীয়বার মুদ্রাঙ্কন সময়ে এই
ব পরিহারের চেফা করিব। নিবেদন ইতি

## সাহায্যপ্রাপ্তি।

নিম্নলিখিত মহোদয়য়গণ অনুগ্রহ পূর্বক এই গ্রন্থ মুদ্রাঙ্কনের সাশ্য্য করায় তাঁহাদিগকে ধন্যবাদ প্রদা করিলাম।

করিলাম ৷	
्नाम 🖫	ধাম। ′
মহারাজা	বলিহার
বাৰু ঐকণ মুখোপাধ্যায়	<b>গো</b> য়াড়ি
,, রামবক্স চেৎনঙ্গিয়া	প্র
" রামেখর রায়	ঐ
, স্বযুব্রদয়াল ওয়ান্তী	<b>_</b>
,, মৃত্যুঞ্জম রায় উকীল	<b>₫</b>
,, রামচন্দ্র মুখোপাধ্যায় উ	कीन थे
,, প্রসম্কুমার বহু উকীল	ঐ
',, न्बीनहत्त्व मदकाद	্ধোপাদী ডাহুকা
,, নীলকমল সিংহ মোক্তার	জেলা যশোহর
,, बानकृष्ट ठळवर्जी नारयव	কাষ্টভঙ্গা
,, ত্রজেনেগোপাল রায়	<b>ম</b> য়ূরহাট
, বারকানাথ সরকার	সর্কানন্দপুর
, <b>क्रम्यान्य मूर्या</b> शाधास	হরধাম
" কুঞ্লাল ডাকার	<b>গো</b> য়াড়ি
, होतानान ट्राध्ती	ঐ
ে চৌধুরী নহাশয়গণ	রাণাদাট